| প্রকৃতি-পুরুষ-সম্বন্ধ | ১৩।২০-২৪ |
| প্রকৃত্যতীত তত্ত্ব | ৭।৫ |
| প্রপত্তি | ২।২৭, ৪।১১, ৩৪; ৭।১৯, ১৫।৪ |
| প্রাণায়াম | ৪।২৯, ৫।২৭, ৬।১২-১৫ |
| প্রিয়ভক্ত-লক্ষণ | ১২।১৫-২০ |
| ফল্গুবৈরাগ্য | ৩।৬ |
| ভক্তপক্ষপাতিত্ব | ৯।২৯, ৩০ |
| ভক্তিযোগ | ৭।১ |
| ভক্তিযোগানুষ্ঠাতা শ্রেষ্ঠ | ৬।৪৬, ৪৭ |
| ভগবচ্ছক্তি | ১৫।১১-১৫ |
| ভগবজ্জ্ঞান | ১৮।৬৪-৬৫ |
| মহেশ্বর-জ্ঞান | ১০।৩ |
| মিথ্যাচার | ৩।৬ |
| যজ্ঞ | ৩।৯-১৬, ৪।২৩ ৩৩ |
| যোগ | ২।৩৯, ৪৮-৫৩, ৪।২, ৫।২৭ |
| যোগভ্রষ্ট | ৬।৩৭-৪৫ |
| যোগমিশ্রা ভক্তি | ৮।৯ |
| রাজবিদ্যা | ৯।২ |

| বিষয় | অঃ ও শ্লোকসংখ্যা |
|---|---|
| বিজ্ঞান | ৭।২ |
| বিভূতি | ১০।২-৮, ১৬-৪২ |
| বিশ্বরূপ | ১১।৩-১৩ |
| বৈরাগ্য | ৫।৬, ৬।৩৫, ১৫।৩ |
| ব্রহ্মস্থিতি | ৫।১৯-২১ |
| ব্রহ্মানুভব-ক্রম | ১৮।৫০-৫৮ |
| ব্যবসায়াত্মিকা বুদ্ধি | ২।৪১-৪৪ |
| শান্তি | ২।৬৬, ৭০ ; ৪।৩৯, ১২।১২ |
| শাস্ত্রবিধি-ত্যাগীর নিন্দা | ১৬।২৩ |
| শাস্ত্রের প্রমাণত্ব | ১৬।২৪ |
| শুদ্ধভক্তি | ৮।১৪, ৯।২৬-৩৪ |
| শ্রদ্ধা | ৩।৩১, ৪।৩৯, ৬।৩৭, ৭।২১-২৩, ১৭।১ |
| শ্রেষ্ঠাচার | ৩।২১ |

| বিষয় | অঃ ও শ্লোকসংখ্যা |
|---|---|
| সংসারবৃক্ষ | ১৫।১-৩ |
| সমদর্শন | ৫।১৮ |
| সমাধি | ২।৫৩, ৬।২৯-৩০ |
| সর্ব্বভূতের নিশা | ২।৬৯ |
| সাংখ্য | ২।১৭-৩৯, ৫।৪-৫, ১৩।২৫ |
| স্থিতপ্রজ্ঞ | ২।৫৪-৭২ |
| স্বকর্ম্ম | ১৮।৪৩-৪৬ |
| স্বধর্ম্ম | ২।৩১-৩৩, ৩।৩৫, ১৮।৩৭ |
| ক্ষরাক্ষর বিচার | ১৫।১৬ |
| ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞ-বিবেক | ১৩।১-৫, ২৬-৩৪ |
| ক্ষেত্রবিকার | ১৩।৭ |
| ক্ষেত্রক্ষেত্রজ্ঞ-ভেদজ্ঞান | ১৩।৩৪-৩৫ |

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

# শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা

## প্রথমোঽধ্যায়ঃ

ধৃতরাষ্ট্র উবাচ,—

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয় ॥ ১ ॥

---

### শ্রীমদ্-বলদেববিদ্যাভূষণকৃতং
### 'গীতাভূষণ'ভাষ্যম্

ওঁ নমঃ শ্রীগোবিন্দায়

সত্যানন্তাচিন্ত্যশক্ত্যেকপক্ষে সর্ব্বাধ্যক্ষে ভক্তরক্ষাতিদক্ষে।
শ্রীগোবিন্দে বিশ্বসর্গাদিকন্দে পূর্ণানন্দে নিত্যমাস্তাং মতির্মে ॥ ১ ॥

---

### শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর-কৃত 'বিদ্বদ্-রঞ্জন' ভাষাভাষ্য

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রো বিজয়তেতমাম্

মায়াবাদ-মেঘাবৃত, গীতাতত্ত্ব-চন্দ্রামৃত,
ভাষ্যকার শ্রীবিদ্যাভূষণ।
পঞ্চতত্ত্ব-কৃপাবলে, প্রকাশিয়া ভূমণ্ডলে,
পূর্ণানন্দ কৈল বিতরণ ॥

অজ্ঞান-নীরধিরুপৈতি যয়া বিশোষং
ভক্তিঃ পরাপি ভজতে পরিপোষমুচ্চৈঃ।
তত্ত্বং পরং স্ফুরতি দুর্গমমপ্যজস্রং
সাদ্‌গুণ্যভৃৎ স্বরচিতাং প্রণমামি গীতাম্ ॥ ২ ॥

অথ সুখচিদ্ঘনঃ স্বয়ং ভগবানচিন্ত্যশক্তিঃ পুরুষোত্তমঃ স্বসঙ্কল্পায়ত্ত-বিচিত্র-জগদুদয়াদিবিরিঞ্চ্যাদিসংচিন্ত্যচরণঃ স্বজন্মাদিলীলয়া স্বতুল্যান্ সহাবির্ভূতান্ পার্ষদান্ প্রহর্ষয়ংস্তৈরেব জীবান্ বহূনবিদ্যাশার্দ্দূলীবদনাদ্বিমোচ্য স্বান্তর্দ্ধানোত্তরভাবিনোঽস্মান্ দিধীর্ষুরাহবমূর্দ্ধ্নি স্বাত্মভূতমপ্যর্জ্জুনমবিতর্ক্য-স্বশক্ত্যা সমোহমিব কুর্ব্বন্ তন্মোহবিমার্জ্জনাপদেশেন সপরিকরস্বাত্ম-যাথাত্ম্যৈকনিরূপিকাং স্বগীতোপনিষদমুপাদিশৎ। তস্যাং খল্বীশ্বর-জীব-প্রকৃতিকালকর্ম্মাণি পঞ্চার্থা বর্ণ্যন্তে ;—তেষু বিভুসংবিদীশ্বরঃ, অণুসম্বিজ্জীবঃ, সত্ত্বাদিগুণত্রয়াশ্রয়ো দ্রব্যং প্রকৃতিঃ, ত্রৈগুণ্যশূন্যং জড়দ্রব্যং কালঃ, পুংপ্রযত্ননিষ্পাদ্যমদৃষ্টাদিশব্দবাচ্যং কর্ম্মেতি + তেষাং লক্ষণানি ;— এষ্বীশ্বরাদীনি চত্বারি নিত্যানি ; জীবাদীনি ত্বীশবশ্যানি ; কর্ম্ম তু প্রাগভাববদনাদি বিনাশি চ ; তত্র সম্বিৎস্বরূপোঽপীশ্বরো জীবশ্চ সম্বেত্তাস্মদর্থশ্চ,—"বিজ্ঞানমানন্দং ব্রহ্ম", "যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ", "মন্তা বোদ্ধা কর্ত্তা বিজ্ঞানাত্মা পুরুষঃ" ইত্যাদি-শ্রুতেঃ ; "সোঽকাময়ত বহু

তাঁর ভাষ্য-অনুসারে, গীতামৃত ভাষ্যাকারে,
ভকতিবিনোদ ক্ষুদ্র অতি।
'বিদ্বদ্-রঞ্জন' আখ্যা, করিয়াছে ভাষা-ব্যাখ্যা,
শুদ্ধভক্তে করিয়া প্রণতি ॥
শ্রীঅদ্বৈতপ্রভু হন, গীতারত্ন-মহাজন,
তাঁর পদে সাষ্টাঙ্গ প্রণাম।
এ দাসেরে কৃপা করি', মস্তকে চরণ ধরি',
শক্তিদানে পূর্ণ করুন কাম ॥



স্যাম্", "সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষম্" ইত্যাদি-শ্রুতেশ্চ। নচোভয়ত্র মহত্তত্ত্বজাতোঽয়মহঙ্কারঃ তদা তস্যানুৎপত্তের্বিলীনত্বাচ্চ। স চ স চ কর্ত্তা ভোক্তা সিদ্ধঃ—"সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ, কর্ত্তা বোদ্ধা" ইতি পদেভ্যঃ ; অনুভবিতৃত্বং খলু ভোক্তৃত্বং সর্ব্বাভ্যুপগতং ; "সোঽশ্নুতে সর্ব্বান্ কামান্ সহ ব্রহ্মণা বিপশ্চিতা" ইতি শ্রুতেস্তূভয়োস্তৎ প্রব্যক্তম্। যদ্যপি সম্বিৎস্বরূপাৎ সম্বেত্তৃত্বাদি নান্যৎ প্রকাশস্বরূপাদ্রবেরিব প্রকাশ-কত্বাদি, তথাপি বিশেষসামর্থ্যাত্তদন্যত্বব্যবহারঃ। বিশেষশ্চ ভেদপ্রতিনিধির্ন ভেদঃ ; স চ ভেদাভাবেঽপি ভেদকার্য্যস্য ধর্ম্মধর্ম্মিভাবাদিব্যবহারস্য হেতুঃ,—সত্তা সতী ভেদো ভিন্নঃ কালঃ সর্ব্বদাস্তীত্যাদিষু বিদ্বদ্ভিঃ প্রতীতঃ। তৎপ্রতীত্যন্যথানুপপত্ত্যা "এবং ধর্ম্মান্ পৃথক্ পশ্যংস্তানেবানুবিধাবতি" ইতি শ্রুত্যা চ সিদ্ধঃ। ইহ হি ব্রহ্মধর্ম্মানভিধায় তদ্ভেদঃ প্রতিষিধ্যতে। ন খলু ভেদপ্রতিনিধেস্তস্যাপ্যভাবে ধর্ম্মধর্ম্মিভাব-

জগজ্জীবে কৃপা করি', যে আনিল গৌরহরি,
যে শিখা'ল গীতাতত্ত্বসার।
তাঁর কৃপা যদি পাই, তত্ত্বসিন্ধু-পারে যাই,
ইথে কি সন্দেহ আছে আর ॥
হে শ্রীগৌর-নিত্যানন্দ, হে অদ্বৈত প্রেমকন্দ,
লক্ষ্মী-বিষ্ণুপ্রিয়া, গদাধর।
হে জাহ্নবা, বংশীরূপ, সনাতন, হে স্বরূপ,
রামানন্দ, শ্রীবাস, শ্রীধর ॥
আমি অতি দীনহীন, তব কৃপা সমীচীন,
মূঢ়ে সিদ্ধিসার দিতে পারে।
কৃপা করি' বিঘ্ন নাশি', প্রকাশিয়া তত্ত্বরাশি,
দেহ' শক্তি ভাষ্য রচিবারে ॥

ধর্ম্মবহুত্বে শক্যো বক্তুমিত্যানিচ্ছুভিরপি স্বীকার্য্যাঃ স্যুঃ ত ইমেঽর্থাঃ শাস্ত্রেঽস্মিন্ যথাস্থানমনুসন্ধেয়াঃ। ইহ হি জীবাত্ম-পরমাত্ম-তদ্ধাম-তৎ-প্রাপ্ত্যুপায়ানাং স্বরূপাণি যথাবন্নিরূপ্যন্তে। তত্র জীবাত্মযাথাত্ম্যং পরমাত্ম-যাথাত্ম্যোপযোগিতয়া, পরমাত্মযাথাত্ম্যন্তু তদুপাসনোপযোগিতয়া প্রকৃত্যা-দিকং তু পরমাত্মনঃ স্রষ্টৃত্বরূপকরণতয়োপদিশ্যতে। তদুপায়াশ্চ কর্ম্মজ্ঞান-ভক্তিভেদাৎ ত্রেধা। তত্র শ্রুত-তত্তৎফলনৈরপেক্ষেণ কর্ত্তৃত্বাভিনিবেশ-পরিত্যাগেন চানুষ্ঠিতস্য স্ববিহিতস্য কর্ম্মণঃ হৃদ্বিশুদ্ধিদ্বারা জ্ঞানভক্ত্যো-রুপকারিত্বাৎ পরম্পরয়া তৎপ্রাপ্তাবুপায়ত্বম্। তচ্চ শ্রুতিবিহিতকর্ম্ম হিংসা-শূন্যমত্র মুখ্যম্। মোক্ষধর্ম্মে পিতাপুত্রাদিসংবাদাৎ হিংসাবত্তু গৌণং বিপ্রকৃষ্টত্বাৎ তয়োস্তু সাক্ষাদেব তথাত্বম্। নন্বু তথানুষ্ঠিতেন কর্ম্মণা হৃদ্বিশুদ্ধ্যা জ্ঞানোদয়েন মুক্তৌ সত্যাং ভক্ত্যা কো বিশেষঃ? উচ্যতে, জ্ঞানমেব কিঞ্চিদ্বিশেষাদ্ভক্তিরিতি; নির্ণিমেষবীক্ষণকটাক্ষবীক্ষণবদনয়োরন্তরং চিদ্বিগ্রহতয়ানুসন্ধিজ্ঞানং তেন তৎসালোক্যাদিঃ। বিচিত্রলীলারসাশ্রয়-তয়ানুসন্ধিস্তু ভক্তিস্তয়া ক্রোড়ীকৃতসালোক্যাদিতত্ত্বরিবস্যানন্দলাভঃ পুমর্থঃ। ভক্তের্জ্ঞানত্বং তু "সচ্চিদানন্দৈকরসে ভক্তিযোগে তিষ্ঠতি"ইতি শ্রুতেঃ সিদ্ধম্।

শ্রদ্ধাবান্ জীবনিচয়কে অবিদ্যা-শার্দ্দূলীর মুখ হইতে মোচন করিবার অভিপ্রায়ে অর্জ্জুনের মোহ নিবারণ করিবার ছল করত পরমেশ্বর শ্রীকৃষ্ণ আত্মতত্ত্বনিরূপিকা এই গীতাশাস্ত্র উপদেশ করিয়াছেন। ঈশ্বর, জীব প্রকৃতি, কাল ও কর্ম্ম,—এই পাঁচটি অর্থ গীতোপনিষৎ-শাস্ত্রে বিশদরূপে বিচারিত হইয়াছে। তন্মধ্যে বিভুচৈতন্য 'ঈশ্বর', অণুচৈতন্য 'জীব', সত্ত্বরজস্তমোগুণাশ্রয় দ্রব্য 'প্রকৃতি', ত্রৈগুণ্যশূন্য জড়দ্রব্যবিশেষ 'কাল' এবং পুরুষপ্রযত্নে নিষ্পাদ্য অদৃষ্টাদিবাচ্য 'কর্ম্ম',—এই প্রকার অর্থ-পঞ্চকের লক্ষণ নিরূপিত হইয়াছে। 'ঈশ্বর', 'জীব', 'প্রকৃতি' ও 'কাল',—এই চারিটি নিত্য; 'জীব', 'প্রকৃতি' ও 'কাল',—ইহারা



তদিদং শ্রবণাদিভাবাদিশব্দব্যপদিষ্টং দৃষ্টম্। জ্ঞানস্য শ্রবণাদ্যাকারত্বং চিৎসুখস্য বিষ্ণোঃ কুন্তলাদিপ্রতীকত্ববৎ প্রত্যেতব্যমিতি বক্ষ্যামঃ। ষট্-ত্রিকেঽস্মিন্‌শাস্ত্রে—প্রথমেন ষট্‌কেনেশ্বরাংশস্য জীবস্যাংশীশ্বরভক্ত্যুপ-যোগিস্বরূপদর্শনম্; তচ্চান্তর্গতজ্ঞাননিষ্কামকর্ম্মসাধ্যং নিরূপ্যতে। মধ্যেন পরম-প্রাপ্যস্যাংশীশ্বরস্য প্রাপণী ভক্তিস্তন্মহিমধীপূর্ব্বিকাভিধীয়তে। অন্ত্যেন তু পূর্ব্বোদিতানামেবেশ্বরাদীনাং স্বরূপাণি পরিশোধ্যন্তে। ত্রয়াণাং ষট্‌কানাং কর্ম্মভক্তিজ্ঞানপূর্ব্বতা-ব্যপদেশস্ত তত্তৎপ্রাধান্যেনৈব; চরমে ভক্তেঃ প্রপত্তেশ্চোক্তিস্ত রত্নসম্পুটোর্দ্ধলিখিত-তৎসূচকলিপিন্যায়েন। অস্য শাস্ত্রস্য শ্রদ্ধালুঃ সদ্ধর্ম্মনিষ্ঠো বিজিতেন্দ্রিয়োঽধিকারী। স চ সনিষ্ঠ-পরিনিষ্ঠিত-নিরপেক্ষ-ভেদাত্রিবিধঃ—তেষু স্বর্গাদিলোকানপি দিদৃক্ষু-নিষ্ঠয়া স্বধর্ম্মান্ হর্য্যর্চ্চনরূপানাচরন্ প্রথমঃ; লোকসংজিঘৃক্ষয়া তানাচরন্ হরিভক্তিনিরতো দ্বিতীয়ঃ; স চ স চ সাশ্রমঃ; সত্য-তপো-জপাদিভি-র্বিশুদ্ধচিত্তো হর্য্যেকনিরতস্তু তৃতীয়ো নিরাশ্রমঃ। বাচ্যবাচকভাবঃ সম্বন্ধঃ;—

ঈশ্বরাধীন। 'কর্ম্ম' অনাদি, কিন্তু বিনাশি। সম্বিৎস্বরূপ 'ঈশ্বর' ও 'জীব' উভয়েই সম্বেত্তা ও অস্মদর্থ-নির্দ্দিষ্ট; ঈশ্বরের ও জীবের অস্মদর্থরূপ অহঙ্কার—চিন্ময়, তাহা মহত্তত্ত্বজাত 'অহঙ্কার' নয়। মহত্তত্ত্বজাত অহঙ্কার জীব-প্রকৃতিগত হইলে প্রকৃতিতেই উৎপন্ন হইয়া জীবকে আশ্রয় করে এবং জীব যখন প্রকৃতিমুক্ত হন, তখন ঐ অহঙ্কার প্রকৃতিতেই লীন হয় অর্থাৎ মুক্ত-জীবের সঙ্গে যায় না। 'ঈশ্বর' ও 'জীব', উভয়েই কর্ত্তা ও ভোক্তা; ভোক্তৃত্ব-শব্দে অনুভবিতৃত্ব-মাত্র। যদিও প্রকাশকরূপ সূর্য্যের প্রকাশত্বের ন্যায় সম্বিৎ হইতেই সম্বেত্তৃত্ব সিদ্ধ হয়, তথাপি সম্বিদ্‌গত বিশেষ ও সম্বেত্তৃগত বিশেষে পার্থক্য-প্রযুক্ত সম্বিৎ ও সম্বেত্তার পার্থক্য সিদ্ধ হয়। তত্ত্বে ভেদ নাই, কিন্তু নিত্য বিশেষ-ধর্ম্মই ভেদবৎ(স্বরূপ) তত্ত্ববিশেষ। অতএব নিত্য অচিন্ত্য-ভেদাভেদরূপ পরম-তত্ত্বই

বাচ্য উক্তলক্ষণঃ শ্রীকৃষ্ণঃ, বাচকস্তদ্গীতাশাস্ত্রং তাদৃশঃ সোঽত্র বিষয়ঃ। অশেষ-ক্লেশ-নিবৃত্তিপূর্ব্বকস্তৎসাক্ষাৎকারস্তু প্রয়োজনমিত্যনুবন্ধচতুষ্টয়ম্। অত্রেশ্বরাদিষু ত্রিষু ব্রহ্মশব্দোঽক্ষরশব্দশ্চ ; বদ্ধজীবেষু তদ্দেহেষু চ ক্ষরশব্দঃ ; ঈশ্বরজীবদেহে মনসি বুদ্ধৌ ধৃতৌ যত্নে চাত্মশব্দঃ ; ত্রিগুণায়াং বাসনায়াং শীলে স্বরূপে চ প্রকৃতিশব্দঃ ; সত্তাভিপ্রায়স্বভাবপদার্থজন্মসু ক্রিয়াস্বাত্মসু চ ভাবশব্দঃ ; কর্ম্মাদিষু ত্রিষু চিত্তবৃত্তিনিরোধে চ যোগশব্দঃ পঠ্যতে। এতচ্ছাস্ত্রং খলু স্বয়ং ভগবতঃ সাক্ষাদ্বচনং সর্ব্বতঃ শ্রেষ্ঠং—"গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ। যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মাদ্বিনির্গতা"ইতি পাদ্মাৎ। ধৃতরাষ্ট্রাদিবাক্যন্তু তৎসঙ্গতিলাভায় দ্বৈপায়নেন বিরচিতম্। তচ্চ লবণাকরনিপাত-ন্যায়েন তন্ময়মিত্যুপোদ্ঘাতঃ। "সংগ্রামমূর্দ্ধি, সংবাদো যোঽভূদ্গোবিন্দপার্থয়োঃ। তৎসঙ্গত্যৈ কথাং প্রাখ্যাদ্গীতাসু প্রথমে মুনিঃ॥" ইহ তাবদ্ভগবদর্জ্জুনসংবাদং প্রস্তোতুং কথা নিরূপ্যতে,—ধর্ম্মক্ষেত্র ইত্যাদিভিঃ সপ্তবিংশত্যা। তদ্ভগবতঃ পার্থসারথ্যং বিদ্বান্

---

এই গীতাশাস্ত্রে উপদিষ্ট হইয়াছে। ভেদাভাবেও ভেদপ্রতীতি নিত্য তত্ত্বাশ্রিত, ধর্ম্মধর্ম্মি-ভাবাদিগত স্বগত-ভেদ নিত্য অনিবার্য্য। এই সমস্ত বিষয়ের সূক্ষ্ম বিচার গীতাশাস্ত্রের যথাস্থানে দ্রষ্টব্য। এই শাস্ত্রে জীবাত্মা, পরমাত্মা, পরমাত্মার ধাম ও তৎপ্রাপ্ত্যুপায়স্বরূপ-সকল যথাযথ নিরূপিত হইয়াছে। জীবাত্ম-যাথাত্ম্যই পরমাত্ম-যাথাত্ম্যের উপযোগী, পরমাত্ম-যাথাত্ম্য তদুপাসনোপযোগি এবং 'প্রকৃতি', 'কাল' ও 'কর্ম্ম' সৃষ্টিকর্ত্তা পরমেশ্বরের উপকরণস্বরূপ, এরূপ উপদিষ্ট হইয়াছে। যাথাত্ম্যপ্রাপ্তির উপায়—'কর্ম্ম', 'জ্ঞান' ও 'ভক্তি'ভেদে ত্রিবিধ। ফলাশা ও কর্ত্তৃত্বাভি-নিবেশ ত্যাগপূর্ব্বক স্বধর্ম্মানুষ্ঠান-দ্বারা হৃদ্বিশুদ্ধি হইলে জ্ঞান ও ভক্তি-সাধনের উপকার হয়। অতএব পরম্পরা-ক্রমে কর্ম্মের তৎসাধনোপায়ত্ব স্বীকৃত হইয়াছে। মুখ্য ও গৌণভেদে 'কর্ম্ম'—দুইপ্রকার, অর্থাৎ শ্রুতি-



ধৃতরাষ্ট্রঃ স্বপুত্রবিজয়ে সন্দিহানঃ সঞ্জয়ং পৃচ্ছতীত্যাহ,—জন্মেজয়ং প্রতি বৈশম্পায়নঃ,—ধৃতরাষ্ট্র উবাচেতি। যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবো মামকা মৎপুত্রাঃ পাণ্ডবাশ্চ কুরুক্ষেত্রে সমবেতাঃ কিমকুর্ব্বতেতি। ননু যুযুৎসবঃ সমবেতা ইতি ত্বমেবাথ ততো যুদ্ধেরন্নেব, পুনঃ কিমকুর্ব্বতেতি কস্তে ভাব ইতি চেৎ, তত্রাহ,—ধর্ম্মক্ষেত্র ইতি। "যদনু কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনম্" ইত্যাদি-শ্রবণাদ্ধর্ম্মপ্ররোহভূমিভূতং কুরুক্ষেত্রং প্রসিদ্ধম্। তৎপ্রভাবাদ্বিনষ্টবিদ্বেষা মৎপুত্রাঃ কিং পাণ্ডবেভ্যস্তদ্রাজ্যং দাতুং নিশ্চিক্যুঃ? কিম্বা, পাণ্ডবাঃ সদৈব ধর্ম্মশীলা ধর্ম্মক্ষেত্রে তস্মিন্

---

বিহিত হিংসাশূন্য কর্ম্মই মুখ্য, ও তদ্বিহিত হিংসাযুক্ত কর্ম্মই গৌণ। কর্ম্মের' দ্বারা হৃদ্বিশুদ্ধি-ক্রমে 'জ্ঞান' হয়। সেই জ্ঞান বিশিষ্ট হইলে 'ভক্তি'রূপে পরিণত হয়। যতক্ষণ কটাক্ষবীক্ষণ দ্বারা কেবল চিদেক-তত্ত্বের অনুসন্ধান হইতে থাকে, ততক্ষণ তাহার নাম 'জ্ঞান'; তদ্দ্বারা সালোক্য, সারূপ্য, সামীপ্য, সার্ষ্টি ও সাযুজ্যাদি-প্রাপ্তি। যখন ঐ জ্ঞানের পরিপাকাবস্থায় নির্ণিমেষ-বীক্ষণরূপ অনুসন্ধানের উদয় হয়, তখন চিদেক-তত্ত্বগত চিদ্বৈচিত্র্যলীলারসবিশেষাশ্রিত ক্রোড়ীকৃত-সালোক্যাদি শুদ্ধভক্তি-স্বরূপে ভগবদ্বরিবস্যাদি-লাভরূপ সর্ব্বোত্তম পুরুষার্থ-তত্ত্বোদয় হয়,—জ্ঞান ও ভক্তির এইমাত্র প্রভেদ। গীতাশাস্ত্রের—প্রথম ছয় অধ্যায়ে ঈশ্বরাংশ জীবের জ্ঞান ও নিষ্কাম-কর্ম্মসাধ্য অংশী ঈশ্বরের ভজনোপযোগি-স্বরূপ প্রদর্শিত হইয়াছে, মধ্য ছয় অধ্যায়ে পরমপ্রাপ্য-প্রাপণী তন্মহিম-বুদ্ধি-পূর্ব্বিকা ভক্তির উপদেশ দৃষ্ট হয় এবং অন্ত্য ছয় অধ্যায়ে পূর্ব্বোক্ত ঈশ্বরাদি-তত্ত্বের পরিশোধিত স্বরূপসিদ্ধান্ত বর্ণনপূর্ব্বক চরমে শুদ্ধভক্তির প্রতিপত্তি প্রদর্শিত হইয়াছে। শ্রদ্ধালু সদ্ধর্ম্মনিষ্ঠ বিজিতেন্দ্রিয় ব্যক্তিই এই শাস্ত্রের অধিকারী। 'সনিষ্ঠ', 'পরিনিষ্ঠিত' ও 'নিরপেক্ষ'-ভেদে, উঁহারা—ত্রিবিধ। স্বর্গাদি-লোকদর্শনবাসনা-সহকারে নিষ্ঠার সহিত

সঞ্জয় উবাচ

**দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা।**
**আচার্য্যমুপসঙ্গম্য রাজা বচনমব্রবীৎ ॥ ২ ॥**

কুলক্ষয়হেতুকাদধর্ম্মাদ্ভীতা বনপ্রবেশমেব শ্রেয়ো বিমমৃশুরিতি ? হে সঞ্জয়েতি ব্যাসপ্রসাদাদ্বিনষ্টরাগদ্বেষস্ত্বং তথ্যং বদেত্যর্থঃ। পাণ্ডবানাং মামকত্বান্নুক্তির্ধৃতরাষ্ট্রস্য পুত্রস্নেহগ্রস্তস্য তেষু দ্রোহমভিব্যনক্তি। ধান্যক্ষেত্রাত্তদ্বিরোধিনাং ধান্যাভাসানামিব ধর্ম্মক্ষেত্রাত্তদ্বিরোধিনাং ধর্ম্মাভাসানাং ত্বৎপুত্রাণামপগমো ভাবীতি ধর্ম্মক্ষেত্রশব্দেন গীর্দেব্যা ব্যজ্যতে ॥ ১ ॥

এবং জন্মান্ধস্য প্রজ্ঞাচক্ষুষো ধৃতরাষ্ট্রস্য ধর্ম্মপ্রজ্ঞাবিলোপান্মোহান্ধস্য মৎপুত্রঃ কদাচিৎ পাণ্ডবেভ্যস্তদ্রাজ্যং দত্থাদিতি বিম্লানচিত্তস্য ভাবং বিজ্ঞায় ধর্ম্মিষ্ঠঃ সঞ্জয়স্ত্বৎপুত্র কদাচিদপি তেভ্যো রাজ্যং নার্পয়িষ্যতীতি

ভগবদর্চ্চন-রূপ স্বধর্ম্মের আচরণকারীই 'সনিষ্ঠ'। লোকসংগ্রহ-বাঞ্ছায় স্বধর্ম্মাচরণ-পূর্ব্বক হরিভক্তিনিরত পুরুষই 'পরিনিষ্ঠিত'। তদুভয়েই আশ্রমাশ্রিত। আর সত্য-তপো-জপাদিদ্বারা বিশুদ্ধচিত্ত একান্ত হরিভক্তই 'নিরপেক্ষ' ও নিরাশ্রম। শ্রীকৃষ্ণলক্ষণ পরমেশ্বরই 'বাচ্য' এবং তদুক্ত গীতা-শাস্ত্রই 'বাচক'। শ্রীকৃষ্ণতত্ত্বই এই শাস্ত্রের একমাত্র 'বিষয়' এবং অশেষ-ক্লেশ নিবৃত্তি-পূর্ব্বক শ্রীকৃষ্ণতত্ত্ব-সাক্ষাৎকারই এই শাস্ত্রের একমাত্র 'প্রয়োজন'।

তত্ত্ব-বিস্তৃতির সোপানস্বরূপ প্রথমেই কুরুক্ষেত্রে রণমধ্যস্থিত শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদ বর্ণিত হইয়াছে। তদ্‌যথা—

ধৃতরাষ্ট্র কহিলেন,—সঞ্জয় ! ধর্ম্মভূমি কুরুক্ষেত্রে দুর্য্যোধনাদি আমার পুত্রগণ ও যুধিষ্ঠির প্রভৃতি পাণ্ডব-সকল যুদ্ধাভিলাষে সমবেত হইয়া কি করিলেন ? ১ ॥

সঞ্জয় বলিলেন,—মহারাজ ! পাণ্ডবদিগের সৈন্যসামন্তসকলকে ব্যূহ নির্ম্মাণপূর্ব্বক অবস্থান করিতে অবলোকন করত রাজা দুর্য্যোধন দ্রোণাচার্য্যের নিকট গমন করিয়া কহিলেন ॥ ২ ॥



**পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য মহতীং চমূম্।**
**ব্যূঢ়াং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥ ৩ ॥**
**অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জ্জুনসমা যুধি।**
**যুযুধানো বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥ ৪ ॥**

তৎসন্তোষমুৎপাদয়ন্নাহ,—দৃষ্ট্বেতি। পাণ্ডবানামনীকং সৈন্যং, ব্যূঢ়ং ব্যূহরচনয়াবস্থিতম্। আচার্য্যং ধনুর্বিদ্যাপ্রদং দ্রোণম্ উপসঙ্গম্য স্বয়মেব তদন্তিকং গত্বা রাজা রাজনীতিনিপুণঃ বচনমল্পাক্ষরত্বং গম্ভীরার্থত্বং সংক্রান্তবচনবিশেষম্। অত্র স্বয়মাচার্য্যসন্নিধিগমনেন পাণ্ডবসৈন্যপ্রভাবদর্শনহেতুকং তস্যান্তর্ভয়ং গুরুগৌরবেণ তদন্তিকং স্বয়মাগতবানস্মীতি ভয়সঙ্গোপনঞ্চ ব্যজ্যতে। তদিদং রাজনীতিনৈপুণ্যাদিতি চ রাজপদেন ॥ ২ ॥

তত্তাদৃশং বচনমাহ,—পশ্যৈতামিত্যাদিনা। প্রিয়শিষ্যেষু যুধিষ্ঠিরাদিষু স্নেহাতিশয়াদাচার্য্যো ন যুধ্যেদিতি বিভাব্য তৎকোপোৎপাদনায় তস্মিংস্তদবজ্ঞাং ব্যঞ্জয়ন্নাহ,—এতামিতি। এতামতিসন্নিহিতাং প্রাগল্‌ভ্যেনাচার্য্যমতিশূরঞ্চ ত্বামবিগণয্য স্থিতাং দৃষ্ট্বা তদবজ্ঞাং প্রতীহীতি ; ব্যূঢ়াং ব্যূহরচনয়া স্থাপিতাম্ দ্রুপদপুত্রেণেতি ত্বদ্বৈরিণা দ্রুপদেন ত্বদ্বধায় ধৃষ্টদ্যুম্নঃ পুত্রো যজ্ঞাগ্নিকুণ্ডাদুৎপাদিতোঽস্তীতি ; তব শিষ্যেণেতি ত্বং স্বশত্রুং জানন্নপি ধনুর্বিদ্যামধ্যাপিতবানসীতি তব মন্দধীত্বম্ ; ধীমতেতি শত্রোস্তত্তস্ত্বদ্বধোপায়ো গৃহীত ইতি তস্য সুধীত্বম্। ত্বদপেক্ষ্যকারিতৈবাস্মাকমনর্থহেতুরিতি ভাবঃ ॥৩

নন্বেকেন ধৃষ্টদ্যুম্নেনাধিষ্ঠিতাল্পিকা সেনাস্মদীয়েনৈকেনৈব সুজেয়া স্যাদতস্ত্বং মা ত্রাসীরিতি চেৎ তত্রাহ,—অত্রেতি। অত্র চম্বাং মহান্তঃ

আচার্য্য ! পাণ্ডবগণের মহতী সেনা নিরীক্ষণ করুন ; তাহারা আপনার শিষ্য দ্রুপদপুত্র ধীমান্ ধৃষ্টদ্যুম্নের দ্বারা ব্যূহ রচনা করিয়া অবস্থান করিতেছে ॥

এই সেনানিচয়ের মধ্যে মহেষ্বাস ভীমার্জ্জুন ও তৎসমকক্ষ বীরসকল উপস্থিত ;—যুযুধান অর্থাৎ সাত্যকি, বিরাট ও মহারথ দ্রুপদ, ধৃষ্টকেতু,

ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশিরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥ ৫ ॥
যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারথাঃ ॥ ৬ ॥
অস্মাকন্তু বিশিষ্টা যে তান্ নিবোধ দ্বিজোত্তম।
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥ ৭ ॥

---

শক্রভিশ্ছেত্তুমশক্যা ইষ্বাসাশ্চাপা যেষাং তে। যুদ্ধকৌশলমাশঙ্ক্যাহ,—ভীমেতি। যুযুধানঃ সাত্যকিঃ মহারথ ইতি যুযুধানাদীনাং ত্রয়াণাং বিশেষণম্। ধৃষ্টেতি। বীর্য্যবানিতি ধৃষ্টকেত্বাদীনাং ত্রয়াণাম্; নরপুঙ্গব ইতি পুরুজিদাদীনাং ত্রয়াণাম্। যুধেতি। বিক্রান্ত ইতি যুধামন্যোঃ; বীর্য্যবানিত্যুত্তমৌজসশ্চেতি বিশেষণম্। সৌভদ্রোঽভিমন্যুঃ; দ্রৌপদেয়া যুধিষ্ঠিরাদিভ্যঃ পঞ্চভ্যঃ ক্রমাৎ দ্রৌপদ্যাং জাতাঃ প্রতিবিন্ধ্যশ্রুতসেনশ্রুত-কীর্ত্তিশতানীকশ্রুতকর্ম্মাখ্যাঃ পঞ্চপুত্রাঃ; চ-শব্দাদন্যে চ ঘটোৎকচাদয়ঃ। পাণ্ডবাস্ত্বতিখ্যাতত্বাৎ ন গণিতাঃ। যে এতে সপ্তদশ গণিতা, যে চান্যে তৎপক্ষীয়াস্তে সর্ব্বে মহারথা এব। অতিরথস্যাপ্যুপলক্ষণমেতৎ, তল্লক্ষণঞ্চোক্তম্,—"একাদশসহস্রাণি যোধয়েদ্যস্তু ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্র-প্রবীণশ্চ মহারথ ইতি স্মৃতঃ॥ অমিতান্ যোধয়েদ্যস্তু সংপ্রোক্তোঽতিরথস্তু সঃ। রথী চৈকেন যো যোদ্ধা তন্ন্যূনোঽর্দ্ধরথঃ স্মৃত ॥" ইতি ॥ ৪-৬ ॥

তর্হি কিং পাণ্ডবসৈন্যাদ্ভীতোঽসীত্যাচার্য্যভাবং সম্ভাব্যান্তর্জাতামপি

---

চেকিতান, বীর্য্যবান্ কাশিরাজ, পুরুজিৎ, কুন্তিভোজ ও নরশ্রেষ্ঠ শৈব্য, বলবান্ যুধামন্যু, বীর উত্তমৌজা, সুভদ্রাপুত্র অভিমন্যু ও দ্রৌপদীর গর্ভ-জাত পঞ্চপুত্র, ইঁহারা সকলেই মহারথ ॥ ৪-৬ ॥

হে গুরো! আমাদের যে-সমস্ত সেনানায়ক আছেন, আপনার জ্ঞানার্থ তাঁহাদের নাম কীর্ত্তন করিতেছি ॥ ৭ ॥



ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সোমদত্তিস্তথৈব চ ॥ ৮ ॥
অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥ ৯ ॥
অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥ ১০ ॥

---

ভীতিমাচ্ছাদয়ন্ ধার্ষ্ট্যেনাহ,—অস্মাকমিতি। অস্মাকং সর্ব্বেষাং মধ্যে যে বিশিষ্টাঃ পরমোৎকৃষ্টা বুদ্ধ্যাদিবলশালিনো নায়কা নেতারঃ, তান্ সংজ্ঞার্থং সম্যক্ জ্ঞানার্থং ব্রবীমীতি। পাণ্ডবপ্রেম্ণা ত্বং চেন্নো যোৎস্যসে, তদাপি ভীষ্মাদিভির্ম্বিজয়ঃ সেৎস্যত্যেবেতি তৎকোপোৎপাদনং দ্যোত্যম্ ॥ ৭ ॥

তানাহ,—ভবানিতি। ভবান্ দ্রোণঃ, বিকর্ণো মদ্ভ্রাতা কনিষ্ঠঃ, সোমদত্তির্ভূরিশ্রবাঃ, সমিতিঞ্জয়ঃ সংগ্রামবিজয়ীতি দ্রোণাদীনাং সপ্তানাং বিশেষণম্। নন্বেতাবন্ত এব মৎসৈন্যে বিশিষ্টাঃ, কিন্তুসংখ্যেয়াঃ সন্তী-ত্যাহ,—অন্যে চেতি। বহবো জয়দ্রথকৃতবর্ম্ম-শল্যপ্রভৃতয়ঃ। ত্যক্তেত্যাদি কর্ম্মণি নিষ্ঠা,—জীবিতানি ত্যক্তুং কৃতনিশ্চয়া ইত্যর্থঃ। ইত্থঞ্চ তেষাং সর্ব্বেষাং ময়ি স্নেহাতিরেকাৎ শৌর্য্যাতিরেকাদ্যুদ্ধপাণ্ডিত্যাচ্চ মদ্বিজয়ঃ সিদ্ধ্যেদেবেতি দ্যোত্যতে ॥ ৮-৯ ॥

নন্বেবমুভয়োঃ সৈন্যয়োস্তৌল্যাৎ তবৈব বিজয়ঃ কথমিত্যাশঙ্ক্য স্বসৈন্য-স্যাধিক্যমাহ,—অপর্য্যাপ্তমিতি। অপর্য্যাপ্তমপরিমিতমস্মাকং বলম্; তত্রাপি

---

রণবিজয়ী আপনি, ভীষ্ম, কর্ণ, কৃপ, অশ্বত্থামা, বিকর্ণ ও সোমদত্ত-পুত্র ভূরিশ্রবা এবং এতদ্ব্যতীত বিবিধ-অস্ত্রশস্ত্র-সম্পন্ন অন্যান্য বহুতর যুদ্ধ-বিশারদ বীরপুরুষ আমার নিমিত্ত প্রাণ দিতে উদ্যত আছেন ॥ ৮-৯ ॥

ভীষ্মকর্ত্তৃক পরিরক্ষিত আমাদিগের দলবল—অপরিমিত, কিন্তু ভীমসেনরক্ষিত পাণ্ডবসেনা—পরিমিত ॥ ১০ ॥

**অয়নেষু চ সর্ব্বেষু যথাভাগমবস্থিতাঃ।**
**ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব্ব এব হি ॥ ১১ ॥**
**তস্য সংজনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহ।**
**সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥ ১২ ॥**

---

ভীষ্মেণ মহাবুদ্ধিমতাতিরথেনাভিরক্ষিতম্। এতেষাং পাণ্ডবানাং বলং তু পর্য্যাপ্তং পরিমিতম্; তত্রাপি ভীমেন তুচ্ছবুদ্ধিনার্দ্ধরথেনাভিরক্ষিতমতঃ সিদ্ধবিজয়োঽহম্ ॥ ১০ ॥

অথৈবং মদুক্তিভাবং বিজ্ঞায়াচার্য্যশ্চেদুদাসীত তদা মৎকার্য্যক্ষতিরিতি বিভাব্য তস্মিন্ স্বকার্য্যভারমর্পয়ন্নাহ,—অয়নেষ্বিতি। অয়নেষু সৈন্যপ্রবেশ-বর্ত্মসু যথাভাগং বিভক্তাং স্বাং স্বাং যুদ্ধভূমিমপরিত্যজ্যাবস্থিতা ভবন্তো ভবদাদয়ো ভীষ্মমেবাভিতো রক্ষন্তু যুদ্ধাভিনিবেশাৎ পার্শ্বতঃ পৃষ্ঠতশ্চা-পশ্যন্তং তং যথান্যো ন বিহন্যাত্তথা কুর্ব্বন্ত্বিত্যর্থঃ। সেনাপতৌ ভীষ্মে নির্ব্বাধে মদ্বিজয়সিদ্ধিরিতি ভাবঃ। অয়মাশয়ঃ,—ভীষ্মোঽস্মাকং পিতামহঃ, ভবাংস্তু গুরুঃ, তৌ যুবামস্মদেকান্তহিতৈষিণৌ বিদিতৌ। যাবক্ষসদসি মদন্যায়ং বিদন্তাবপি দ্রৌপদ্যা ন্যায়ং পৃষ্টৌ নাবোচতাং, ময়া তু পাণ্ডবেষু প্রতীতং স্নেহাভাসং ত্যাজয়িতুং তথা নিবেদিতমিতি ॥ ১১ ॥

এবং দুর্য্যোধনকৃতাং স্বস্তুতিমবধার্য্য সহর্ষো ভীষ্মস্তদন্তর্জাতাং ভীতি-মুৎসাদয়িতুং শঙ্খং দধ্মাবিত্যাহ,—তস্যেতি। সিংহনাদমিত্যুপমানে 'কর্ম্মণি' চ ইতি পাণিনিসূত্রাণ্ণমুল্; চাৎ কর্ত্তর্য্যুপমানে ইত্যর্থঃ; সিংহ

---

এক্ষণে আপনারা সকলে স্ব-স্ব-বিভাগানুসারে ব্যূহদ্বারে অবস্থানপূর্ব্বক ভীষ্মকে রক্ষা করুন ॥ ১১ ॥

অতঃপর প্রবলপ্রতাপ কুরুবৃদ্ধ পিতামহ ভীষ্ম দুর্য্যোধনের হর্ষোৎ-পাদনের জন্য উচ্চৈঃস্বরে সিংহনাদ-পুরঃসর শঙ্খধ্বনি করিলেন ॥ ১২ ॥



**ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ।**
**সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥ ১৩ ॥**
**ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।**
**মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥ ১৪ ॥**
**পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।**
**পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ ॥ ১৫ ॥**
**অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।**
**নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ ॥ ১৬ ॥**

---

ইব বিনদ্যেত্যর্থঃ। মুখতঃ কিঞ্চিদনুক্ত্বা শঙ্খনাদমাত্রকরণেন জয়পরাজয়ৌ ঈশ্বরাধীনৌ; ত্বদর্থে ক্ষত্রধর্ম্মেণ দেহং ত্যক্ষ্যামীতি ব্যজ্যতে ॥ ১২ ॥

তত ইতি। সেনাপতৌ ভীষ্মে প্রবৃত্তে তৎসৈন্যে সহসা তৎক্ষণমেব শঙ্খাদয়োঽভ্যহন্যন্ত বাদিতাঃ,—কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ। পণবাদয়স্ত্রয়ো বাদিত্র-ভেদাঃ। স শব্দস্তুমুল একাকারতয়া মহানাসীৎ ॥ ১৩ ॥

অথ পাণ্ডবসৈন্যে প্রবৃত্তং যুদ্ধোৎসবমাহ,—তত ইতি। অন্যেষামপি রথস্থিতত্বে সত্যপি কৃষ্ণার্জ্জুনয়ো রথস্থিতত্বোক্তিস্তদ্রথস্যাগ্নিদত্তত্বং ত্রৈলোক্যবিজেতৃত্বং মহাপ্রভত্বঞ্চ ব্যজ্যতে ॥ ১৪ ॥

পাঞ্চজন্যমিত্যাদি। পাঞ্চজন্যাদয়ঃ কৃষ্ণাদিশঙ্খানামাহ্বয়াঃ। অত্র 'হৃষীকেশ'শব্দেন পরমেশ্বরসহায়িত্বম্। পাঞ্চজন্যাদিশব্দৈঃ প্রসিদ্ধাহ্বয়া-

---

শঙ্খ, ভেরী, পণব অর্থাৎ মাদল এবং আনক অর্থাৎ পটহ ও গোমুখ-নামক বাদ্যযন্ত্রসকল সহসা বাদিত হইলে তুমুল শব্দ উদ্ভূত হইল ॥ ১৩ ॥

এদিকে শ্রীকৃষ্ণ এবং ধনঞ্জয় শ্বেতাশ্বসংযুক্ত পরমোৎকৃষ্ট রথে আরূঢ় হইয়া দিব্য শঙ্খ-ধ্বনি করিলেন ॥ ১৪ ॥

হৃষিকেশ 'পাঞ্চজন্য' শঙ্খ ও অর্জ্জুন 'দেবদত্ত' শঙ্খধ্বনি করিলেন এবং ভীমকর্ম্মা ভীমসেন 'পৌণ্ড্র' নামে মহাশঙ্খ বাজাইলেন; কুন্তীপুত্র রাজা

কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ ॥ ১৭ ॥
দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্ ॥ ১৮ ॥
স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্ ॥ ১৯ ॥

---

নেকদিব্যশঙ্খবত্ত্বম্। রাজা ভীমকর্ম্মা ধনঞ্জয় ইত্যেভির্যুধিষ্ঠিরাদীনাং রাজসূয়যাজিত্বহিড়িম্বাদিনিহন্তৃত্বদিগ্বিজয়াহৃতানন্তধনত্বানি চ ব্যজ্য পাণ্ডবসেনাসূৎকর্ষঃ সূচ্যতে। পরসেনাসু তদভাবাদপকর্ষশ্চ। কাশ্য ইতি। কাশ্যঃ কাশিরাজঃ; পরমেষ্বাসঃ মহাধনুর্দ্ধরঃ; চাপরাজিতো ধনুষা দীপ্তঃ। দ্রুপদ ইতি। পৃথিবীপতে হে ধৃতরাষ্ট্রেতি তব দুর্মন্ত্রণোদয়ঃ কুলক্ষয়লক্ষণোঽনর্থঃ সমাগত ইতি সূচ্যতে ॥ ১৫-১৮ ॥

স ইতি। পাণ্ডবৈঃ কৃতঃ শঙ্খনাদো ধার্ত্তরাষ্ট্রাণাং ভীষ্মাদীনাং সর্ব্বেষাং হৃদয়ানি ব্যদারয়ৎ তদ্বিদারণতুল্যাং পীড়ামজনয়দিত্যর্থঃ। তুমুলোঽতিতীব্রঃ, অভ্যনুনাদয়ন্ প্রতিধ্বনিভিঃ পূরয়ন্নিত্যর্থঃ। ধার্ত্তরাষ্ট্রৈঃ কৃতস্তু শঙ্খাদিনাদস্তুমুলোঽপি তেষাং কিঞ্চিদপি ক্ষোভং নাজনয়ৎ তথানুক্তেরিতি বোধ্যম্ ॥ ১৯ ॥

---

যুধিষ্ঠির 'অনন্তবিজয়', নকুল 'সুঘোষ' এবং সহদেব 'মণিপুষ্পক' নামক শঙ্খধ্বনি করিলেন; উৎকৃষ্ট ধনুর্ধারী কাশিরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট এবং অপরাজিত বা ধনুশ্চাপদ্বারা শোভিত সাত্যকি, এবং হে পৃথ্বীপতে ধৃতরাষ্ট্র! দ্রুপদ, দ্রৌপদীর পঞ্চপুত্র এবং সুভদ্রাপুত্র মহাবাহু অভিমন্যু, ইহাঁরা সকলেই পৃথক্ পৃথক্ শঙ্খধ্বনি করিলেন ॥ ১৫-১৮ ॥

এইসকল শঙ্খের তুমুল শব্দ ধরাতল ও নভোমণ্ডল প্রতিধ্বনিত করিয়া ধার্ত্তরাষ্ট্রগণের হৃদয় বিদারিত করিতে লাগিল ॥ ১৯ ॥



অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ।
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে ॥ ২০ ॥

অর্জ্জুন উবাচ,—

সেনয়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত ॥ ২১ ॥
যাবদেতান্ নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্ রণসমুদ্যমে ॥ ২২ ॥

---

এবং ধার্ত্তরাষ্ট্রাণাং যুদ্ধে ভীতিং প্রদর্শ্য পাণ্ডবানাং তু তত্রোৎসাহমাহ,—অথেতি সার্দ্ধকেন। অথ রিপুশঙ্খনাদকৃতোৎসাহভঙ্গানন্তরং ব্যবস্থিতান্ তদ্ভঙ্গবিরোধিযুযুৎসয়াবস্থিতান্ ধার্ত্তরাষ্ট্রান্ ভীষ্মাদীন্ কপিধ্বজোঽর্জ্জুনো যেন শ্রীদাশরথেরপি মহান্তি কার্য্যানি পুরা সাধিতানি তেন মহাবীরেণ ধ্বজমধিতিষ্ঠতা হনুমতানুগৃহীতো ভয়গন্ধশূন্য ইত্যর্থঃ। হে মহীপতে! প্রবৃত্তে প্রবর্ত্তমানে। হৃষীকেশমিতি। হৃষীকেশং সর্ব্বেন্দ্রিয়প্রবর্ত্তকং কৃষ্ণং তদিদং বাক্যমুবাচেতি। সর্ব্বেশ্বরো হরির্যেষাং নিযোজ্যস্তেষাং তদেকান্তভক্তানাং পাণ্ডবানাং বিজয়ে সন্দেহগন্ধোঽপি নেতি ভাবঃ ॥ ২০ ॥

অর্জ্জুনবাক্যমাহ,—সেনয়োরিতি। হে অচ্যুতেতি স্বভাবসিদ্ধাদ্ভক্তবাৎসল্যাৎ পারমৈশ্বর্য্যাচ্চ ন চ্যবসে স্মেতি তেন তেন চ নিযন্ত্রিতো ভক্তস্য মে বাক্যাত্তত্র রথং স্থিতং কুরু নির্ভয় তত্র রথস্থাপনে ফলমাহ,—যাবদিতি। যোদ্ধুকামান্ন তু সহাস্মাভিঃ সন্ধিং চিকীর্ষূন্; অবস্থিতান্

---

হে মহারাজ! তৎকালে শস্ত্রনিক্ষেপে সমুদ্যত কপিধ্বজ-রথারূঢ় ধনঞ্জয় ধৃতরাষ্ট্রপক্ষীয় যোদ্ধৃবর্গকে যুদ্ধযোগে অবস্থিত দেখিয়া শরাসন উত্তোলনপূর্ব্বক শ্রীকৃষ্ণকে এই কথা কহিলেন ॥ ২০ ॥

অর্জ্জুন কহিলেন,—হে অচ্যুত! যতক্ষণ আমি যুদ্ধকামনায় অবস্থিত সেনাগণের মধ্যে এই রণ-সমুদ্যমে কাহার সহিত সংগ্রাম করিব, নিরীক্ষণ

যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ ॥ ২৩ ॥

সঞ্জয় উবাচ,—

এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত।
সেনয়োরুভয়োর্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্ ॥ ২৪ ॥
ভীষ্মদ্রোণপ্রমুখতঃ সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাম্।
উবাচ পার্থ পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি ॥ ২৫ ॥

---

ন তু ভীত্যা প্রচলিতান্। নন্থু ত্বং যোদ্ধা, ন তু যুদ্ধপ্রেক্ষকস্ত-তস্তদ্দর্শনেন কিমিতি চেত্তত্রাহ,—কৈরিতি। অস্মিন্ বন্ধূনামেব মিথো রণোদ্যোগে কৈর্বন্ধুভিঃ সহ মম যুদ্ধং ভাবীত্যেতজ্‌জ্ঞানায়ৈব মধ্যে রথস্থাপনমিতি। নন্থু বন্ধুত্বাদেতে সন্ধিমেব বিধাস্যন্তীতি চেৎ তত্রাহ,—যোৎস্যমানানিতি ন তু সন্ধিং বিধাস্যতঃ। অবেক্ষে প্রত্যেমি। দুর্ব্বুদ্ধেঃ কুধিয়ঃ স্বজীবনোপায়ানভিজ্ঞস্য, যুদ্ধে, ন তু দুর্ব্বুদ্ধ্যপনয়নে। অতো মদ্‌যুদ্ধপ্রতিযোগিনিরীক্ষণং যুক্তমিতি ॥ ২১-২৩ ॥

ততঃ কিং বৃত্তমিত্যপেক্ষায়াং সঞ্জয়ঃ প্রাহ,—এবমিতি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশঃ স্বসখশ্রীভগবদ্‌গুণলাবণ্যস্মৃতিনিবেশেন বিজিতনিদ্রস্তৎপরমভক্ত-স্তেনার্জ্জুনেনৈবমুক্তঃ প্রবর্ত্তিতো হৃষীকেশস্তচ্চিত্তবৃত্ত্যভিজ্ঞো ভগবান্ সেনয়ো-

---

এবং দুর্য্যোধনের প্রিয়-কামনায় যুদ্ধ-বাসনায় এইস্থানে সমাগত ব্যক্তি-গণকে অবলোকন করি, ততক্ষণ উভয়পক্ষীয় সেনার মধ্যস্থলে রথ স্থাপন কর ॥ ২১-২৩ ॥

সঞ্জয় কহিলেন,—হে ভারত! গুড়াকেশ পার্থ কৃষ্ণের নিকট এই কথা কহিলে, তিনি উভয়পক্ষীয় সৈন্যগণের মধ্যস্থলে সেই উৎকৃষ্ট রথ স্থাপন করিলেন এবং কহিলেন,—পার্থ! যুদ্ধার্থ-সমবেত ভীষ্ম-দ্রোণ-প্রভৃতি কৌরবগণকে নিরীক্ষণ কর ॥ ২৪-২৫ ॥



তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্।
আচার্য্যান্ মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা।
শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি ॥ ২৬ ॥
তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ সর্ব্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ ॥ ২৭ ॥

---

র্মধ্যে ভীষ্মদ্রোণয়োঃ সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাং ভূভুজাঞ্চ প্রমুখতঃ সম্মুখে রথোত্তমং অগ্নিদত্তং রথং স্থাপয়িত্বোবাচ,—হে পার্থ! সমবেতানেতান্ কুরূন্ পশ্যেতি! পার্থহৃষীকেশ-শব্দাভ্যামিদং সূচ্যতে,—মৎপিতৃস্বসৃপুত্রত্বাৎ ত্বৎসারথ্যমহং করিষ্যাম্যেব ত্বং ত্বধুনৈব যুযুৎসাং ত্যক্ষ্যসীতি কিং শত্রু-সৈন্যবীক্ষণেনেতি সোপহাসো ভাবঃ ॥ ২৪-২৫ ॥

এবং ভগবতোক্তোঽর্জ্জুনঃ পরসেনামপশ্যদিত্যাহ,—তত্রেতি সার্দ্ধকেন। তত্র পরসেনায়াং পিতৄন্ পিতৃব্যান্ ভূরিশ্রবঃপ্রভৃতীন্, পিতামহান্ ভীষ্ম-সোমদত্তাদীন্, আচার্য্যান্ দ্রোণ-কৃপাদীন্, মাতুলান্ শল্য-শকুন্যাদীন্, ভ্রাতৄন্ দুর্য্যোধনাদীন্, পুত্রান্ লক্ষ্মণাদীন্, পৌত্রান্ নপ্তৄন্ লক্ষ্মণাদি-পুত্রান্, সখীন্ বয়স্যান্ দ্রৌণি-সৈন্ধবাদীন্, সুহৃদঃ কৃতবর্ম্ম-ভগদত্তাদীন্; এবং স্বসৈন্যেঽ-প্যুপলক্ষণীয়ম্। উভয়োরপি সেনয়োরবস্থিতান্ তান্ সর্ব্বান্ বন্ধূন্ সমীক্ষ্যেত্যন্বয়াৎ ॥ ২৬ ॥

অথ সর্ব্বেশ্বরো দয়ালুঃ কৃষ্ণঃ সপরিকরাত্মোপদেশেন বিশ্বমুদ্দিধীর্ষুরর্জ্জুনং শিষ্যং কর্ত্তুং তৎস্বধর্ম্মেঽপি যুদ্ধে "মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইতি শ্রুত্যর্থা-

---

তখন অর্জ্জুন, উভয়পক্ষীয় সৈন্যদলের মধ্যস্থলে পিতৃব্য, পিতামহ, আচার্য্য, মাতুল, ভ্রাতৃগণ, শ্বশুর, মিত্র ও উপকারী পুরুষসকল উপস্থিত আছেন, দেখিতে পাইলেন ॥ ২৬ ॥

কুন্তীপুত্র অর্জ্জুন বন্ধুবান্ধব-সকলকে রণস্থলে অবস্থিত দেখিয়া যৎপরোনাস্তি কৃপাবিষ্ট ও বিষণ্ণ হইয়া বলিলেন ॥ ২৭ ॥

অর্জ্জুন উবাচ,—

দৃষ্ট্বেমং স্বজনং কৃষ্ণ যুযুৎসুং সমুপস্থিতম্।
সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি ॥ ২৮ ॥

বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং সংস্রতে হস্তাৎ ত্বক্ চৈব পরিদহ্যতে ॥ ২৯ ॥

---

ভাসেনাধর্ম্মতামাভাস্য তং সমোহং কৃতবানিত্যাহ,—তান্ সমীক্ষ্যেতি কৌন্তেয় ইতি স্বীয়পিতৃস্বসৃপুত্রত্বোক্ত্যা তদ্ধর্ম্মৌ মোহশোকৌ তদা তস্য ব্যজ্যেতে। কৃপয়া কর্ত্র্যা ইত্যুক্তেঃ, স্বভাবসিদ্ধস্য কৃপেতি দ্যোত্যতে। অতঃ পরয়েতি তদ্বিশেষণম্, অপরয়েতি বা চ্ছেদঃ ;—স্বসৈন্যে পূর্ব্বমপি কৃপাস্তি, পরসৈন্যে স্বপরাপি সাভূদিত্যর্থঃ। বিষীদন্নমুতাপঃ বিন্দন্। অত্রোক্তিবিষাদয়োরৈককাল্যাদ্যুক্তিকালে বিষাদকার্য্যাণ্যশ্রুকম্পসন্নকণ্ঠতাদীনি ব্যজ্যন্তে ॥ ২৭ ॥

কৌন্তেয়ঃ শোকব্যাকুলং যদাহ তদনুবদতি,—দৃষ্ট্বেমমিতি। স্বজনং স্ববন্ধুবর্গং জাতাবেকবচনং—"সগোত্রবান্ধবজ্ঞাতিবন্ধু-স্ব-স্বজনাঃ সমাঃ" ইত্যমরঃ। দৃষ্ট্বাবস্থিতস্য মম গাত্রাণি করচরণাদীনি সীদন্তি শীর্য্যন্তে ; পরিশুষ্যতীতি শ্রমাদিহেতুকাচ্ছোষাদতিশয়িত্বমস্য শোষস্য ব্যজ্যতে ॥ ২৮ ॥

বেপথুঃ কম্পঃ, রোমহর্ষঃ পুলকঃ, গাণ্ডীবভ্রংশেনাধৈর্য্যং, ত্বগ্দাহেন হৃদ্বিদাহো দর্শিতঃ ॥ ২৯ ॥

---

অর্জ্জুন কহিলেন,—হে কৃষ্ণ! এই সকল আত্মীয়-স্বজনকে যুদ্ধাভিলাষী হইয়া অবস্থান করিতে দেখিয়া আমার অঙ্গ-প্রত্যঙ্গ-সকল অবশ, ও মুখ পরিশুষ্ক হইতেছে ॥ ২৮ ॥

আমার শরীর কম্পিত ও রোমাঞ্চিত, হস্ত হইতে গাণ্ডীব নিপতিত এবং ত্বক্ পরিদগ্ধ হইতেছে ॥ ২৯ ॥



ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ।
নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব ॥ ৩০ ॥

ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে।
ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ ন চ রাজ্যং সুখানি চ ॥ ৩১ ॥

---

ন চেতি। অবস্থাতুং স্থিরো ভবিতুম্। মনো ভ্রমতীব চেতি দৌর্ব্বল্যমূর্চ্ছয়োরুদয়ঃ। নিমিত্তানি ফলান্যত্র যুদ্ধে বিপরীতানি পশ্যামি। বিজয়িনো মে রাজ্যপ্রাপ্তিরানন্দো ন ভবিষ্যতি ; কিন্তু তদ্বিপরীতোঽনুতাপ এব ভাবীতি। নিমিত্তশব্দঃ ফলবাচী, 'কস্মৈ নিমিত্তায়াত্র বসসি' ইত্যাদৌ তথা প্রতীতেঃ ॥ ৩০ ॥

এবং তত্ত্বজ্ঞানপ্রতিকূলং শোকমুক্ত্বা তৎপ্রতিকূলাং বিপরীতবুদ্ধিমাহ,—ন চেতি। আহবে স্বজনং হত্বা শ্রেয়ো নৈব পশ্যামীতি,—"দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড়্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখো হতঃ" ইত্যাদিনা হতস্য শ্রেয়ঃস্মরণাৎ হন্তুর্মে ন কিঞ্চিচ্ছ্রেয়ঃ ; অস্বজনমিতি বা চ্ছেদঃ,—অস্বজনবধেঽপি শ্রেয়সোঽভাবাৎ স্বজনবধে পুনঃ কুতস্তরাং তদিত্যর্থঃ। ননু যশোরাজ্যলাভো দৃষ্টং ফলমস্তীতি চেত্তত্রাহ,—ন কাঙ্ক্ষ ইতি। রাজ্যাদিস্পৃহাবিরহাদুপায়ে বিজয়ে মম প্রবৃত্তির্ন যুক্তা, রন্ধনে যথা ভোজনেচ্ছা-বিরহিণঃ ; তস্মাদরণ্যনিবসনমেবাস্মাকং শ্লাঘ্যজীবনত্বং ভাবীতি ॥ ৩১ ॥

---

আমার আর অবস্থান করিবার সামর্থ্য নাই, চিত্ত উদ্‌ভ্রান্ত হইতেছে ; হে কেশব! আমি কেবল বিপরীত-ভাব-বিশিষ্ট দুর্নিমিত্তসকল নিরীক্ষণ করিতেছি ॥ ৩০ ॥

রণে স্বজনগণকে নিধন করা শ্রেয়স্কর দেখিতেছি না ; হে শ্রীকৃষ্ণ! আমি আর বিজয়-বাসনা ও রাজ্যসুখ ইচ্ছা করি না ॥ ৩১ ॥

কিং নো রাজ্যেন গোবিন্দ কিং ভোগৈর্জীবিতেন বা ।
যেষামর্থে কাঙ্ক্ষিতং নো রাজ্যং ভোগাঃ সুখানি চ ॥৩২॥
ত ইমেঽবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ ।
আচার্য্যাঃ পিতরঃ পুত্রাস্তথৈব চ পিতামহাঃ ॥৩৩॥
মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা ।
এতান্ন হন্তুমিচ্ছামি ঘ্নতোঽপি মধুসূদন ॥৩৪॥
অপি ত্রৈলোক্যরাজ্যস্য হেতোঃ কিন্নু মহীকৃতে ।
নিহত্য ধার্ত্তরাষ্ট্রান্নঃ কা প্রীতিঃ স্যাজ্জনার্দ্দন ॥৩৫॥

---

গোবিন্দেতি। গাঃ সর্ব্বেন্দ্রিয়বৃত্তীঃ বিন্দসীতি ত্বমেব মে মনোগতং প্রতীহীত্যর্থঃ। রাজ্যাদ্যনাকাঙ্ক্ষায়াং হেতুমাহ,—যেষামিতি। প্রাণান্ প্রাণাশাং ধনানি ধনাশামিতি লক্ষণয়া বোধ্যম্ ;—স্বপ্রাণব্যয়েঽপি স্ববন্ধুসুখার্থী রাজ্যস্পৃহা স্যাত্তেষামপ্যত্র নাশপ্রাপ্তেরপার্থৈব যুদ্ধে প্রবৃত্তি-রিতি ভাবঃ। নন্বু ত্বং চেৎ কারুণিকস্তান্ন হন্যাস্তর্হি তে স্বরাজ্যং নিষ্কণ্টকং কর্ত্তুং ত্বামেব হন্যুরিতি চেত্তত্রাহ,—এতানিতি। মাং ঘ্নতোঽপি

---

হে গোবিন্দ ! আমাদের আর রাজ্যে কি প্রয়োজন ? ভোগ-সুখেরই বা আবশ্যকতা কি ? এবং জীবনধারণেই বা কি ফল আছে ? কারণ, যাঁহাদের জন্য রাজ্য ও ভোগ-সুখ কামনা করিতে হয়, তাঁহারা সকলেই এই সংগ্রামে উপস্থিত। হে মধুসূদন ! যখন আচার্য্য, পিতা, পুত্র, পিতামহ, মাতুল, শ্বশুর, পৌত্র, শ্যালক ও সম্বন্ধী অর্থাৎ আত্মীয়-স্বজন, সকলেই জীবন ও ধনপরিত্যাগে কৃত-সঙ্কল্প হইয়া এই যুদ্ধে অবস্থান করিতেছেন, তখন ইঁহারা আমাদিগকে বধ করিলেও আমি কোন ক্রমে ইঁহাদিগকে হনন করিতে ইচ্ছা করি না। হে জনার্দ্দন ! পৃথিবীর ত' কথাই নাই, ত্রৈলোক্যের আধিপত্য প্রাপ্ত হইলেও ধার্ত্তরাষ্ট্রগণকে নিধন করিয়া কি প্রীতি লাভ হইবে ? ৩২-৩৫ ॥



পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িনঃ ।
তস্মান্নার্হা বয়ং হন্তুং ধার্ত্তরাষ্ট্রান্ সবান্ধবান্ ।
স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব ॥৩৬॥

---

হিংসতোঽপ্যেতান্ হন্তুমহং নেচ্ছামি। ত্রৈলোক্যরাজস্য প্রাপ্তয়েঽপি কিং পুনর্ভূর্মাত্রস্য। নন্বন্যান্ হিত্বা ধৃতরাষ্ট্রপুত্রা এব হন্তব্যা, বহুদুঃখদাতৄণাং তেষাং ঘাতে সুখসম্ভবাদিতি চেত্তত্রাহ,—নিহত্যেতি। ধার্ত্তরাষ্ট্রান্ দুর্য্যোধনাদীন্নিহত্য স্থিতানাং নঃ পাণ্ডবানাং কা প্রীতিঃ প্রসন্নতা স্যান্ন কাপীতি ;—অচিরসুখাভাসস্পৃহয়া চিরতরনরকহেতুভ্রাতৃবধো ন যোগ্য ইতি ভাবঃ। হে জনার্দ্দনেতি,—যদ্যেতে হন্তব্যাস্তর্হি ভূভারাপহারী ত্বমেব তান্ জহি পরেশস্য তে পাপগন্ধসম্বন্ধো ন ভবেদিতি ব্যজ্যতে ॥৩২-৩৫॥

নন্বু "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ ॥ আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়ি-বধে দোষো হন্তুর্ভবতি ভারত ॥"—ইত্যুক্তেরেষাং ষাড়্বিধ্যেনাততায়িনাং যুক্তো বধ ইতি চেত্তত্রাহ,—পাপমিতি। এতান্ হত্বা স্থিতানস্মান্ পাপমেব বন্ধুক্ষয়হেতুকমাশ্রয়েৎ। অয়ং ভাবঃ,—আততায়িনমায়ান্ত-মিত্যাদিকমর্থশাস্ত্রং "মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইতি ধর্ম্মশাস্ত্রাদ্দুর্ব্বলম্,—"অর্থশাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্মশাস্ত্রমিতি স্থিতিঃ" ইতি স্মৃতেঃ ; তস্মাদ্দুর্ব্বলার্থ-শাস্ত্রবলেন পূজ্যানাং দ্রোণভীষ্মাদীনাং বধঃ পাপহেতুরেবেতি। ন চ শ্রেয়োঽনুপশ্যামীত্যারভ্যোক্তমুপসংহরতি.—তস্মাদিতি। পাপসম্ভবাৎ দৈহিকসুখস্যাপ্যভাবাচ্চেত্যর্থঃ। ন হি গুরুভির্বন্ধুজনৈশ্চ বিনাস্মাকং

---

আততায়ীদিগকে বধ করা রাজনীতি-শাস্ত্রের অনুমোদিত হইলেও, আচার্য্যাদি আততায়ীদিগকে হত্যা করা ধর্ম্মশাস্ত্র-বিরুদ্ধ-হেতু পাপ হইবে ; অতএব আমরা ধার্ত্তরাষ্ট্রগণকে সবান্ধবে সংহার করিতে যোগ্য হইতেছি না ; হে মাধব ! আত্মীয়-স্বজনকে হনন করিয়া কি সুখ লাভ হইবে ? ৩৬॥

যদ্যপ্যেতে ন প্রশ্যন্তি লোভোপহতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্ ॥৩৭॥
কথং ন জ্ঞেয়মস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিতুম্।
কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভির্জনার্দ্দন ॥৩৮॥
কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ।
ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্ম্মোঽভিভবত্যুত ॥৩৯॥

---

রাজ্যভোগঃ সুখায়াপি তু অনুতাপায়ৈব সম্পৎস্যতে। হে মাধবেতি,—শ্রীপতিস্ত্বমশ্রীকে যুদ্ধে কথং প্রবর্ত্তয়সীতি ভাবঃ ॥ ৩৬ ॥

নন্বু "আহূতো ন নিবর্ত্তেত দ্যূতাদপি রণাদপি বিদিতং ক্ষত্রিয়স্য" ইতি ক্ষত্রধর্ম্মস্মরণাৎ তৈরাহূতানাং ভবতাং যুদ্ধে প্রবৃত্তির্যুক্তেতি চেত্তত্রাহ,—যদ্যপীতি দ্বাভ্যাম্। পাপে প্রবৃত্তৌ লোভস্তেষাং হেতুরস্মাকং তু লোভবিরহান্ন তত্র প্রবৃত্তিরিতি। ইষ্টসাধনতা-জ্ঞানং খলু প্রবর্ত্তকম্, ইষ্টঞ্চানিষ্টাননুবন্ধিবাচ্যম্; যদুক্তং—"ফলতোঽপি চ যৎ কর্ম্ম নানর্থে-নানুবধ্যতে। কেবলপ্রীতিহেতুত্বাত্তৎকর্ম্ম ইতি কথ্যতে॥" ইতি। তথা চ "শ্যেনেনাভিচরন্ যজেত" ইত্যাদি শাস্ত্রোক্তেঽপি শ্যেনাদাবিবানিষ্টানু-বন্ধিত্বাদ্যুদ্ধেঽস্মিন্নঃ প্রবৃত্তির্ন যুক্তেতি। "আহূতঃ" ইত্যাদি শাস্ত্রং তু কুলক্ষয়দোষবিনা ভূতবিষয়ং ভাবি। হে জনার্দ্দনেতি প্রাগ্বৎ ॥ ৩৭-৩৮ ॥

দোষমেব প্রপঞ্চয়তি—কুলক্ষয়ে ইতি। কুলধর্ম্মা কুলোচিতা অগ্নি-হোত্রাদয়ো ধর্ম্মাঃ সনাতনাঃ কুলপরম্পরাপ্রাপ্তাঃ প্রণশ্যন্তি কর্ত্তুর্বিনাশাৎ।

---

দুর্য্যোধন প্রভৃতি লোভ-দ্বারা হতবুদ্ধি হইয়া কুলক্ষয়-জনিত দোষ ও মিত্রদ্রোহ-জনিত পাতক অনুভব করিতে পারিতেছে না; কিন্তু জনার্দ্দন! আমরা কুলক্ষয়-জনিত দোষ দৃষ্টি করিয়াও কি-নিমিত্ত এই পাপকার্য্য হইতে নিবৃত্ত হইব না? ৩৭-৩৮ ॥

কুলক্ষয় হইলে সনাতন কুলধর্ম্ম বিনষ্ট হইয়া থাকে; কুলধর্ম্ম নষ্ট হইলে অবশিষ্ট কুল অধর্ম্মে অভিভূত হয় ॥ ৩৯ ॥



অধর্ম্মাভিভবাৎ কৃষ্ণ প্রদুষ্যন্তি কুলস্ত্রিয়ঃ।
স্ত্রীষু দুষ্টাসু বার্ষ্ণেয় জায়তে বর্ণসঙ্করঃ ॥৪০॥
সঙ্করো নরকায়ৈব কুলঘ্নানাং কুলস্য চ।
পতন্তি পিতরো হ্যেষাং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ ॥ ৪১ ॥
দোষৈরেতৈঃ কুলঘ্নানাং বর্ণসঙ্করকারকৈঃ।
উৎসাদ্যন্তে জাতিধর্ম্মাঃ কুলধর্ম্মাশ্চ শাশ্বতাঃ ॥ ৪২ ॥

---

উতেত্যপ্যর্থে কৃৎস্নমিত্যনেন সম্বধ্যতে,—ধর্ম্মে নষ্টে সত্যবশিষ্টং বালাদি-কৃৎস্নমপি কুলমধর্ম্মোঽভিভবতি প্রসতীত্যর্থঃ ॥ ৩৯ ॥

ততশ্চাধর্ম্মাভিভবাদিতি। অস্মদ্ভর্ত্তৃভির্ধর্ম্মমুল্লঙ্ঘ্য যথা কুলক্ষয়লক্ষণে পাপে বর্ত্তিতং, তথাস্মাভিঃ পাতিব্রত্যমবজ্ঞায় দুরাচারে বর্ত্তিতব্যমিতি দুর্ব্বুদ্ধিহতাঃ কুলস্ত্রিয়ঃ প্রদুষ্যেয়ুরিত্যর্থঃ ॥ ৪০ ॥

কুলস্য সঙ্করঃ কুলঘ্নানাং নরকায়ৈবেতি যোজনা। ন কেবলং কুলঘ্না এব নরকে পতন্তি, কিন্তু তৎপিতরোঽপীত্যাহ,—পতন্তীতি হির্হেতৌ। পিণ্ডাদি দাতৃণাং পুত্ত্রাদীনামভাবাদ্বিলুপ্তপিণ্ডাদি-ক্রিয়াঃ সন্তস্তে নরকায়ৈব পতন্তি ॥৪১

উক্ত দোষমুপসংহরতি,—দোষৈরিতি দ্বাভ্যাম্। উৎসাদ্যন্তে বিলুপ্যন্তে জাতিধর্ম্মাঃ ক্ষত্রিয়ত্বাদিনির্ব্বন্ধনাঃ, কুলধর্ম্মাস্ত্বসাধারণাঃ; চ-শব্দাদাশ্রমধর্ম্মা গ্রাহ্যাঃ ॥ ৪২ ॥

---

হে বৃষ্ণিবংশাবতংস কৃষ্ণ! অধর্ম্ম প্রবল হইলে কুলস্ত্রীসকল ব্যভিচারিণী হয় এবং স্ত্রীগণ ব্যভিচারিণী হইলে বর্ণসঙ্কর উৎপন্ন হইয়া থাকে ॥ ৪০ ॥

বর্ণসঙ্কর উৎপন্ন হইয়া কুল ও কুলঘাতকদিগকে নরকগামী করিয়া থাকে; সেই কুলে পিণ্ড ও উদকক্রিয়া লোপ হওয়ায় পিতৃলোক পতিত হয় ॥ ৪১ ॥

বর্ণসঙ্করকারী পূর্ব্বোক্ত দোষ দ্বারা কুলনাশকদিগের সনাতন কুলধর্ম্ম ও জাতিধর্ম্ম উৎসন্ন হইয়া যাইবে ॥ ৪২ ॥

**উৎসন্নকুলধর্ম্মাণাং মনুষ্যাণাং জনার্দ্দন।**
**নরকে নিয়তং বাসো ভবতীত্যনুশুশ্রুম ॥ ৪৩ ॥**

**অহো বত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্।**
**যদ্রাজ্যসুখলোভেন হন্তুং স্বজনমুদ্যতাঃ ॥ ৪৪ ॥**

**যদি মামপ্রতীকারমশস্ত্রং শস্ত্রপাণয়ঃ।**
**ধার্ত্তরাষ্ট্রা রণে হন্যুস্তন্মে ক্ষেমতরং ভবেৎ ॥ ৪৫ ॥**

---

উৎসন্নেতি। জাতিধর্ম্মাদীনাং উপলক্ষণমেতৎ। অনুশুশ্রুম শ্রুতবন্তো বয়ং গুরুমুখাৎ। "প্রায়শ্চিত্তমকুর্ব্বাণাঃ পাপেষু নিরতা নরাঃ। "অপশ্চাত্তাপিনঃ কষ্টান্নিরয়ান্ যান্তি দারুণান্" ইত্যাদি বাক্যৈঃ ॥৪৩॥

বন্ধুবধব্যবসায়েনাপি পাপং সম্ভাব্যানুতপন্নাহ,—অহো ইতি। বতেতি সন্দেহে ॥ ৪৪ ॥

নন্থ ত্বয়ি বন্ধুবধাদ্বিনিবৃত্তেঽপি ভীষ্মাদিভির্যুদ্ধোৎসুকৈস্ত্বদ্বধঃ স্যাদেব ততঃ কিম্বিধেয়মিতি চেত্তত্রাহ,—যদি মামিতি। অপ্রতীকারমকৃত-মদ্বধাধ্যবসায়পাপপ্রায়শ্চিত্তম্। ক্ষেমতরমতিহিতং,—প্রাণান্তপ্রায়শ্চিত্তে-নৈবৈতৎ পাপাবমার্জ্জনম্; ভীষ্মাদয়স্তু ন তৎপাপফলং প্রাপ্স্যন্ত্যেবেতি ভাবঃ ॥ ৪৫ ॥

---

হে জনার্দ্দন! শুনিয়াছি, যে-সকল মনুষ্যের কুলধর্ম্ম উৎসন্ন হইয়া যায়, তাহারা নিয়ত নরকে বাস করিয়া থাকে ॥ ৪৩ ॥

হা! কি দুঃখের বিষয়! আমরা রাজ্যসুখ-লোভে স্বজন-বধে সমুদ্যত হইয়া মহাপাপ করিতে কৃতসঙ্কল্প হইয়াছি ॥ ৪৪ ॥

আমি অস্ত্রহীন ও প্রতিকার-পরাঙ্মুখ হইলেও যদি অস্ত্রধারী ধার্ত্তরাষ্ট্রগণ আমাকে রণে নিহত করে, তাহাও আমার পক্ষে শ্রেয়স্কর হইবে ॥ ৪৫ ॥



**সঞ্জয় উবাচ,—**

**এবমুক্ত্বার্জ্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ।**
**বিসৃজ্য সশরং চাপং শোকসংবিগ্নমানসঃ ॥ ৪৬ ॥**

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে সৈন্যদর্শনো নাম প্রথমোঽধ্যায়ঃ।

---

ততঃ কিমভূদিত্যপেক্ষায়াং সঞ্জয় উবাচ,—এবমুক্ত্বেতি। সংখ্যে যুদ্ধে রথোপস্থে রথোপরি উপাবিশৎ উপবিবেশ। পূর্ব্বং যুদ্ধায় প্রতিযোদ্ধৄবিলোকনায় চোত্থিতঃ সন্ ॥ ৪৬ ॥

অহিংস্রস্যাত্মজিজ্ঞাসা দয়ার্দ্রস্যোপজায়তে।
তদ্বিরুদ্ধস্য নৈবেতি প্রথমাদুপধারিতম্ ॥

**ইতি শ্রীভগবদ্গীতোপনিষদ্ভাষ্যে প্রথমোঽধ্যায়ঃ।**

---

এই কথা বলিয়া অর্জ্জুন সশর শরাসন পরিত্যাগপূর্ব্বক শোকাকুলিত চিত্তে রথোপরি উপবেশন করিলেন ॥ ৪৬ ॥

**প্রথম অধ্যায় সমাপ্ত।**

# দ্বিতীয়োঽধ্যায়ঃ

সঞ্জয় উবাচ,—

তং তথা কৃপয়াবিষ্টমশ্রুপূর্ণাকুলেক্ষণম্।
বিষীদন্তমিদং বাক্যমুবাচ মধুসূদনঃ ॥ ১ ॥

শ্রীভগবানুবাচ,—

কুতস্ত্বা কশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্।
অনার্য্যজুষ্টমস্বর্গ্যমকীর্ত্তিকরমর্জ্জুন ॥ ২ ॥

---

দ্বিতীয়ে জীবযাথাত্ম্যজ্ঞানং তৎসাধনং হরিঃ।
নিষ্কামকর্ম্ম চ প্রোচে স্থিতপ্রজ্ঞস্য লক্ষণম্ ॥

এবমর্জ্জুনবৈরাগ্যমুপশ্রুত্য স্বপুত্ররাজ্যাভ্রংশাশয়া হৃষ্যন্তং ধৃতরাষ্ট্রমাশঙ্ক্য সঞ্জয় উবাচ,—তং তথেতি। মধুসূদন ইতি তস্য শোকমপি মধুবন্নিহনিষ্যতীতি ভাবঃ ॥ ১ ॥

তদ্বাক্যমনুবদতি,—শ্রীভগবানিতি। "ঐশ্বর্য্যস্য সমগ্রস্য বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ। জ্ঞানবৈরাগ্যয়োশ্চাপি ষণ্ণাং ভগ ইতীঙ্গনা॥" ইতি পরাশরোক্তৈরৈশ্বর্য্যাদিভিঃ ষড়্ভির্নিত্যং বিশিষ্টঃ; সমগ্রস্যেত্যেতৎ

---

সঞ্জয় বলিলেন,—তখন কৃপা-পরবশ অশ্রুপূর্ণ-নয়ন বিষণ্ণ-বদন অর্জ্জুনকে অবলোকন করিয়া শ্রীমধুসূদন কহিলেন ॥ ১ ॥

ভগবান্ বলিলেন,—অর্জ্জুন! এই বিষম-সময়ে কি-জন্য তোমার ঈদৃশ অনার্য্য-জনোচিত স্বর্গ-প্রতিষেধক অকীর্ত্তিকর মোহ উপস্থিত হইল? ২ ॥



ক্লৈব্যং মাস্ম গমঃ পার্থ নৈতৎ ত্বয্যুপপদ্যতে।
ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ ॥ ৩ ॥

অর্জ্জুন উবাচ,—

কথং ভীষ্মমহং সংখ্যে দ্রোণঞ্চ মধুসূদন।
ইষুভিঃ প্রতিযোৎস্যামি পূজার্হাবরিসূদন ॥ ৪ ॥

---

ষট্সু যোজ্যম্। হে অর্জ্জুন, ইদং স্বধর্ম্মবৈমুখ্যং কশ্মলং শিষ্টনিন্দ্যত্বামলিনং কুতো হেতোস্ত্বাং ক্ষত্রিয়চূড়ামণিং সমুপস্থিতমভূৎ? বিষমে যুদ্ধসময়ে। ন চ মোক্ষায় স্বর্গায় কীর্ত্তয়ে বৈতদ্যুদ্ধবৈরাগ্যমিত্যাহ,—অনার্য্যেতি; আর্য্যৈর্মুমুক্ষুভির্ন জুষ্টং সেবিতং,—আর্য্যাঃ খলু হৃদ্বিশুদ্ধয়ে স্বধর্ম্মানাচরন্তি। অস্বর্গ্যং স্বর্গোপলম্ভকধর্ম্মবিরুদ্ধম্; অকীর্ত্তিকরং কীর্ত্তিবিপ্লাবকম্ ॥ ২ ॥

নন্বু বন্ধুক্ষয়াধ্যবসায়দোষাৎ প্রকম্পিতেন ময়া কিং ভাব্যমিতি চেত্তত্রাহ,—ক্লৈব্যমিতি। হে পার্থ, দেবরাজপ্রসাদাৎ পৃথায়ামুৎপন্ন! ক্লৈব্যং কাতর্য্যং মাস্ম গমঃ প্রাপ্নুহি। ত্বয়ি বিশ্ববিজেতরি মৎসখেঽর্জ্জুনে ক্ষত্রবন্ধাবিবৈতদীদৃশং ক্লৈব্যং নোপযুজ্যতে। নন্বু ন মে শৌর্য্যাভাবরূপং ক্লৈব্যং, কিন্তু ভীষ্মাদিষু পূজ্যেষু ধর্ম্মবুদ্ধ্যা বিবেকোঽয়ং; দুর্য্যোধনাদিষু ভ্রাতৃষু মচ্ছস্ত্রপ্রহারেণ মরিষ্যৎসু কৃপেয়মিতি চেত্তত্রাহ,—ক্ষুদ্রমিতি। নৈতে তব বিবেককৃপে, কিন্তু ক্ষুদ্রং লঘিষ্ঠং হৃদয়দৌর্ব্বল্যমেব; তস্মাত্তত্ত্যক্ত্বা

---

হে কুন্তীপুত্র! তুমি ঈদৃশ ক্লীবধর্ম্ম অবলম্বন করিও না; ইহা তোমার উপযুক্ত নহে। হে পরন্তপ! তুমি এই ক্ষুদ্র হৃদয়দৌর্ব্বল্য পরিত্যাগপূর্ব্বক যুদ্ধার্থ উত্থান কর ॥ ৩ ॥

অর্জ্জুন কহিলেন,—হে অরিনিসূদন মধুসূদন! আমি কি-প্রকারে রণে প্রবৃত্ত হইয়া পূজনীয় ভীষ্ম ও দ্রোণ-গুরুর প্রতি বাণ যোজনা করিব? ৪ ॥

গুরূনহত্বা হি মহানুভাবান্
শ্রেয়ো ভোক্তুং ভৈক্ষ্যমপীহ লোকে।
হত্বার্থকামাংস্তু গুরূনিহৈব
ভুঞ্জীয় ভোগান্ রুধিরপ্রদিগ্ধান্ ॥ ৫ ॥

---

যুদ্ধায়োত্তিষ্ঠ সজ্জীভব। হে পরন্তপ শত্রুতাপনেতি—শত্রুহাসপাত্রতাং মা গাঃ ॥ ৩ ॥

নন্বু ভীষ্মাদিষু প্রতিযোদ্ধৃষু সৎসু ত্বয়া কথং ন যোদ্ধব্যম্,—"আহূতো ন নিবর্ত্তেত" ইতি যুদ্ধবিধানাচ্চ ক্ষত্রিয়স্যেতি চেত্তত্রাহ,—কথমিতি। ভীষ্মং পিতামহং, দ্রোণঞ্চ বিদ্যাগুরুং, ইষুভিঃ কথং যোৎস্যে? যদিমৌ পূজার্হৌ পুষ্পাদিভিরভ্যর্চ্চ্যৌ, পরিহাসবাগ্‌ভিরপি যাভ্যাং যুদ্ধং ন যুক্তং, তাভ্যাং সহেষুভিস্তৎকথং যুজ্যেত?—"প্রতিবধ্নাতি হি শ্রেয়ঃ পূজ্য-পূজাব্যতিক্রমঃ" ইতি স্মৃতেশ্চ। মধুসূদনারিসূদনেতি সম্বোধনপুনরুক্তিঃ—শোকাকুলস্য পূর্ব্বোত্তরানুসন্ধিবিরহাৎ; তদ্ভাবশ্চ,—ত্বমপি শত্রূনেব যুদ্ধে নিহংসি ন তু গুরূন্ সান্দীপন্যাদীন্ পূজ্যানিতি ॥ ৪ ॥

নন্বু স্বরাজ্যে স্পৃহা চেত্তব নাস্তি তর্হি দেহযাত্রা বা কথং সেৎস্যতীতি চেৎ তত্রাহ,—গুরূনিতি। গুরূনহত্বা গুরুবধমকৃত্বা স্থিতস্য মে ভৈক্ষান্নং ক্ষত্রিয়াণাং নিন্দ্যমপি ভোক্তুং শ্রেয়ঃ প্রশস্ততরম্, ঐহিকদুর্যশোহেতুত্বেঽপি পরলোকাবিঘাতিত্বাৎ। নন্বেতে ভীষ্মাদয়ো গুরবোঽপি যুদ্ধগর্ব্বাবলেপাৎ ছদ্মনা যুষ্মদ্রাজ্যাপহারং যুষ্মদ্দ্রোহঞ্চ কুর্ব্বতাং দুর্য্যোধনাদীনাং সংসর্গেণ কার্য্যাকার্য্যবিবেকবিরহাচ্চ সংপ্রতি ত্যাজ্যা এব,—"গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ। উৎপথপ্রতিপন্নস্য পরিত্যাগো বিধীয়তে॥" ইতি

---

মহানুভব গুরুজনকে বধ না করিয়া ইহলোকে ভিক্ষা-দ্বারা জীবন ধারণ করা ভাল; অর্থকামি-গুরুগণকে হত্যা করিলে ইহলোকেই রুধি-রাক্ত ভোগ্য-সকল উপভোগ করিতে হইবে ॥ ৫ ॥



ন চৈতদ্বিদ্মঃ কতরন্নো গরীয়ো
যদ্বা জয়েম যদি বা নো জয়েয়ুঃ।
যানেব হত্বা ন জিজীবিষাম-
স্তেঽবস্থিতাঃ প্রমুখে ধার্ত্তরাষ্ট্রাঃ ॥ ৬ ॥

---

স্মৃতেরিতি চেত্তত্রাহ,—মহানুভাবানিতি। মহান্ সর্ব্বোৎকৃষ্টোঽনুভাবো বেদাধ্যয়নব্রহ্মচর্য্যাদিহেতুকঃ প্রভাবো যেষাং তান্। কালকামাদয়োঽপি যদ্বশ্যাস্তেষাং তদ্দোষসংবন্ধো নেতি ভাবঃ। নন্বু "অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ। ইতি সত্যং মহারাজ বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ॥" ইতি ভীষ্মোক্তেরর্থলোভেন বিক্রীতাত্মনাং তেষাং কুতো মহানুভাবতা? ততো যুদ্ধে হন্তব্যাস্তে ইতি চেত্তত্রাহ,—হত্বার্থকামানিতি। অর্থকামানপি গুরূন্ হত্বাহমিহৈব লোকে ভোগান্ ভুঞ্জীয়, ন তু পরলোকে। তাংশ্চ রুধিরপ্রদিগ্ধান্ তদ্রুধিরমিশ্রানেব, ন তু শুদ্ধান্ ভুঞ্জীয় তদ্ধিংসয়া তল্লাভাৎ। তথা চ যুদ্ধগর্ব্বাবলেপাদিমত্ত্বেঽপি তেষাং মদ্গুরুত্বমস্ত্যেবেতি পুনর্গুরু-গ্রহণেন সূচ্যতে ॥ ৫ ॥

নন্বু ভৈক্ষভোজনং ক্ষত্রিয়স্য বিগর্হিতং, যুদ্ধঞ্চ স্বধর্ম্মং বিজানন্নপি কিমিদং বিভাষসে ইতি চেত্তত্রাহ,—ন চৈতদিতি। এতদ্বয়ং ন বিদ্মঃ,—ভৈক্ষযুদ্ধয়োর্মধ্যে নোঽস্মাকং কতরদ্গরীয়ঃ প্রশস্ততরম্—হিংসা-বিরহাদ্ভৈক্ষং গরীয়ঃ স্বধর্ম্মত্বাদ্যুদ্ধং বেতি, এতচ্চ ন বিদ্মঃ। সমারব্ধে যুদ্ধে বয়ং ধার্ত্তরাষ্ট্রান্ জয়েম তে বা নোঽস্মান্ জয়েয়ুরিতি। নন্বু মহাবিক্রমিণাং ধর্ম্মিষ্ঠানাঞ্চ ভবতামেব বিজয়ো ভাবীতি চেত্তত্রাহ,—যানেবেতি। যান্

---

ভিক্ষা-ভোজন ও যুদ্ধের মধ্যে আমাদের পক্ষে কোন্‌টি অধিকতর প্রশস্ত, তাহা বুঝিয়া উঠিতে পারিতেছি না, কেন না; জয়ই হউক বা পরাজয়ই হউক, যাঁহাদিগকে বধ করিয়া আমরা জীবিত থাকিতেও ইচ্ছা করি না, সেই ধার্ত্তরাষ্ট্রগণই সম্মুখে অবস্থান করিতেছেন ॥ ৬ ॥

কার্পণ্যদোষোপহতস্বভাবঃ
পৃচ্ছামি ত্বাং ধর্ম্মসংমূঢ়চেতাঃ।
যচ্ছ্রেয়ঃ স্যান্নিশ্চিতং ব্রূহি তন্মে
শিষ্যস্তেঽহং শাধি মাং ত্বাং প্রপন্নম্ ॥ ৭ ॥

---

ধার্ত্তরাষ্ট্রান্ ভীষ্মাদীন্ সর্ব্বান্। ন জিজীবিষামো জীবিতুমপি নেচ্ছামঃ কিং পুনর্ভোগান্ ভোক্তুমিত্যর্থঃ। তথা চ বিজয়োঽপ্যস্মাকং ফলতঃ পরাজয় এবেতি ; তস্মাদ্যুদ্ধস্য ভৈক্ষাদ্গরীয়স্ত্বমপ্রসিদ্ধমিতি। এবমেতাবতা গ্রন্থেন "তস্মাদেবংবিচ্ছান্তদান্ত উপরতস্তিতিক্ষুঃ শ্রদ্ধান্বিতো ভূত্বাত্মন্যেবাত্মানং পশ্যেৎ" ইতি শ্রুতিপ্রসিদ্ধমর্জ্জুনস্য জ্ঞানাধিকারিত্বং দর্শিতম্। তত্র কিন্নো রাজ্যেনেতি 'শমদমৌ' ; অপি ত্রৈলোক্য-রাজ্যস্যেত্যৈহিকপারত্রিকভোগোপেক্ষালক্ষণা 'উপরতিঃ' ; ভৈক্ষং ভোক্তুং শ্রেয় ইতি দ্বন্দ্বসহিষ্ণুত্বলক্ষণা 'তিতিক্ষা', গুরুবাক্যদৃঢ়বিশ্বাসলক্ষণা 'শ্রদ্ধা' তূত্তরবাক্যে ব্যক্তীভবিষ্যতি, ন খলু শমাদিশূন্যস্য জ্ঞানেঽস্ত্যধিকারঃ পঙ্গাদেরিব কর্ম্মণীতি ॥ ৬ ॥

অথ "তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্", "আচার্য্যবান্ পুরুষো বেদ" ইত্যাদি-শ্রুতিসিদ্ধাং গুরূপসত্তিং দর্শয়তি,—কার্পণ্যেতি। "যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বাস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণঃ" ইতি শ্রবণাদব্রহ্মবিত্ত্বং কার্পণ্যম্। তেন হেতুনা যো দোষো যানেব হত্বেতি বন্ধুবর্গমমতালক্ষণস্তেনোপহতস্বভাবো যুদ্ধস্পৃহা-

---

এইক্ষণে আমি ধর্ম্মবিমূঢ়চিত্ত এবং স্বাভাবিক বীরভাব পরিত্যাগরূপ-কার্পণ্য-দোষে অভিভূত হইয়া আপনাকে জিজ্ঞাসা করিতেছি,—আমার পক্ষে যাহা শ্রেয়স্কর, তাহাই আপনি নিশ্চয় করিয়া উপদেশ দি'ন। আমি আপনার শিষ্য, আপনারই শরণাপন্ন হইলাম ; এক্ষণে আপনি আমাকে শিক্ষা প্রদান করুন ॥ ৭ ॥



ন হি প্রপশ্যামি মমাপনুদ্যাদ্-
যচ্ছোকমুচ্ছোষণমিন্দ্রিয়াণাম্।
অবাপ্য ভূমাবসপত্নমৃদ্ধং
রাজ্যং সুরাণামপি চাধিপত্যম্ ॥ ৮ ॥

---

লক্ষণঃ স্বধর্ম্মো যস্য সঃ। ধর্ম্মে সংমূঢ়ং ক্ষত্রিয়স্য মে যুদ্ধং স্বধর্ম্মস্তদ্বিহায় ভিক্ষাটনং বেত্যেবং সন্দিহানং চেতো যস্য সঃ। ঈদৃশঃ সন্নহং ত্বামিদানীং পৃচ্ছামি,—তস্মান্নিশ্চিতং 'ঐকান্তিকং' 'আত্যন্তিকং' যন্মে শ্রেয়ঃ স্যাত্তৎ ত্বং ব্রূহি ; সাধনোত্তরমবশ্যংভাবিত্বং 'ঐকান্তিকত্বং', ভূতস্যাবিনাশিত্বং 'আত্যন্তিকত্বম্'। নন্থ শরণাগতস্যোপদেশঃ "তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবা-ভিগচ্ছেৎ" ইত্যাদি-শ্রুতেঃ, সখায়ং ত্বাং কথমুপদিশামি ইতি চেত্তত্রাহ,—শিষ্যস্তেঽহমিতি। শাধি শিক্ষয় ॥ ৭ ॥

নন্থ ত্বং শাস্ত্রজ্ঞোঽসি স্বহিতং বিচার্য্যানুতিষ্ঠ, সখ্যুর্মে শিষ্যঃ কথং ভবেরিতি চেত্তত্রাহ,—ন হীতি। যৎ কর্ম্ম মম শোকমপনুদ্যাদ্দূরীকুর্য্যাত্ত-দহং ন প্রপশ্যামি ; শোকং বিশিনষ্টি,—ইন্দ্রিয়াণামুচ্ছোষণমিতি। তস্মা-চ্ছোকবিনাশায় ত্বাং প্রপন্নোঽস্মীতি। ইত্থঞ্চ "সোঽহং ভগবঃ শোচামি তং মাং ভবান্ শোকস্য পারং তারয়তু" ইতি শ্রুত্যর্থো দর্শিতঃ। নন্থ ত্বমধুনা শোকাকুলঃ প্রপদ্যসে যুদ্ধাৎ সুখসমৃদ্ধিলাভে বিশোকো ভবিষ্যসীতি চেত্তত্রাহ,—অবাপ্যেতি। যদি যুদ্ধে বিজয়ী স্যাং তদা ভূমাবসপত্নং নিষ্কণ্টকং রাজ্যং প্রাপ্য যদি চ তত্র হতঃ স্যাং তদা স্বর্গে সুরাণাম-প্যাধিপত্যং প্রাপ্য স্থিতস্য মে বিশোকত্বং ন ভবেদিত্যর্থঃ। "তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে"

---

পৃথিবীর নিষ্কণ্টক সমৃদ্ধ রাজ্য ও দেবাধিপত্য প্রাপ্ত হইলেও এই যে শোক আমার ইন্দ্রিয়গণকে পরিশোষণ করিবে, তাহা অপনোদনের আমি কোন উপায় দেখিতে পাই না ॥ ৮ ॥

সঞ্জয় উবাচ,—

এবমুক্ত্বা হৃষীকেশং গুড়াকেশঃ পরন্তপঃ।
ন যোৎস্য ইতি গোবিন্দমুক্ত্বা তুষ্ণীংবভূব হ ॥ ৯ ॥
তমুবাচ হৃষীকেশঃ প্রহসন্নিব ভারত।
সেনয়োরুভয়োর্মধ্যে বিষীদন্তমিদং বচঃ ॥ ১০ ॥

---

ইতি শ্রুতেনৈহিকং পারত্রিকং বা যুদ্ধলব্ধং সুখং শোকাপহং তস্মাত্তাদৃশমেব শ্রেয়স্ত্বং ব্রূহীতি ন যুদ্ধং শোকহরম্ ॥ ৮ ॥

ততোঽর্জ্জুনঃ কিমকরোদিত্যপেক্ষায়াং সঞ্জয় উবাচ,—এবমুক্ত্বেতি। গুড়াকেশো হৃষীকেশং প্রতি এবং ন হি প্রপশ্যামীত্যাদিনা যুদ্ধস্য শোকানিবর্ত্তকত্বমুক্ত্বা পরন্তপোঽপি গোবিন্দং সর্ব্ববেদজ্ঞং প্রতি 'ন যোৎস্যে' ইতি চোক্ত্বেতি যোজ্যম্। তত্র হৃষীকেশত্বাদ্বুদ্ধিং যুদ্ধে প্রবর্ত্তয়িষ্যতি, সর্ব্ববেদবিত্ত্বাদ্যুদ্ধে স্বধর্ম্মত্বং গ্রাহয়িষ্যতীতি ব্যঞ্জ্য ধৃতরাষ্ট্রহৃদি সংজাতা স্বপুত্ররাজ্যাশা নিরস্যতে ॥ ৯ ॥

ব্যঙ্গমর্থং প্রকাশয়ন্নাহ,—তমুবাচেতি। তং বিষীদন্তমর্জ্জুনং প্রতি হৃষীকেশো ভগবান্ "অশোচ্যান্" ইত্যাদিকমতিগম্ভীরার্থং বচনমুবাচ,—'অহো তবাপীদৃগ্ বিবেকঃ' ইতি সখ্যভাবেন প্রহসন্। অনৌচিত্যভাষিত্বেন ত্রপাসিন্ধৌ নিমজ্জয়ন্নিত্যর্থঃ। ইবেতি তদৈব শিষ্যতাং প্রাপ্তে তস্মিন্ হাসানৌচিত্যাদীষদধরোল্লাসং কুর্ব্বন্নিত্যর্থঃ। অর্জ্জুনস্য বিষাদো ভগবতা তস্যোপদেশশ্চ সর্ব্বসাক্ষিক ইতি বোধয়িতুং সেনয়োরুভয়োরিত্যেতৎ ॥ ১০ ॥

---

সঞ্জয় কহিলেন,—অনন্তর শত্রুতাপন গুড়াকেশ অর্জ্জুন "গোবিন্দ! আমি যুদ্ধ করিব না" হৃষীকেশকে এই কথা বলিয়া তূষ্ণীম্ভাব অবলম্বন করিলেন ॥ ৯ ॥

হে ভারত! (ধৃতরাষ্ট্র!) তখন উভয়পক্ষীয় সেনাগণের মধ্যে অবস্থিত বিষাদগ্রস্ত পার্থকে হৃষীকেশ সহাস্যে এই কথা বলিলেন ॥ ১০ ॥



শ্রীভগবানুবাচ,—

অশোচ্যানন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে।
গতাসূনগতাসূংশ্চ নানুশোচন্তি পণ্ডিতাঃ ॥ ১১ ॥
ন ত্বেবাহং জাতু নাসং ন ত্বং নেমে জনাধিপাঃ।
ন চৈব ন ভবিষ্যামঃ সর্ব্বে বয়মতঃ পরম্ ॥ ১২ ॥

---

এবং অর্জ্জুনে তূষ্ণীংস্থিতে তদ্বুদ্ধিমাক্ষিপন্ ভগবানাহ,—অশোচ্যানিতি। হে অর্জ্জুন! অশোচ্যান্ শোচিতুমযোগ্যানেব ধার্ত্তরাষ্ট্রাংস্ত্বং অন্বশোচঃ শোচিতবানসি। তথা মাং প্রতি প্রজ্ঞাবাদান্ প্রজ্ঞাবতামিব বচনানি "দৃষ্ট্বেমং স্বজনম্" ইত্যাদীনি, "কথং ভীষ্মম্" ইত্যাদীনি চ ভাষসে, ন চ তে প্রজ্ঞালেশোঽপ্যস্তীতি ভাবঃ। যে তু প্রজ্ঞাবন্তস্তে গতাসূন্ নির্গতপ্রাণান্ স্থূলদেহান্, অগতাসূংশ্চানির্গতপ্রাণান্ সূক্ষ্মদেহান্, চ-শব্দাদাত্মনশ্চ ন শোচন্তি। অয়মর্থঃ—শোকঃ স্থূলদেহবিনাশনিমিত্তঃ সূক্ষ্মদেহবিনাশনিমিত্তো বা? নাদ্যঃ,—স্থূলদেহানাং বিনাশিত্বাৎ, নান্ত্যঃ,—

---

শোকাদি-জনিত ক্ষণিক বৈরাগ্যে সন্ন্যাসাধিকার জন্মে না, ইহা দেখাইবার জন্য ভগবান্ বলিলেন,—অর্জ্জুন! তুমি জ্ঞানবানদের ন্যায় বাক্য বলিয়াও অশোচ্যবিষয়ে শোক করিতেছ; পণ্ডিতগণ কি মৃত কি জীবিত কাহারও নিমিত্ত শোক করেন না ॥ ১১ ॥

আত্মা ও অনাত্মার জ্ঞান বুঝাইবার জন্য আদৌ আত্মজাতীয় পরমাত্মতত্ত্বের ও জীবাত্মতত্ত্বের একধর্ম্মত্ব উদ্দেশপূর্ব্বক বলিলেন,—আত্মা অবিনাশী, অতএব শোকের কোন কারণ নাই। আত্মা দ্বিবিধ—পরমাত্মা ও জীবাত্মা। আমি—পরমাত্মা; তুমি ও এই সকল নৃপতিবর্গ, সকলেই জীবাত্মা। আমি, তুমি ও এই সকল রাজগণ পূর্ব্বে ছিল না, এমন নয়; পরে থাকিবে না, তাহাও নয়; অর্থাৎ আমরা সকলেই এখন আছি, পূর্ব্বেও ছিলাম এবং পরেও থাকিব ॥ ১২ ॥

**দেহিনোঽস্মিন্ যথা দেহে কৌমারং যৌবনং জরা।**
**তথা দেহান্তরপ্রাপ্তির্ধীরস্তত্র ন মুহ্যতি ॥ ১৩ ॥**

---

স্থূলদেহানাং মুক্তেঃ প্রাগবিনাশিত্বাৎ। তদ্বতাং আত্মনাং তু ষড়্‌ভাব-বিকারবর্জ্জিতানাং নিত্যত্বান্ন শোচ্যতেতি; দেহাত্মস্বভাববিদাং ন কোঽপি শোকহেতুঃ। যদর্থশাস্ত্রাদ্ধর্ম্মশাস্ত্রস্য বলবত্ত্বমুচ্যতে, তৎ কিল ততোঽপি বলবতা জ্ঞানশাস্ত্রেণ প্রত্যুচ্যতে। তস্মাদশোচ্যে শোচ্যভ্রমঃ পামরসাধারণঃ পণ্ডিতস্য তে ন যোগ্য ইতি ভাবঃ ॥ ১১ ॥

এবমস্থানশোচিত্বাদপাণ্ডিত্যমর্জ্জুনস্যাপাদ্য তত্ত্বজিজ্ঞাসুং নিযোজিতাঞ্জলিং তং প্রতি সর্ব্বেশ্বরো ভগবান্ "নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহূনাং যো বিদধাতি কামান্" ইতি শ্রুতিসিদ্ধং স্বস্মাজ্জীবানাঞ্চ পারমার্থিকং ভেদমাহ,—ন ত্বেবাহমিতি। হে অর্জ্জুন! অহং সর্ব্বেশ্বরো ভগবান্ ইতঃ পূর্ব্বস্মিন্নাদৌ কালে জাতু কদাচিন্নাসমিতি ন; অপিত্বাসমেব। তথা ত্বমর্জ্জুনো নাসীরিতি ন; কিন্ত্বাসীরেব। ইমে জনাধিপা রাজানো নাসন্নিতি ন; কিন্ত্বাসন্নেব। তথেতঃ পরস্মিন্নন্তে কালে সর্ব্বে বয়ং অহঞ্চ ত্বঞ্চ ইমে চ ন ভবিষ্যাম ইতি ন; কিন্তু ভবিষ্যাম এবেতি। সর্ব্বেশ্বরবজ্জীবানাঞ্চ ত্রৈকালিকসত্তাযোগিত্বাত্তদ্বিষয়কো ন শোকো যুক্ত ইত্যর্থঃ। ন চাবিদ্যাকৃতত্বাদ্ব্যবহারিকোঽয়ং ভেদঃ, সর্ব্বজ্ঞে ভগবত্যবিদ্যাযোগাৎ, "ইদং জ্ঞানমুপাশ্রিত্য" ইত্যাদিনা মোক্ষেঽপি তস্যাভিধাস্যমানত্বাচ্চ। ন চাভেদজ্ঞস্যাপি হরের্বাধিতানুবৃত্তিন্যায়েনেয়মর্জ্জুনাদিভেদ-

---

এখন কেবল জড়বদ্ধ জীবাত্মাকে লক্ষ্য করিয়া বলিতেছেন,—যেমন দেহ ধারণ করিয়া এই দেহেই ক্রমান্বয়ে কৌমার, যৌবন ও জরা প্রাপ্ত হইতে হয়, অথচ দেহীর অস্তিত্ব থাকে, তেমনই দেহান্তর হইলেও তাহার অস্তিত্বের লোপ হয় না; সুতরাং বদ্ধজীবের দেহনাশে ধীর ব্যক্তিরা শোক করেন না ॥ ১৩ ॥



**মাত্রাস্পর্শাস্তু কৌন্তেয় শীতোষ্ণসুখদুঃখদাঃ।**
**আগমাপায়িনোঽনিত্যাস্তাংস্তিতিক্ষস্ব ভারত ॥১৪॥**

---

দৃষ্টিরিতি বাচ্যং,—তথা সত্যুপদেশাসিদ্ধেঃ। মরুমরীচিকাদাবুদকবুদ্ধির্বাধিতাপ্যনুবর্ত্তমানা মিথ্যার্থবিষয়ত্বনিশ্চয়ান্নোদকাহরণাদৌ প্রবর্ত্তয়েদেবমভেদবোধবাধিতাপ্যনুবর্ত্তমানার্জ্জুনাদিভেদদৃষ্টিস্তত্ত্বনিশ্চয়ান্নোপদেশাদৌ প্রবর্ত্তয়িষ্যতীতি যৎকিঞ্চিদেতৎ। ননু ফলবত্যজ্ঞাতেঽর্থে শাস্ত্রতাৎপর্য্যবীক্ষণাৎ তাদৃশোঽভেদস্তাৎপর্য্যবিষয়ো বৈফল্যাজ্‌জ্ঞাতত্বাচ্চ ভেদস্তদ্বিষয়ো ন স্যাৎ, কিন্তু "অন্ত্যো বা এষ প্রাতরুদেত্যপঃ সায়ং প্রবিশতি" ইত্যাদি শ্রুত্যর্থবদনুবাদ্য এব স ইতি চেন্মন্দমেতৎ;—"পৃথগাত্মানং প্রেরিতারঞ্চ মত্বা "জুষ্টংস্ততস্তেনামৃতত্বমেতি" ইত্যাদিনা ভেদ এবামৃতত্ব-ফলশ্রবণাৎ, বিরুদ্ধধর্ম্মাবচ্ছিন্নপ্রতিযোগিকতয়া লোকে তস্যাজ্ঞাতত্বাচ্চ। তে চ ধর্ম্মা বিভুত্বাণুত্ব-স্বামিত্বভৃত্যত্বাদয়ঃ শাস্ত্রৈকগম্যা মিথো বিরুদ্ধা বোধ্যাঃ। অভেদস্তুফলস্তত্র ফলানঙ্গীকারাৎ; অজ্ঞাতশ্চ শশশৃঙ্গবদসত্ত্বাৎ। তস্মাৎ পারমার্থিকস্তদ্ভেদঃ সিদ্ধঃ ॥ ১২ ॥

ননু ভীষ্মাদিদেহাবচ্ছিন্নানামাত্মনাং নিত্যত্বেঽপি তদ্দেহানাং তদ্ভোগায়তনানাং নাশে যুক্তঃ শোক ইতি চেত্তত্রাহ,—দেহিনোঽস্মিন্নিতি। ত্রৈকালিকা বহবো দেহা যস্য সন্তি, তস্য দেহিনো জীবস্যাস্মিন্ বর্ত্তমানে দেহে ক্রমাৎ কৌমারযৌবনজরাস্তিস্রোঽবস্থা ভবন্তি। তাসামাত্মসম্বন্ধিনাং তদ্ভোগোপযুক্তানাং পূর্ব্বপূর্ব্ববিনাশেন পরপরপ্রাপ্তৌ যথা ন শোকস্তথৈব তদ্দেহবিনাশে সতি দেহান্তরপ্রাপ্তির্ভবিষ্যতীতি। তথা চ ভীষ্মাদীনাং

---

মাত্রা অর্থাৎ ইন্দ্রিয়বৃত্তি, তদ্দ্বারা বিষয়ানুভবই স্পর্শ; সেই মাত্রাস্পর্শই শীত-গ্রীষ্ম; সুখদুঃখদায়ক শীত ও উষ্ণ ইত্যাদি। উহারা আইসে যায় মাত্র, অতএব অনিত্য। হে কুন্তীপুত্র! এই সকল সহ্য করা শাস্ত্র-বিহিত ধর্ম্ম ॥ ১৪ ॥

**যং হি ন ব্যথয়ন্ত্যেতে পুরুষং পুরুষর্ষভ ।**
**সমদুঃখসুখং ধীরং সোঽমৃতত্বায় কল্পতে ॥১৫॥**

জরিতদেহনাশে নব্যদেহপ্রাপ্তির্যযাতিযৌবনপ্রাপ্তিন্যায়েন হর্ষহেতুরেবেতি, ন তদ্দেহবিনাশহেতুকঃ শোকস্তবোচিত ইতি ভাবঃ। ধীরো ধীমান্ দেহস্বভাবজীবকর্ম্মবিপাকস্বরূপজ্ঞঃ অত্র 'দেহিনঃ' ইত্যেকবচনং জাত্যভিপ্রায়েণ বোধ্যং, পূর্ব্বত্রাত্মবহুত্বোক্তেঃ। অত্রাহুঃ—'এক এব বিশুদ্ধাত্মা; তস্যাবিদ্যয়াপরিচ্ছিন্নস্য তস্যাং প্রতিবিম্বিতস্য বা নানাত্মত্বম্।' শ্রুতিশ্চৈবমাহ,—"আকাশমেকং হি যথা ঘটাদিষু পৃথগ্ভবেৎ, তথাত্মৈকো হ্যনেকস্থো জলাধারেষ্বিবাংশুমানিতি।" তদ্বিজ্ঞানেন তস্য বিনাশে তু তন্নানাত্বনিবৃত্ত্যা তদৈক্যং সিধ্যতীত্যেকবচনেনৈতৎ পার্থসারথিরাহেতি। তন্মন্দং,—জড়য়া তয়া চৈতন্যরাশেশ্ছেদাসম্ভবাৎ, তৈরপি তদ্বিষয়ত্বানঙ্গীকারাচ্চ। বাস্তবে চ্ছেদে বিকারিত্বাদ্যাপত্তিঃ টঙ্কছিন্নপাষাণবৎ স্যাৎ,—নীরূপস্য বিভোঃ প্রতিবিম্বাসম্ভবাচ্চ; অন্যথাকাশদিগাদীনাং তদাপত্তিঃ। ন চ প্রতীত্যন্যথানুপপত্তিরেবাকাশস্য প্রতিবিম্বে মানং তদ্বর্ত্তিগ্রহনক্ষত্রপ্রভামণ্ডলং তস্যৈবাম্ভসি ভাসমানত্বেন প্রতীতেঃ। "আকাশমেকং হি" ইতি শ্রুতিস্তু পরমাত্মবিষয়া তস্যাকাশবৎ সূর্য্যবচ্চ বহুবৃত্তিকত্বং বদতীত্যবিরুদ্ধম্। ন চাত্মৈক্যস্যোপদেষ্টা সংভবতি। স হি তত্ত্ববিন্ন বা? আদ্যেঽদ্বিতীয়মাত্মানং বিজানতস্তস্যোপদেশ্যাপরিস্ফূর্ত্তিঃ; অন্ত্যে ত্বজ্ঞত্বাদেব নাত্মজ্ঞানোপদেষ্টৃত্বম্। বাধিতানুবৃত্ত্যাশ্রয়ণং তু পূর্ব্বনিরস্তম্ ॥ ১৩ ॥

নন্বু ভীষ্মাদয়ো মৃতাঃ কথং ভবিষ্যন্তীতি তদ্দুঃখনিমিত্তঃ শোকো মা ভূৎ; তদ্বিচ্ছেদদুঃখনিমিত্তস্তু মে মনঃপ্রভৃতীনি প্রদহন্তীতি চেত্তত্রাহ,—

হে পুরুষশ্রেষ্ঠ! যে পুরুষ শীতোষ্ণাদি-দ্বারা ব্যথিত হন না, সুখ ও দুঃখকে সমান জ্ঞান করেন, সেই ধীর ব্যক্তিই অমৃতত্বে অর্থাৎ আত্মযাথাত্ম্যসিদ্ধি-রূপ মোক্ষে নীত হইবার যোগ্য ॥ ১৫ ॥



**নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ ।**
**উভয়োরপি দৃষ্টোঽন্তস্ত্বনয়োস্তত্ত্বদর্শিভিঃ ॥ ১৬ ॥**

মাত্রেতি। মাত্রাস্ত্বগাদীন্দ্রিয়বৃত্তয়ঃ,—মীয়ন্তে পরিচ্ছিদ্যন্তে বিষয়া আভিরিতি ব্যুৎপত্তেঃ। স্পর্শাস্তাভির্বিষয়াণামনুভাবাস্তে খলু শীতোষ্ণসুখদুঃখদা ভবন্তি। যদেব শীতলমুদকং গ্রীষ্মে সুখদং, তদেব হেমন্তে দুঃখদমিত্যতোঽনিয়তত্বাদাগমাপায়িত্বাচ্চানিত্যানস্থিরাংস্তান্ তিতিক্ষস্ব সহস্ব। এতদুক্তং ভবতি,—মাঘস্নানং দুঃখকরমপি ধর্ম্মতয়া বিধানাদ্যথা ক্রিয়তে, তথা ভীষ্মাদিভিঃ সহ যুদ্ধং দুঃখকরমপি তথা বিধানাৎ কার্য্যমেব। তত্রত্যো দুঃখানুভবস্ত্বাগন্তুকো ধর্ম্মসিদ্ধত্বাৎ সোঢ়ব্যঃ; ধর্ম্মাজ্‌জ্ঞানোদয়েন মোক্ষলাভে তূত্তরত্র তস্য নানুবৃত্তিশ্চ জ্ঞাননিষ্ঠাপরিপাকং বিনৈব ধর্ম্মত্যাগস্ত্বনর্থহেতুরিতি। কৌন্তেয়, ভারতেতি পদাভ্যামুভয়কুলশুদ্ধস্য তে ধর্ম্মভ্রংশো নোচিত ইতি সূচ্যতে ॥ ১৪ ॥

ধর্ম্মার্থদুঃখসহনাভ্যাসস্যোত্তরত্র সুখহেতুত্বং দর্শয়ন্নাহ,—যং হীতি। এতে মাত্রাস্পর্শাঃ প্রিয়াপ্রিয়বিষয়ানুভাবা যং ধীরং 'ধিয়মীরয়তি ধর্ম্মেষু' ইতি ব্যুৎপত্তের্ধর্ম্মনিষ্ঠং পুরুষং ন ব্যথয়ন্তি সুখদুঃখমূর্চ্ছিতং ন কুর্ব্বন্তি সোঽমৃতত্বায় মুক্তয়ে কল্পতে; ন তু তাদৃশো দুঃখসুখমূর্চ্ছিত ইত্যর্থঃ। উক্তমর্থং স্ফুটয়ন্ পুরুষং বিশিনষ্টি,—সমেতি। ধর্ম্মানুষ্ঠানস্য কষ্টসাধ্যত্বাদ্দুঃখমনুষঙ্গলব্ধং সুখঞ্চ যস্য সমং ভবতি, তাভ্যাং মুখম্লানিতোল্লাসরহিতমিত্যর্থ ॥ ১৫ ॥

তদেবং ভগবতা পার্থস্যাস্থানশোচিতত্বেন তৎপাণ্ডিত্যমাক্ষিপ্তম্। শোকহরঞ্চ স্বোপাসনমেব তচ্চোপাস্যোপাসকভেদঘটিতমিত্যুপাস্যাজ্জীবাং-

জড়দেহ অসৎ, সুতরাং পরিণামী, অতএব অনিত্য; যিনি জীবাত্মা, তিনি—সৎ অর্থাৎ অপরিণামী, অতএব নিত্য; সৎস্বরূপ জীবের নাশ হইতে পারে না। অতএব তত্ত্বদর্শিগণ সৎ ও অসৎকে এইরূপ পৃথক্ করিয়া ইহাদের তত্ত্ব বিচার করিয়াছেন ॥১৬॥

**অবিনাশি তু তদ্বিদ্ধি যেন সর্ব্বমিদং ততম্।**
**বিনাশমব্যয়স্যাস্য ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি ॥ ১৭ ॥**

---

শিনঃ স্বস্মাদুপাসকানাং জীবাংশানাং তাত্ত্বিকং দ্বৈতমুপদিষ্টম্। "অথ যদাত্মতত্ত্বেন তু ব্রহ্মতত্ত্বং দীপোপমেনেহ যুক্তঃ প্রপশ্যেৎ" ইত্যাদাবংশস্বরূপজ্ঞানস্যাংশিস্বরূপজ্ঞানোপযোগিত্বশ্রবণাত্তদাদৌ সনিষ্ঠাদীন্ সর্ব্বান্ প্রত্যবিশেষেণোপদেশ্যং, তচ্চ দেহাত্মনোর্বৈধর্ম্ম্যধিয়মন্তরা ন স্যাদিতি তদ্বৈধর্ম্ম্যবোধায়ারভ্যতে,—নাসত ইত্যাদিভিঃ। অসতঃ পরিণামিনো দেহাদের্ভাবোঽপরিণামিত্বং ন বিদ্যতে। সতোঽপরিণামিন আত্মনস্তু ভাবঃ পরিণামিত্বং ন বিদ্যতে। দেহাত্মানৌ পরিণামাপরিণামস্বভাবৌ ভবতঃ। এবমুভয়োরসৎসচ্ছব্দিতয়োর্দেহাত্মনোরন্তো নির্ণয়স্তত্ত্বদর্শিভিস্তদুভয়স্বভাববেদিভিঃ পুরুষৈর্দৃষ্টোঽনুভূতঃ। অত্রাসচ্ছব্দেন বিনশ্বরং দেহাদি জড়ং, সচ্ছব্দেন ত্ববিনশ্বরমাত্মচৈতন্যমুচ্যতে। এবমেব শ্রীবিষ্ণুপুরাণেঽপি নির্ণীতং দৃষ্টম্—"জ্যোতীংষি বিষ্ণুর্ভবনানি বিষ্ণুঃ" ইত্যুপক্রম্য "যদস্তি যন্নাস্তি চ বিপ্রবর্য্যেত্যস্তিনাস্তিশব্দবাচ্যয়োশ্চেতনজড়য়োস্তথাত্বং বস্ত্বস্তি কিং কুত্রচিৎ" ইত্যাদিভির্নিরূপিতঃ। তত্র নাস্তিশব্দবাচ্যং জড়ম্; অস্তিশব্দবাচ্যন্তু চৈতন্যমিতি স্বয়মেব বিবৃতম্। যত্তু সৎকার্য্যবাদস্থাপনায়ৈতৎপদ্যমিত্যাহুস্তন্নিরবধানং,—দেহাত্মস্বভাবানভিজ্ঞানমোহিতং প্রতি তন্মোহবিনিবৃত্তয়ে তৎস্বভাবাভিজ্ঞাপনস্য প্রকৃতত্বাৎ ॥১৬॥

উক্তং জীবাত্মতদ্দেহয়োঃ স্বভাবং বিশদয়তি,—অবিনাশীতি দ্বাভ্যাম্। তজ্জীবাত্মতত্ত্বমবিনাশি নিত্যং বিদ্ধি। যেন সর্ব্বমিদং শরীরং ততং

---

যিনি অবিনাশী জীব, তিনি আত্মা-রূপে মনুষ্যের সকল-শরীর ব্যাপিয়া আছেন, এবং অতিসূক্ষ্ম পরমাণু হইলেও সম্পূর্ণ দেহপুষ্টিকারক মহৌষধের ন্যায় তাঁহার সর্ব্ব-শরীর ব্যাপকতা-শক্তি আছে; তিনি অব্যয় অর্থাৎ নিত্য, তাঁহাকে কেহ বিনাশ করিতে পারে না ॥ ১৭ ॥



**অন্তবন্ত ইমে দেহা নিত্যস্যোক্তাঃ শরীরিণঃ।**
**অনাশিনোঽপ্রমেয়স্য তস্মাদ্‌যুধ্যস্ব ভারত ॥ ১৮ ॥**

**য এনং বেত্তি হন্তারং যশ্চৈনং মন্যতে হতম্।**
**উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে ॥১৯॥**

---

ধর্ম্মভূতেন জ্ঞানেন ব্যাপ্তমস্তি; অস্যাব্যয়স্য পরমাণুত্বেন চ বিনাশানর্হস্য বিনাশং ন কশ্চিৎ স্থূলোঽর্থঃ কর্ত্তুমর্হতি প্রাণস্যেব দেহঃ; ইহ জীবাত্মনো দেহপরিমিতত্বং ন প্রত্যেতব্যম্,—"এষোঽণুরাত্মা চেতসা বেদিতব্যো যস্মিন্ প্রাণঃ পঞ্চধা সংবিবেশ" ইত্যাদিষু তস্য পরমাণুত্বশ্রবণাৎ। তাদৃশস্য নিখিলদেহব্যাপ্তিস্তু ধর্ম্মভূতজ্ঞানেনৈব স্যাৎ। এবমাহ ভগবান্ সূত্রকারঃ,—"গুণাদ্বালোকবৎ" ইতি। ইহাপি স্বয়ং বক্ষ্যতি,—"যথা প্রকাশয়ত্যেকঃ" ইত্যাদিনা ॥১৭॥

অন্তবন্তঃ বিনাশিস্বভাবাঃ; শরীরিণো জীবাত্মনঃ; অপ্রমেয়স্যাতিসূক্ষ্মত্বাদ্বিজ্ঞানবিজ্ঞাতৃস্বরূপত্বাচ্চ প্রমাতুমশক্যস্যেত্যর্থঃ। তথা চেদৃশস্বভাবত্বাজ্জীবতদ্দেহৌ ন শোকস্থানমিতি জীবাত্মনো দেহো ধর্ম্মানুষ্ঠানদ্বারা তস্য ভোগায় মোক্ষায় চ পরেশেন সৃজ্যতে। স চ স চ ধর্ম্মেণ ভবেত্তস্মাদ্‌যুধ্যস্ব ভারত ॥ ১৮ ॥

---

অপ্রমেয়, অবিনাশী, নিত্য ও শরীরী যে জীব, তাঁহার দেহসকল অন্তবিশিষ্ট; অতএব দেহবিষয়ে শোক না করিয়া মোক্ষের হেতুরূপ ধর্ম্ম আচরণ করত যুদ্ধ কর ॥ ১৮ ॥

যিনি জানেন যে, এক জীব অন্য জীবাত্মাকে হনন করেন এবং যিনি জানেন যে, এক জীব অন্য জীবাত্মা-কর্ত্তৃক হত হন, তিনি কিছুই জানেন না; জীবাত্মা কাহাকেও হনন করেন না এবং কাহারও কর্ত্তৃক হত হন না। বরঞ্চ অর্জ্জুন! তুমি আত্মা, তুমি হননকর্ত্তা নও এবং হতও হইতে পার না ॥ ১৯ ॥

ন জায়তে ম্রিয়তে বা কদাচি-
ন্নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ।
অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে ॥ ২০ ॥

---

উক্তমবিনাশিত্বং দ্রঢ়য়তি,—এনমুক্তস্বভাবমাত্মানং জীবং যো হন্তারং খড়্গাদিনা হিংসকং বেত্তি, যশ্চৈনং তেন হতং হিংসিতং মন্যতে, তাবুভৌ তৎস্বরূপং ন বিজানীতঃ। অতিসূক্ষ্মস্য চৈতন্যস্য তস্য ছেদাদ্যসংভবান্নায়-মাত্মা হন্তি ন হন্যতে,—হন্তেঃ কর্ত্তা কর্ম্ম চ ন ভবতীত্যর্থঃ। হন্তের্দেহ-বিয়োগার্থত্বান্ন তেনাত্মনাং নাশো মন্তব্যঃ। শ্রুতিশ্চৈবমাহ,—"হন্তা চেন্মন্যতে হন্তুং হতশ্চেন্মন্যতে হতম্" ইত্যাদিনা। এতেন "মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইত্যাদিবাক্যং দেহবিয়োগপরং ব্যাখ্যাতম্। ন চাত্রাত্মনঃ কর্ত্তৃত্বং প্রসিদ্ধমিতি বাচ্যং,—দেহবিয়োজনে তত্তস্য সত্ত্বাৎ ॥ ১৯ ॥

অথ "জায়তে অস্তি বর্দ্ধতে বিপরিণমতে অপক্ষীয়তে বিনশ্যতি" ইতি যাস্কাদ্যুক্তষড়্ভাববিকার-রাহিত্যেন প্রাগুক্তনিত্যত্বং দ্রঢ়য়তি,—ন জায়তে ইতি। চার্থে বা-শব্দৌ। অয়মাত্মা জীবঃ কদাচিদপি কালে ন জায়তে, ন ম্রিয়তে চেতি জন্মবিনাশয়োঃ প্রতিষেধঃ; ন, চায়মাত্মা ভূত্বোৎপদ্য ভবিতা ভবিষ্যতীতি জন্মান্তরস্যাস্তিত্বস্য প্রতিষেধঃ; ন ভূয় ইতি—অয়মাত্মা ভূয়োঽধিকং যথা স্যাত্তথা ন ভবতীতি বৃদ্ধেঃ প্রতিষেধঃ। কুতো ভূয়ো ন ভবতীত্যত্র হেতুঃ,—অজো নিত্য ইতি। উৎপত্তিবিনাশ-যোগী খলু বৃক্ষাদিরুৎপদ্য বৃদ্ধিং গচ্ছন্নষ্টঃ,—আত্মনস্তু তদুভয়াভাবাৎ ন

---

ষড়্বিকাররহিত জীবাত্মা—অজ অর্থাৎ জন্মরহিত, নিত্য অর্থাৎ সকল কালেই বর্ত্তমান; তাঁহার জন্ম-মৃত্যু নাই অথবা তাঁহার পুনঃ পুনঃ উৎপত্তি কি বৃদ্ধি আদি হয় না। তিনি পুরাতন, অথচ নিত্য নবীন; জন্মমরণশীল শরীরের বিয়োগে তিনি হত না ॥ ২০ ॥



বেদাবিনাশিনং নিত্যং য এনমজমব্যয়ম্।
কথং স পুরুষঃ পার্থ কং ঘাতয়তি হন্তি কম্ ॥ ২১ ॥
বাসাংসি জীর্ণানি যথা বিহায়
নবানি গৃহ্ণাতি নরোঽপরাণি।
তথা শরীরাণি বিহায় জীর্ণা-
ন্যন্যানি সংযাতি নবানি দেহী ॥ ২২ ॥

---

বৃদ্ধিরিত্যর্থঃ। শাশ্বত ইত্যপক্ষয়স্য প্রতিষেধঃ,—শশ্বৎ সর্ব্বদা ভবতি নাপক্ষীয়তে নাপক্ষয়ং ভজতীত্যর্থঃ। পুরাণ ইতি বিপরিণামস্য প্রতিষেধঃ,—পুরাণং পুরাপি নবো, ন তু কিঞ্চিন্নূতনং রূপান্তরমধুনা ন লব্ধ ইত্যর্থঃ। তদেবং ষড়্বিকারশূন্যত্বাদাত্মা নিত্যঃ। যস্মাদীদৃশ-স্তস্মাচ্ছরীরে হন্যমানেঽপি স ন হন্যতে। তথা চার্জ্জুনোঽয়ং গুরুহন্তেত্য-বিজ্ঞোক্ত্যা দুষ্কীর্ত্তেরবিভ্যতা ত্বয়া শাস্ত্রীয়ং ধর্ম্মযুদ্ধং বিধেয়মিতি ॥ ২০ ॥

এবং তত্ত্বজ্ঞানবান্ যো ধর্ম্মবুদ্ধ্যা যুদ্ধে প্রবর্ত্ততে, যশ্চ প্রবর্ত্তয়তি, তস্য তস্য চ কোঽপি ন দোষগন্ধ ইত্যাহ—বেদেতি। এনং প্রকৃতমাত্মানমবি-নাশিনমজমব্যয়মপক্ষয়শূন্যঞ্চ যো বেদ শাস্ত্রযুক্তিভ্যাং জানাতি, স পুরুষো যুদ্ধে প্রবৃত্তোঽপি কং হন্তি কথং বা হন্তি, তত্র প্রবর্ত্তয়ন্নপি কং ঘাতয়তি কথং বা ঘাতয়তি? কিমাক্ষেপে,—ন কমপি ন কথমপি ইত্যর্থঃ। নিত্যমিতি বেদনক্রিয়াবিশেষণম্ ॥ ২১ ॥

---

যিনি জীবকে অবিনাশী, অজ ও অব্যয় বলিয়া 'নিত্য' জানেন, হে পার্থ! সে পুরুষ কি কাহাকেও কোনরূপ হত্যা করেন বা হত্যা করান? ২১ ॥

জীর্ণ বস্ত্র পরিত্যাগ করিয়া নরগণ যেমন অপর নব বসন পরিধান করে, দেহীও তেমনি জীর্ণ শরীর ত্যাগ করত অভিনব দেহ ধারণ করিয়া থাকেন ॥ ২২ ॥

নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ।
ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ ॥ ২৩ ॥
অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এব চ।
নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ ॥ ২৪ ॥

---

নন্বু মা ভূদাত্মনাং বিনাশো ভীষ্মাদিসংজ্ঞানাং তচ্ছরীরানাং তৎসুখ-সাধনানাং যুদ্ধেন বিনাশে তৎসুখবিচ্ছেদহেতুকো দোষঃ স্যাদেব, অন্যথা প্রায়শ্চিত্তশাস্ত্রানি নির্ব্বিষয়াণি স্যুরিতি চেত্তত্রাহ,—বাসাংসীতি। স্থূলজীর্ণ-বাসস্ত্যাগেন নবীনবাসোধারণমিব বৃদ্ধনৃদেহত্যাগেন যুবদেবদেহধারণং তেষামাত্মনামতিসুখকরমেব। তদ্ভয়ঞ্চ যুদ্ধেনৈব ক্ষিপ্রং ভবেদিত্যুপ-কারকাত্তস্মান্মা বিরংসীরিতি ভাবঃ। সংযাতীতি সম্যক্‌গর্ভবাসাদিযাতনাং বিনৈব শীঘ্রমেব প্রাপ্নোতীত্যর্থঃ। প্রায়শ্চিত্তবাক্যানি তু যজ্ঞযুদ্ধবধাদন্য-স্মিন বধে নেয়ানি ॥ ২২ ॥

নন্বু শস্ত্রপাতৈঃ শরীরবিনাশে তদন্তঃস্থস্যাত্মনো বিনাশঃ স্যাৎ গৃহদাহে তন্মধ্যস্থস্যেব জন্তোরিতি চেত্তত্রাহ,—নৈনমিতি। শস্ত্রাণি খড়্গাদীনি, পাবকঃ আগ্নেয়াস্ত্রম্; আপঃ পর্জ্জন্যাস্ত্রম্; মারুতো বায়ব্যাস্ত্রম্; তথা চ তৎপ্রযুক্তৈঃ শস্ত্রাস্ত্রৈর্নাত্মনঃ কাচিদ্ব্যথেতি ॥ ২৩ ॥

ছেদাদ্যভাবাদেব তত্তন্নামভিরয়মাখ্যায়ত ইত্যাহ,—অচ্ছেদ্যোঽয়মিতি। এব-কারঃ সর্ব্বৈঃ সংবধ্যতে। সর্ব্বগতঃ স্বকর্ম্মহেতুকেষু দেবমানবাদিষু পশু-পক্ষ্যাদিষু চ সর্ব্বেষু শরীরেষু পর্য্যায়েণ গতঃ প্রাপ্তোঽপীত্যর্থঃ। স্থাণুঃ

---

জীবাত্মা অস্ত্রশস্ত্রাদিতে ছিন্ন হন না, অগ্নিতে দগ্ধ হন না, জলে ক্লেদিত হন না এবং বায়ু-দ্বারাও শুষ্ক হন না ॥ ২৩ ॥

এই জীবাত্মা অচ্ছেদ্য, অদাহ্য, অক্লেদ্য ও অশোষ্য; ইনি নিত্য, সর্ব্বগত অর্থাৎ সর্ব্বযোনিভ্রমী, স্থাণু ও অচল; ইনি সনাতন অর্থাৎ সদা বিদ্যমান ॥ ২৪ ॥



অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়মবিকার্য্যোঽয়মুচ্যতে।
তস্মাদেবং বিদিত্বৈনং নানুশোচিতুমর্হসি ॥ ২৫ ॥
অথ চৈনং নিত্যজাতং নিত্যং বা মন্যসে মৃতম্।
তথাপি ত্বং মহাবাহো নৈনং শোচিতুমর্হসি ॥ ২৬ ॥

---

স্থিরস্বরূপঃ; অচলঃ স্থিরগুণকঃ,—"অবিনাশী বা অরে অয়মাত্মানুচ্ছিত্তি-ধর্ম্মা" ইতি শ্রুতেরিত্যর্থঃ। ন চানুচ্ছিত্তিরেব ধর্ম্মো যস্যেতি ব্যাখ্যেয়ম্‌,—তস্যার্থস্যাবিনাশীত্যনেনৈব লাভাৎ; তস্মাদনুচ্ছিত্তয়ো নিত্যা ধর্ম্মা যস্য স তথেত্যেবার্থঃ। সনাতনঃ শাশ্বতঃ; পৌনরুক্ত্যদোষস্ত্বগ্রে পরিহরিষ্যতে ॥২৪॥

অব্যক্তঃ প্রত্যঙ্, চক্ষুরাদ্যগ্রাহ্যঃ; অচিন্ত্যস্তর্কাগোচরঃ শ্রুতিমাত্র-গম্যঃ; জ্ঞানস্বরূপো জ্ঞাতেত্যাদিকং শ্রুত্যৈব প্রতীয়তে; অবিকার্য্যঃ ষড়্‌ভাববিকারানর্হঃ। অত্র "অবিনাশি তু তদ্বিদ্ধি" ইত্যাদিভিরাত্মতত্ত্বমুপ-দিশন্ হরিঃ শব্দতোঽর্থতশ্চ যৎ পুনঃপুনরবোচত্তস্য দুর্ব্বোধস্য সৌবোধ্যার্থ-মেবেত্যদোষঃ, নির্দ্ধারণার্থং বা; অয়ং ধর্ম্মং বেত্তীত্যুক্তৌ তদ্বেদনং নিশ্চিতং যথা স্যাত্তদ্বৎ। এবমেবাগ্রে বক্ষ্যতি,—"আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিৎ" ইত্যাদিনা ॥ ২৫ ॥

এবং স্বোক্তস্য জীবাত্মনোঽশোচ্যত্বমুক্ত্বা পরোক্তস্যাপি তস্য তদুচ্যতে পরমতজ্ঞানায়। তদভিজ্ঞঃ খলু শিষ্যস্তদবকরৈস্তন্নিরস্য বিজয়ী সন্ স্বমতে স্থৈর্য্যমাসীৎ। তথা হি মনুষ্যত্বাদিবিশিষ্টে ভূম্যাদিভূতচতুষ্টয়ে তাম্বূলরাগবৎ

---

ইনি অব্যক্ত, অচিন্ত্য ও অবিকার্য্য বলিয়া উক্ত হইয়াছেন। জীবাত্মাকে এইপ্রকার অবগত হইয়া তোমার শোক পরিত্যাগ করা উচিত ॥ ২৫ ॥

হে মহাবাহো! লোকায়তিক ও বৈভাষিকদিগের ন্যায় জীবকে যদি নিত্য-জাত ও নিত্য-মৃত বলিয়াই মান, তাহা হইলেও ত' তোমার আর শোক করিবার কারণ নাই; শোক করিলে হীনমতবাদী অপেক্ষাও তুমি হীন হইবে ॥ ২৬ ॥

জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ।
তস্মাদপরিহার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি ॥ ২৭ ॥

মদশক্তিবচ্চ চৈতন্যমুৎপদ্যতে ; তাদৃশস্তচ্চতুষ্টয়ভূতো দেহ এব আত্মা ; স চ স্থিরোঽপি প্রতিক্ষণপরিণামাদুৎপত্তিবিনাশযোগীতি লোকপ্রত্যক্ষসিদ্ধমিতি 'লোকায়তিকা' মন্যন্তে। দেহাদ্ভিন্নো বিজ্ঞানস্বরূপোঽপ্যাত্মা প্রতিক্ষণবিনাশীতি 'বৈভাষিকাদয়ো' বৌদ্ধা বদন্তি। তদেতদুভয়মতেঽপ্যাত্মনঃ শোচ্যত্বং প্রতিষেধতি। অথেতি পক্ষান্তরে, চোঽপ্যর্থে। ত্বং চেন্মহুক্তজীবাত্মযাথাত্ম্যাবগাহনাসমর্থো লোকায়তিকাদিপক্ষমালম্বসে, তত্র দেহাত্মপক্ষে এনং দেহলক্ষণমাত্মানং নিত্যং জাতং নিত্যং বা মৃতং মন্যসে। ক্ষণিকবিজ্ঞানপক্ষে চ নিত্যং প্রতিক্ষণং তং তথা তথা মন্যসে। বাশব্দশ্চার্থে। তথাপি ত্বমেনং—"অহোবত মহৎপাপম্" ইত্যাদিবচনৈঃ শোচিতুং নার্হসি। পরিণামস্বভাবস্য তস্য তস্য চাত্মনো জন্মবিনাশয়োরনিবার্য্যত্বাজ্জন্মান্তরাভাবেন পাপভয়াসম্ভবাচ্চ। হে মহাবাহো ইতি সোপহাসং সম্বোধনং ক্ষত্রিয়বর্য্যস্য বৈদিকস্য চ তে নেদৃশং কুমতং ধার্য্যমিতি ভাবঃ ॥২৬

অথ শরীরাতিরিক্তো নিত্য আত্মা ; তস্যাপূর্ব্বশরীরেন্দ্রিয়যোগো জন্ম, পূর্ব্বশরীরেন্দ্রিয়বিয়োগস্তু মরণং, তদুভয়ঞ্চ ধর্ম্মাধর্ম্মহেতুকত্বাত্তদাশ্রয়স্য নিত্যস্যাত্মনো মুখ্যং ; তদতিরিক্তস্য শরীরস্য তু গৌণম্ ; তস্যানিত্যস্য কৃতহান্যকৃতাভ্যাগমপ্রসঙ্গেন তদাশ্রয়ত্বানুপপত্তেরিতি তার্কিকা মন্যন্তে। তৎপক্ষেঽপ্যাত্মনঃ শোচ্যত্বং পরিহরতি,—জাতস্যেতি। হির্হেতৌ ;

এখন তার্কিকদিগের মতও বিচার কর। যদি জন্ম হইলেই কর্ম্মক্ষয়ে নিশ্চয় মরিতে হয় ও মরণ হইলে কর্ম্মফল ভোগ করিবার কারণ আবার নিশ্চিত জন্ম গ্রহণ করিতে হয়, তাহা হইলেও এমত অপরিহার্য্য বিষয়ে শোকাকুলিত হওয়া তোমার কর্ত্তব্য নহে ; শোক দ্বারা চালিত হইলে তার্কিক অপেক্ষাও তুমি হীন হইবে ॥ ২৭ ॥



অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত।
অব্যক্তনিধনান্যেব তত্র কা পরিদেবনা ॥ ২৮ ॥

জাতস্য স্বকর্ম্মবশাৎ প্রাপ্তশরীরাদিযোগস্য নিত্যস্যাপ্যাত্মনস্তদারম্ভক-কর্ম্মক্ষয়হেতুকো মৃত্যুর্ধ্রুবো নিশ্চিতঃ ; মৃতস্য তচ্ছরীরকৃতকর্ম্মহেতুকং জন্ম চ ধ্রুবং স্যাৎ। তস্মাদেবমপরিহার্য্যে পরিহর্ত্তুমশক্যে জন্মমরণাত্মকেঽর্থে ত্বং বিদ্বান্ শোচিতুং নার্হসি। ত্বয়ি যুদ্ধান্নিবৃত্তেঽপ্যেতে স্বারম্ভকে কর্ম্মণি ক্ষীণে সতি মরিষ্যন্ত্যেব ; তব তু স্বধর্ম্মাদ্বিচ্যুতির্ভাবিনীতি ভাবঃ ॥ ২৭ ॥

অথ দেহাত্মপক্ষে আত্মাতিরিক্তদেহপক্ষে চ দেহবিনাশহেতুকশোকো ন যুক্তস্তদারম্ভকাণাং ভূতমাত্রাণামবিনাশাদিত্যাহ,—অব্যক্তাদীনীতি। অব্যক্তং নামরূপবিরহাৎ সূক্ষ্মং প্রধানমাদি আদিরূপং যেষাং তানি ভূতানি পৃথিব্যাদি-ভূতময়ানি শরীরাণি। ব্যক্তমধ্যানি ব্যক্তং নামরূপযোগাৎ স্থূলং মধ্যং জন্মবিনাশান্তরালস্থিতিলক্ষণং যেষাং তানি, অব্যক্তনিধনানি অব্যক্তে তাদৃশি প্রধানে নিধনং নামরূপবিমর্দ্দনলক্ষণো নাশো যেষাং তানি। মৃদাদিকে সদ্রূপে দ্রব্যে কম্বুগ্রীবাদ্যবস্থাযোগো ঘটস্যোৎপত্তিস্তদ্বিরোধিকপালাদ্যবস্থাযোগস্তু তস্য বিনাশঃ কথ্যতে ; সদ্দ্রব্যং সর্ব্বদা স্থায়ীতি। এবমেবাহ ভগবান্ পরাশরঃ,—"মহী ঘটত্বং ঘটতঃ কপালিকা চূর্ণরজস্ততোঽণুঃ"ইতি। এবং শরীরাণ্যাদ্যন্তয়োর্নামরূপাযোগাদব্যক্তিমন্তি ; মধ্যে তু তদ্যোগাদ্ব্যক্তিমন্তি। তদারম্ভকানি ভূতানি তু সর্ব্বদা সন্তীতি তেষু বস্তুতঃ সৎসু কা পরিদেবনা কঃ শোকনিমিত্তবিলাপ ইত্যর্থঃ। দেহান্যনিত্যাত্ম-

হে ভারত ! অপ্রকাশিত ভূতসকল উৎপন্ন হইয়া ব্যক্ত হয়, জন্ম ও মরণ, এই দুয়ের মধ্যে ব্যক্ত হইয়া আবার নিধন প্রাপ্ত হইলে অব্যক্ত হইয়া যায় ; তবে তজ্জন্য পরিদেবনা কেন ? যদিও উক্ত মত সাধুসম্মত নয়, তথাপি বিচারস্থলে স্বীকার করিলেও তোমার পক্ষে ক্ষত্রিয়ধর্ম্ম-রক্ষার জন্য যুদ্ধ করাই কর্ত্তব্য ॥ ২৮ ॥

আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেন-
মাশ্চর্য্যবদ্বদতি তথৈব চান্যঃ।
আশ্চর্য্যবচ্চৈনমন্যঃ শৃণোতি
শ্রুত্বাপ্যেনং বেদ ন চৈব কশ্চিৎ ॥ ২৯ ॥

---

পক্ষে তু "বাসাংসি" ইত্যাদিকং ন বিস্মর্ত্তব্যম্। যত্বাদ্যন্তয়োরসত্বান্মধ্যেঽপি ভূতান্যসন্ত্যেবাতঃ স্বাপ্নিকরথাশ্বাদিপ্রখ্যানি মৃষাভূতান্যেব তেন তদ্বিয়োগ-হেতুকঃ শোকঃ প্রতিবুদ্ধস্য ন দৃষ্ট ইতি দৃষ্টিসৃষ্টিমভ্যুপেত্যাহুস্তন্মন্দং,—তদভ্যুপগমে বৈদিকাসৎকার্য্যবাদাপত্তেঃ। তদেবং মতদ্বয়েঽপি দেহবিনাশ-হেতুকঃ শোকো নাস্তীতি সিদ্ধম্ ॥ ২৮ ॥

ননু সর্ব্বজ্ঞেন ত্বয়া বহূপদিশ্যমানোঽপ্যহং শোকনিবারকমাত্মযাথাত্ম্যং ন বুধ্যে কিমেতদিতি চেত্তত্রাহ,—আশ্চর্য্যবদিতি। বিজ্ঞানানন্দোভয়-স্বরূপত্বেঽপি তদ্ভেদাপ্রতিযোগিনং, বিজ্ঞানস্বরূপত্বেঽপি বিজ্ঞাতৃতয়া সন্তং, পরমাণুত্বেঽপি ব্যাপ্তবৃহৎকায়ং, নানাকায়সম্বন্ধেঽপি তত্তদ্বিকারৈরস্পৃষ্টমেবমাদি-বহুবিরুদ্ধধর্ম্মতয়াশ্চর্য্যবদদ্ভুতসাদৃশ্যেন স্থিতমেনং মদুপদিষ্টং জীবং কশ্চিদেব স্বধর্ম্মানুষ্ঠানেন সত্যতপোজপাদিনা চ বিমৃষ্টহৃদ্গুরুপ্রসাদলব্ধতাদৃশজ্ঞানঃ পশ্যতি যাথাত্ম্যেনানুভবতি। আশ্চর্য্যবদিতি ক্রিয়াবিশেষণং বা, কর্ত্তৃ-বিশেষণং বেতি ব্যাখ্যাতারঃ; কশ্চিদেনং যৎ পশ্যতি তদাশ্চর্য্যবৎ, যঃ কশ্চিৎ পশ্যতি সোঽপ্যাশ্চর্য্যবদিত্যর্থঃ। এবমগ্রেঽপি। শ্রুত্বাপ্যেন-মিতি,—কশ্চিৎ সম্যগমৃষ্টহৃদিত্যর্থঃ। তথা চ দুরধিগমং জীবাত্মযাথাত্ম্যম্।

---

জীবাত্মাকে কেহ কেহ আশ্চর্য্যবৎ দর্শন করেন, কেহ আশ্চর্য্যভাবে বর্ণনা করেন এবং কেহ কেহ আশ্চর্য্যজ্ঞানে তত্তত্ত্ব শ্রবণ করেন, আর অনেকেই শুনিয়াও তাঁহাকে বুঝিতে পারেন না; জীবাত্মার স্বরূপসম্বন্ধে এইপ্রকার ভ্রম হইতে জড়বাদ, অনিত্যচৈতন্যবাদ ও কেবলাদ্বৈতবাদ-রূপ অনর্থ প্রসূত হইয়াছে ॥ ২৯ ॥



দেহী নিত্যমবধ্যোঽয়ং দেহে সর্ব্বস্য ভারত।
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি ন ত্বং শোচিতুমর্হসি ॥ ৩০ ॥
স্বধর্ম্মমপি চাবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি।
ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে ॥ ৩১ ॥

---

শ্রুতিরপ্যেবমাহ,—"শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্যঃ শৃণ্বন্তোঽপি বহবো যং ন বিদ্যুঃ। আশ্চর্য্যো বক্তা কুশলোঽস্য লব্ধা আশ্চর্য্যো জ্ঞাতা কুশলানু-শিষ্টঃ" ইতি ॥ ২৯ ॥

তদেবং দুরধিগমং জীবযাথাত্ম্যং সমাসেনোপদিশন্নশোচ্যত্বমুপসং-হরতি,—দেহীতি। সর্ব্বস্য জীবগণস্য দেহে হন্যমানেঽপ্যয়ং দেহী জীবো নিত্যমবধ্যো যস্মাৎ তস্মাৎ ত্বং সর্ব্বাণি ভূতানি ভীষ্মাদিভাবাপন্নানি শোচিতুং

---

বস্তুতঃ, দেহ বিগত হইলেও দেহধারী এই জীবাত্মা নিত্য অবধ্যরূপে বিরাজিত থাকেন, অতএব ভূতগণের জন্য তোমার শোক করা অকর্ত্তব্য ॥ ৩০ ॥

স্বধর্ম্ম আলোচনা করিলেও তুমি এ-প্রকার ভীত হইতে পার না; কেন না, ধর্ম্মযুদ্ধ ব্যতীত ক্ষত্রিয়ের পক্ষে শ্রেয়স্কর কর্ম্ম আর নাই; যেহেতু, তদ্দ্বারা প্রজারক্ষণ, দুষ্টদমন ও ধর্ম্মের সহিত ক্ষিতিপালন হয়। মুক্ত ও বদ্ধ-দশাদ্বয়-ভেদে জীবের স্বধর্ম্ম—দ্বিবিধ। মুক্তাবস্থায় জীবের স্বধর্ম্ম—উপাধিরহিত; পরন্তু জীব জড়বদ্ধ হইলে সেই স্বধর্ম্ম কিয়ৎ-পরিমাণে উপাধিযুক্ত হয়। বদ্ধাবস্থায় জীবের নানাবিধ অবান্তর অবস্থা আছে; সেই সেই অবান্তর অবস্থায় স্বধর্ম্মেরও আকারভেদ অপরিহার্য্য। জীব জড়বদ্ধাবস্থায় মানবশরীরে অবস্থিত, সেই অবস্থায় তাঁহার স্বধর্ম্মটি বর্ণাশ্রমধর্ম্মরূপী হইলেই সুষ্ঠু হয়; অতএব বর্ণাশ্রম-ধর্ম্মেরই অন্য নাম 'স্বধর্ম্ম'। ক্ষত্রিয়স্বভাবপ্রাপ্ত ব্যক্তির পক্ষে যুদ্ধ অপেক্ষা আর কি শ্রেয়ঃ হইতে পারে? ৩১ ॥

**যদৃচ্ছয়া চোপপন্নং স্বর্গদ্বারমপাবৃতম্ ।**
**সুখিনঃ ক্ষত্রিয়াঃ পার্থ লভন্তে যুদ্ধমীদৃশম্ ॥ ৩২ ॥**

---

নার্হসি। আত্মনাং নিত্যত্বাদশোচ্যত্বং তদ্দেহানাং ত্ববশ্যবিনাশত্বাত্তত্ত্বমিত্যর্থঃ ॥ ৩০ ॥

এবং পরমাত্মজ্ঞানোপযোগিত্বাদাদৌ জীবাত্মজ্ঞানং সর্ব্বান্ প্রতি তৌল্যেনোপদিশ্য সনিষ্ঠান্ প্রতি নিষ্কামতয়ানুষ্ঠিতানি কর্ম্মাণি হৃদ্বিশুদ্ধিসহকৃতামাত্মজ্ঞাননিষ্ঠাং নিষ্পাদয়ন্তীতি বদিষ্যন্ তস্যাং প্রতীতিমুৎপাদয়িতুং সকামতয়ানুষ্ঠিতানাং কর্ম্মণাং কাম্যফলপ্রদত্বমাহ দ্বাভ্যাম্,—স্বধর্ম্মমপীতি। ন কেবলং দেহাত্মস্বভাবং নিভাল্যং কিন্তু স্বধর্ম্মমপীতি। যুদ্ধং খলু ক্ষত্রিয়স্য নিয়তমগ্নিহোত্রাদিবদ্বিহিতম্ ; তচ্চ শত্রুপ্রাণবিহিংসনরূপমগ্নিষ্টোমাদিপশুহিংসনবন্ন প্রত্যবায়নিমিত্তম্। উভয়ত্র হিংসেয়মুপকৃতিরূপৈব,—হীনয়োর্দেহলোকয়োস্ত্যাগেন দিব্যয়োস্তয়োর্লাভাৎ। আহ চৈবং স্মৃতিঃ,—"আহবেষু মিথোঽন্যোন্যং জিঘাংসন্তো মহীক্ষিতঃ। যুদ্ধমানাঃ পরং শক্ত্যা স্বর্গং যান্ত্যপরাঙ্মুখাঃ ॥ যজ্ঞেষু পশবো ব্রহ্মন্ হন্যন্তে সততং দ্বিজৈঃ। সংস্কৃতাঃ কিল মন্ত্রৈশ্চ তেঽপি স্বর্গমবাপ্নুবন্ ॥" ইত্যাদ্যা। এবং নিজধর্ম্মমবেক্ষ্য বিকম্পিতুং ধর্ম্মাৎ প্রচলিতুং নার্হসি। যুক্তং "ন চ শ্রেয়োঽনুপশ্যামি" ইত্যাদিনা "নরকে নিয়তং বাসো ভবতি" ইত্যন্তেন যুদ্ধস্য পাপহেতুত্বং ত্বয়োক্তম্ ; তচ্চাজ্ঞানাদেবেত্যাহ,—ধর্ম্ম্যাদিতি। যুদ্ধমেব ভূমিজয়দ্বারা প্রজাপালনগুরুবিপ্রসংসেবনাদিক্ষাত্রধর্ম্মনির্ব্বাহীতি। এবমাহ ভগবান্ পরাশরঃ,—"ক্ষত্রিয়ো হি প্রজা রক্ষন্ শস্ত্রপাণিঃ প্রদণ্ডয়ন্। নির্জিত্য পরসৈন্যাদি ক্ষিতিং ধর্ম্মেণ পালয়েৎ ॥" ইতি ॥ ৩১ ॥

---

হে পার্থ! যদৃচ্ছাক্রমে উপস্থিত অনাবৃত স্বর্গদ্বার-রূপ ঈদৃশ যুদ্ধ যে-সকল ক্ষত্রিয়গণ লাভ করিয়াছেন, তাঁহারা সৌভাগ্যবন্ত ॥ ৩২ ॥



**অথ চেত্ত্বমিমং ধর্ম্ম্যং সংগ্রামং ন করিষ্যসি ।**
**ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিঞ্চ হিত্বা পাপমবাপ্স্যসি ॥ ৩৩ ॥**

**অকীর্ত্তিঞ্চাপি ভূতানি কথয়িষ্যন্তি তেঽব্যয়াম্ ।**
**সম্ভাবিতস্য চাকীর্ত্তির্ম্মরণাদতিরিচ্যতে ॥ ৩৪ ॥**

---

কিঞ্চাযত্নাদাগতেঽস্মিন্ মহতি শ্রেয়সি ন যুক্তস্তে কম্প ইত্যাহ,—যদৃচ্ছয়েতি। চোঽবধারণে। যত্নং বিনৈব চোপপন্নমীদৃশং ভীষ্মাদিভির্মহাবীরৈঃ সহ যুদ্ধং সুখিনঃ সভাগ্যাঃ ক্ষত্রিয়া লভন্তে,—বিজয়ে সত্যশ্রমেণ কীর্ত্তিরাজ্যয়োর্ম্মৃত্যৌ সতি শীঘ্রমেব স্বর্গস্য চ প্রাপ্তেরিত্যর্থঃ। এতদ্ব্যঞ্জয়ন্ বিশিনষ্টি,—স্বর্গদ্বারমপাবৃতমিতি—অপ্রতিরুদ্ধস্বর্গসাধনমিত্যর্থঃ। জ্যোতিষ্টোমাদিকং চিরতরেণ স্বর্গোপলম্ভকমিতি ততোঽস্যাতিশয়ঃ ॥৩২॥

বিপক্ষে দোষান্ দর্শয়তি,—অথেত্যাদিভিঃ। স্বস্য তব ধর্ম্ম্যং যুদ্ধলক্ষণং কীর্ত্তিঞ্চ রুদ্রসন্তোষণনিবাতকবচাদিবধলব্ধাং হিত্বা পাপং ন নিবর্ত্তেত সংগ্রামাদিত্যাদিস্মৃতিপ্রতিষিদ্ধং স্বধর্ম্মত্যাগলক্ষণং প্রাপ্স্যসি ॥ ৩৩ ॥

ন কেবলং স্বধর্ম্মস্য কীর্ত্তেশ্চ ক্ষতিমাত্রম্, যুদ্ধে সমারব্ধেঽর্জ্জুনঃ পলায়ত ইত্যব্যয়াং শাশ্বতীমকীর্ত্তিঞ্চ তব ভূতানি সর্ব্বে লোকাঃ কথয়িষ্যন্তি। নন্বু মরণাদ্ভীতেন ময়া অকীর্ত্তিঃ সোঢ়ব্যেতি চেত্তত্রাহ,—সম্ভাবিতস্যাতিপ্রতিষ্ঠিতস্য। অতিরিচ্যতে অধিকা ভবতি। তথা চ তাদৃশাকীর্ত্তের্ম্মরণমেব বরমিতি ॥ ৩৪ ॥

---

তুমি এই ধর্ম্মযুদ্ধ না করিলে স্বীয় ধর্ম্ম ও কীর্ত্তি হইতে ভ্রষ্ট হইয়া স্বধর্ম্মত্যাগ-লক্ষণ-পাপের ভাগী হইবে ॥ ৩৩ ॥

তাহা হইলে লোকে চিরকাল তোমার অকীর্ত্তির কথা ঘোষণা করিবে; অতি-প্রতিষ্ঠিত ব্যক্তির অকীর্ত্তি—মৃত্যু অপেক্ষা অধিক ॥ ৩৪ ॥

ভয়াদ্রণাদুপরতং মংস্যন্তে ত্বাং মহারথাঃ।
যেষাঞ্চ ত্বং বহুমতো ভূত্বা যাস্যসি লাঘবম্ ॥ ৩৫ ॥
অবাচ্যবাদাংশ্চ বহূন্ বদিষ্যন্তি তবাহিতাঃ।
নিন্দন্তস্তব সামর্থ্যং ততো দুঃখতরং নু কিম্ ? ৩৬ ॥
হতো বা প্রাপ্স্যসি স্বর্গং জিত্বা বা ভোক্ষ্যসে মহীম্।
তস্মাদুত্তিষ্ঠ কৌন্তেয় যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ ॥ ৩৭ ॥

---

ননু কুলক্ষয়দোষাৎ কারুণ্যাচ্চ বিনিবৃত্তস্য মম কথমকীর্ত্তিঃ স্যাদিতি চেত্তত্রাহ,—ভয়াদিতি। মহারথা দুর্য্যোধনাদয়স্ত্বাং কর্ণাদিভয়ান্নতু বন্ধুকারুণ্যাদ্রণাদুপরতং মংস্যন্তে,—ন হি শূরস্য শত্রুভয়ং বিনা বন্ধুস্নেহেন যুদ্ধাদুপরতিরিত্যর্থঃ। ইতঃপূর্ব্বং যেষাং ত্বং বহুমতঃ শূরো বৈরীতি বহুগুণবত্তয়া সংমতোঽভূরিদানীং যুদ্ধে সমুপস্থিতে কাতরোঽয়ং বিনিবৃত্ত ইত্যেবং তৎকৃতং লাঘবং দুঃসহং যাস্যসি ॥ ৩৫

কিঞ্চ, অবাচ্যেতি। অহিতাঃ শত্রবো ধার্ত্তরাষ্ট্রাস্তব সামর্থ্যং পূর্ব্বসিদ্ধং পরাক্রমং নিন্দন্তঃ বহূনবাচ্যবাদান্ শণ্ডতিলাদিশব্দান্ বদিষ্যন্তি। তত এবম্বিধাবাচ্যবাদশ্রবণাদতিশয়িতং কিং দুঃখমস্তি ? ইত্থঞ্চৈতৈঃ ষড়্‌ভির্যুদ্ধবৈরাগ্যস্যাস্বর্গত্বমকীর্ত্তিকরত্বং চোক্তং দর্শিতম্ ॥ ৩৬ ॥

---

যে সকল মহারথ তোমাকে বহুমান করিয়া থাকেন, তাঁহারা তোমাকে লঘুজ্ঞান করিবেন; তাঁহারা মনে করিবেন,—তুমি ভয়প্রযুক্ত যুদ্ধে পরাঙ্মুখ হইয়াছ ॥ ৩৫ ॥

তোমার বৈরিবর্গ তোমাকে কত অবক্তব্য কটু কথা কহিবে, তোমার সামর্থ্যের নিন্দা করিবে; তোমার পক্ষে ইহা অপেক্ষা অধিকতর দুঃখের বিষয় আর কি আছে ? ৩৬ ॥

হে কুন্তীনন্দন! তুমি যুদ্ধে হত হইলে স্বর্গলাভ করিবে, জয়ী হইলে পৃথিবী ভোগ করিবে; অতএব কৃতনিশ্চয় হইয়া যুদ্ধ করিবার জন্য উত্থান কর ॥ ৩৭



সুখদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ।
ততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যসি ॥ ৩৮ ॥
এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু।
বুদ্ধ্যা যুক্তো যয়া পার্থ কর্ম্মবন্ধং প্রহাস্যসি ॥ ৩৯ ॥

---

ননু যুদ্ধে বিজয় এব মে স্যাদিতি নিশ্চয়াভাবাত্ততোঽহং নিবৃত্তোঽস্মীতি চেত্তত্রাহ,—হতো বেতি। পক্ষদ্বয়েঽপি তে লাভ এবেতি ভাবঃ।৩৭॥

ননু "অথ চেত্ত্বম্" ইত্যাদিপদ্যার্থো ব্যাহতঃ, রাজ্যাদ্যুদ্দেশেন কৃতস্য যুদ্ধস্য গুরুবিপ্রাদিবিনাশহেতুত্বেন পাপোৎপাদকত্বাদিতি চেন্মুমুক্ষুবত্ত্বং না

---

সুখ-দুঃখ, লাভালাভ ও জয়-পরাজয়কে সমান জ্ঞান করত মুমুক্ষু বা মোক্ষমার্গস্থ হইয়া যুদ্ধ করিলে পাপভাগী হইতে হইবে না ॥ ৩৮ ॥

সাংখ্য অর্থাৎ জ্ঞান ও স্বধর্ম্মরূপ পৃথক্ পৃথক্ তত্ত্বসম্বন্ধিনী বুদ্ধির কথা কথিত হইল; এক্ষণে তদুভয়ের যোগসম্বন্ধিনী বুদ্ধির কথা শ্রবণ কর। হে পার্থ! তুমি যোগবুদ্ধিযুক্ত হইলে সংসার-ক্ষয়-করণে সমর্থ হইবে। পরে প্রদর্শিত হইবে যে, কর্ম্ম, জ্ঞান ও ভক্তিসংযোজক যোগ একটি মাত্র। যখন কর্ম্মের অবধিকে সীমা করিয়া সেই যোগ লক্ষিত হয়, তখন তাহাকে 'কর্ম্মযোগ' বলে। যখন কর্ম্মসীমাকে অতিক্রম করিয়া জ্ঞানসীমার অবধি পর্য্যন্ত উহা ব্যাপ্তি লাভ করে, তখন তাহাকে 'জ্ঞানযোগ' বা 'সাংখ্যযোগ' বলে। যখন তদুভয়-সীমা অতিক্রম করত ভক্তিকে স্পর্শ করে, তখন তাহাকে 'ভক্তিযোগ,' 'বুদ্ধিযোগ' বা 'সম্পূর্ণ-যোগ' বলে। সাংখ্যজ্ঞানদ্বারা তত্ত্বসকল পৃথগ্‌রূপে সম্যক্ বর্ণিত হয়। ১২ শ্লোক হইতে ৩০ শ্লোক পর্য্যন্ত আত্মতত্ত্ব, এবং ৩১ শ্লোক হইতে ৩৮ শ্লোক পর্য্যন্ত অনাত্মতত্ত্ব স্বধর্ম্মাকারে নিরূপিত হইয়াছে। অগ্রে তদুভয়ের যোগ কথিত হইবে এবং তদুভয়-যোগ দ্বারা আত্ম-যাথাত্ম্য-সিদ্ধি চরমে কথিত হইবে ॥ ৩৯ ॥

**নেহাভিক্রমনাশোঽস্তি প্রত্যবায়ো ন বিদ্যতে।**
**স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ ॥ ৪০ ॥**

যুদ্ধমানস্য তব তদ্বিনাশহেতুকং পাপং ন স্যাদিত্যাহ,—সুখেতি। সাম্যকরণমিহ তত্র তত্র নির্ব্বিকারত্বং বোধ্যম্ ; সুখে তদ্ধেতৌ লাভে তদ্ধেতৌ জয়ে চ রাগমকৃত্বা দুঃখে তদ্ধেতাবলাভে তদ্ধেতাবজয়ে চ দ্বেষমকৃত্বা তত্র তত্র নির্ব্বিকারচিত্তঃ সন্ ততো যুদ্ধায় যুজ্যস্ব ;—কেবলস্বধর্ম্মধিয়া যোদ্ধুমুদ্যুক্তো ভবেত্যর্থঃ। এবং মুমুক্ষুরীত্যা যোদ্ধা ত্বং পাপং তদ্বিনাশহেতুকং নাবাপ্স্যসি। ফলেচ্ছুঃ সন্ যো যুধ্যতে স তৎপাপং বিন্দতি ; বিজ্ঞানার্থী তু পুরাতনমনন্তপাপমপনুদতীত্যর্থঃ। ননু ফলরাগং বিনা দুষ্করে যুদ্ধদানাদৌ কথং প্রবৃত্তিরিতি চেদনন্তাত্মানন্দরাগং তত্র প্রবর্ত্তকং গৃহাণ রাজ্যাদ্যনুরাগমিব ভৃগুপাতে ॥ ৩৮ ॥

উক্তং জ্ঞানযোগমুপসংহরন্ তদুপায়ং নিষ্কামকর্ম্মযোগং বক্তুমারভতে,—এষেতি। সংখ্যোপনিষৎ "সম্যক্ খ্যায়তে নিরূপ্যতে তত্ত্বমনয়া" ইতি নিরুক্তেঃ তয়া প্রতিপাদ্যমাত্মযাথাত্ম্যং সাংখ্যম্। *শৈষিক্যৌনু তস্মিন্ কর্ত্তব্যেষা বুদ্ধিস্তবাভিহিতা। "ন ত্বেবাহম্"ইত্যাদিনা "তস্মাৎ সর্ব্বাণি ভূতানি" ইত্যন্তেন। সা চেত্তব চিত্তদোষান্নাভ্যুদেতি তর্হি যোগে "তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসা নাশকেন" ইত্যাদি শ্রুত্যুক্তান্তর্গতজ্ঞানে নিষ্কামকর্ম্মযোগে কর্ত্তব্যামিমাং বক্ষ্যমাণাং বুদ্ধিং শৃণু। ফলোক্ত্যা তাং স্তৌতি,—যয়েতি। কর্ম্মাণি কুর্ব্বাণস্ত্বং যয়া বুদ্ধ্যা যুক্তঃ কর্ম্মকৃতং বন্ধং প্রহাস্যসি। আত্মানন্দলিপ্সয়া ভগবদাজ্ঞয়া মহাপ্রয়াসানি কর্ম্মাণি কুর্ব্বংস্তত্তদুদ্দেশমহিম্না ত্বদন্তরভ্যুদিতয়াত্মজ্ঞাননিষ্ঠয়া সংসারং

---

এই যোগের অভিক্রম ব্যর্থ হয় না এবং তাহাতে প্রত্যবায়ও নাই ; তাহার স্বল্পানুষ্ঠানও অনুষ্ঠাতাকে সংসাররূপ মহাভয় হইতে পরিত্রাণ করে ॥ ৪০ ॥



**ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন।**
**বহুশাখা হ্যনন্তাশ্চ বুদ্ধয়োঽব্যবসায়িনাম্ ॥ ৪১ ॥**

তরিষ্যসীতি। পশুপুত্ররাজ্যাদিফলকং কর্ম্ম সকামং জ্ঞানফলকন্তু তন্নিষ্কামমিতি শাস্ত্রেঽস্মিন্ পরিভাষ্যতে ॥ ৩৯ ॥

বক্ষ্যমাণয়া বুদ্ধ্যা যুক্তং কর্ম্মযোগং স্তৌতি,—নেহেতি। ইহ 'তমেতম'-ইত্যাদি বাক্যোক্তেঃ নিষ্কামকর্ম্মযোগেঽভিক্রমস্যারম্ভস্য ফলোৎপাদকত্বনাশো নাস্তি। আরব্ধস্যাসমাপ্তস্য বৈফল্যং ন ভবতীত্যর্থঃ। মন্ত্রাদ্যঙ্গবৈকল্যে চ প্রত্যবায়ো ন বিদ্যতে। আত্মোদ্দেশমহিম্না "ওঁ তৎ সৎ" ইতি ভগবন্নাম্না চ তস্য বিনাশাৎ। ইহ ভগবদর্পিতস্য নিষ্কামকর্ম্মলক্ষণধর্ম্মস্য কিঞ্চিদপ্যনুষ্ঠিতং সন্ মহতো ভয়াৎ সংসারাৎ ত্রায়তে অনুষ্ঠাতারং রক্ষতি। বক্ষ্যতি চ এবং পার্থ 'নৈবেহ নামুত্র' ইত্যাদিনা। কাম্যকর্ম্মাণি সর্ব্বাঙ্গোপসংহারেণানুষ্ঠিতান্যুক্তফলায় কল্পন্তে। মন্ত্রাদ্যঙ্গবৈকল্যে তু প্রত্যবায়ং জনয়ন্তীতি। নিষ্কামকর্ম্মাণি তু যথাশক্ত্যনুষ্ঠিতানি জ্ঞাননিষ্ঠালক্ষণং ফলং জনয়ন্ত্যেবোক্তহেতুতঃ প্রত্যবায়ং নোৎপাদয়ন্তীতি ॥ ৪০ ॥

কাম্যকর্ম্মবিষয়কবুদ্ধিতো নিষ্কামকর্ম্মবিষয়কবুদ্ধের্বৈশিষ্ট্যমাহ,—ব্যবসায়েতি। হে কুরুনন্দন, ইহ বৈদিকেষু সর্ব্বেষু কর্ম্মসু ব্যবসায়াত্মিকা ভগবদর্চ্চনরূপৈর্নিষ্কামকর্ম্মভির্বিশুদ্ধচিত্তো বিষোর্ণাদিবৎ তদন্তর্গতেন জ্ঞানেনাত্মযাথাত্ম্যমহমনুভবিষ্যামীতি নিশ্চয়রূপা বুদ্ধিরেকা একবিষয়ত্বাৎ। একস্মৈ তদনুভবায় তেষাং বিহিতত্বাদিতি যাবৎ। অব্যবসায়িনাং

---

আত্মযাথাত্ম্য-সিদ্ধিকে লক্ষ্য করিয়া জ্ঞানযোগ-সাধক কর্ম্মযোগে যে বুদ্ধি, তাহা এক ; তাহার নাম 'ব্যবসায়াত্মিকা বুদ্ধি ; আর অব্যবসায়ী লোকের বুদ্ধি কাম্যকর্ম্ম-বিষয়িণী ; তাহা অনেক-বিষয়-নিষ্ঠ বলিয়া বহুশাখাময়ী ও অনন্তকামনা-লক্ষিণী ; তাহাতে কর্ম্মনাশ ও প্রত্যবায়ের আশঙ্কা আছে ॥ ৪১ ॥

যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ।
বেদবাদরতাঃ পার্থ নান্যদস্তীতি বাদিনঃ ॥ ৪২ ॥
কামাত্মানঃ স্বর্গপরাঃ জন্মকর্ম্মফলপ্রদাম্।
ক্রিয়াবিশেষবহুলাং ভোগৈশ্বর্য্যগতিং প্রতি ॥ ৪৩ ॥

---

কাম্যকর্ম্মানুষ্ঠাতৄণাং তু বুদ্ধয়োঽনন্তাঃ, পশ্বন্নপুত্রস্বর্গাদ্যনন্তকামবিষয়ত্বাৎ। তত্রাপি বহুশাখাঃ, একফলকেঽপি দর্শপৌর্ণমাসাদাবায়ুঃসুপ্রজস্তাদ্যবান্তরানেকফলাশংসাশ্রবণাৎ। অত্র হি দেহাতিরিক্তাত্মজ্ঞানমাত্রমপেক্ষতে, ন তূক্তাত্মযাথাত্ম্যং তন্নিশ্চয়ে কাম্যকর্ম্মসু প্রবৃত্তেরসম্ভবাৎ ॥ ৪১ ॥

নন্বেষাং ব্যবসায়াত্মিকা বুদ্ধির্ভবেৎ শ্রুতেস্তৌল্যাদিতি চেচ্চিত্তদোষান্ন ভবেদিত্যাহ,—যামিতি ত্রিভিঃ। অবিপশ্চিতোঽল্পজ্ঞাঃ যামিমাং "জ্যোতিষ্টোমেন স্বর্গকামো যজেত" ইত্যাদিকাং বাচং প্রবদন্তি,—ইয়মেব প্রকৃষ্টা বেদবাগিতি কল্পয়ন্তি। তয়া বাচাপহৃতচেতসাং তেষাং সমাধৌ মনসি ব্যবসায়াত্মিকা বুদ্ধির্ন বিধীয়তে নাভ্যুদেতি ইত্যনুষঙ্গঃ। কীদৃশীং বাচমিত্যাহ,—পুষ্পিতামিতি। কুসুমিতবিষলতাবদাপাতমনোজ্ঞাং নিষ্ফলামিত্যর্থঃ। এবং কুতস্তে বদন্তি তত্রাহ,—বেদেতি। বেদেষু যে বাদাঃ "অপাম সোমমমৃতা অভূম অক্ষয্যং হ বৈ চাতুর্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতি" ইত্যাদয়োঽর্থবাদাস্তেষ্বেব রতাঃ। বেদস্য সত্যভাষিত্বাদেবমেবৈতদিতি প্রতীতিমন্তঃ। অতএব নান্যদিতি, কর্ম্মফলাৎ স্বর্গাদন্যৎ জীবাংশিপরমার্থ-

---

সেই অব্যবসায়ী লোকেরা অনভিজ্ঞ, অতএব জড়াতিরিক্ত তত্ত্ব নাই, এরূপ সিদ্ধান্তকারক, সর্ব্বদা বেদবাদে রত (অর্থাৎ বেদের মুখ্য তাৎপর্য্য না জানিয়া অর্থবাদে রত), কাম্য-কর্ম্ম-ফলাকাঙ্ক্ষী, স্বর্গপ্রার্থী ও জন্ম-কর্ম্মফলপ্রদ-ক্রিয়া-বাহুল্য-দ্বারা ভোগ ও ঐশ্বর্য্য-সুখলাভের সাধনীভূত আপাত-মনোরম শ্রবণ-রমণীয় (পরিণামে বিষময়) পুষ্পিত-বাক্যে অনুরক্ত হইয়া পুনঃ পুনঃ ঐসকল বাক্য বলিয়া থাকে ॥ ৪২-৪৩ ॥



ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং তয়াপহৃতচেতসাম্।
ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে ॥ ৪৪ ॥
ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন।
নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থো নির্যোগক্ষেম আত্মবান্ ॥ ৪৫ ॥

---

জ্ঞানং লভ্যং মোক্ষলক্ষণং নিরতিশয়ং নিত্যসুখং নাস্তি। তৎপ্রতিপাদিকানাং বেদান্তবাচাং কর্ম্মাঙ্গকর্ত্তৃদেবতাবেদকতয়া তচ্ছেষত্বাদিতি বদনশীলা

---

যাহারা ভোগ ও ঐশ্বর্য্য-সুখে একান্ত আসক্ত, সমাধি-অভাবে সেই অবিবেকী মূঢ়জনগণের ভগবানে একনিষ্ঠতা-বুদ্ধি বিহিত হয় না, যেহেতু তাহাদের চিত্ত ঐসকল পুষ্পিত বাক্য-দ্বারা অপহৃত ॥ ৪৪ ॥

শাস্ত্রসমূহের দুই প্রকার বিষয় অর্থাৎ উদ্দিষ্ট বিষয় ও নির্দ্দিষ্ট বিষয়। যে-বিষয়টি যে-শাস্ত্রের চরম উদ্দেশ্য, তাহাই তাহার উদ্দিষ্ট বিষয়; আর যাহার নির্দ্দেশে উদ্দিষ্ট বিষয় লক্ষিত হয়, সেই বিষয়েরনাম নির্দ্দিষ্ট বিষয়। অরুন্ধতী যে-স্থলে উদ্দিষ্ট বিষয়, সে-স্থলে তাহার নিকটে প্রথমে লক্ষিত যে স্থূল তারকা, তাহাই নির্দ্দিষ্ট বিষয় হয়। বেদসমূহ নির্গুণ তত্ত্বকে উদ্দিষ্ট বলিয়া লক্ষ্য করেন, নির্গুণ তত্ত্ব সহসা লক্ষিত হয় না বলিয়া প্রথমে কোন সগুণ তত্ত্বকে নির্দ্দেশ করিয়া থাকেন। সেই জন্যই সত্ত্ব, রজঃ ও তমোরূপ ত্রিগুণময়ী মায়াকেই প্রথম-দৃষ্টিক্রমে বেদসকলের 'বিষয়' বলিয়া বোধ হয়। হে অর্জ্জুন! তুমি সেই নির্দ্দিষ্ট বিষয়ে আবদ্ধ না থাকিয়া নির্গুণতত্ত্বরূপ উদ্দিষ্ট তত্ত্ব লাভ করত নিস্ত্রৈগুণ্য স্বীকার কর। বেদশাস্ত্রে কোন স্থলে রজস্তমোগুণাত্মক কর্ম্ম, কোন-স্থলে সত্ত্বগুণাত্মক জ্ঞান এবং বিশেষ-বিশেষ-স্থলে নির্গুণা ভক্তি উপদিষ্ট হইয়াছে। গুণময়-মানাপমানাদি-দ্বন্দ্ব-ভাবরহিত হইয়া নিত্যসত্ত্বস্থ অর্থাৎ শুদ্ধ আত্মস্বভাবে অবস্থিতিপূর্ব্বক যোগ ও ক্ষেমানুসন্ধান পরিত্যাগ করত বুদ্ধিযোগ-সহকারে নিস্ত্রৈগুণ্য লাভ কর ॥ ৪৫ ॥

**যাবানর্থ উদপানে সর্ব্বতঃ সংপ্লুতোদকে।**
**তাবান্ সর্ব্বেষু বেদেষু ব্রাহ্মণস্য বিজানতঃ ॥ ৪৬ ॥**

ইত্যর্থঃ। চিত্তদোষমাহ,—কামাত্মানঃ বৈষয়িকসুখবাসনাগ্রস্তচিত্তাঃ। এবং চেৎ তাদৃশং মোক্ষং কুতো নেচ্ছন্তি তত্রাহ,—স্বর্গেতি। স্বর্গ এব সুধাদেবাঙ্গনাদ্যাপেতত্বেন পরঃ শ্রেষ্ঠো যেষাং তে। তাদৃগ্বাসনাগ্রস্তত্বাত্তেষাং নাস্ত্যন্যাষত ইত্যর্থঃ। জন্মকর্ম্মেতি—জন্ম চ দেহেন্দ্রিয়সম্বন্ধলক্ষণং, তত্র কর্ম্ম চ তত্তদ্বর্ণাশ্রমবিহিতং, ফলঞ্চ বিনাশি পশ্বন্নস্বর্গাদি। তানি প্রকর্ষেণাবিচ্ছেদেন দদাতি তাং ভোগৈশ্বর্য্যয়োর্গতিং প্রাপ্তিং প্রতি যে ক্রিয়াবিশেষা জ্যোতিষ্টোমাদয়স্তে বহুলাঃ প্রচুরা যত্র তাং বাচং বদন্তীতি পূর্ব্বেণান্বয়ঃ। ভোগঃ সুধাপানদেবাঙ্গনাদিঃ, ঐশ্বর্য্যঞ্চ দেবাদিস্বামিত্বং তয়োর্গতিমিত্যর্থঃ ॥ ৪২-৪৩ ॥

ভোগেতি। তেষাং পূর্ব্বোক্তয়োর্ভোগৈশ্বর্য্যয়োঃ প্রসক্তানাং ক্ষয়িত্ব-দোষাস্ফূর্ত্ত্যা তয়োরভিনিবিষ্টানাং তয়া পুষ্পিতয়া বাচাপহৃতং বিলুপ্তং চেতো বিবেকজ্ঞানং যেষাং তাদৃশানাং সমাধাবিতি যোজ্যম্,—সম্যগা-ধীয়তেঽস্মিন্নাত্মতত্ত্বযাথাত্ম্যমিতি নিরুক্তেঃ সমাধির্মনস্তস্মিন্নিত্যর্থঃ ॥ ৪৪ ॥

নন্থ ফলনৈরপেক্ষ্যেণ কর্ম্মাণি কুর্ব্বাণানপি তানি স্বফলৈর্যোজয়েয়ুস্তৎ-স্বাভাব্যাত্ততঃ কথং তদ্বুদ্ধেঃ সম্ভব ইতি চেত্তত্রাহ,—ত্রৈগুণ্যেতি। ত্রয়াণাং গুণানাং কর্ম্ম ত্রৈগুণ্যম্—“গুণবচনব্রাহ্মণাদিভ্যঃ কর্ম্মণি চ” ইতি সূত্রাৎ ষ্যঞ্—সকামত্বমিত্যর্থঃ; তদ্বিষয়া বেদাঃ কর্ম্মকাণ্ডানি; ত্বং তু

কূপাদি ক্ষুদ্র ক্ষুদ্র জলাশয়কে ‘উদপান’ এবং অতি বৃহৎ জলাশয়কে ‘সংপ্লুতোদক’ বলে; সংপ্লুতোদকে যেরূপ স্নান-পানাদি। কার্য্য হয়, উদপানেও তদ্রূপ হয়। সেইরূপ বেদ-তাৎপর্য্যবিৎ ব্রাহ্মণের সর্ব্ববেদে যে কার্য্য হয়, স্বীয় শাখা ও উপনিষদাশ্রয়েও সেই আত্মযাথাত্ম্যলাভরূপ কার্য্য হয় ॥ ৪৬ ॥



**কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।**
**মা কর্ম্মফলহেতুর্ভূর্ম্মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি ॥ ৪৭ ॥**

তচ্ছিরোভূতবেদান্তনিষ্ঠো নিস্ত্রৈগুণ্যো নিষ্কামো ভব। অয়মর্থঃ,—পিতৃকোটিবৎসলো হি বেদোঽনাদিভগবদ্বিমুখান্মায়াগুণৈর্নিবদ্ধাংস্তদ্গুণ-সৃষ্টসাত্ত্বিকাদিসুখসক্তান্ প্রতি তৎকামাননুরুধ্য ফলানি প্রকাশয়ন স্বস্মিংস্তান্ বিশ্রম্ভয়তি। তদ্বিশ্রম্ভেণ তৎপরিশীলিনস্তে তন্মূর্দ্ধভূতোপনি-ষৎপ্রতীতাত্মযাথাত্ম্যনিশ্চয়েন তাং বুদ্ধিং যান্তীতি ন চাকামিতান্যপি তান্যাপতেয়ুঃ, কামিতানামেব তেষাং ফলত্বশ্রবণাৎ। ন চ সর্ব্বেষাং বেদানাং ত্রৈগুণ্যবিষয়ত্বম্,—নিস্ত্রৈগুণ্যতায়া অপ্রামাণিকত্বাপত্তেঃ। নন্থ শীতোষ্ণাদিনিবারণায় বস্ত্রাদেঃ কাম্যত্বাৎ কথং নিষ্কামত্বম্? তত্রাহ,—নির্দ্বন্দ্ব ইতি। “মাত্রাস্পর্শাস্তু কৌন্তেয়” ইত্যাদিবিমর্শেন দ্বন্দ্বসহো ভব। তত্র হেতুর্নিত্যেতি,—নিত্যং যৎ সত্ত্বমপরিণামিত্বং জীবনিষ্ঠং তৎস্থস্তদ্বি-ভাবোত্যর্থঃ। তত এব নির্যোগক্ষেমঃ। অলব্ধলাভো যোগঃ লব্ধস্য

কর্ম্ম, অকর্ম্ম ও বিকর্ম্ম,—এই তিন প্রকার কর্ম্মসম্বন্ধী বিচার; তন্মধ্যে বিকর্ম্ম অর্থাৎ পাপাচরণ এবং অকর্ম্ম অর্থাৎ স্বধর্ম্মোত্তেজিত কর্ম্ম না করা, এই দুইটী নিতান্ত অমঙ্গলজনক। তোমার যেন অকর্ম্মে সঙ্গ অর্থাৎ প্রীতি না হয়; অকর্ম্ম পরিত্যাগ করিয়া তুমি কর্ম্মকে সাবধানে আচরণ করিবে। কর্ম্ম—তিন প্রকার অর্থাৎ নিত্যকর্ম্ম, নৈমিত্তিককর্ম্ম ও কাম্যকর্ম্ম। তন্মধ্যে কাম্যকর্ম্ম অমঙ্গলজনক; যাঁহারা কাম্যকর্ম্ম করিয়া থাকেন, তাঁহারা কর্ম্মফলের হেতু হন। অতএব আমি তোমার মঙ্গলের জন্য বলিতেছি যে, তুমি কর্ম্মাশ্রয় করত কর্ম্মফলের হেতু হইও না। স্বধর্ম্ম-বিহিত কর্ম্ম করিতে তোমার অধিকার আছে, কিন্তু কোন কর্ম্মফলে তোমার অধিকার নাই। যাঁহারা যোগ অবলম্বন করেন, তাঁহাদের পক্ষে সংসারযাত্রা-নির্ব্বাহের জন্য নিত্য-নৈমিত্তিক কর্ম্ম স্বীকৃত হয় ॥ ৪৭ ॥

**যোগস্থঃ কুরু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়।**
**সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে ॥ ৪৮ ॥**

---

পরিরক্ষণং ক্ষেমং তদ্রহিতো ভবেত্যর্থঃ। নন্বু ক্ষুৎপিপাসে তথাপি বাধিকে ইতি চেত্তত্রাহ,—আত্মবানিতি। আত্মা বিশ্বম্ভরঃ পরমাত্মা স যস্য ধ্যেয়তয়াস্তি তাদৃশো ভবেত্যর্থঃ,—স তে দেহযাত্রাং সম্পাদয়েদিত্যর্থঃ ॥ ৪৫ ॥

নন্বু সর্ব্বান্ বেদানধীয়ানস্য বহুকালব্যয়াদ্বহুবিক্ষেপসম্ভবাচ্চ কথং তদ্বুদ্ধেরভ্যুদয়স্তত্রাহ,—যাবানিতি। সর্ব্বতঃ সংপ্লুতোদকেতি। বিস্তীর্ণে উদপানে জলাশয়ে স্নানাদ্যর্থিনো যাবান্ স্নানপানাদিরর্থঃ প্রয়োজনং তাবানেব স তেন তস্মাৎ সংপদ্যতে। এবং সর্ব্বেষু সোপনিষৎসু বেদেষু ব্রাহ্মণস্য বেদাধ্যায়িনো বিজানত আত্মযাথাত্ম্যজ্ঞানং লব্ধুকামস্য যাবান্ তজ্জ্ঞানসিদ্ধিলক্ষণোঽর্থঃ স্যাত্তাবানেব তেন তেভ্যঃ সংপাদ্যতে ইত্যর্থঃ। তথা চ স্বশাখয়ৈব সোপনিষদা চিরেণৈব তৎসিদ্ধৌ তদ্বুদ্ধিরভ্যুদিয়াদেবেতি। ইহ দার্ষ্টান্তিকেঽপি যাবাংস্তাবানিতি পদদ্বয়মনুষঞ্জনীয়ম্ ॥ ৪৬ ॥

নন্বু কর্ম্মভির্জ্ঞানসিদ্ধিরিষ্যতে চেত্তর্হি তস্য শমাদীন্যেবান্তরঙ্গত্বাদনুষ্ঠেয়ানি সন্তু কিং বহুপ্রয়াসৈস্তৈরিতি চেত্তত্রাহ,—কর্ম্মণ্যেবেতি; জাত্যৈকবচনম্। তে তব স্বধর্ম্মেঽপি যুদ্ধেঽধর্ম্মবুদ্ধেরশুদ্ধচিত্তস্য তাবৎ কর্ম্মস্বেব যুদ্ধাদিষ্বধিকারোঽস্তু ময়ৈতানি কর্ত্তব্যানীতি তৎফলেষু বন্ধকেষু তবাধিকারো মাস্তু ময়ৈতানি ভোক্তব্যানীতি। নন্বু ফলেচ্ছাবিরহেঽপি তানি স্বফলৈর্যোজয়েয়ুরিতি চেত্তত্রাহ,—মা কর্ম্মেতি। কর্ম্মফলানাং হেতুরুৎপাদকস্ত্বং মাভূঃ কামনয়া কৃতানি তানি স্বফলৈর্যোজয়ন্তি,—

---

ফলকামনা পরিত্যাগপূর্ব্বক যোগস্থ হইয়া স্বধর্ম্ম-বিহিত কর্ম্ম আচরণ কর; কর্ম্মফলের সিদ্ধি ও তাহার অসিদ্ধি, এতদ্বিষয়ে যে সমবুদ্ধি অর্থাৎ চিত্তসমাধান, তাহাকে 'যোগ' বলে ॥ ৪৮ ॥



**দূরেণ হ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্ধনঞ্জয়।**
**বুদ্ধৌ শরণমন্বিচ্ছ কৃপণাঃ ফলহেতবঃ ॥ ৪৯ ॥**

---

কামিতানামেব ফলানাং নিযোজ্যবিশেষণত্বেন ফলত্বাম্নাতাৎ। অতএব বন্ধকানি ফলানি আপতিষ্যন্তীতি ভয়াদকর্ম্মণি কর্ম্মাকরণে তব সঙ্গঃ প্রীতির্মাস্তু কিন্তু বিদ্বেষ এবাস্ত্বিত্যর্থঃ। নিষ্কামতয়ানুষ্ঠিতানি কর্ম্মাণি যষ্টিধান্যবদন্তরেব জ্ঞাননিষ্ঠাং নিষ্পাদয়িষ্যন্তি;—শমাদীনি তু তৎপৃষ্ঠলগ্নান্যেব স্যুরিতি ভাবঃ ॥ ৪৭ ॥

পূর্ব্বোক্তং বিশদয়তি,—যোগস্থ ইতি। দ্বং সঙ্গং ফলাভিলাষং কর্ত্তৃত্বাভিনিবেশং চ ত্যক্ত্বা যোগস্থঃ সন্ কর্ম্মাণি কুরু যুদ্ধাদীনি। আদ্যেন মায়ানিমজ্জনমেব; দ্বিতীয়েন তু স্বাতন্ত্র্যলক্ষণপরেশধর্ম্মচৌর্য্যং, তেন তন্মায়া-ব্যাকোপঃ;—অত স্তয়োঃ পরিত্যাগ ইতি ভাবঃ। যোগস্থপদং বিবৃণোতি,—সিদ্ধ্যসিদ্ধ্যোরিতি। তদনুষঙ্গফলানাং জয়াদীনাং সিদ্ধাবসিদ্ধৌ চ সমো ভূত্বা রাগদ্বেষরহিতঃ সন্ কুরু। ইদমেব সমত্বং যয়া যোগস্থ ইত্যত্র যোগশব্দেনোক্তং, চিত্তসমাধানরূপত্বাৎ ॥ ৪৮ ॥

অথ কাম্যকর্ম্মণো নিকৃষ্টত্বমাহ,—দূরেণেতি। বুদ্ধিযোগাদবরং কর্ম্ম দূরেণ, হে ধনঞ্জয়, আত্মযাথাত্ম্যবুদ্ধিসাধনভূতান্নিষ্কামকর্ম্মযোগাৎ দূরেণাতিবিপ্রকর্ষেণাবরমত্যপকৃষ্টং জন্মমরণাদ্যনর্থনিমিত্তং কাম্যং কর্ম্মেত্যর্থঃ। হি যস্মাদেবমতস্ত্বং বুদ্ধৌ তদ্যাথাত্ম্যজ্ঞানে নিমিত্তে শরণমাশ্রয়ং নিষ্কামকর্ম্মযোগমন্বিচ্ছ কুরু। যে তু ফলহেতবঃ ফলকামা অবরকর্ম্মকারিণস্তে কৃপণাস্তৎফলজন্মকর্ম্মাদিপ্রবাহপরবশা দীনা ইত্যর্থঃ তথা চ ত্বং কৃপণো মাভূরিতি

---

হে ধনঞ্জয়! বুদ্ধিযোগ হইতে অতি-নিকৃষ্ট যে কাম্যকর্ম্ম, তাহা দূর করিয়া আত্মযাথাত্ম্যসাধক কর্ম্মযোগলক্ষণা বুদ্ধিকে আশ্রয় কর; যেহেতু, ফলকামনায় যাঁহারা কাম্যকর্ম্ম করেন, তাঁহারা কৃপণ অর্থাৎ জন্মকর্ম্ম-প্রবাহপরবশ ও দীন ॥ ৪৯ ॥

**বুদ্ধিযুক্তো জহাতীহ উভে সুকৃতদুষ্কৃতে।**
**তস্মাৎ যোগায় যুজ্যস্ব যোগঃ কর্ম্মসু কৌশলম্ ॥ ৫০ ॥**

**কর্ম্মজং বুদ্ধিযুক্তা হি ফলং ত্যক্ত্বা মনীষিণঃ।**
**জন্মবন্ধবিনির্ম্মুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাময়ম্ ॥ ৫১ ॥**

---

ইহ কৃপণাঃ খলু কষ্টোপার্জ্জিতবিত্তাদৃষ্টসুখলবলুব্ধা বিত্তানি দাতুমসমর্থা মহতা দানসুখেন বঞ্চিতাস্তথা কষ্টানুষ্ঠিতকর্ম্মাণস্তুচ্ছতৎফললুব্ধা মহতাত্ম-সুখেন বঞ্চিতা ভবন্তীতি ব্যজ্যতে ॥ ৪৯ ॥

উক্তস্য বুদ্ধিযোগস্য প্রভাবমাহ,—বুদ্ধীতি। ইহ কর্ম্মসু যো বুদ্ধিযুক্তঃ প্রধানফলত্যাগবিষয়ানুষঙ্গফলসিদ্ধ্যসিদ্ধিসমত্ববিষয়য়া চ বুদ্ধ্যা যুক্তস্তানি করোতি, স উভে অনাদিকালসঞ্চিতে জ্ঞানপ্রতিবন্ধকে সুকৃতদুষ্কৃতে জহাতি বিনাশয়তীত্যর্থঃ। তস্মাদুক্তায় বুদ্ধিযোগায় যুজ্যস্ব ত্বং ঘটস্ব। যস্মাৎ কর্ম্মযোগস্তাদৃশবুদ্ধিসম্বন্ধঃ। কৌশলং চাতুর্য্যম্,—বন্ধকানামেব বুদ্ধিসম্পর্কাদ্বিশোধিত-বিষপারদন্যায়েন মোচকত্বেন পরিণামাৎ ॥ ৫০ ॥

কর্ম্মজমিতি। বুদ্ধিযুক্তাস্তাদৃশবুদ্ধিমন্তঃ কর্ম্মজং ফলং ত্যক্ত্বা কর্ম্মাণ্যনু-তিষ্ঠন্তো মনীষিণঃ কর্ম্মান্তর্গতাত্মযাথাত্ম্যপ্রজ্ঞাবন্তো ভূত্বা জন্মবন্ধেন বিনির্ম্মুক্তাঃ সন্তোঽনাময়ং ক্লেশশূন্যং পদং বৈকুণ্ঠং গচ্ছন্তীতি। তস্মাত্ত্বমপি শ্রেয়ো জিজ্ঞাসুরেবং বিধানি কর্ম্মাণি কুর্ব্বিতি ভাবঃ। স্বাত্মজ্ঞানস্য পরমাত্মজ্ঞানহেতুত্বাৎ তস্যাপি তৎপদগতিহেতুত্বং যুক্তম্ ॥ ৫১ ।

---

বুদ্ধিযোগই কর্ম্মের কৌশল; অতএব বুদ্ধিযুক্ত হইয়া সুকৃত-দুষ্কৃত অর্থাৎ পুণ্য-পাপকে এই সংসার-অবস্থায় দূর কর ॥ ৫০ ॥

বুদ্ধিযুক্ত হইয়া পণ্ডিতসকল কর্ম্মজাত ফলসমূহকে ত্যাগ করত জন্ম-বন্ধ হইতে মুক্ত হন এবং অনাময় অর্থাৎ ভক্তদিগের প্রাপ্য অবস্থা লাভ করেন ॥ ৫১ ॥



**যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতিতরিষ্যতি।**
**তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ ॥ ৫২ ॥**
**শ্রুতিবিপ্রতিপন্না তে যদা স্থাস্যতি নিশ্চলা।**
**সমাধাবচলা বুদ্ধিস্তদা যোগমবাপ্স্যসি ॥ ৫৩ ॥**

---

ননু নিষ্কামাণি কর্ম্মাণি কুর্ব্বতো মে কদাত্মবিষয়া মনীষাভ্যুদিয়াদিতি চেৎ তত্রাহ,—যদেতি। যদা তে বুদ্ধিরন্তঃকরণং মোহকলিলং তুচ্ছ-ফলাভিলাষহেতুমজ্ঞানগহনং ব্যতিতরিষ্যতি পরিত্যক্ষ্যতীত্যর্থঃ, তদা পূর্ব্বং শ্রুতস্যানন্তরং শ্রোতব্যস্য চ তস্য তুচ্ছফলস্য সম্বন্ধিনং নির্ব্বেদং গন্তাসি গমিষ্যসি "পরীক্ষ্য লোকান্ কর্ম্মচিতান্ ব্রাহ্মণো নির্ব্বেদমায়াৎ" ইতি শ্রবণাৎ। নির্ব্বেদেন ফলেন তদ্বিষয়াং তাং পরিচেষ্যতি ইতি নাস্ত্যত্র কালনিয়ম ইত্যর্থঃ ॥ ৫২ ॥

ননু কর্ম্মফলনির্ব্বিণ্ণতয়া কর্ম্মানুষ্ঠানেন লব্ধহৃদ্বিশুদ্ধেরভ্যুদিতাত্মজ্ঞানস্য মে কদাত্মসাক্ষাৎকৃতিরিতি চেত্তত্রাহ,—শ্রুতীতি। শ্রুত্যা কর্ম্মণাং জ্ঞানগর্ভতাং প্রবোধয়ন্ত্যা "তমেতম্"ইত্যাদিকয়া বিপ্রতিপন্না বিশেষেণ সংসিদ্ধা তে বুদ্ধিরচলা অসম্ভাবনাবিপরীতভাবনাভ্যাং বিরহিতা যদা সমাধৌ মনসি নির্ব্বাতদীপশিখেব নিশ্চলা স্থাস্যতি, তদা যোগমাত্মানুভব-লক্ষণমবাপ্স্যসি। অয়মর্থঃ,—ফলাভিলাষশূন্যতয়ানুষ্ঠিতানি কর্ম্মাণি স্থিত-

---

এই প্রকার পরমেশ্বরার্পিত নিষ্কাম কর্ম্ম অভ্যাস করিতে করিতে যখন মোহরূপ গহনকে তোমার বুদ্ধি সম্পূর্ণরূপে পরিত্যাগ করিবে, তখন তুমি সমস্ত শ্রোতব্য ও শ্রুতফলে নির্ব্বেদ লাভ করিবে ॥ ৫২ ॥

যে সময়ে তোমার বুদ্ধি বেদের নানাপ্রকার অর্থবাদ-দ্বারা আর বিচলিত হইবে না, তখন বেদার্থ-বিনিশ্চিত সমাধিতে অচলা হইয়া বিশুদ্ধ যোগ অর্থাৎ নিষ্কাম-কর্ম্ম, শুদ্ধজ্ঞান ও ভগবদ্ভক্তি,—এই তত্ত্বত্রয়ের সংযোজকরূপ বুদ্ধিযোগ লাভ করিবে ॥ ৫৩ ॥

অর্জ্জুন উবাচ,—

স্থিতপ্রজ্ঞস্য কা ভাষা সমাধিস্থস্য কেশব।
স্থিতধীঃ কিং প্রভাষেত কিমাসীত ব্রজেত কিম্ ॥ ৫৪ ॥

শ্রীভগবানুবাচ,—

প্রজহাতি যদা কামান্ সর্ব্বান্ পার্থ মনোগতান্।
আত্মন্যেবাত্মনা তুষ্টঃ স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে ॥ ৫৫ ॥

---

প্রজ্ঞতারূপাং জ্ঞাননিষ্ঠাং সাধয়ন্তি, জ্ঞাননিষ্ঠারূপা স্থিতপ্রজ্ঞতা স্বাত্মানুভবমিতি ॥ ৫৩ ॥

এবমুক্তোঽর্জ্জুনঃ পূর্ব্বপদোক্তস্য স্থিতপ্রজ্ঞস্য লক্ষণং জ্ঞাতুং পৃচ্ছতি,—স্থিতেতি। স্থিতপ্রজ্ঞেঽত্র চত্বারঃ প্রশ্নাঃ;—সমাধিস্থে একঃ, ব্যুত্থিতে তু ত্রয়ঃ। তথা হি স্থিতা স্থিরা প্রজ্ঞা ধীর্যস্য তস্য সমাধিস্থস্য কা ভাষা কিং লক্ষণম্? ভাষ্যতেঽনয়েতিব্যুৎপত্তেঃ, কেন লক্ষণেন স্থিতপ্রজ্ঞোঽভিধীয়ত ইত্যর্থঃ। তথা ব্যুত্থিতঃ স্থিতপ্রজ্ঞঃ কথং ভাষণাদীনি কুর্য্যাৎ?—তদীয়ানি তানি পৃথগ্জনবিলক্ষণানি কীদৃশানীত্যর্থঃ। তত্র কিং প্রভাষেত? স্বয়োঃ স্তুতিনিন্দয়োঃ স্নেহদ্বেষয়োশ্চ প্রাপ্তয়োর্মুখতঃ স্বগতং

---

এতাবৎ শ্রবণ করত অর্জ্জুন মহাশয় কহিলেন,—হে কেশব! স্থিতপ্রজ্ঞ অর্থাৎ অচলাবুদ্ধিযুক্ত ব্যক্তিদিগের লক্ষণ কি? এবং সেই স্থিতপ্রজ্ঞ পুরুষগণ মানাপমান, স্তুতিনিন্দা, স্নেহদ্বেষ উপস্থিত হইলে কি ভাবনা করেন বা প্রকাশ করিয়া বলেন? এবং বাহ্যবিষয়সম্বন্ধে নিবৃত্তি ও প্রবৃত্তি-কালে কিরূপ আচরণ করেন, সে সমুদায় জানিতে ইচ্ছা করি ॥ ৫৪ ॥

ভগবান্ কহিলেন,—হে পার্থ! যে সময় জীব সমস্ত মনোগত কাম পরিত্যাগ করেন এবং আত্মায় অর্থাৎ প্রত্যাহৃত-মনে আনন্দস্বরূপ আত্মার স্বরূপ-দর্শনে পরিতুষ্ট হন, তখন তাহাকে 'স্থিতপ্রজ্ঞ' বলি ॥ ৫৫ ॥



দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ।
বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীর্মুনিরুচ্যতে ॥ ৫৬ ॥

---

বা কিং ব্রূয়াৎ? কিমাসীত বাহ্যবিষয়েষু কথমিন্দ্রিয়াণাং নিগ্রহং কুর্য্যাৎ? ব্রজেত কিম্?—তন্নিগ্রহাভাবে চ কথং বিষয়ানবাপ্নুয়াদিত্যর্থঃ। ত্রিষু সম্ভাবনায়াং লিঙ্ ॥ ৫৪ ॥

এবং পৃষ্টো ভগবান্ ক্রমেণ চতুর্ণামুত্তরমাহ যাবদধ্যায়পূর্ত্তিঃ। তত্র প্রথমস্যাহ,—প্রজহাতীত্যেকেন। হে পার্থ, যদা মনোগতান্ মনসি স্থিতান্ কামান্ সর্ব্বান্ প্রজহাতি সংত্যজতি, তদা স্থিতপ্রজ্ঞ উচ্যতে। কামানাং মনোধর্ম্মত্বাৎ পরিত্যাগো যুক্তঃ; আত্মধর্ম্মত্বে দুঃশক্যঃ স স্যাদ্বহ্ন্যুষ্ণতাদীনামিবেতি ভাবঃ। নন্থ শুষ্ককাষ্ঠবৎ কথং তিষ্ঠতীতি চেত্তত্রাহ,—আত্মন্যেবেতি। আত্মনি প্রত্যাহৃতে মনসি ভাসমানেন স্বপ্রকাশানন্দরূপেণাত্মনা স্বরূপেণ তুষ্টঃ পরিতৃপ্তঃ ক্ষুদ্রবিষয়াভিলাষান্ সংত্যজ্যাত্মানন্দারামঃ সমাধিস্থঃ স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ। "আত্মা পুংসি স্বভাবেঽপি প্রযত্নমনসোরপি। ধৃতাবপি মনীষায়াং শরীরব্রহ্মণোরপি ॥" ইতি মেদিনীকারঃ। ব্রহ্ম চাত্র জীবেশ্বরান্তরদ্গ্রাহ্যম্ ॥ ৫৫ ॥

অথ ব্যুত্থিতঃ স্থিতপ্রজ্ঞঃ কিং ভাষেতেত্যস্যোত্তরমাহ,—দুঃখেষ্বিতি দ্বাভ্যাম্। ত্রিবিধেষ্বাধ্যাত্মিকাদিষু দুঃখেষু সমুত্থিতেষু সৎসু অনুদ্বিগ্নমনাঃ প্রারব্ধফলান্যমুনি ময়াবশ্যং ভোক্তব্যানীতি কেনচিৎ পৃষ্টঃ স্বগতং বা ব্রুবন্ তেভ্যো নোদ্বিজত ইত্যর্থঃ। সুখেষু চোত্তমাহারসৎকারাদিনা সমুপস্থিতেষু বিগতস্পৃহস্তৃষ্ণাশূন্যঃ প্রারব্ধাকৃষ্টান্যমুনি ময়াবশ্যং ভোক্তব্যা-

---

শারীরিক, মানসিক ও সামাজিক ক্লেশ উপস্থিত হইলেও যাঁহার মন উদ্বিগ্ন হয় না, তত্তদ্বিষয়ে সুখ উপস্থিত হইলেও যাঁহার স্পৃহা হয় না, এবং যিনি স্বকৃত-কার্য্যে অনুরাগ, ভয় ও ক্রোধ হইতে বিমুক্ত, তিনিই 'স্থিতধী' মুনি অর্থাৎ স্থিত প্রজ্ঞ ॥ ৫৬ ॥

যঃ সর্ব্বত্রানভিস্নেহস্তত্তৎ প্রাপ্য শুভাশুভম্।
নাভিনন্দতি ন দ্বেষ্টি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৭ ॥
যদা সংহরতে চায়ং কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৮ ॥

---

নীতি কেনচিৎ পৃষ্টঃ স্বগতং বা ব্রুবন্ তৈরুপস্থিতৈঃ প্রহৃষ্টমুখো ন ভবতীত্যর্থঃ। বীতেতি,—বীতরাগঃ কমনীয়েষু প্রীতিশূন্যঃ, বীতভয়ঃ বিষয়াপহর্তৃষু প্রাপ্তেষু দুর্ব্বলস্য মমৈতানি ধক্ষ্যোর্ভবদ্ভির্হ্রিয়ন্ত ইতি দৈন্য-শূন্যঃ, বীতক্রোধঃ তেষ্বেব প্রবলস্য মমৈতানি তুচ্ছৈর্ভবদ্ভিঃ কথমপ-হর্ত্তব্যানীতিক্রোধশূন্যশ্চ। এবংবিধো মুনিরাত্মমননশীলঃ স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ। ইত্থং স্বানুভবং পরান্ প্রতি স্বগতং বা বদন্ননুদ্বেগো নিঃস্পৃহতাদিবচঃ প্রভাষতে ইত্যুত্তরম্॥ ৫৬ ॥

য ইতি। সর্ব্বেষু প্রাণিষু অনভিস্নেহ ঔপাধিকস্নেহশূন্যঃ। কারুণিকত্বা-ন্নিরুপাধিরীষৎস্নেহস্বস্ত্যেব। তত্তৎ প্রসিদ্ধং শুভমুত্তমভোজনস্রক্চন্দনার্পন-

---

তাঁহারই প্রজ্ঞা প্রতিষ্ঠিত হয়,—যিনি সমস্ত জড়বিষয়ে স্নেহশূন্য ও জড়ীয় শুভাশুভ লাভ করিয়াও তাহাতে রাগ-দ্বেষ করেন না। শরীর যেকাল-পর্য্যন্ত থাকিবে, সেকাল-পর্য্যন্ত জড় ও জড়-সম্বন্ধী লাভালাভ অনিবার্য্য. কিন্তু স্থিতপ্রজ্ঞ পুরুষ সেইসকল লাভালাভে অনুরাগ বা বিদ্বেষ করেন না, যেহেতু তাঁহার প্রজ্ঞা সমাধিতে স্থিতা ॥৫৭॥

ইন্দ্রিয়সকল বাহ্য-বিষয়ে স্বাধীন হইয়া বিচরণ করিতে চাহে, কিন্তু স্থিতপ্রজ্ঞ পুরুষের ইন্দ্রিয়সকল বুদ্ধির অধীন হইয়া শব্দাদি-ইন্দ্রিয়ার্থে স্বাধীনরূপে বিচরণ করিতে পারে না, বুদ্ধির অনুজ্ঞামত কার্য্য করে। কূর্ম্ম যেরূপ অঙ্গসকল ইচ্ছা-পূর্ব্বক স্বান্তরে গ্রহণ করে, তদ্রূপ স্থিত-প্রজ্ঞের ইন্দ্রিয়সকল বুদ্ধির ইচ্ছামত কখনও স্থির হইয়া থাকে, কখনও বা উপযুক্ত বিষয়ে চালিত হয় ॥ ৫৮ ॥



বিষয়া বিনিবর্ত্তন্তে নিরাহারস্য দেহিনঃ।
রসবর্জ্জং রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে ॥ ৫৯ ॥

---

রূপং প্রাপ্য নাভিনন্দতি-—তদর্পকং প্রতি—'ধর্ম্মিষ্ঠস্ত্বং চিরঞ্জীব'ইতি ন বদতি। অশুভমপমানং যষ্টিপ্রহারাদিকং চ প্রাপ্য ন দ্বেষ্টি,—'পাপিষ্ঠস্ত্বং ম্রিয়স্ব'ইতি নাভিশপতি। তস্য প্রজ্ঞেতি—স স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ। অত্র স্তুতিনিন্দারূপং বচো ন ভাষত ইতি ব্যতিরেকেণ তল্লক্ষণম্॥ ৫৭ ॥

অথ কিমাসীতেত্যস্যোত্তরং যদেত্যাদিভিঃ ষড় ভিরাহ। অয়ং যোগী যদা চেন্দ্রিয়ার্থেভ্যঃ শব্দাদিভ্যঃ স্বাধীনানীন্দ্রিয়াণি শ্রোত্রাদীন্যনায়াসেন সংহরতি সমাকর্ষতি, তদা তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতেত্যন্বয়ঃ। অত্র দৃষ্টান্তঃ—কূর্ম্মোঽঙ্গানীবেতি। মুখকরচরণানি যথানায়াসেন কমঠঃ সংহরতি তদ্বৎ বিষয়েভ্যঃ সমাকৃষ্টেন্দ্রিয়ানামন্তঃস্থাপনং স্থিতপ্রজ্ঞস্যাসনম্॥ ৫৮ ॥

নন্বু মূঢ়স্যাময়গ্রস্তস্য বিষয়েষ্বিন্দ্রিয়াপ্রবৃত্তির্দৃষ্টা তৎকথমেতৎ স্থিত-প্রজ্ঞস্য লক্ষণং তত্রাহ,—বিষয়া ইতি। নিরাহারস্য রোগভয়াদ্ভোজনাদীন্য-কুর্ব্বতো মূঢ়স্যাপি দেহিনো জনস্য বিষয়াস্তদনুভবা বিনিবর্ত্তন্তে। কিন্তু

---

দেহবিশিষ্ট জীবের নিরাহার-দ্বারা বিষয়-নিবৃত্তির যে বিধান দেখা যায়, সে অত্যন্ত মূঢ়লোক-সম্বন্ধী বিধান। অষ্টাঙ্গ-যোগে যে যম, নিয়ম, আসন, প্রাণায়াম ও প্রত্যাহার-দ্বারা বিষয়নিবৃত্তির অভ্যাস ব্যবস্থাপিত হইয়াছে, তাহা ঐপ্রকার লোক-সম্বন্ধী বিধি। কিন্তু স্থিতপ্রজ্ঞ পুরুষগণ-সম্বন্ধে সে বিধি স্বীকৃত হয় না; স্থিতপ্রজ্ঞ পুরুষেরা পরমতত্ত্বের সৌন্দর্য্য সন্দর্শনপূর্ব্বক তাহাতে আকৃষ্ট হইয়া সামান্য জড়ীয় বিষয়-রাগ ত্যাগ করেন। অতিমূঢ় ব্যক্তিগণের জন্য ইন্দ্রিয়ার্থ হইতে ইন্দ্রিয়গণকে নিরাহার-দ্বারা সংযমিত করিবার ব্যবস্থা থাকিলেও জীবের পরমাত্ম-রাগমার্গ ব্যতীত নিত্যমঙ্গল লাভ হয় না। উৎকৃষ্ট বিষয় প্রাপ্ত হইলেই রাগ স্বভাবতঃ নিকৃষ্ট বিষয়কে পরিত্যাগ করে॥ ৫৯ ॥

যততো হ্যপি কৌন্তেয় পুরুষস্য বিপশ্চিতঃ।
ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ ॥ ৬০ ॥
তানি সর্ব্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরঃ।
বশে হি যস্যেন্দ্রিয়াণি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬১ ॥

---

রসো রাগস্তৃষ্ণা তদ্বর্জং বিষয়তৃষ্ণা তু ন নিবর্ত্তত ইত্যর্থঃ। অস্য স্থিতপ্রজ্ঞস্য তু রসোঽপি বিষয়রাগোঽপি বিষয়েভ্যঃ পরং স্বপ্রকাশানন্দমাত্মানং দৃষ্ট্বানুভূয় নিবর্ত্ততে বিনশ্যতীতি সরাগবিষয়নিবৃত্তিস্তস্য লক্ষণমিতি ন ব্যভিচারঃ ॥ ৫৯ ॥

অথাস্যা জ্ঞাননিষ্ঠায়া দৌর্লভ্যমাহ,—যততো হীতি। বিপশ্চিতো বিষয়াত্মস্বরূপবিবেকজ্ঞস্য তত ইন্দ্রিয়জয়ে প্রযতমানস্যাপি পুরুষস্য ইন্দ্রিয়াণি শ্রোত্রাদীনি কর্ত্তৃ্ণি মনঃ প্রসভং বলাদিব হরন্তি, হৃত্বা বিষয়প্রবণং কুর্ব্বন্তীত্যর্থঃ। ননু বিরোধিনি বিবেকজ্ঞানে স্থিতে কথং হরন্তি? তত্রাহ,—প্রমাথীনীতি। অতি বলিষ্ঠত্বাত্তজ্‌জ্ঞানোপমর্দ্দনক্ষমাণীত্যর্থঃ। তস্মাৎ চৌরেভ্যো মহানিধেরিবেন্দ্রিয়েভ্যো জ্ঞাননিষ্ঠায়াঃ সংরক্ষণং স্থিতপ্রজ্ঞস্যাসনমিতি ॥ ৬০ ॥

ননু নির্জিতেন্দ্রিয়াণামপ্যাত্মানুভবো ন প্রতীতস্তত্র কোঽভ্যুপায় ইতি চেৎ, তত্রাহ,— তানি সর্ব্বাণি শ্রোত্রাদীনীন্দ্রিয়াণি সংযম্য মৎপরো মন্নিষ্ঠঃ

---

শুষ্কজ্ঞানমার্গী পণ্ডিতগণ জড়োপরতিমার্গ-দ্বারা চিত্তকে রাগরহিত করিবার যত্ন করেন, তথাপি তাঁহাদের অভ্যন্ত ক্ষোভকারী ইন্দ্রিয়সকল মনকে জড়-বিষয়ে সময়ে-সময়ে নিক্ষিপ্ত করে; কিন্তু পরমাত্মরাগমার্গে সেরূপ পতনের আশঙ্কা নাই ॥ ৬০ ॥

অতএব পূর্ব্বোক্ত যুক্তবৈরাগ্যরূপ যোগমার্গস্থিত যে পুরুষ আমার প্রতি শুদ্ধভক্তির উদ্দেশে কর্ম্মযোগ আচরণ করত ইন্দ্রিয়সকলকে যথাস্থানে নিয়মিত করেন, তাঁহার প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬১ ॥



ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে।
সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোঽভিজায়তে ॥৬২॥
ক্রোধাদ্ভবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাদ্‌বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি ॥ ৬৩ ॥

---

সন্ যুক্তঃ কৃতাত্মসমাধিরাসীত তিষ্ঠেত। মদ্ভক্তিপ্রভাবেন সর্ব্বেন্দ্রিয়বিজয়পূর্ব্বিকা স্বাত্মদৃষ্টিঃ সুলভেতি ভাবঃ। এবং স্মরন্তি,—"যথার্চ্চিষ্মানুর্দ্ধশিখঃ কক্ষং দহতি সানিলঃ। তথা চিত্তস্থিতো বিষ্ণুর্যোগিনাং সর্ব্বকিল্বিষম্" ইত্যাদি। বশে হীতি স্পষ্টম্। ইত্থঞ্চ বশীকৃতেন্দ্রিয়তয়াবস্থিতিঃ 'কিমাসীত' ইত্যস্যোত্তরমুক্তম্ ॥ ৬১ ॥

বিজিতেন্দ্রিয়স্যাপি ময্যনিবেশিতমনসঃ পুনরনর্থো দুর্ব্বার ইত্যাহ,—ধ্যায়ত ইতি দ্বাভ্যাম্। বিষয়ান্ শব্দাদীন্ সুখহেতুত্ববুদ্ধ্যা ধ্যায়তঃ পুনঃ পুনশ্চিন্তয়তো যোগিনস্তেষু সঙ্গ আসক্তির্ভবতি; সঙ্গাদ্ধেতোস্তেষু কামতৃষ্ণা জায়তে; কামাচ্চ কেনচিৎ প্রতিহতাৎ ক্রোধঃ চিত্তজ্বালস্তৎপ্রতিঘাতকো ভবতি ॥ ৬২ ॥

ক্রোধাৎ সংমোহঃ কার্য্যাকার্য্যবিবেকবিজ্ঞানবিলোপঃ; সংমোহাৎ স্মৃতেরিন্দ্রিয়বিজয়াদিপ্রযত্নানুসন্ধের্বিভ্রমো বিভ্রংশ; স্মৃতিভ্রংশাদ্বুদ্ধেরাত্মজ্ঞানার্থকস্যাধ্যবসায়স্য নাশঃ; বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি পুনর্বিষয়ভোগনিমগ্নো

---

পক্ষান্তরে, ভক্তিশূন্য বৈরাগ্যযোগের অনর্থ আলোচনা কর। বৈরাগ্যচেষ্টা করিতে করিতেও যে সময় বিষয়ধ্যান উপস্থিত হয়, তখন ক্রমশঃ বিষয়ে সঙ্গ অর্থাৎ স্পৃহা জন্মে, সঙ্গ হইতে কাম উৎপন্ন হয় এবং কাম হইতে ক্রোধ আসিয়া উপস্থিত হয় ॥ ৬২ ॥

ক্রোধ হইতে মোহ; মোহ হইতে স্মৃতিবিভ্রম স্মৃতিবিভ্রম হইতে বুদ্ধিনাশ এবং বুদ্ধিনাশ হইতে সর্ব্বনাশ উপস্থিত হয়। ফল্গুবৈরাগ্যযোগের অনেক-স্থলেই এইরূপ গতি; অতএব ঐ যোগ সর্ব্ববিঘ্নযুক্ত ॥৬৩॥

**রাগদ্বেষবিমুক্তৈস্তু বিষয়ানিন্দ্রিয়ৈশ্চরন্।**
**আত্মবশ্যৈর্বিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি ॥ ৬৪ ॥**

**প্রসাদে সর্ব্বদুঃখানাং হানিরস্যোপজায়তে।**
**প্রসন্নচেতসো হ্যাশু বুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে ॥ ৬৫ ॥**

**নাস্তি বুদ্ধিরযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা।**
**ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখম্ ॥ ৬৬ ॥**

---

ভবতি সংসরতীত্যর্থঃ—মদনাশ্রয়ণাদ্দুর্ব্বলং মনস্তানি স্ববিষয়ৈর্যোজয়ন্তীতি ভাবঃ। তথা চ মনোবিজিগীষুণা মদুপাসনং বিধেয়ম্ ॥ ৬৩ ॥

মনসি নির্জিতে শ্রোত্রাদিনির্জয়াভাবোঽপি ন দোষ ইতি ব্রুবন্ 'ব্রজেত কিম' ইত্যস্যোত্তরমাহ,—রাগেত্যাদিভিরষ্টভিঃ। বিজিত-বহিরিন্দ্রিয়োঽপি মদনর্পিতমনাঃ পরমার্থাদ্বিচ্যুত ইত্যুক্তম্। যো বিধেয়াত্মা স্বাধীনমনা মদর্পিতমনাস্তত এব নির্দগ্ধরাগাদিমনোমলঃ স স্বাত্মবশ্যৈর্মনোঽধীনৈরতএব রাগদ্বেষাভ্যাং বিযুক্তৈরিন্দ্রিয়ৈঃ শ্রোত্রাদ্যৈর্বিষয়ান্ নিষিদ্ধান্ শব্দাদীংশ্চরন্ ভুঞ্জানোঽপি প্রসাদং বিষয়াসক্ত্যাদিমলানাগমাদ্বিমলমনস্তমধিগচ্ছতি প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৬৪ ॥

---

যুক্তবৈরাগ্য অবলম্বন করিয়া রাগ-দ্বেষ ত্যাগপূর্ব্বক আত্মাধীন ইন্দ্রিয়-দিগকে যথাযোগ্য সমস্ত জড়বিষয়ে চালিত করিয়াও বিধেয়াত্ম-পুরুষ অর্থাৎ স্বতন্ত্র ব্যক্তি চিত্তপ্রসাদ লাভ করেন ॥ ৬৪ ॥

চিত্তপ্রসাদ উপস্থিত হইলে সমস্ত দুঃখের হানি হয় এবং প্রসন্নচিত্ত পুরুষের বুদ্ধি সর্ব্বতোভাবে শীঘ্রই স্বীয় অভীষ্টের প্রতি স্থিরা হয় ॥ ৬৫ ॥

যিনি যোগযুক্ত ন'ন, তাঁহার রসভাবনা সম্ভব নয়; পরম-রস-ভাবনা ব্যতীত জড়রস হইতে শান্তি হইতে পারে না; শান্ত না হইলে আত্মানন্দ-রূপ পরম সুখ কিরূপে হয়? ৬৬ ॥



**ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোঽনুবিধীয়তে।**
**তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্নাবমিবাম্ভসি ॥ ৬৭ ॥**
**তস্মাদ্যস্য মহাবাহো নিগৃহীতানি সর্ব্বশঃ।**
**ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬৮ ॥**

---

প্রসাদে সতি কিং স্যাদিত্যাহ,—অস্য যোগিনো মনঃপ্রসাদে সতি সর্ব্বেষাং প্রকৃতিসংসর্গকৃতানাং দুঃখানাং হানিরুপজায়তে। প্রসন্নচেতসঃ স্বাত্মযাথাত্ম্যবিষয়া বুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে স্থিরা ভবতি ॥ ৬৫ ॥

পূর্ব্বোক্তমর্থঃ ব্যতিরেকমুখেনাহ,—অযুক্তস্যাযোগিনো মদনিবেশিতমনসো বুদ্ধিরুক্তলক্ষণা নাস্তি ন ভবতি; অতএব তস্য ভাবনা তাদৃগাত্মচিন্তাপি নাস্তি। তাদৃশমাত্মানমভাবয়তঃ শান্তির্বিষয়তৃষ্ণানিবৃত্তির্নাস্তি। অশান্তস্য তৎতৃষ্ণাকুলস্য সুখং স্বপ্রকাশানন্দাত্মানুভবলক্ষণং কুতঃ স্যাৎ? ৬৬ ॥

মন্নিবেশিতমনস্কতয়েন্দ্রিয়নিয়মনাভাবে দোষমাহ,—ইন্দ্রিয়াণামিতি। বিষয়েষু চরতামবিজিতানামিন্দ্রিয়াণাং মধ্যে যদেকং শ্রোত্রং বা চক্ষুর্বানু-লক্ষ্যীকৃত্য মনো বিধীয়তে প্রবর্ত্ত্যতে, তদেকমেবেন্দ্রিয়ং মনসানুগতমস্য প্রবর্ত্তকস্য প্রজ্ঞাং বিবিক্তাত্মবিষয়াং হরত্যপনয়তি, মনসস্তদ্বিষয়াকৃষ্টত্বাৎ। কিং পুনঃ সর্ব্বাণি তানীতি, প্রতিকূলো বায়ুর্যথাম্ভসি নীয়মানাং নাবং তদ্বৎ ॥ ৬৭ ॥

তস্মাদিতি। যস্য মন্নিষ্ঠমনসঃ প্রতিষ্ঠিতাত্মনিষ্ঠা ভবতি। হে মহা-বাহো ইতি। যথা রিপূন্নিগৃহ্লাসি, তথেন্দ্রিয়াণি নিগৃহাণেত্যর্থঃ। এভিঃ

---

প্রতিকূল বায়ু জলের উপর নৌকাকে যেরূপ অস্থির করে, সেইরূপ ইন্দ্রিয়দিগের মধ্যে যে ইন্দ্রিয়ের অনুবর্ত্তী হইয়া অযুক্ত ব্যক্তির মন বিচরণ করে, সেই এক ইন্দ্রিয়ই তাহার প্রজ্ঞাকে হরণ করে ॥ ৬৭ ॥

অতএব, হে মহাবাহো! যাঁহার ইন্দ্রিয় সমস্ত-ইন্দ্রিয়ার্থ হইতে যুক্তবৈরাগ্য-দ্বারা নিগৃহীত হইয়াছে, তাঁহারই প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬৮ ॥

**যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী।**
**যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ ॥৬৯॥**

---

শ্লোকৈর্ভগবন্নির্দিষ্টতয়েন্দ্রিয়বিজয়ঃ স্থিতপ্রজ্ঞস্য সিদ্ধস্য স্বাভাবিকঃ। সাধকস্য তু সাধনভূত ইতি বোধ্যম্ ॥ ৬৮ ॥

সাধকাবস্থস্য স্থিতপ্রজ্ঞস্যেন্দ্রিয়সংযমঃ প্রযত্নসাধ্য ইত্যুক্তম্। সিদ্ধাবস্থস্য তু তস্য তন্নিয়মঃ স্বাভাবিক ইত্যাহ,—যা নিশেতি। বিবিক্তাত্মনিষ্ঠা বিষয়নিষ্ঠা চেতি বুদ্ধির্দ্বিবিধা। যাত্মনিষ্ঠা বুদ্ধিঃ সর্ব্বভূতানাং নিশারূপকেণোপমাত্র ব্যজ্যতে রাত্রিতুল্যা তদ্বদপ্রকাশিকা,—রাত্রাবিবাত্মনিষ্ঠায়াং বুদ্ধৌ স্বপন্তৌ জনাস্তল্লভ্যমাত্মানং সর্ব্বে নানুভবন্তীত্যর্থঃ। সংযমী জিতেন্দ্রিয়স্তু তস্যাং জাগর্ত্তি, ন তু স্বপিতি,—তয়া লভ্যমাত্মানমনুভবতীত্যর্থঃ। যস্যাং বিষয়নিষ্ঠায়াং বুদ্ধৌ ভূতানি জাগ্রতি বিষয়ভোগাননুভবন্তি ন তু তত্র স্বপন্তি, সা মুনেঃ স্থিতপ্রজ্ঞস্য নিশা,—তস্য বিষয়ভোগাপ্রকাশিকেত্যর্থঃ। কীদৃশস্যেত্যাহ,—পশ্যত ইতি। আত্মানং সাক্ষাদনুভবতঃ প্রারব্ধাকৃষ্টান্ বিষয়ানপ্যৌদাসীন্যেন ভুঞ্জানস্য চেত্যর্থঃ। নর্ত্তকীমূর্দ্ধঘটাবধান-ন্যায়েনাত্মদৃষ্টের্ন তদন্যরসগ্রহ ইতি ভাবঃ ॥ ৬৯ ॥

---

হে অর্জ্জুন! বুদ্ধি—দুই প্রকার অর্থাৎ আত্মপ্রবণা ও বিষয়প্রবণা। আত্মপ্রবণা বুদ্ধি—সর্ব্বভূতের অর্থাৎ জড়মুগ্ধ সাধারণ-জীবের পক্ষে রাত্রিবিশেষ; জড়মুগ্ধ জীবসকল ঐ রাত্রিতে নিদ্রিত থাকায় তাহারা আত্মজ্ঞান লাভ করিতে পারে না! কিন্তু স্থিতপ্রজ্ঞ সংযমী সেই রাত্রিতে জাগরূক থাকিয়া আত্মবুদ্ধিনিষ্ঠ আনন্দকে সাক্ষাৎ অনুভব করেন। পক্ষান্তরে বিষয়প্রবণা বুদ্ধিতে জড়মুগ্ধ জীব জাগ্রত থাকিয়া তন্নিষ্ঠবিষয়-শোকমোহাদি অনুভব করে। কিন্তু তাহাই স্থিতপ্রজ্ঞ মুনির সম্বন্ধে রাত্রিবিশেষ। তিনি তাহাতে সংসারি-লোকের সুখ-দুঃখ-প্রদ প্রারব্ধাকৃষ্ট বিষয়সকল ঔদাসীন্যভাবে ও যথোচিত নির্লেপভাবে স্বীকার করেন ॥ ৬৯ ॥



**আপূর্য্যমাণমচলপ্রতিষ্ঠং**
**সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ।**
**তদ্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে**
**স শান্তিমাপ্নোতি ন কামকামী ॥ ৭০ ॥**
**বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিস্পৃহঃ।**
**নির্ম্মমো নিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি ॥ ৭১ ॥**

---

উক্তং ভাবং স্ফুটয়ন্নাহ,—আপূর্য্যেতি। স্বরূপেণৈবাপূর্য্যমাণং তথাপ্যচলপ্রতিষ্ঠমনুল্লঙ্ঘিতবেলং সমুদ্রং যথাপোঽন্যা বর্ষোদ্ভবাঃ নদ্যঃ প্রবিশন্তি, ন তু তত্র কঞ্চিদ্বিশেষং শক্নুবন্তি কর্ত্তুম্, তদ্বৎ সর্ব্বে কামাঃ প্রারব্ধাকৃষ্টা বিষয়া যং প্রবিশন্তি, ন তু বিকর্ত্তুং প্রভবন্তি, স শান্তিমাপ্নোতি। শব্দাদিষু তদিন্দ্রিয়গোচরেষ্বপি সৎস্বাত্মানন্দানুভবতৃপ্তৈস্তৈর্বিকারলেশমপ্যবিন্দন্ স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ। যঃ কামকামী বিষয়লিপ্সুঃ,স তু কুলক্ষণাং শান্তিং নাপ্নোতি ॥ ৭০ ॥

বিহায়েতি। প্রাপ্তানপি কামান্ বিষয়ান্ সর্ব্বান্ বিহায় শরীরোপজীবনমাত্রেঽপি নির্ম্মমো মমতাশূন্য নিরহঙ্কারোঽনাত্মনি শরীরে আত্মাভিমানশূন্যশ্চরতি তদুপজীবনমাত্রং ভক্ষয়তি, যত্র ক্বাপি গচ্ছতি বা, স শান্তিং লভত ইতি 'ব্রজেত কিম্'ইত্যস্যোত্তরম্ ॥ ৭১ ॥

---

কামকামী কখনই শান্তি লাভ করে না। অন্যান্য জল যেরূপ আপূর্য্যমাণ সমুদ্রেতে প্রবেশ করিয়াও তাহাকে ক্ষোভিত করিতে পারে না, সেইরূপ কামসকল স্থিতপ্রজ্ঞে প্রবিষ্ট হইয়াও তাঁহার ক্ষোভ জন্মাইতে পারে না; অতএব তিনিই শান্তি লাভ করেন ॥ ৭০ ॥

কামসকল পরিত্যাগ পূর্ব্বক যিনি সমস্ত-বিষয়ে নিস্পৃহ হইয়া নিরহঙ্কার ও মমতাশূন্যভাবে বিচরণ করেন, তিনিই শান্তি লাভ করেন ॥ ৭১ ॥

যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী।
যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ ॥৬৯॥

---

শ্লোকৈর্ভগবন্নিবিষ্টতয়েন্দ্রিয়বিজয়ঃ স্থিতপ্রজ্ঞস্য সিদ্ধস্য স্বাভাবিকঃ। সাধকস্য তু সাধনভূত ইতি বোধ্যম্ ॥ ৬৮ ॥

সাধকাবস্থস্য স্থিতপ্রজ্ঞস্যেন্দ্রিয়সংযমঃ প্রযত্নসাধ্য ইত্যুক্তম্। সিদ্ধাবস্থস্য তু তস্য তন্নিয়মঃ স্বাভাবিক ইত্যাহ,—যা নিশেতি। বিবিক্তাত্মনিষ্ঠা বিষয়নিষ্ঠা চেতি বুদ্ধির্দ্বিবিধা। যাত্মনিষ্ঠা বুদ্ধিঃ সর্ব্বভূতানাং নিশারূপকেণোপমাত্র ব্যজ্যতে রাত্রিতুল্যা তদ্বদপ্রকাশিকা,—রাত্রাবিবাত্মনিষ্ঠায়াং বুদ্ধৌ স্বপন্তৌ জনাস্তল্লভ্যমাত্মানং সর্ব্বে নানুভবন্তীত্যর্থঃ। সংযমী জিতেন্দ্রিয়স্তু তস্যাং জাগর্ত্তি, ন তু স্বপিতি,—তয়া লভ্যমাত্মানমনুভবতীত্যর্থঃ। যস্যাং বিষয়নিষ্ঠায়াং বুদ্ধৌ ভূতানি জাগ্রতি বিষয়ভোগাননুভবন্তি ন তু তত্র স্বপন্তি, সা মুনেঃ স্থিতপ্রজ্ঞস্য নিশা,—তস্য বিষয়ভোগাপ্রকাশিকেত্যর্থঃ। কীদৃশস্যেত্যাহ,—পশ্যত ইতি। আত্মানং সাক্ষাদনুভবতঃ প্রারব্ধাকৃষ্টান্ বিষয়ানপ্যৌদাসীন্যেন ভুঞ্জানস্য চেত্যর্থঃ। নর্ত্তকীমূর্দ্ধঘটাবধান-ন্যায়েনাত্মদৃষ্টের্ন তদন্যরসগ্রহ ইতি ভাবঃ ॥ ৬৯ ॥

---

হে অর্জ্জুন! বুদ্ধি—দুই প্রকার অর্থাৎ আত্মপ্রবণা ও বিষয়প্রবণা। আত্মপ্রবণা বুদ্ধি—সর্ব্বভূতের অর্থাৎ জড়মুগ্ধ সাধারণ-জীবের পক্ষে রাত্রিবিশেষ; জড়মুগ্ধ জীবসকল ঐ রাত্রিতে নিদ্রিত থাকায় তাহারা আত্মজ্ঞান লাভ করিতে পারে না! কিন্তু স্থিতপ্রজ্ঞ সংযমী সেই রাত্রিতে জাগরূক থাকিয়া আত্মবুদ্ধিনিষ্ঠ আনন্দকে সাক্ষাৎ অনুভব করেন। পক্ষান্তরে বিষয়প্রবণা বুদ্ধিতে জড়মুগ্ধ জীব জাগ্রত থাকিয়া তন্নিষ্ঠবিষয়-শোকমোহাদি অনুভব করে। কিন্তু তাহাই স্থিতপ্রজ্ঞ মুনির সম্বন্ধে রাত্রিবিশেষ। তিনি তাহাতে সংসারি-লোকের সুখ-দুঃখ-প্রদ প্রারব্ধাকৃষ্ট বিষয়সকল ঔদাসীন্যভাবে ও যথোচিত নির্লেপভাবে স্বীকার করেন ॥ ৬৯ ॥



আপূর্য্যমাণমচলপ্রতিষ্ঠং
সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ।
তদ্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে
স শান্তিমাপ্নোতি ন কামকামী ॥ ৭০ ॥
বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিস্পৃহঃ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি ॥ ৭১ ॥

---

উক্তং ভাবং স্ফুটয়ন্নাহ,—আপূর্য্যেতি। স্বরূপেণৈবাপূর্য্যমাণং তথাপ্যচলপ্রতিষ্ঠমনুল্লঙ্ঘিতবেলং সমুদ্রং যথাপোঽন্যা বর্ষোদ্ভবাঃ নদ্যঃ প্রবিশন্তি, ন তু তত্র কঞ্চিদ্বিশেষং শক্নুবন্তি কর্ত্তুম্, তদ্বৎ সর্ব্বে কামাঃ প্রারব্ধাকৃষ্টা বিষয়া যং প্রবিশন্তি, ন তু বিকর্ত্তুং প্রভবন্তি, স শান্তিমাপ্নোতি। শব্দাদিষু তদিন্দ্রিয়গোচরেষ্বপি সৎস্বাত্মানন্দানুভবতৃপ্তত্বৈর্বিকারলেশমপ্যবিন্দন্ স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ। যঃ কামকামী বিষয়লিপ্সুঃ, স তৃষ্ণালক্ষণাং শান্তিং নাপ্নোতি ॥ ৭০ ॥

বিহায়েতি। প্রাপ্তানপি কামান্ বিষয়ান্ সর্ব্বান্ বিহায় শরীরোপজীবনমাত্রেঽপি নির্ম্মমো মমতাশূন্য নিরহঙ্কারোঽনাত্মনি শরীরে আত্মাভিমানশূন্যশ্চরতি তদুপজীবনমাত্রং ভক্ষয়তি, যত্র ক্বাপি গচ্ছতি বা, স শান্তিং লভত ইতি 'ব্রজেত কিম্'ইত্যস্যোত্তরম্ ॥ ৭১ ॥

---

কামকামী কখনই শান্তি লাভ করে না। অন্যান্য জল যেরূপ আপূর্য্যমাণ সমুদ্রেতে প্রবেশ করিয়াও তাহাকে ক্ষোভিত করিতে পারে না, সেইরূপ কামসকল স্থিতপ্রজ্ঞে প্রবিষ্ট হইয়াও তাঁহার ক্ষোভ জন্মাইতে পারে না; অতএব তিনিই শান্তি লাভ করেন ॥ ৭০ ॥

কামসকল পরিত্যাগ পূর্ব্বক যিনি সমস্ত-বিষয়ে নিস্পৃহ হইয়া নিরহঙ্কার ও মমতাশূন্যভাবে বিচরণ করেন, তিনিই শান্তি লাভ করেন ॥ ৭১ ॥

**এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহ্যতি।**
**স্থিত্বাস্যামন্তকালেঽপি ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি ॥ ৭২ ॥**

ইতি শ্রীমহাভারতে ……শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু……সাংখ্য
যোগো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ।

স্থিতপ্রজ্ঞতাং স্তৌতি,—এষেতি। ব্রাহ্মী ব্রহ্মপ্রাপিকা। অন্তকালে চরমে বয়সি কিং পুনরাকৌমারম্? ব্রহ্ম ঋচ্ছতি লভতে; নির্ব্বাণময়ৃতরূপং তৎপ্রদমিত্যর্থঃ। নন্বু তস্যাং স্থিতঃ কথং ব্রহ্ম প্রাপ্নোতি, তৎপ্রাপ্তেস্তদ্ভক্তিহেতুকত্বাৎ ইতি চেদুচ্যতে? তস্যাস্তদ্ভক্তিহেতুকত্বাত্তদ্ভক্তিহেতুত্বাচ্চ তৎপ্রাপকত্বেতি ॥ ৭২ ॥

নিষ্কামকর্ম্মভিজ্জ্ঞানী হরিমেব স্মরন্ ভবেৎ।
অন্যথা বিঘ্ন এবেতি দ্বিতীয়োঽধ্যায়নির্ণয়ঃ ॥

**ইতি শ্রীমদ্ভগবদ্গীতোপনিষদ্ভাষ্যে দ্বিতীয়োঽধ্যায়ঃ।**

এই প্রকার ব্রহ্মপ্রাপিকা স্থিতিকেই 'ব্রাহ্মী স্থিতি' বলে। হে পার্থ! যিনি ঐ স্থিতি লাভ করেন, তিনি মোহ প্রাপ্ত হন না। খট্বাঙ্গ রাজার ন্যায় অন্তকালে ঐ স্থিতি লাভ করিলেও ব্রহ্মনির্ব্বাণ লব্ধ হয়। ব্রহ্মপ্রাপক জড়মুক্তিকে 'ব্রহ্মনির্ব্বাণ' বলে; জড়ের বিলক্ষণ তত্ত্বের নাম 'ব্রহ্ম'; সেই তত্ত্বে অবস্থিত হইলে 'অপ্রাকৃত রস' লাভ হয় ॥ ৭২ ॥

এই অধ্যায়কে 'গীতাসূত্র' বলা যায়; যেহেতু ইহাতে বিস্পষ্টরূপে কর্ম্ম ও জ্ঞান এবং অস্পষ্টরূপে তদুদ্দিষ্ট ভক্তি উক্ত হইয়াছে। ১০ম শ্লোক-পর্য্যন্ত প্রশ্নকর্ত্তার স্বভাবপরিচয়, ১১ শ্লোক হইতে ৩০ শ্লোক-পর্য্যন্ত আত্মানাত্মবিবেক, ৩১ শ্লোক হইতে ৩৮ শ্লোক-পর্য্যন্ত স্বধর্ম্মরূপ কর্ম্মান্তর্গত পাপ-পুণ্য-বিচার এবং ৩৯ শ্লোক হইতে অধ্যায়সমাপ্তি-পর্য্যন্ত পূর্ব্বোক্ত জ্ঞান ও কর্ম্মের সংযোজকরূপ আত্মযাথাত্ম্যসাধক নিষ্কামকর্ম্ম-যোগ এবং সেই যোগস্থিত পুরুষের জীবন ও আচার প্রদর্শিত হইয়াছে।

**দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।**

# তৃতীয়োঽধ্যায়ঃ

**অর্জ্জুন উবাচ,—**

**জ্যায়সী চেৎ কর্ম্মণস্তে মতা বুদ্ধির্জনার্দ্দন।**
**তৎ কিং কর্ম্মণি ঘোরে মাং নিযোজয়সি কেশব ॥ ১ ॥**

তৃতীয়ে কর্ম্ম নিষ্কামং বিস্তরেণোপবর্ণিতম্।
কামাদের্বিজয়োপায়ো দুর্জয়স্যাপি দর্শিতঃ ॥

পূর্ব্বত্র কৃপালুঃ পার্থসারথিরজ্ঞানকর্দ্দমনিমগ্নং জগৎ স্বাত্মজ্ঞানোপাসনোপদেশেন সমুদ্দিধীর্ষুস্তদঙ্গভূতাং জীবাত্মযাথাত্ম্যবুদ্ধিমুপদিশ্য তদুপায়তয়া নিষ্কামকর্ম্মবুদ্ধিমুপদিষ্টবান্। অয়মেবার্থো বিনিশ্চয়ায় চতুর্ভিরধ্যায়ৈর্বিধান্তরৈর্বর্ণ্যতে। তত্র কর্ম্মবুদ্ধিনিষ্পাদ্যত্বাজ্জীবাত্মবুদ্ধেঃ শ্রৈষ্ঠ্যং স্থিতম্। তত্রার্জ্জুনঃ পৃচ্ছতি,—জ্যায়সীতি। কর্ম্মণো নিষ্কামাদপি চেত্তব তৎসাধ্যত্বাৎ জীবাত্মবুদ্ধির্জ্যায়সী শ্রেষ্ঠা মতা, তর্হি তৎসিদ্ধয়ে মাং ঘোরে হিংসাত্মনেকায়াসে কর্ম্মণি কিং নিযোজয়সি তস্মাদ্যুদ্ধস্বেত্যাদিনা কথং প্রেরয়সি? আত্মানুভবহেতুভূতা খলু সা বুদ্ধিনিখিলেন্দ্রিয়ব্যাপারবিরতিসাধ্যা তদর্থং তৎস্বজাতীয়াঃ শমাদয় এব যুজ্যেরন্ন তু সর্ব্বেন্দ্রিয়ব্যাপাররূপাণি তদ্বিজাতীয়ানি কর্ম্মাণীতিভাবঃ। হে জনার্দ্দন শ্রেয়োঽর্থিজন-

হে জনার্দ্দন! হে কেশব! কর্ম্ম অপেক্ষা ব্যবসায়াত্মিকা গুণাতীতা বুদ্ধি যদি তোমার মতে শ্রেষ্ঠ হয়, তবে সেই বুদ্ধি-প্রাপ্তির জন্য আমাকে ঘোরযুদ্ধরূপ কর্ম্মে কেন নিযুক্ত হইবার অনুমতি প্রদান করিতেছ? ১ ॥

ব্যামিশ্রেণৈব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মে।
তদেকং বদ নিশ্চিত্য যেন শ্রেয়োঽহমাপ্নুয়াম্ ॥ ২ ॥

শ্রীভগবানুবাচ,—

লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ানঘ।
জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্ ॥ ৩ ॥

---

যাচনীয়, হে কেশব বিধিরুদ্রবশকারিন্!—"ক ইতি ব্রহ্মণো নাম ঈশোঽহং সর্ব্বদেহিনাম্। আবাং তবাঙ্গসম্ভূতৌ তস্মাৎ কেশবনামভাক্"

---

তুমি যে-সকল উপদেশ প্রদান করিলে, তাহা শ্রবণ করিবা-মাত্র পরস্পর অমিলিতার্থ-বোধক বলিয়া বোধ হয়। কোন স্থলে তুমি আত্ম-যাথাত্ম্যসাধক জ্ঞানের উপদেশ করিলে, এবং স্থানান্তরে আমার কর্ম্মাধিকার প্রকাশ করত আমাকে কর্ম্মানুষ্ঠানের অনুজ্ঞা করিলে। এই দুইটির মধ্যে কোন্‌টি আমার পক্ষে শ্রেয়ঃ, তাহা নিশ্চয় করিয়া বল ॥ ২ ॥

ভগবান্ কহিলেন,—আমি যাহা পূর্ব্বাধ্যায়ে বলিয়াছি, তাহাতে আমার এরূপ উপদেশ নয় যে, সাংখ্যযোগ ও কর্ম্মযোগ পরস্পর নিরপেক্ষ মোক্ষসাধনোপায়; আত্মযাথাত্ম্য যোগ ব্যতীত মোক্ষসাধনোপায় আর কিছুই নয়। আত্মযাথাত্ম্যযোগ-সাধনবিষয়ে নিষ্ঠা দুই প্রকার। যে-সকল ব্যক্তি শুদ্ধান্তঃকরণ, তাঁহারা জ্ঞানভূমিতে অধিরূঢ়; তাঁহাদের সাংখ্যজ্ঞান-যোগাশ্রয়ী নিষ্ঠা। অন্তঃকরণ শুদ্ধ করিবার জন্য যে কর্ম্মযোগ-নিষ্ঠা, তাহা তাঁহাদের আদরণীয় নয়। তাঁহারা সাংখ্যযোগনিষ্ঠা-দ্বারাই আত্মযাথাত্ম্য-যোগে অধিরূঢ় হন। যাহাদের অন্তঃকরণ শুদ্ধ হয় নাই, তাহারা নিষ্কাম-কর্ম্মযোগ-দ্বারা জ্ঞানভূমিতে আরোহণপূর্ব্বক অবশেষে আত্মযাথাত্ম্যরূপ মোক্ষ লাভ করে। বস্তুতঃ সেই ভূমি লাভ করিবার যে সোপান, তাহা একই মাত্র; আরোহীদিগের অবস্থা-ক্রমে একই নিষ্ঠা দুই প্রকার হয় ॥ ৩ ॥



ন কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে।
ন চ সন্ন্যসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি ॥ ৪ ॥

---

ইতি হরিবংশে কৃষ্ণং প্রতি রুদ্রোক্তেঃ;—দুর্লভ্যাজ্ঞস্ত্বং শ্রেয়োঽর্থিনা ময়াভ্যর্থিতো মম শ্রেয়ো নিশ্চিত্য ব্রূহীতি ভাবঃ ॥ ১ ॥

ব্যামিশ্রেণেতি। সাংখ্যবুদ্ধিযোগবুদ্ধ্যোরিন্দ্রিয়নিবৃত্তিরূপয়োঃ সাধ্য-সাধকত্বাবরোধি যদ্বাক্যং তদ্ব্যামিশ্রমুচ্যতে। তেন মে বুদ্ধিং মোহয়সীব। বস্তুতস্তু সর্ব্বেশ্বরস্য মৎসখস্য চ তে মন্মোহকতা নাস্ত্যেব। মদ্বুদ্ধিদোষাদেবং প্রত্যেম্যহমিতীবশব্দার্থঃ। তত্তস্মাদেকমব্যামিশ্রং বাক্যং বদ,—"ন কর্ম্মণা ন প্রজয়া ধনেন ত্যাগেনৈকেনামৃতত্বমানশুর্নাত্যাকৃতঃ কৃতেন" ইতি শ্রুতিবৎ। যেনাহমনুষ্ঠেয়ং নিশ্চিত্যাত্মানঃ শ্রেয়ঃ প্রাপ্নুয়াম্ ॥ ২ ॥

এবং পৃষ্টো ভগবানুবাচ,—লোকেঽস্মিন্নিতি। হে অনঘ, নির্ম্মলবুদ্ধে পার্থ, জ্যায়সী চেদিতি কর্ম্মবুদ্ধিসাংখ্যবুদ্ধ্যোর্গুণপ্রধানভাবং জানন্নপি তমস্তেজসোরিব বিরুদ্ধয়োস্তয়োঃ কথমেকাধিকারিকত্বমিতি শঙ্কয়া প্রেরিতঃ পৃচ্ছসীতি ভাবঃ। অস্মিন্ মুমুক্ষুতয়াভিমতে শুদ্ধাশুদ্ধচিত্ততয়া দ্বিবিধে লোকে জনে দ্বিবিধা নিষ্ঠা স্থিতির্ময়া সর্ব্বেশ্বরেণ পুরা পূর্ব্বাধ্যায়ে প্রোক্তা। নিষ্ঠেত্যেকবচনেন একাত্মোদ্দেশ্যত্বাদেকৈব নিষ্ঠা সাধ্যসাধন-দশাদ্বয়ভেদেন দ্বিপ্রকারা, ন তু দ্বে নিষ্ঠে ইতি সূচ্যতে। এবমেবাগ্রে বক্ষ্যতি,—'একং সাংখ্যঞ্চ যোগঞ্চ' ইত্যাদি। তাং নিষ্ঠাং দ্বৈবিধ্যেন দর্শয়তি,—জ্ঞানেতি। সাংখ্যজ্ঞানং "অহং আত্মচ্"। তদ্বতাং জ্ঞানিনাং জ্ঞানযোগেন নিষ্ঠা স্থিতিরুক্তা "প্রজহাতি যদা কামান্" ইত্যাদিনা; জ্ঞানমেব যোগো,—যুজ্যতে আত্মনানেতি ব্যুৎপত্তেঃ। যোগিনাং

---

বিহিত কর্ম্ম অনুষ্ঠান না করিলে নৈষ্কর্ম্ম্য অর্থাৎ জ্ঞাননিষ্ঠা হয় না; বিহিত কর্ম্ম ত্যাগ করিলে অশুদ্ধচিত্ত পুরুষ সিদ্ধি লাভ করিতে পারে না ॥ ৪ ॥

**ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ।**
**কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ ॥ ৫ ॥**
**কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য য আস্তে মনসা স্মরন্।**
**ইন্দ্রিয়ার্থান্ বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ স উচ্যতে ॥ ৬ ॥**

---

নিষ্কামকর্ম্মবতাং কর্ম্মযোগেন নিষ্ঠা স্থিতিরুক্তা "কর্ম্মণ্যেবাধিকারস্তে" ইত্যাদিনা; কর্ম্মৈব যোগো,—যুজ্যতে জ্ঞানগর্ভয়া চিত্তশুদ্ধ্যাঽনেনেতি-ব্যুৎপত্তেঃ। এতদুক্তং ভবতি,—ন খলু মুমুক্ষুর্জনস্তদৈব শমাদ্যঙ্গিকাং জ্ঞাননিষ্ঠাং লভতে। কিন্তু সাচারেণ কর্ম্মযোগেন চিত্তমালিন্যং নির্ধূয়ৈবেত্যেতদেব ময়া প্রাগভাণি "এষা তেঽভিহিতা সাংখ্য" ইত্যাদিনা। ততো ন কিঞ্চিদ্ব্যামিশ্রণমস্তি ॥ ৩ ॥

অতোঽশুদ্ধচিত্তেন চিত্তশুদ্ধেঃ স্ববিহিতানি কর্ম্মাণ্যেবানুষ্ঠেয়ানী-ত্যাহ,—কর্ম্মণামিত্যাদিভিস্ত্রয়োদশভিঃ। কর্ম্মণাং "তমেতম্"ইতিবাক্যেন জ্ঞানাঙ্গতয়া বিহিতানামনারম্ভাদননুষ্ঠানাদবিশুদ্ধচিত্তঃ পুরুষো নৈষ্কর্ম্ম্যং নিখিলেন্দ্রিয়ব্যাপাররূপকর্ম্মবিরতিং জ্ঞাননিষ্ঠামিতি যাবৎ নাশ্নুতে ন লভতে; ন চ স তেষাং কর্ম্মণাং সন্ন্যাসনাৎ পরিত্যাগাৎ সিদ্ধিং মুক্তিং সমধিগচ্ছতি ॥ ৪ ॥

---

অশুদ্ধচিত্ত পুরুষ শাস্ত্রীয়-কর্ম্ম ত্যাগ করিয়াও প্রকৃতিসিদ্ধ গুণ-দ্বারা উত্তেজিত হইয়া অস্বতন্ত্ররূপে ব্যবহারিক কর্ম্মসকল করিতে থাকে; অতএব তাহাদের পক্ষে শাস্ত্রনির্দ্দিষ্ট চিত্তশোধক কর্ম্ম ত্যাগ করা কর্ত্তব্য নয় ॥ ৫ ॥

চিত্ত যাহার শোধিত হয় নাই, তাহার কর্ম্মেন্দ্রিয় সংযম করিলে কি হইবে? সেই ব্যক্তি কর্ম্মেন্দ্রিয়-সমুদয় সংযম করিয়া মনে-মনে ইন্দ্রিয়ার্থের আলোচনা করিতে থাকিবে; অতএব সেই মূঢ়কে 'মিথ্যাচারী' বলা যায় ॥ ৬ ॥



**যস্ত্বিন্দ্রিয়াণি মনসা নিয়ম্যারভতেঽর্জ্জুন।**
**কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মযোগমসক্তঃ স বিশিষ্যতে ॥ ৭ ॥**

**নিয়তং কুরু কর্ম্ম ত্বং কর্ম্ম জ্যায়ো হ্যকর্ম্মণঃ।**
**শরীরযাত্রাপি চ তে ন প্রসিধ্যেদকর্ম্মণঃ ॥ ৮ ॥**

---

অবিশুদ্ধচিত্তঃ কৃতবৈদিক-কর্ম্মসন্ন্যাসো লৌকিকেঽপি কর্ম্মণি নিমজ্জতী-ত্যাহ,—ন হীতি। ননু সন্ন্যাস এব তস্য সর্ব্বকর্ম্মবিরোধীতি চেত্তত্রাহ,—কার্য্যত ইতি। প্রকৃতিজৈঃ স্বভাবোদ্ভবৈর্গুণৈ রাগদ্বেষাদিভিঃ। কার্য্যতে প্রবর্ত্ত্যতে অবশঃ পরাধীনঃ সন্ ॥ ৫ ॥

ননু রাগাদিব্যাপারশূন্যো মুদ্রিতশ্রোত্রাদিঃ কশ্চিৎ কশ্চিদ্‌যদি দৃশ্যতে তত্রাহ,—কর্ম্মেন্দ্রিয়াণীতি। যো যতিঃ কর্ম্মেন্দ্রিয়াণি বাগাদীনি সংযম্য মনসা ধ্যানছদ্মনা ইন্দ্রিয়ার্থান্ শব্দস্পর্শাদীন্ স্মরন্নাস্তে, স বিমূঢ়াত্মা মূর্খো মিথ্যাচারঃ কথ্যতে। স চ নিরুদ্ধরাগাদেরজ্ঞস্য নিষ্কামকর্ম্মানুষ্ঠানেন মনঃশুদ্ধেরনুদয়াৎ শ্রোত্রাদ্যপ্রসারেঽপ্যশুদ্ধত্বান্মনসা তদ্বিষয়াণাং স্মরণাজ্‌জ্ঞানায়োদ্যতস্যাপি তস্য জ্ঞানালাভাৎ মিথ্যাচারো ব্যর্থবাগাদি-নিয়মনক্রিয়ো দাম্ভিক ইত্যর্থঃ ॥ ৬ ॥

---

যিনি মনের দ্বারা ইন্দ্রিয়সকলকে নিয়মিত করিয়া কর্ম্মেন্দ্রিয়-দ্বারা গৃহস্থধর্ম্মে অনাসক্তরূপে কর্ম্মযোগ আরম্ভ করিয়াছেন, তিনি পূর্ব্বোক্ত 'মিথ্যাচারী' অপেক্ষা উৎকৃষ্ট ॥ ৭ ॥

অনধিকারী ব্যক্তির কর্ম্মত্যাগ অপেক্ষা কর্ম্মই শ্রেষ্ঠ। তোমার কর্ম্মত্যাগদ্বারা যখন শরীরযাত্রা-নির্ব্বাহ হয় না, তখন কর্ম্মত্যাগ কিরূপে সম্ভব হয়? অতএব কাম্যকর্ম্ম ত্যাগপূর্ব্বক যুদ্ধ, প্রজাপালন, সন্ধ্যা-উপাসনাদি নিত্যকর্ম্ম করিতে করিতে চিত্ত-শুদ্ধ হইলে জ্ঞানভূমি প্রাপ্ত হইয়া আত্মযাথাত্ম্য লাভ কর ॥ ৮ ॥

যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ।
তদর্থং কর্ম্ম কৌন্তেয় মুক্তসঙ্গঃ সমাচর ॥ ৯ ॥

---

এতদ্বৈপরীত্যেন স্ববিহিতকর্ম্মকর্ত্তা গৃহস্থোঽপি শ্রেষ্ঠ ইত্যাহ,—যস্ত্বিতি। আত্মানুভবপ্রবৃত্তেন মনসেন্দ্রিয়াণি শ্রোত্রাদীনি নিয়ম্যাসক্তঃ ফলাভিলাষশূন্যঃ সন্ যঃ কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মরূপং যোগমুপায়মারভতে অনুতিষ্ঠতি স বিশিষ্যতে;—সম্ভাব্যমানজ্ঞানত্বাৎ পূর্ব্বতঃ শ্রেষ্ঠো ভবতীত্যর্থঃ ॥ ৭ ॥

নিয়তমিতি। তস্মাত্ত্বমবিশুদ্ধচিত্তো নিয়তমাবশ্যকং কর্ম্ম কুরু—চিত্তবিশুদ্ধয়ে নিষ্কামতয়া স্ববিহিতং কর্ম্মাচরেত্যর্থঃ। অকর্ম্মণ ঔৎসুক্যমাত্রেণ সর্ব্বকর্ম্মসংন্যাস-সকাশাৎ কর্ম্মৈব জ্যায়ঃ প্রশস্ততরং,—ক্রম-সোপানন্যায়েন জ্ঞানোৎপাদকত্বাৎ; ঔৎসুক্যমাত্রেণ কর্ম্ম ত্যজতো মলিনে হৃদি জ্ঞানাপ্রকাশাৎ। কিঞ্চাকর্ম্মণঃসংন্যস্তসর্ব্বকর্ম্মণস্তব শরীরযাত্রা দেহ-নির্ব্বাহোঽপি ন সিধ্যেৎ। যাবৎসাধনপূর্ত্তি দেহধারণস্যাবশ্যকত্বাত্তদর্থং জ্ঞানী ভিক্ষাটনাদিকর্ম্মানুতিষ্ঠতি। তচ্চ ক্ষত্রিয়স্য তবানুচিতম্। তস্মাৎ স্ববিহিতেন যুদ্ধপ্রজাপালনাদিকর্ম্মণা শুক্লানি বিত্তান্যুপার্জ্য তৈর্নির্ব্ব্যূঢ়-দেহযাত্রঃ স্বাত্মানমনুসন্ধেহীতি ॥ ৮ ॥

ননু কর্ম্মণি কৃতে বন্ধো ভবেৎ,—"কর্ম্মণা বধ্যতে জন্তুঃ" ইত্যাদিস্মরণা-চ্চেতি চেত্তত্রাহ,—যজ্ঞার্থাদিতি। যজ্ঞঃ পরমেশ্বরঃ,—"যজ্ঞো বৈ বিষ্ণুঃ" ইতিশ্রুতেঃ। তদর্থাত্তত্তোষফলাৎ কর্ম্মণোঽন্যত্র স্বসুখফলককর্ম্মণি ক্রিয়-

---

হরিতোষণার্থ নিষ্কাম-কর্ম্মকে 'যজ্ঞ' বলে। সেই যজ্ঞের উদ্দেশে যে কর্ম্ম করা যায়, তদ্ব্যতীত অন্য যত কর্ম্ম, সে সমুদয়ই 'কর্ম্মবন্ধন' বলিয়া জানিবে। তুমি যজ্ঞার্থ সমুদয় কর্ম্ম আচরণ কর। কামনার উদ্দেশে হরিতোষণার্থ কর্ম্মও বন্ধন-হেতু হয়, অতএব কর্ম্মফলাকাঙ্ক্ষা-রহিত হইয়া ভগবত্তুষ্টির জন্য কর্ম্ম কর ॥ ৯ ॥



সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ।
অনেন প্রসবিষ্যধ্বমেষ বোঽস্ত্বিষ্টকামধুক্ ॥ ১০ ॥
দেবান্ ভাবয়তানেন তে দেবা ভাবয়ন্তু বঃ।
পরস্পরং ভাবয়ন্তঃ শ্রেয়ঃ পরমবাপ্স্যথ ॥ ১১ ॥

---

মাণেঽয়ং লোকঃ প্রাণী কর্ম্মবন্ধনঃ কর্ম্মণা বধ্যতে; তস্মাত্তদর্থং বিষ্ণুতোষার্থং কর্ম্ম সমাচর। হে কৌন্তেয়, মুক্তসঙ্গস্ত্যক্তসুখাভিলাষঃ সন্ ন্যায়োপার্জ্জিতদ্রব্যসিদ্ধেন যজ্ঞাদিনা বিষ্ণুমারাধ্য তচ্ছেষেণ দেহযাত্রাং কুর্ব্বন্ন বধ্যস ইত্যর্থঃ ॥ ৯ ॥

অযজ্ঞশেষেণ দেহযাত্রাং কুর্ব্বতো দোষমাহ,—সহেতি। প্রজাপতিঃ সর্ব্বেশ্বরো বিষ্ণুঃ,—"পতিং বিশ্বস্যাত্মেশ্বরম্"ইত্যাদিশ্রুতেঃ 'ব্রহ্ম প্রজানাং পতিরচ্যুতোঽসৌ" ইত্যাদি স্মরণাচ্চ। পুরা আদিসর্গে সহযজ্ঞা যজ্ঞৈঃ সহিতা দেবমানবাদিরূপাঃ প্রজাঃ সৃষ্ট্বা নামরূপবিভাগশূন্যাঃ প্রকৃতিশক্তিকে স্বস্মিন্ বিলীনাঃ পুরুষার্থাযোগ্যাস্তাস্তৎসম্পাদকনাম-রূপভাজো বিধায় যজ্ঞং তন্নিরূপকং বেদঞ্চ প্রকাশ্যেত্যর্থঃ। তাঃ প্রতীদমুবাচ কারুণিকঃ,—অনেন বেদোক্তেন মদর্পিতেন যজ্ঞেন যূয়ং প্রসবিষ্যধ্বং, প্রসবো বৃদ্ধিঃ স্ববৃদ্ধিং ভজধ্বমিত্যর্থঃ। এষ মদর্পিতো

---

আদি-সর্গে প্রজাপতি যজ্ঞের সহিত প্রজাগণকে সৃষ্টি করিয়া এইরূপ আদেশ করিয়াছেন যে, তোমরা এই যজ্ঞরূপ ধর্ম্মকে আশ্রয় করিয়া উত্তরোত্তর সমৃদ্ধ হও; এই যজ্ঞই তোমাদের সমস্ত ইষ্টকাম অর্থাৎ হৃদ্বিশুদ্ধিরূপ আত্মজ্ঞান ও দেহযাত্রা-দ্বারা মোক্ষপ্রদ হউন ॥ ১০ ॥

এই যজ্ঞ-দ্বারা মদঙ্গভূত ইন্দ্রাদি-দেবতা-সকলকে প্রীত কর; দেবতা-সকল প্রীত হইয়া তোমাদিগকে ইষ্টফল-দানদ্বারা প্রীতি প্রদান করুন। এইরূপ পরস্পর ভাবিত হইয়া পরম-শ্রেয়োরূপ আত্মযাথাত্ম্য লাভ কর ॥ ১১ ॥

**ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ।**
**তৈর্দত্তানপ্রদায়ৈভ্যো যো ভুঙ্‌ক্তে স্তেন এব সঃ ॥ ১২ ॥**
**যজ্ঞশিষ্টাশিনঃ সন্তো মুচ্যন্তে সর্ব্বকিল্বিষৈঃ।**
**ভুঞ্জতে তে ত্বঘং পাপা যে পচন্ত্যাত্মকারণাৎ ॥ ১৩ ॥**

---

যজ্ঞো বো যুষ্মাকমিষ্টকামধুক্ হৃদ্বিশুদ্ধ্যাত্মজ্ঞানদেহযাত্রা-সম্পাদনদ্বারা বাঞ্ছিতমোক্ষপ্রদোঽস্তু ॥ ১০ ॥

ইদঞ্চ প্রজাঃ প্রত্যুক্তং,—অনেন যজ্ঞেন মদঙ্গভূতানিন্দ্রাদীন্ ভাবয়ত তত্তদ্ধবির্দানেন প্রীতান্ যূয়ং কুরুত। তে দেবা বো যুষ্মাংস্তত্তদ্বরদানেন ভাবয়ন্তু প্রীতান্ কুর্ব্বন্তু। ইত্থং শুদ্ধাহারেণ মিথো ভাবিতাস্তে চ যূয়ং পরং মোক্ষলক্ষণং শ্রেয়ঃ প্রাপ্স্যথ। তত্রাহারশুদ্ধির্হি জ্ঞাননিষ্ঠাঙ্গং,—তত্র "আহারশুদ্ধৌ সত্ত্বশুদ্ধিঃ সত্ত্বশুদ্ধৌ ধ্রুবা স্মৃতিঃ স্মৃতিলম্ভে সর্ব্বগ্রন্থীনাং বিপ্রমোক্ষঃ" ইতি শ্রুতেঃ ॥ ১১ ॥

এতদেব বিশদয়ন্ কর্ম্মাননুষ্ঠানে দোষমাহ,—ইষ্টানিতি। পূর্ব্বভাবিত মদঙ্গভূতা দেবা বো যুষ্মভ্যমিষ্টান্মুমুক্ষুকাম্যানুত্তরোত্তরযজ্ঞাপেক্ষান্ ভোগান্ দাস্যন্তি বৃষ্ট্যাদিদ্বারা ব্রীহ্যাদীনুৎপাদ্যেত্যর্থঃ। স্বার্চ্চনার্থং তৈর্দেবৈর্দত্তাং-স্তান্ ভোগানেভ্যঃ পঞ্চযজ্ঞাদিভিরপ্রদায় কেবলাত্মতৃপ্তিকরো যো ভুঙ্‌ক্তে, স স্তেনশ্চৌর এব,—দেবস্বাপহৃত্য তৈরাত্মনঃ পোষাৎ; চৌরো ভূপাদিব স যমাদ্দণ্ডমর্হতি পুমর্থানর্হঃ ॥ ১২ ॥

---

পঞ্চমহাযজ্ঞাদি-দ্বারা সেই দেবতাদিগকে তাঁহাদের দত্ত বৃষ্ট্যাদি-দ্বারা উৎপন্ন অন্নাদি যিনি প্রদান না করিয়া ভোগ করেন, তিনি চৌরস্বরূপ দোষভাক্ হইয়া থাকেন ॥ ১২ ॥

যজ্ঞাবশিষ্ট অন্নাদি যাঁহারা গ্রহণ করেন, তাঁহারা উত্তমজন্য অপরিহার্য্য সমস্ত-পাপ হইতে মুক্ত হন। যাহারা কেবল স্বার্থপর হইয়া অন্নাদি ভোগ করে, সেই পাপিসকল সমস্ত পাপ ভোগ করে ॥ ১৩ ॥



**অন্নাদ্ভবন্তি ভূতানি পর্জ্জন্যাদন্নসম্ভবঃ।**
**যজ্ঞাদ্ভবতি পর্জন্যো যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ ॥ ১৪ ॥**
**কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি ব্রহ্মাক্ষরসমুদ্ভবম্।**
**তস্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্ ॥ ১৫ ॥**

---

যে ইন্দ্রাদ্যঙ্গতয়াবস্থিতং যজ্ঞং সর্ব্বেশ্বরং বিষ্ণুমভ্যর্চ্চ্য তচ্ছেষমশ্নন্তি তেন তদ্দেহযাত্রাং সম্পাদয়ন্তি, তে সন্তঃ সর্ব্বেশ্বরস্য যজ্ঞপুরুষস্য ভক্তাঃ সর্ব্বকিল্বিষৈরনাদি-কালবিবৃদ্ধৈরাত্মানুভব-প্রতিবন্ধকৈর্নিখিলৈঃ পাপৈ-র্বিমুচ্যন্তে। তে তু পাপাঃ পাপগ্রস্তাঃ অঘমেব ভুঞ্জতে। যে তত্তদ্দেবতাঙ্গ-তয়াবস্থিতেন যজ্ঞপুরুষেণ স্বার্চ্চনায় দত্তং ব্রীহ্যাদ্যাত্মকারণাৎ পচন্তি তদ্বিপচ্যাত্মপোষণং কুর্ব্বন্তীত্যর্থঃ। পক্বস্য ব্রীহ্যাদেরঘরূপেণ পরিণামাদঘত্ব-মুক্তম্ ॥ ১৩ ॥

প্রজাপতিনা পরেশেন প্রজাঃ সৃষ্ট্বা তদুপজীবনায় তদৈব যজ্ঞঃ সৃষ্টস্ততঃ পরেশানুবর্ত্তিনাবশ্যং স কার্য্য ইত্যাহ,—অন্নাদিতি দ্বাভ্যাম্। ভূতানি প্রাণিনোঽন্নাদ্-ব্রীহ্যাদের্ভবন্তি,—শুক্রশোণিতরূপেণ পরিণতা-দস্মাত্তদ্দেহানাং সিদ্ধেঃ। তস্যান্নস্য সম্ভবঃ পর্জ্জন্যাদ্বৃষ্টের্ভবতি; পর্জ্জন্যশ্চ যজ্ঞাদ্ভবতি; যজ্ঞশ্চ ঋত্বিগ্‌যজমানাদিব্যাপাররূপাৎ কর্ম্মণঃ সমুদ্ভবতি সিধ্যতীত্যর্থঃ;—"অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে। আদিত্যা-জ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ" ইতি মনুস্মৃতেঃ ॥ ১৪ ॥

---

অন্ন হইতেই ভূতসকল উৎপন্ন হয়; বৃষ্টি-দ্বারা অন্ন উৎপন্ন হয়; যজ্ঞদ্বারাই পর্জ্জন্য অর্থাৎ বৃষ্টি উৎপন্ন হয়; কর্ম্ম হইতে যজ্ঞ উৎপন্ন ॥ ১৪ ॥

কর্ম্ম—ব্রহ্ম অর্থাৎ বেদ হইতে উদ্ভূত এবং অক্ষর অর্থাৎ অচ্যুত হইতে ব্রহ্ম উৎপন্ন। অতএব জগচ্চক্রপ্রবৃত্তির হেতু যে যজ্ঞ, তাহা অনুষ্ঠান করা তদধিকারীদিগের পক্ষে নিতান্ত কর্ত্তব্য; তাহাতে সর্ব্বগত ব্রহ্ম নিত্য প্রতিষ্ঠিত হন ॥ ১৫ ॥

**ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ।**
**তৈর্দত্তানপ্রদায়ৈভ্যো যো ভুঙ্‌ক্তে স্তেন এব সঃ ॥ ১২ ॥**
**যজ্ঞশিষ্টাশিনঃ সন্তো মুচ্যন্তে সর্ব্বকিল্বিষৈঃ।**
**ভুঞ্জতে তে ত্বঘং পাপা যে পচন্ত্যাত্মকারণাৎ ॥ ১৩ ॥**

---

যজ্ঞো বো যুষ্মাকমিষ্টকামধুক্ হৃদ্বিশুদ্ধ্যাত্মজ্ঞানদেহযাত্রা-সম্পাদনদ্বারা বাঞ্ছিতমোক্ষপ্রদোঽস্তু ॥ ১০ ॥

ইদঞ্চ প্রজাঃ প্রত্যুক্তং,—অনেন যজ্ঞেন মদঙ্গভূতানিন্দ্রাদীন্ ভাবয়ত তত্তদ্ধবির্দানেন প্রীতান্ যূয়ং কুরুত। তে দেবা বো যুষ্মাংস্তত্তদ্বরদানেন ভাবয়ন্তু প্রীতান্ কুর্ব্বন্তু। ইত্থং শুদ্ধাহারেণ মিথো ভাবিতাস্তে চ যূয়ং পরং মোক্ষলক্ষণং শ্রেয়ঃ প্রাপ্স্যথ। তত্রাহারশুদ্ধির্হি জ্ঞাননিষ্ঠাঙ্গং,—তত্র "আহারশুদ্ধৌ সত্ত্বশুদ্ধিঃ সত্ত্বশুদ্ধৌ ধ্রুবা স্মৃতিঃ স্মৃতিলম্ভে সর্ব্বগ্রন্থীনাং বিপ্রমোক্ষঃ" ইতি শ্রুতেঃ ॥ ১১ ॥

এতদেব বিশদয়ন্ কর্ম্মানমুষ্ঠানে দোষমাহ,—ইষ্টানিতি। পূর্ব্বভাবিত মদঙ্গভূতা দেবা বো যুষ্মভ্যমিষ্টানুমুক্ষুকাম্যানুত্তরোত্তরযজ্ঞাপেক্ষান্ ভোগান্ দাস্যন্তি বৃষ্ট্যাদিদ্বারা ব্রীহ্যাদীনুৎপাদ্যেত্যর্থঃ। স্বার্চ্চনার্থং তৈর্দেবৈর্দত্তাং-স্তান্ ভোগানেভ্যঃ পঞ্চযজ্ঞাদিভিরপ্রদায় কেবলাত্মতৃপ্তিকরো যো ভুঙ্‌ক্তে, স স্তেনশ্চৌর এব,—দেবস্বাপহৃত্য তৈরাত্মনঃ পোষাৎ; চৌরো ভূপাদিব স যমাদ্দণ্ডমর্হতি পুমর্থানর্হঃ ॥ ১২ ॥

---

পঞ্চমহাযজ্ঞাদি-দ্বারা সেই দেবতাদিগকে তাঁহাদের দত্ত বৃষ্ট্যাদি-দ্বারা উৎপন্ন অন্নাদি যিনি প্রদান না করিয়া ভোগ করেন, তিনি চৌরস্বরূপ দোষভাক্ হইয়া থাকেন ॥ ১২ ॥

যজ্ঞাবশিষ্ট অন্নাদি যাঁহারা গ্রহণ করেন, তাঁহারা উত্তমজন্য অপরিহার্য্য সমস্ত-পাপ হইতে মুক্ত হন। যাহারা কেবল স্বার্থপর হইয়া অন্নাদি ভোগ করে, সেই পাপিসকল সমস্ত পাপ ভোগ করে ॥ ১৩ ॥



**অন্নাদ্ভবন্তি ভূতানি পর্জ্জন্যাদন্নসম্ভবঃ।**
**যজ্ঞাদ্ভবতি পর্জ্জন্যো যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ ॥ ১৪ ॥**
**কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি ব্রহ্মাক্ষরসমুদ্ভবম্।**
**তস্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্ ॥ ১৫ ॥**

---

যে ইন্দ্রাদ্যঙ্গতয়াবস্থিতং যজ্ঞং সর্ব্বেশ্বরং বিষ্ণুমভ্যর্চ্চ্য তচ্ছেষমশ্নন্তি তেন তদ্দেহযাত্রাং সম্পাদয়ন্তি, তে সন্তঃ সর্ব্বেশ্বরস্য যজ্ঞপুরুষস্য ভক্তাঃ সর্ব্বকিল্বিষৈরনাদি-কালবিবৃদ্ধৈরাত্মানুভব-প্রতিবন্ধকৈর্নিখিলৈঃ পাপৈর্বিমুচ্যন্তে। তে তু পাপাঃ পাপগ্রস্তাঃ অঘমেব ভুঞ্জতে। যে তত্তদ্দেবতাঙ্গ-তয়াবস্থিতেন যজ্ঞপুরুষেণ স্বার্চ্চনায় দত্তং ব্রীহ্যাদ্যাত্মকারণাৎ পচন্তি তদ্বিপচ্যাত্মপোষণং কুর্ব্বন্তীত্যর্থঃ। পক্বস্য ব্রীহ্যাদেরঘরূপেণ পরিণামাদঘত্ব-মুক্তম্ ॥ ১৩ ॥

প্রজাপতিনা পরেশেন প্রজাঃ সৃষ্ট্বা তদুপজীবনায় তদৈব যজ্ঞঃ সৃষ্টস্ততঃ পরেশানুবর্ত্তিনাবশ্যং স কার্য্য ইত্যাহ,—অন্নাদিতি দ্বাভ্যাম্। ভূতানি প্রাণিনোঽন্নাদ্-ব্রীহ্যাদের্ভবন্তি,—শুক্রশোণিতরূপেণ পরিণতা-দন্নাত্তদ্দেহানাং সিদ্ধেঃ। তস্যান্নস্য সম্ভবঃ পর্জ্জন্যাদ্বৃষ্টের্ভবতি; পর্জ্জন্যশ্চ যজ্ঞাদ্ভবতি; যজ্ঞশ্চ ঋত্বিগ্‌যজমানাদিব্যাপাররূপাৎ কর্ম্মণঃ সমুদ্ভবতি সিধ্যতীত্যর্থঃ;—"অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে। আদিত্যা-জ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ" ইতি মনুস্মৃতেঃ ॥ ১৪ ॥

---

অন্ন হইতেই ভূতসকল উৎপন্ন হয়; বৃষ্টি-দ্বারা অন্ন উৎপন্ন হয়; যজ্ঞদ্বারাই পর্জ্জন্য অর্থাৎ বৃষ্টি উৎপন্ন হয়; কর্ম্ম হইতে যজ্ঞ উৎপন্ন ॥ ১৪ ॥

কর্ম্ম—ব্রহ্ম অর্থাৎ বেদ হইতে উদ্ভূত এবং অক্ষর অর্থাৎ অচ্যুত হইতে ব্রহ্ম উৎপন্ন। অতএব জগচ্চক্রপ্রবৃত্তির হেতু যে যজ্ঞ, তাহা অনুষ্ঠান করা তদধিকারীদিগের পক্ষে নিতান্ত কর্ত্তব্য; তাহাতে সর্ব্বগত ব্রহ্ম নিত্য প্রতিষ্ঠিত হন ॥ ১৫ ॥

**এবং প্রবর্ত্তিতং চক্রং নানুবর্ত্তয়তীহ যঃ।**
**অঘায়ুরিন্দ্রিয়ারামো মোঘং পার্থ স জীবতি ॥ ১৬ ॥**

---

তচ্চ ঋত্বিগাদিব্যাপাররূপং কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি,—ব্রহ্ম বেদস্তস্মাত্তৎ-
প্রবৃত্তিং জানীহীত্যর্থঃ। তচ্চ বেদরূপং ব্রহ্ম অক্ষরাৎ পরেশাৎ সমুদ্ভবং

---

হে পার্থ! কর্ম্মাধিকারী ব্যক্তিদিগের মধ্যে যিনি এই জগচ্চক্রপ্রবর্ত্তক-
রূপ যজ্ঞ অনুষ্ঠান না করেন, তিনি পাপ-জীবনযুক্ত ইন্দ্রিয়সেবক হইয়া
বৃথা জীবন ধারণ করেন। তাৎপর্য্য এই যে, আত্মযাথাত্ম্যরূপ ভগবদ্ভক্তি-
যোগে পাপ-পুণ্যের অধিকার নাই; কেন না, সেই পন্থা নির্গুণ-ভক্তি-
লাভের প্রশস্ত পন্থা বলিয়া শাস্ত্রে উক্ত আছে। সেই পন্থাশ্রয়ী ব্যক্তির
পক্ষে কষায়-নাশরূপ চিত্তশুদ্ধি অনায়াসলভ্য। যে-সকল ব্যক্তি সেই
ভক্তিযোগের অধিকার লাভ করে নাই, তাহারা সর্ব্বদা কামনা ও ইন্দ্রিয়-
তৃপ্তির বশীভূত, অতএব পাপরত। তাহাদের পাপপ্রবৃত্তি সঙ্কোচ
করিবার জন্য পুণ্যকর্ম্মই একমাত্র উপায়; পাপ উপস্থিত হইলে
প্রায়শ্চিত্তই অবলম্বনীয়। যজ্ঞব্যবস্থাই 'ধর্ম্ম' অথবা 'পুণ্য-কর্ম্ম'; যাহাতে
সমষ্টি-জীবের শুভ এবং জগচ্চক্রের গতি সুষ্ঠুরূপে সাধিত হয়, তাহাই
'পুণ্য'। পুণ্যাবস্থা-দ্বারা পঞ্চসূনা-প্রভৃতি অপরিহার্য্য পাপসকল নষ্ট
হইয়া পড়ে। অনুষ্ঠাতার স্বীয় সুখ ও ইন্দ্রিয়তৃপ্তি যতটুকু জগন্মঙ্গল
রক্ষাপূর্ব্বক স্বীকার করা যাইতে পারে, তাহা যজ্ঞাবশেষ হইয়া পুণ্য-
মধ্যে পরিগণিত হয়। যে-সকল অলক্ষিত বিধি-দ্বারা জগন্মঙ্গলরূপ
ফলের উৎপত্তি হয়, তাহারা ভগবচ্ছক্তি-জাত দেবতাবিশেষ। সেই
বিধিরূপ দেবতাদিগকে প্রীত করিয়া তাঁহাদের অনুকম্পা-দত্ত প্রীতি লাভ
করিলে আর কোন পাপ থাকে না; ইহাকেই 'কর্ম্মচক্র' বলে; এইরূপ
দেবতা-পূজার দ্বারা যে কর্ম্ম-স্বীকার, তাহাকেই 'ভগবদর্পিত কর্ম্ম'
বলে। সেই বিধিসকলকে প্রাকৃতিক বিধি বলিয়া যাহারা কার্য্য করে,



**যস্ত্বাত্মরতিরেব স্যাৎ আত্মতৃপ্তশ্চ মানবঃ।**
**আত্মন্যেব চ সন্তুষ্টস্তস্য কার্য্যং ন বিদ্যতে ॥ ১৭ ॥**

---

প্রকটং বিদ্ধি;—"অস্য মহতো ভূতস্য নিশ্বসিতমেতদ্যদৃগ্বেদো যজুর্বেদঃ
সামবেদোঽথর্ব্বাঙ্গিরসঃ" ইত্যাদি শ্রবণাৎ। যস্মাৎ স্বসৃষ্টপ্রজোপ-
জীবনাতিপ্রিয়ো যজ্ঞস্তস্মাৎ সর্ব্বগতং নিখিলব্যাপকমপি ব্রহ্ম নিত্যং সর্ব্বদা
যজ্ঞে প্রতিষ্ঠিতং তেনৈব তৎ প্রাপ্যত ইত্যর্থঃ ॥ ১৫ ॥

যজ্ঞাকরণে দোষমাহ,—এবমিতি। পরস্মাদ্ব্রহ্মণো বেদাবির্ভাবস্তস্মাৎ
ব্রহ্মপ্রতিবোধকাদ্যজ্ঞস্ততঃ পর্জ্জন্যস্ততোঽন্নং, ততো ভূতানি, পুনস্তথৈব
ভূতানাং কর্ম্মপ্রবৃত্তিরিত্যেবং নিখিলজগন্নির্ব্বাহকং পরেশেন প্রজাপতিনা
প্রবর্ত্তিতং চক্রং যো নানুবর্ত্তয়তি, স জনঃ পরেশবিমুখোঽঘায়ুঃ পাপজীবনো
মোঘং ব্যর্থমেব জীবতি। হে পার্থ, যদসাবিন্দ্রিয়ৈর্বিষয়েষ্বেব রমতে, ন
তু পরব্রহ্মাভিমতে যজ্ঞে তচ্ছেষাশনে চ ॥ ১৬ ॥

---

তাহারা—কেবল নৈতিক; বিষ্ণ্বর্পিতকর্ম্মাচারী নয়। অতএব সেরূপ
না হইয়া ভগবদর্পিত-কর্ম্মাচরণই তদধিকারী জীবের পক্ষে মঙ্গল-
জনক ॥ ১৬ ॥

এবম্ভূত কর্ম্মচক্রে বর্ত্তমান জীবসকল 'কর্ত্তব্য' বলিয়াই কর্ম্ম অনুষ্ঠান
করেন। কিন্তু যিনি আত্মরত অর্থাৎ অনাত্ম ও আত্ম-তত্ত্বকে পৃথগ্‌রূপে
অবলোকন করিয়াছেন, তিনি আত্মাতেই রত, আত্মতৃপ্ত এবং আত্ম-
বস্তুতে সন্তুষ্ট। তিনি কর্ত্তব্য বলিয়া কর্ম্ম অনুষ্ঠান করেন না; কেবল
শরীরযাত্রা-নির্ব্বাহের জন্য কর্ম্মচক্র হইতে নিবৃত্তিরূপা শান্তিকে অনুসন্ধান
করেন; অতএব সমস্ত কর্ম্ম করিয়াও তিনি নিত্য, নৈমিত্তিক ও কাম্য-
কর্ম্ম অনুষ্ঠান করেন না। এই জন্য তাঁহার কর্ম্মকে 'কর্ম্ম' নামে অভিহিত
করা যায় না; তাঁহার কর্ম্মসকলকে অবস্থা-ভেদে—হয় 'জ্ঞানযোগ', নয়
'ভক্তিযোগ' বলা যায় ॥ ১৭ ॥

**নৈব তস্য কৃতেনার্থো নাকৃতেনেহ কশ্চন ।**
**ন চাস্য সর্ব্বভূতেষু কশ্চিদর্থব্যপাশ্রয়ঃ ॥ ১৮ ॥**

---

যস্তু মদুক্তেন নিষ্কামকর্ম্মণা মদুপাসনেন চ বিমৃষ্টে চিত্তদর্পণে সংজাতেন ধর্ম্মভূতজ্ঞানেনাত্মানমদর্শত্তস্য ন কিঞ্চিৎ কর্ম্ম কর্ত্তব্যমিত্যাহ,—যস্ত্বিতি দ্বাভ্যাম্। আত্মগুপহতপাপ্মত্বাদিগুণাষ্টকবিশিষ্টে স্বস্বরূপেঽবলোকিতে রতির্যস্য সঃ। আত্মনা স্বপ্রকাশানন্দেনাবলোকিতেন তৃপ্তো ন স্বন্নপানাদিনা; আত্মন্যেব চ তাদৃশে সন্তুষ্টো, ন তু নৃত্যগীতাদৌ। তস্যৈবংভূতস্য তদবলোকনায় কিঞ্চিৎ কর্ম্ম কর্ত্তব্যং ন বিদ্যতে, সর্ব্বদাবলোকিতাত্মস্বরূপত্বাৎ ॥ ১৭ ॥

কৃতেন তদবলোকনায়ানুষ্ঠিতেন কর্ম্মণার্থঃ ফলং নৈবাস্তি। অকৃতেন তদবলোকনাসাধনেন কর্ম্মণা কশ্চনানর্থশ্চ তদবলোকনক্ষতিলক্ষণ ইহ ন ভবতি, স্বাভাবিকাত্মাবলোকনত্বাৎ। ন ত্বীদৃশোঽপি দেবকৃতাদ্বিঘ্নাদ্বিভ্যত্তত্তোষায় তৎপূজাত্মকং কর্ম্ম কুর্য্যাৎ। শ্রুতিশ্চ দেবান্ জ্ঞানদ্বিষঃ প্রাহ,—"তস্মাত্তদেষাং ন প্রিয়ং যদেতন্মনুষ্যা বিদুঃ" ইতি। তত্রাহ,—ন চেতি। অস্য লব্ধাত্মাবলোকস্য বিদুষঃ. সর্ব্বভূতেষু দেবেষু মানবেষু চ মধ্যে কশ্চিদপ্যর্থায়াত্মরতির্নৈর্বিঘ্নায় ব্যপাশ্রয়ঃ কর্ম্মভিঃ সেব্যো ন ভবতি। জ্ঞানোদয়াৎ পূর্ব্বমেব দেবকৃতা বিঘ্নাঃ তেনাত্মরতৌ সত্যাস্তু ন তৎকৃতাস্তে

---

আত্মানন্দানুভবী ব্যক্তির কর্ত্তব্যানুষ্ঠানের কোন অর্থ এবং কর্ত্তব্যকর্ম্মের অনুষ্ঠান-জন্য কোন অনর্থ সম্ভব হয় না। আত্মানন্দতৃপ্ত পুরুষের দেব-মানবাদির মধ্যে কেহই অর্থব্যপাশ্রয় হয় না, অর্থাৎ অর্থ-সাধনের জন্য কেহই আশ্রয়ণীয় ন'ন; যেহেতু, তাঁহার আত্মানুভবরূপ পরমার্থ-লাভ হইয়াছে। তিনি স্বভাবতঃ যাহা করেন বা যাহা না করেন, সমস্তই মঙ্গলময়; এরূপ অবস্থাতেও তাঁহার কিছু কর্ম্মাচরণ ও তদকরণ লক্ষিত হয় ॥ ১৮ ॥



**তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর।**
**অসক্তো হ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পূরুষঃ ॥ ১৯ ॥**
**কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ।**
**লোকসংগ্রহমেবাপি সংপশ্যন্ কর্ত্তুমর্হসি ॥ ২০ ॥**

---

তৎপ্রভাবেণ সংভবন্তি;—"তস্য হন দেবাশ্চ নাভূত্যা ঈশতে আত্মা হ্যেষাং সম্ভবতি"ইতি শ্রবণাৎ। হনেত্যপ্যর্থে নিপাতঃ। দেবা অপি তস্যাত্মানুভবিনোঽভূত্যৈ আত্মরতিক্ষতয়ে নেশতে; হি যস্মাদেষাং স আত্মা তদ্বৎ প্রেষ্ঠো ভবতীত্যর্থঃ ॥ ১৮ ॥

যস্মাল্লব্ধাত্মাবলোকনস্যৈব কর্ম্মানুপযোগস্তস্মাদতাদৃক্ত্বং কার্য্যং কর্ত্তব্যত্বেন বিহিতং কর্ম্ম সমাচর। অসক্তঃ ফলেচ্ছাশূন্যঃ সন্। পরং দেহাদিভিন্নমাত্মানমাপ্নোত্যবলোকতে যাথাত্ম্যেন ॥ ১৯ ॥

সদাচারমত্র প্রমাণয়তি,—কর্ম্মণৈবেতি। কর্ম্মণৈবোপায়েন বিশুদ্ধচিত্তাঃ সন্তঃ সংসিদ্ধিং স্বাত্মাবলোকনলক্ষণামাস্থিতাঃ প্রাপুঃ। কর্ম্মণৈবেতি বিশেষণসম্বন্ধ এবকারস্তস্যাযোগং ব্যবচ্ছিনত্তি শঙ্খপাণ্ডুর এবেতিবৎ। তেন শ্রবণাদের্ন ব্যুদাসঃ। কর্ম্মণা যজ্ঞাদিনা সহৈব শ্রবণাদিনেতি কেচিৎ। ননু সনিষ্ঠস্যাত্মাবলোকনে সতি কর্ম্মানুষ্ঠানং নাস্তীত্যুক্তম্। মম পরিনিষ্ঠিতস্যাবলোকিত স্বপরাত্মনঃ কর্ম্মোপদেশঃ কুত ইতি চেত্তত্রাহ,—লোকেতি। সত্যং ত্বমীদৃশ এব,—তথাপি লোকসংগ্রহায় কর্ম্ম কুর্ব্বিতি।

---

অতএব কর্ম্মফলে অনাসক্ত হইয়া তুমি সর্ব্বদা কর্ম্ম অনুষ্ঠান কর; যেহেতু অনাসক্তভাবে কর্ম্ম করিতে করিতে জীবের আত্মসাক্ষাৎকার-রূপ পরতত্ত্ব লাভ হয় ॥ ১৯ ॥

জনক প্রভৃতি জ্ঞানাধিকারী ব্যক্তিগণ কর্ম্মদ্বারা আত্মযাথাত্ম্যসংসিদ্ধি প্রাপ্ত হইয়াছিলেন। আরও বলি, লোকশিক্ষার্থও তুমি কর্ম্ম করিতে যোগ্য হও ॥ ২০ ॥

**যদ্‌যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ।**
**স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে ॥ ২১ ॥**
**ন মে পার্থাস্তি কর্ত্তব্যং ত্রিষু লোকেষু কিঞ্চন।**
**নানবাপ্তমবাপ্তব্যং বর্ত্ত এব চ কর্ম্মণি ॥ ২২ ॥**

---

অর্জ্জুনে ময়ি কর্ম্ম কুর্ব্বাণে সর্ব্বলোকঃ কর্ম্ম করিষ্যতি ; ইতরথা মদ্‌দৃষ্টান্তে-নাজ্ঞোঽপি লোকঃ কর্ম্ম ত্যজন্ পতিষ্যতীতি লোকসংরক্ষণং তৎফলম্ ॥ ২০ ॥

লোকসংগ্রহপ্রকারমাহ,—যদ্‌যদিতি। শ্রেষ্ঠো মহত্তমো যৎ কর্ম্ম যথাচরতি তৎ কর্ম্ম তথৈবেতরঃ কনিষ্ঠোঽপ্যাচরতি। স শ্রেষ্ঠস্তস্মিন্ কর্ম্মণি যচ্ছাস্ত্রং প্রমাণং কুরুতে মন্যতে, লোকঃ কনিষ্ঠোঽপি তদনুযায়ী তদেবানুবর্ত্ততেঽনুসরতি। শাস্ত্রোপেতং শ্রেষ্ঠাচরণং কল্যাণলিপ্সুনা কনিষ্ঠেনানুষ্ঠেয়মিত্যর্থঃ। ইত্থঞ্চ তেজস্বিনঃ শ্রেষ্ঠস্য চ যৎ ক্বচিৎ স্বৈরাচরণং তন্ন্যাবৃত্তম্ ;—তস্য শ্রেষ্ঠকৃতত্বেঽপি শাস্ত্রোপেতত্বাভাবাৎ ॥২১॥

শ্রেষ্ঠঃ কর্ম্মফলনিরপেক্ষোঽপি লোকসংগ্রহায় শাস্ত্রোদিতানি কর্ম্মাণ্যাচরেদিত্যর্থে স্বং দৃষ্টান্তমাহ,—ন মে পার্থেতি ত্রিভিঃ। সর্ব্বেশস্য সত্যসঙ্কল্পস্য সত্যকামস্য মে কর্ত্তব্যং নাস্তি। ফলার্থিনা খলু কর্ম্মানুষ্ঠেয়ম্ ; ন চ নিখিলফলাশ্রয়স্য স্বয়ং পরমফলাত্মনো মে কর্ম্মাপেক্ষ্যমিত্যর্থঃ। এতদ্দর্শয়তি,—ত্রিষ্বিতি। যতঃ সর্ব্বেষু লোকেষু কর্ম্মণা যৎ ফলমবাপ্তব্যং

---

শ্রেষ্ঠলোক যেরূপ আচরণ করিয়া থাকেন, অশ্রেষ্ঠ ব্যক্তিগণ তদনুকরণ করেন ; তিনি যাহা প্রমাণ বলিয়া স্বীকার করেন, লোক তাহাতে অনুবর্ত্তী হয় ॥ ২১ ॥

হে পার্থ ! আমি পরমেশ্বর, এই ত্রিলোক-মধ্যে আমার কিছু কর্ত্তব্য নাই এবং যাহা কিছু প্রাপ্তব্য আছে, তাহা আমার পক্ষে অলব্ধ নয় ; তথাপি আমি কর্ম্মাচরণ করিতেছি ॥ ২২ ॥



**যদি হ্যহং ন বর্ত্তেয়ং জাতু কর্ম্মণ্যতন্দ্রিতঃ।**
**মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ ॥ ২৩ ॥**
**উৎসীদেয়ুরিমে লোকা ন কুর্য্যাং কর্ম্ম চেদহম্।**
**সঙ্করস্য চ কর্ত্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ ॥ ২৪ ॥**

---

তদনবাপ্তমলব্ধং মম নাস্তি সর্ব্বং তন্মদীয়মেবেত্যর্থঃ। তথাপি শাস্ত্রোক্তং কর্ম্মাহং করোম্যেবেত্যাহ,—বর্ত্ত ইতি ॥ ২২ ॥

যদীতি। অহং সর্ব্বেশ্বরঃ সিদ্ধসর্ব্বার্থোঽপি যদুকুলাবতীর্ণো জাতু কদাচিৎ তৎকুলোচিতে শাস্ত্রোক্তে কর্ম্মণি ন বর্ত্তেয় তন্ন কুর্য্যামতন্দ্রিতঃ সাবধানঃ সন্ তর্হি মাং দৃষ্টান্তং কৃত্বা মনুষ্যাঃ শ্রেষ্ঠস্য মম বর্ত্ম কুল-বিহিতাচারত্যাগরূপমনুবর্ত্তেরন্ ততো ভ্রংশেরন্নিত্যর্থঃ ॥ ২৩ ॥

ততঃ কিং স্যাদিত্যাহ,—উৎসীদেয়ুরিতি। অহং সর্ব্বশ্রেষ্ঠশ্চেৎ শাস্ত্রোক্তং কর্ম্ম ন কুর্য্যাং, তর্হীমে লোকা উৎসীদেয়ুর্বিভ্রষ্টমর্য্যাদাঃ স্যুঃ। তদ্বিভ্রংশে সতি যঃ সঙ্করঃ স্যাত্তস্যাপ্যহমেব কর্ত্তা স্যাম্। এবঞ্চ প্রজাপতিরহমিমাঃ প্রজাঃ সাঙ্কর্য্যদোষেণোপহন্যাং মলিনাঃ কুর্য্যাম্। তথা চ"এষসেতুর্বিধরণ এষাং লোকানাং অসংভেদায়"ইতি শ্রুত্যা লোকমর্য্যাদাবিধারকত্বেন পরিগীতস্য মে তন্মর্য্যাদাভেদকত্বং স্যাদিতি। এবং উপদিশতোঽপি হরের্যৎ কিঞ্চিৎ স্বভক্তসুখেচ্ছোঃ স্বৈরাচরিতং দৃষ্টং, তৎ খলু বিধায়কেন তদ্বচসানুপেতত্বাদীশ্বরীয়ত্বাচ্চাবরৈর্নৈবাচরণীয়ম্ ; যদুক্তং শ্রীমতা শুকেন— "ঈশ্বরাণাং বচঃ সত্যং তথৈবাচরিতং ক্বচিৎ। তেষাং যৎ স্ববচো যুক্তং

---

অতন্দ্রিত হইয়া যদি আমি কর্ম্ম ত্যাগ করি, তবে আমার অনুবর্ত্তী হইয়া সকল মনুষ্যই কর্ম্ম ত্যাগ করিবে ॥ ২৩ ॥

আমি কর্ম্ম না করিলে কর্ম্ম ত্যাগপূর্ব্বক সমস্ত লোক উৎসন্ন হইবে এবং আমার দ্বারা বিধিসাঙ্কর্য্য উৎপত্তি হইলে সমস্ত প্রজা বিনষ্ট হইবে ॥ ২৪ ॥

**সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো যথা কুর্ব্বন্তি ভারত।**
**কুর্য্যাদ্বিদ্বাংস্তথাসক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহম্ ॥ ২৫ ॥**
**ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাম্।**
**যোষয়েৎ সর্ব্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্ ॥ ২৬ ॥**

---

বুদ্ধিমাংস্তত্তদাচরেৎ ॥ নৈতৎ সমাচরেজ্জাতু মনসাপি হ্যনীশ্বরঃ। বিনশ্যত্যাচরন্ মৌঢ্যাদ্যথাহরুদ্রোঽব্ধিজং বিষম্" ইতি ॥ ২৪ ॥

তস্মাৎ পরিনিষ্ঠিতেঽপি ত্বং লোকহিতায় বেদোক্তং স্বকর্ম্ম প্রকুর্ব্বিত্যাশয়েনাহ,—সক্তা ইতি। অজ্ঞা যথা কর্ম্মণি সক্তাঃ ফললিপ্সয়াভিনিবিষ্টা-

---

অতএব লোকসংগ্রহের জন্য বিদ্বান্ ব্যক্তি অনাসক্তভাবে (বাহ্যতঃ) সেইরূপ কর্ম্ম করুন,—যেমন অবিদ্বান্ ব্যক্তি (ফলতঃ) আসক্ত হইয়া করেন। অতএব বিদ্বান্ ও অবিদ্বান্ ব্যক্তির কর্ম্মের প্রকার পৃথক্ নয়, কেবল তাঁহাদের আসক্তি ও অনাসক্তিসম্বন্ধীনি নিষ্ঠা—পৃথক্, ইহাই জানিবে ॥ ২৫ ॥

কর্ম্মের তাৎপর্য্য যে ভক্ত্যুৎপাদক জ্ঞান, তাহা যিনি না জানেন, তিনি 'অজ্ঞ'; সেই অজ্ঞতা-বশতঃ কর্ম্মে যাহার আসক্তি, তিনি 'কর্ম্মসঙ্গী'। কর্ম্মসঙ্গী অজ্ঞ পুরুষকে ভক্ত্যুৎপাদক জ্ঞানের তাৎপর্য্য বলিলে শ্রদ্ধার সহিত তিনি উহাতে আগ্রহ প্রকাশ করেন না। অতএব তাহাকে কর্ম্মজড়তা ত্যাগ করিবার উপদেশ সহসা না দিয়া বিদ্বান্ লোক নিষ্কাম-কর্ম্মযোগ-সহকারে স্বয়ং কর্ম্মাচরণ-পূর্ব্বক তাঁহাকে চিত্তশুদ্ধির জন্য কর্ম্মের উপদেশ দিবেন। সহসা তাঁহার বুদ্ধিভেদ জন্মাইতে চেষ্টা করিলে তাঁহার মঙ্গল হইবে না;—জ্ঞানোপদেষ্টাদিগের প্রতি আমার এই উপদেশ জানিবে। কিন্তু যাঁহারা ভক্তির উপদেশ করেন, তাঁহাদের পক্ষে এ উপদেশ নয়; যেহেতু ভক্তি-সম্বন্ধে অন্তঃকরণশুদ্ধি পর্য্যন্ত অপেক্ষা নাই। ইহা পরে বিশেষরূপে বিচারিত হইবে ॥ ২৬ ॥



**প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ।**
**অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে ॥ ২৭ ॥**

---

স্তৎ কুর্ব্বন্ত্যেবং বিদ্বানপি কুর্য্যাৎ, কিন্ত্বসক্তঃ ফললিপ্সাশূন্যঃ সন্। স্ফুটমন্যৎ ॥ ২৫ ॥

কিঞ্চ, লোকহিতেচ্ছুর্জ্ঞানী সাবহিতঃ স্যাদিত্যাহ,—ন বুদ্ধীতি। বিদ্বান্ পরিনিষ্ঠিতোঽপি কর্ম্মসঙ্গিনাং কর্ম্মশ্রদ্ধা-জাড্যভাজামজ্ঞানাং বুদ্ধিভেদং ন জনয়েৎ;—কিং কর্ম্মভিরহমিব জ্ঞানেনৈব কৃতার্থো ভবেতি কর্ম্মনিষ্ঠাতস্তদ্বুদ্ধিং নাপনয়েদিত্যর্থঃ। কিন্তু স্বয়ং কর্ম্মসু যুক্তঃ সাবধানস্তানি সম্যক্ সর্ব্বাঙ্গোপসংহারেণাচরন্ সর্ব্বাণি বিহিতানি কর্ম্মাণি যোষয়েৎ প্রীত্যা সেবয়েৎ অজ্ঞান্ কর্ম্মাণি কারয়েদিত্যর্থঃ। বুদ্ধিভেদে সতি কর্ম্মসু শ্রদ্ধা-নিবৃত্তে জ্ঞানস্য চানুদয়াদুভয়বিভ্রষ্টাস্তে স্যুরিতি ভাবঃ। "স্বয়ং নিশ্রেয়সং বিদ্বান্ ন বক্ত্যজ্ঞায় কর্ম্ম হি। ন রাতি রোগিণোঽপথ্যং বাঞ্ছতোঽপি ভিষক্তমঃ ॥" ইত্যজিতোক্তিস্তু কর্ম্মসঙ্গীতরপরতয়া নেয়া ॥ ২৬ ॥

কশ্চিত্ত্বসাম্যেঽপি বিজ্ঞাজ্ঞয়োর্বিশেষমাহ,—প্রকৃতেরিতি দ্বাভ্যাম্। অহঙ্কারবিমূঢ়াত্মা জনোঽহং কর্ম্মাণি কর্ত্তেতি মন্যতে—'ন লোকাব্যয়নিষ্ঠা' ইতি সূত্রাৎ ষষ্ঠীনিষেধঃ। কর্ম্মাণি লৌকিকানি বৈদিকানি চ। তানি কীদৃশানীত্যাহ,—প্রকৃতেরীশমায়ায়া গুণৈস্তৎকার্য্যৈঃ শরীরেন্দ্রিয়প্রাণৈরীশ্বরপ্রবর্ত্তিতৈঃ ক্রিয়মাণানীতি। ইদমত্র বেদিতব্যম্,—উপক্রমবিনি-

---

বিদ্বান্ ও অবিদ্বানের কর্ম্মাচরণে ঐক্য হইলেও তাহাদের ভেদ বলি, শ্রবণ কর। অবিদ্যা-দ্বারা জড়া প্রকৃতিতে আবদ্ধ হইয়া জীব প্রাকৃত-অহঙ্কার-বিমূঢ়-রূপে প্রকৃতির গুণ ও ঈশ্বরের অধ্যক্ষতা-দ্বারা ক্রিয়মাণ 'সমস্ত কার্য্য আমিই একা করি', এই জ্ঞানে 'আমিই কর্ত্তা' এইরূপ মনে করেন। (ইহাই অবিদ্বানের লক্ষণ) ॥ ২৭ ॥

**তত্ত্ববিত্তু মহাবাহো গুণকর্ম্মবিভাগয়োঃ।**
**গুণা গুণেষু বর্ত্তন্ত ইতি মত্বা ন সজ্জতে ॥ ২৮ ॥**

---

র্ণয়াৎ সম্বিদ্বপুর্জীবাত্মাস্মদর্থঃ কর্ত্তা চানাদিকালবিষয়ভোগবাসনাক্রান্ত-স্তদ্ভোগার্থিকাং স্বসন্নিহিতাং প্রকৃতিমাশ্লিষ্টস্তৎকার্য্যেণাহঙ্কারেণ বিমূঢ়াত্মা তাদৃশস্ববিজ্ঞানশূন্যঃ শরীরাদ্যহংভাববান্ প্রাকৃতৈঃ শরীরাদিভিরীশেন চ সিদ্ধানি কর্ম্মাণি ময়ৈবৈকেন কৃতানীতি মন্যতে। কর্ত্তুরাত্মনো যৎ কর্ত্তৃত্বং তৎ কিল দেহাদিভিস্ত্রিভিঃ পরমাত্মনা চ সর্ব্বপ্রবর্ত্তকেন চ সিধ্যতি, ন ত্বেকেন জীবেনৈব। তচ্চ ময়ৈব সিদ্ধ্যতীতি জীবো যন্মন্যতে তদহঙ্কার-বিমোঢ্যাদেব,—"অধিষ্ঠানং তথা কর্ত্তা" ইত্যাদিকাচ্চরমাধ্যায়বাক্যত্রয়াৎ। "কার্য্যকারণকর্ত্তৃত্বে হেতুঃ প্রকৃতিরুচ্যতে" ইত্যত্র শরীরেন্দ্রিয়াদিকর্ত্তৃত্বং প্রকৃতেরিতি যদ্বর্ণয়িষ্যতে, তত্রাপি কেবলায়াস্তস্যাস্তন্ন শক্য মন্তুং,—পুরুষ-সংসর্গেণৈব তৎপ্রবৃত্তেরঙ্গীকারাৎ। ততশ্চ পুরুষস্য কর্ত্তৃত্বমবর্জনীয়মিতি ব্যাখ্যাস্যতে ॥ ২৭ ॥

বিজ্ঞস্তু ন তথেত্যাহ,—তত্ত্ববিত্ত্বিতি। গুণবিভাগস্য কর্ম্মবিভাগস্য চ তত্ত্ববিৎ। গুণেভ্য ইন্দ্রিয়েভ্যঃ কর্ম্মভ্যশ্চ তৎকৃতেভ্যো যঃ স্বস্য বিভাগো ভেদস্তস্য তত্ত্বং স্বরূপং তত্তদ্বৈধর্ম্ম্যপর্য্যালোচনয়া যো "নাহং গুণকর্ম্মবপুঃ" ইতি বেত্তীত্যর্থঃ। স হি গুণা ইন্দ্রিয়াণি গুণেষু শব্দাদিষু বিষয়েষু

---

হে মহাবাহো! যে পুরুষ গুণকর্ম্ম-বিষয়ে তত্ত্ববিৎ, তিনি সমস্ত প্রাকৃত কার্য্যে, "আমি বিজ্ঞানানন্দস্বরূপ আত্মা, আমি স্ব-স্বরূপভ্রমে প্রাকৃত-অহঙ্কার-বদ্ধ হইয়া জড়কার্য্য স্বীকার করিতেছি। বস্তুত শুদ্ধাত্ম-স্বরূপ আমি সেরূপ কার্য্য করি না, কিন্তু আমার উপাধি প্রাকৃত অহঙ্কার ইন্দ্রিয় দ্বারা বিষয় কার্য্য করে, তাহাতে আমি একা কর্ত্তা নই"—এই বলিয়া আসক্ত হন না। সমস্ত প্রাকৃত-কার্য্যে জীবের দেহাত্মাভিমান, প্রকৃতি ও সর্ব্বনিয়ন্তা পরমাত্মা,—তিনেরই কর্ত্তৃত্ব ॥ ২৮ ॥



**প্রকৃতের্গুণসংমূঢ়াঃ সজ্জন্তে গুণকর্ম্মসু।**
**তানকৃৎস্নবিদো মন্দান্ কৃৎস্নবিন্ন বিচালয়েৎ ॥ ২৯ ॥**
**ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি সংন্যস্যাধ্যাত্মচেতসা।**
**নিরাশীর্নির্ম্মমো ভূত্বা যুধ্যস্ব বিগতজ্বরঃ ॥ ৩০ ॥**

---

তত্তদ্দেবতাপ্রেরিতানি প্রবর্ত্তন্তে তান্ প্রকাশয়ন্তি। অহং ত্বসঙ্গবিজ্ঞানা-নন্দত্বাত্তদ্ভিন্নো. ন তেষু তাদ্রূপ্যেণ বর্ত্তে, ন চ তান্ প্রকাশয়ামীতি মত্বা তেষু ন সজ্জতে; কিন্ত্বাত্মন্যেব সজ্জতে। অত্রাপি মত্বেত্যনেন কর্ত্তৃত্বং জীবস্যোক্তং বোধ্যম্ ॥ ২৮ ॥

ন বুদ্ধিভেদং জনয়েদিত্যেতদুপসংহরতি,—প্রকৃতেরিতি। প্রকৃতে-র্গুণেন তৎকার্য্যেণাহঙ্কারেণ মূঢ়া ভূতাবেশন্যায়েন দেহাদিকমেবাত্মানং মন্যানা জনাঃ গুণানাং দেহেন্দ্রিয়াণাং কর্ম্মসু ব্যাপারেষু সজ্জতে। তান-কৃৎস্নবিদোঽল্পজ্ঞান্ মন্দানাত্মতত্ত্বগ্রহণালসান্ কৃৎস্নবিৎ পূর্ণাত্মজ্ঞানো ন বিচালয়েৎ গুণকর্ম্মান্যো বিশুদ্ধচৈতন্যানন্দস্ত্বমিতি তত্ত্বং গ্রাহয়িতুং নেচ্ছেৎ; কিন্তু তদ্রুচিমনুসৃত্য বৈদিককর্ম্মাণি শ্রেণ্যাক্রমাদাত্মতত্ত্বপ্রবণং চিকীর্ষেদিতি ভাবঃ ॥ ২৯ ॥

---

মূঢ় ব্যক্তিগণ সেরূপ বুদ্ধি না করিয়া 'প্রাকৃত' বলিয়া অপনাকে বোধ করেন এবং প্রকৃতির গুণকর্ম্মে স্বীয় সম্বন্ধ যোজনা করেন। সেই অল্প-জ্ঞান-বিশিষ্ট মন্দ ব্যক্তিদিগকে তত্ত্বজ্ঞ পুরুষেরা নিরর্থক বিচালিত করিবেন না। তাহাদিগকে ক্রমশঃ বৈদিক কর্ম্মযোগ-দ্বারা অধিকারী করিয়া উচ্চাধিকারস্থ তত্ত্বজ্ঞান প্রদান করিবেন ॥ ২৯ ॥

অতএব, হে অর্জ্জুন! তুমি তত্ত্বজ্ঞানসম্পন্ন অধ্যাত্মচেতা হইয়া প্রাকৃত অহঙ্কার ও ফলকামনা পরিত্যাগ পূর্ব্বক সমস্ত কর্ম্ম আমাতে অর্পণ কর, এবং সন্তাপ পরিত্যাগপূর্ব্বক তোমার স্বধর্ম্ম যে যুদ্ধ, তাহা অবলম্বন কর ॥ ৩০ ॥

**যে মে মতমিদং নিত্যমনুতিষ্ঠন্তিঃ মানবাঃ।**
**শ্রদ্ধাবন্তোঽনসূয়ন্তো মুচ্যন্তে তেঽপি কর্ম্মভিঃ ॥ ৩১ ॥**

---

ময়ীতি। যস্মাদেবং তস্মাৎ পরিনিষ্ঠিতত্বমধ্যাত্মচেতঃ স্বাত্মতত্ত্ববিষয়কজ্ঞানেন সর্ব্বাণি কর্ম্মাণি রাজ্ঞি ভৃত্য ইব ময়ি পরেশে সন্ন্যস্যার্পয়িত্বা যুধ্যস্ব কর্ত্তৃত্বাভিনিবেশশূন্যঃ। যথা রাজতন্ত্রো ভৃত্যস্তদাজ্ঞয়া কর্ম্মাণি করোতি, তথা মত্তন্ত্রস্ত্বং মদাজ্ঞয়া তানি কুরু লোকান্ সংজিঘৃক্ষুঃ। আত্মনি যচ্চেতস্তদধ্যাত্মচেতস্তেন,—"বিভক্ত্যর্থেঽব্যয়ীভাবঃ।" নিরাশীঃ স্বাম্যাজ্ঞয়া করোমীতি তৎফলেচ্ছাশূন্যঃ। অতএব মৎফলসাধনানি মদর্থমমূনি কর্ম্মাণীত্যেবং মমত্ববর্জ্জিতঃ। বিগতজ্বরস্ত্যক্তবন্ধুবধনিমিত্তকসন্তাপশ্চ ভূত্বেতি অর্জ্জুনস্য ক্ষত্রিয়ত্বাদ্যুধ্যস্বেত্যুক্তম্—স্বাশ্রমবিহিতানি কর্ম্মাণি মুমুক্ষুভিঃ কার্য্যাণীতি বাক্যার্থঃ ॥ ৩০ ॥

শ্রুতিরহস্যে স্বমতেঽনুবর্ত্তিনাং ফলং বদন্ তস্য শ্রৈষ্ঠ্যং ব্যঞ্জয়তি,—যে মে ইতি। নিত্যং সর্ব্বদা শ্রুতিবোধিতত্বেনানাদিপ্রাপ্তং বা। শ্রদ্ধাবন্তো দৃঢ়বিশ্বস্তাঃ। অনসূয়ন্তো মোচকত্বগুণবতি তস্মিন্ কিমমুনা শ্রমবহুলেন নিষ্ফলেন কর্ম্মণেত্যেবং দোষারোপশূন্যাঃ। তেঽপীত্যপিরবধারণে, যথা যে মমেদং মতমনুতিষ্ঠন্তি যে চানুষ্ঠাতুমশক্নুবন্তোঽপি তত্র শ্রদ্ধালবঃ; যে চ শ্রদ্ধালবোঽপি তন্নাসূয়ন্তে তেঽপীত্যর্থঃ। সাম্প্রতানুষ্ঠানাভাবেঽপি তস্মিন্ শ্রদ্ধয়ানসূয়য়া চ ক্ষীণদোষাস্তে কিঞ্চিৎ প্রাপ্তে তদনুষ্ঠায় মুচ্যন্ত ইতি ভাবঃ ॥ ৩১ ॥

---

এই নিষ্কাম ভগবদর্পিত কর্ম্মযোগ যাঁহারা সর্ব্বদা অনুষ্ঠান করেন, তাঁহারা কর্ম্মবন্ধ হইতে মুক্তি লাভ করেন; এবং যাঁহারা অনুষ্ঠানে অশক্ত, অথচ এই মতে অসূয়াশূন্য ও শ্রদ্ধাবান্ হন, তাঁহারাও ঐ ফল লাভ করেন ॥ ৩১ ॥



**যে ত্বেতদভ্যসূয়ন্তো নানুতিষ্ঠন্তি মে মতম্।**
**সর্ব্বজ্ঞানবিমূঢ়াংস্তান্ বিদ্ধি নষ্টানচেতসঃ ॥ ৩২ ॥**
**সদৃশং চেষ্টতে স্বস্যাঃ প্রকৃতের্জ্ঞানবানপি।**
**প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি ॥ ৩৩ ॥**

---

বিপক্ষে দোষমাহ,—যে ত্বিতি। যে তু মে সর্ব্বেশ্বরস্য সর্ব্বসুহৃদ এতচ্ছ্রুতিরহস্যভূতং মতমশ্রদ্দধানাঃ সন্তো নানুতিষ্ঠন্তি কিন্ত্বসূয়ন্তি, তান্ সর্ব্বস্মিন্ কর্ম্মজ্ঞানে স্বাত্মজ্ঞানে পরমাত্মজ্ঞানে চ বিমূঢ়ানতএব বিচেতসশ্চিত্তশূন্যানতএব নষ্টান্ পুরুষার্থবিভ্রষ্টান্ বিদ্ধি ॥ ৩২ ॥

---

যিনি এই উপদেশের প্রতি অসূয়া প্রকাশপূর্ব্বক পালন না করেন, তাঁহাকে সমস্ত জ্ঞান হইতে বঞ্চিত, নষ্ট ও নির্ব্বোধ বলিয়া জানিবে ॥ ৩২ ॥

এরূপ মনে করিবে না যে, বিদ্বান্ পুরুষ অনাত্মা ও আত্মার বিচারপূর্ব্বক প্রাকৃত গুণকর্ম্মকে সহসা ত্যাগ করত সন্ন্যাসধর্ম্ম আশ্রয় করিলে তাহার মঙ্গল হইবে। জ্ঞানবান্ হইলেও বদ্ধজীব স্বীয় বহুকালাদৃত প্রকৃতির সদৃশ চেষ্টা করিবে। সহসা নিগ্রহ অবলম্বন করিলেই যে প্রকৃতি-পরিত্যাগ হয়, তাহা নয়। বদ্ধজীবসকল সহজেই বহুকালাভ্যস্ত চেষ্টারূপা প্রকৃতিকে অবলম্বন করে। সেই প্রকৃতি-ত্যাগের উপায় এই যে, সেই প্রকৃতিতে অবস্থিত থাকিয়া একটু সতর্কতার সহিত তদনুযায়ী কর্ম্মসকল করিতে থাকিবে। ভক্তিযোগলক্ষণ যুক্তবৈরাগ্য যে পর্য্যন্ত হস্তগত না হয়, সে পর্য্যন্ত নিষ্কাম ভগবদর্পিত কর্ম্মযোগই একমাত্র শ্রেয়ঃপন্থা; যেহেতু তাহাতে স্বধর্ম্মপালন ও স্বধর্ম্মসংস্কার, উভয় ফলই যুগপৎ সম্ভব। স্বধর্ম্ম ত্যাগ করিলে উৎপথে গমনই চরম ফল হয়। যে-স্থলে মৎকৃপা বা ভক্তকৃপা-দ্বারা ভক্তিযোগ হস্তগত হয়, সে-স্থলে নিষ্কাম মদর্পিত কর্ম্মযোগ অপেক্ষা উৎকৃষ্ট পন্থার লাভ-নিবন্ধন এরূপ স্বধর্ম্মপালন-বিধি আর অবসর পায় না। তদ্ব্যতীত সর্ব্বত্রই এই নিষ্কাম মদর্পিত কর্ম্মযোগই শ্রেয়ঃ ॥ ৩৩ ॥

ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ।
তয়োর্ন বশমাগচ্ছেত্তৌ হ্যস্য পরিপন্থিনৌ ॥ ৩৪ ॥

ননু সর্ব্বেশ্বরস্য তে মতমতিক্রমতাং দণ্ডঃ শাস্ত্রেণোচ্যতে তস্মাত্তে কিমু ন বিভ্যতি ইত্যাহ,—সদৃশমিতি। প্রকৃতিরনাদিকালপ্রবৃত্তা স্বদুর্ব্বাসনা তস্যাঃ স্বীয়ায়াঃ সদৃশমনুরূপমেব জ্ঞানবান্ শাস্ত্রোক্তং দণ্ডং জানন্নপি জনশ্চেষ্টতে প্রবর্ত্ততে কিমুতাজ্ঞঃ। ততো ভূতানি সর্ব্বে জনাঃ প্রকৃতিং পুরুষার্থবিভ্রংশহেতুভূতামপি তাং যান্ত্যনুসরন্তি। তত্র নিগ্রহঃ শাস্ত্রজাতোঽপি দণ্ডঃ সৎপ্রসঙ্গশূন্যস্য কিং করিষ্যতি। দুর্ব্বাসনায়াঃ প্রাবল্যাত্তাং নিবর্ত্তয়িতুং ন শক্যাতীত্যর্থঃ। সৎপ্রসঙ্গসহিতস্য তু তাং প্রবলামপি নিহন্তি,—"সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ" ইত্যাদি স্মৃতিভ্যঃ ॥ ৩৩ ॥

যদি বল,—ইন্দ্রিয়ার্থরূপ বিষয় স্বীকার করিলে জীবের অধিকতর বিষয়বন্ধনই সম্ভব, কর্ম্মমুক্তি সম্ভব হইবে না, তবে শ্রবণ কর। বিষয়সকলই যে জীবের বিরোধী, তাহা নয়। বিষয়ে যে রাগদ্বেষ, তাহাই জীবের পরম শত্রু। অতএব বিষয় স্বীকার করিবার সময় রাগদ্বেষকে বশীভূত করিবে; তাহা হইলে সমস্ত বিষয় স্বীকার করিয়াও তুমি বিষয়ে আবদ্ধ হইবে না। যে পর্য্যন্ত প্রাকৃত দেহ আছে, সে পর্য্যন্ত বিষয়-স্বীকার অবশ্যই করিতে হইবে। কিন্তু সেই সেই কার্য্যে দেহাত্মাভিমান-বশতঃ যে রাগদ্বেষ ঘটিয়া থাকে, তাহা খর্ব্ব করিতে করিতে তুমি বিষয়বৈরাগ্য লাভ করিবে। বিষয়-সম্বন্ধে যে ভগবৎসম্বন্ধি রাগ বা দ্বেষ অর্থাৎ ভক্ত্যুদ্দীপক বস্তুতে বা কার্য্যে যে রাগ ও ভক্তিবিঘাতক বস্তু বা কার্য্যে যে দ্বেষ, তাহা দমন করিতে উপদেশ দিলাম না, কিন্তু আত্মসুখসম্বন্ধি রাগ ও দ্বেষকেই বশীভূত করিবার উপদেশ করিলাম, জানিবে ॥ ৩৪ ॥



শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ।
স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ ॥ ৩৫ ॥

ননু প্রকৃত্যধীনা চেৎ পুংসাং প্রবৃত্তিস্তর্হি বিধিনিষেধশাস্ত্রং ব্যর্থ ইতি চেত্তত্রাহ,—ইন্দ্রিয়স্যেতি। বীপ্সয়া সর্ব্বেষাং ইত্যুক্তম্। ততশ্চ জ্ঞানেন্দ্রিয়াণাং শ্রোত্রাদীনামর্থে বিষয়ে শব্দাদৌ কর্ম্মেন্দ্রিয়াণাঞ্চ বাগাদীনামর্থে বচনাদৌ অনুকূলে শাস্ত্রনিষিদ্ধেঽপি পরদার-সংভাষণ-তৎস্পর্শন-তত্তোষণাদৌ রাগঃ প্রতিকূলে শাস্ত্রবিহিতেঽপি সৎসংভাষণ-সৎসেবন-সত্তীর্থাগমনাদৌ দ্বেষ ইত্যেবং রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ চানুকূল্যপ্রাতিকূল্যে ব্যবস্থয়া স্থিতৌ ভবতো ন ত্বনিয়মেনেত্যর্থঃ। যদ্যপি তদনুগুণা প্রাণিনাং প্রবৃত্তিস্তথাপি শ্রেয়োলিপ্সুর্জনস্তয়ো রাগদ্বেষয়োর্বশং নাগচ্ছেৎ। হি যস্মাত্তাবস্য পরিপন্থিনৌ বিঘ্নকর্ত্তারৌ ভবতঃ পান্থস্যেব দস্যূ। এতদুক্তং ভবতি,—অনাদিকালপ্রবৃত্তা হি বাসনা অনিষ্টানুবন্ধিত্ব-জ্ঞানাভাব-সহকৃতেনেষ্টসাধনত্বজ্ঞানেন নিষিদ্ধেঽপি পরদার-সম্ভাষণাদৌ রাগমুৎপাদ্য পুংসঃ প্রবর্ত্তয়তি। তথেষ্টসাধনত্ব-জ্ঞানাভাবসহকৃতেনানিষ্টসাধনত্ব-জ্ঞানেন বিহিতেঽপি সৎসম্ভাষণাদৌ দ্বেষমুৎপাদ্য ততস্তান্নিবর্ত্তয়তি। শাস্ত্রং কিল সৎপ্রসঙ্গশ্রুতমনিষ্টানুবন্ধিত্ববোধনেন নিষিদ্ধান্মনোঽনুকূলাদপি নিবর্ত্তয়তি দ্বেষমুৎপাদ্য।

অতএব নিষ্কাম মদর্পিত কর্ম্মযোগ-বিচারে বদ্ধজীবের পক্ষে বিগুণ স্বধর্ম্মও ভাল, আর উত্তমরূপে অনুষ্ঠিত হইলেও পরধর্ম্ম ভাল নয়। স্বধর্ম্ম পালন করিতে করিতে উচ্চ ধর্ম্ম লাভ করিবার পূর্ব্বেই যদি মরণ হয়, তাহাও মঙ্গলজনক; যেহেতু পরধর্ম্ম কোন অবস্থাতেই নির্ভয় হয় না। তবে নির্গুণ-ভক্তি উপস্থিত হইলে আর স্বধর্ম্ম-ত্যাগে কোন আপত্তি হয় না; যেহেতু তখন জীবের নিত্যধর্ম্মই স্বধর্ম্মরূপে প্রকাশ পায়, ঔপাধিক স্বধর্ম্ম তখন পরধর্ম্ম হইয়া পড়ে ॥ ৩৫ ॥

অর্জ্জুন উবাচ,—

অথ কেন প্রযুক্তোঽয়ং পাপঞ্চরতি পূরুষঃ।
অনিচ্ছন্নপি বার্ষ্ণেয় বলাদিব নিয়োজিতঃ ॥ ৩৬॥

ইষ্টানুবন্ধিত্ববোধনেন বিহিতে মনঃপ্রতিকূলেঽপি রাগমুৎপাদ্য প্রবর্ত্তয়তীতি ন বিধিনিষেধশাস্ত্রয়োর্বৈয়র্থ্যমিতি ॥ ৩৪ ॥

নন্বু স্বপ্রকৃতিনির্ম্মিতাং রাগদ্বেষময়ীং পশ্বাদিসাধারণীং প্রবৃত্তিং বিহায় শাস্ত্রোক্তেষু ধর্ম্মেষু বর্ত্তিতব্যমিত্যুক্তম্। ধর্ম্মত্বদ্বিশুদ্ধৌ তাদৃশপ্রবৃত্তি-নিবর্ত্তেত ; ধর্ম্মাশ্চ যুদ্ধাদিবদহিংসাদয়োঽপি শাস্ত্রেণোক্তাঃ। তস্মাদ্রাগদ্বেষ-রাহিত্যেন কর্ত্তুমশক্যাদ্‌যুদ্ধাদেরহিংসাশিলোঞ্ছবৃত্তিলক্ষণো ধর্ম্ম উত্তম ইতি চেত্তত্রাহ,—শ্রেয়ানিতি। যস্য বর্ণস্যাশ্রমস্য চ যো ধর্ম্মঃ বেদেন বিহিতঃ স চ বিগুণঃ কিঞ্চিদঙ্গবিকলোঽপি স্বনুষ্ঠিতাৎ সর্ব্বাঙ্গোপসংহারেণাচরিতা-দপি পরধর্ম্মাৎ শ্রেয়ান্। যথা ব্রাহ্মণস্যাহিংসাদিঃ স্বধর্ম্মঃ ক্ষত্রিয়স্য চ যুদ্ধাদিঃ। ন হি ধর্ম্মো বেদাতিরিক্তেন প্রমাণেন গম্যতে, চক্ষুর্ভিন্নে-ন্দ্রিয়েণেব রূপম্। যথাহ জৈমিনিঃ ;—"চোদনালক্ষণো ধর্ম্মঃ" ইতি। তত্র হেতুঃ—স্বধর্ম্মে নিধনং মরণমপি শ্রেয়ঃ প্রত্যবায়াভাবাৎ পরজন্মনি ধর্ম্মা-চরণসম্ভবাচ্চেষ্টসাধকমিত্যর্থঃ। পরধর্ম্মস্তু ভয়াবহোঽনিষ্টজনকঃ, তং প্রত্যবিহিতত্বেন প্রত্যবায়সম্ভবাৎ। ন চ পরশুরামে বিশ্বামিত্রে চ

এতাবৎ শ্রবণ করত অর্জ্জুন কহিলেন,—হে বার্ষ্ণেয়! কাঁহা-কর্ত্তৃক নিযুক্ত হইয়া, জীব স্বীয় ইচ্ছার বিপরীত হইলেও বাধ্য হইয়া পাপ আচরণ করে? আপনি কহিয়াছেন যে, জীব—নিত্যশুদ্ধ চিৎস্বরূপ, সমস্ত জড়গুণ ও জড়-সম্বন্ধ হইতে পৃথক্ এবং জড়-জগতে পাপ আচরণ করা জীবের স্বীয় স্বভাব নয়। কিন্তু দেখা যায় যে, সর্ব্বদাই জীবগন পাপ আচরণ করিতেছে। অতএব আপনি আমাকে স্পষ্টরূপে বলুন যে, কে জীবকে পাপে রত করে? ৩৬॥



শ্রীভগবানুবাচ,—

কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ।
মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিণম্ ॥ ৩৭ ॥

ব্যভিচারঃ,—তয়োস্তত্তৎকুলোৎপন্নাবপি তত্তচ্চোরুমহিম্না তৎকর্ম্মোদয়াৎ। তথাপি বিগানং কষ্টঞ্চ তয়োঃ স্মর্য্যতে। অতএব দ্রোণাদেঃ ক্ষাত্রধর্ম্মোঽ-সকৃদ্‌বিগীতঃ। নন্বু দৈবরাত্যাদেঃ ক্ষত্রিয়স্য পারিব্রাজ্যং শ্রূয়তে, ততঃ কথমহিংসাদেঃ পরধর্ম্মত্বমিতি চেৎ, সত্যম্ ; পূর্ব্বপূর্ব্বাশ্রমধর্ম্মৈঃ ক্ষীণ-বাসনয়া পারিব্রাজ্যাধিকারে সতি তং প্রত্যহিংসাদেঃ স্বধর্ম্মত্বেন বিহিতত্বাৎ। অতএব স্বধর্ম্মে স্থিতস্যেতি যোজ্যতে ॥ ৩৫ ॥

ইন্দ্রিয়স্যেত্যাদৌ শাস্ত্রনিষিদ্ধেঽপি পরদারসম্ভাষণাদৌ রাগো ব্যবস্থিত ইতি যদুক্তং তত্রার্জ্জুনঃ পৃচ্ছতি,—অথ কেনেতি। হে বার্ষ্ণেয়, বৃষ্ণি-বংশোদ্ভব!—"শুভাদিভ্যশ্চেতি ঢক্।" অয়ং জ্ঞানযোগায়োদ্যতঃ পুরুষো জীবঃ কেন প্রযোজকেন প্রযুক্তঃ প্রেরিতঃ পাপং চরতি নিষেধশাস্ত্রার্থ-জ্ঞানাৎ তচ্চরিতমনিচ্ছন্নপি। বলাদিবেতি ; প্রযোজকেচ্ছাপন্নতয়া প্রযোজ্যেঽপীচ্ছা প্রজায়তে। স কিমীশ্বরঃ, পূর্ব্বসংস্কারো বা? তত্রাদ্যঃ— সাক্ষিত্বাৎ কারুণিকত্বাচ্চ ন পাপে প্রেরকঃ, ন চ পরো জড়ত্বাদিতি প্রশ্নার্থঃ ॥ ৩৬ ॥

এই প্রশ্ন শ্রবণ করিয়া ভগবান্ কহিলেন,—অর্জ্জুন! রজোগুণ-সমুদ্ভূত কামই পুরুষকে পাপে প্রবৃত্তি দেয়। 'কাম'—প্রাক্তনবাসনা-হেতুক বিষয়াভিলাষ ; কামই অবস্থা-ভেদে রূপান্তর প্রাপ্ত হইয়া 'ক্রোধ' হয়। কাম রজোগুণকে আশ্রয় করিয়া উৎপন্ন হয় এবং যখন অভিলাষ-সিদ্ধির ব্যাঘাত হয়, তখন তমোগুণকে আশ্রয় করিয়া ক্রোধ হইয়া পড়ে। কাম—অতিশয় উগ্র এবং সর্ব্বভুক্ ; জ্ঞানযোগে কামকেই জীবের প্রধান শত্রু বলিয়া জানিবে ॥ ৩৭ ॥

ধূমেনাব্রিয়তে বহ্নির্যথাদর্শো মলেন চ।
যথোল্বেনাবৃতো গর্ভস্তথা তেনেদমাবৃতম্ ॥ ৩৮ ॥

তত্রাহ ভগবান্,—কাম ইতি। কামঃ প্রাক্তনবাসনাহেতুকঃ শব্দাদি-বিষয়কোঽভিলাষঃ পুরুষং পাপে প্রেরয়তি তদনিচ্ছুমপি সোঽস্য প্রেরক ইত্যর্থঃ। নম্বভিচারাদৌ ক্রোধোঽপি প্রেরকো দৃষ্টঃ স চেন্দ্রিয়স্তেত্যাদৌ ভবতাপি পৃথগুক্ত ইতি চেৎ, সত্যম্; ন স তস্মাৎ পৃথক্, কিন্ত্বেষ কাম এব কেনচিচ্চেতনেন প্রতিহতঃ ক্রোধো ভবতি। দুগ্ধমিবাম্লেন যুক্তং দধি;—কামজয় এব ক্রোধজয় ইতি ভাবঃ। কীদৃশঃ কাম ইত্যাহ,—রজোগুণেতি। সত্ত্ববৃদ্ধ্যা রজসি নির্জিতে কামো নির্জিতঃ স্যাদিত্যর্থঃ। ন চাপেক্ষিতপ্রদানেন কামস্য নিবৃত্তিরিত্যাহ,—মহাশন ইতি। "যৎ পৃথিব্যাং ব্রীহিযবং হিরণ্যং পশবঃ স্ত্রিয়ঃ। নালমেকস্য তৎসর্ব্বমিতি মত্বা শমং ব্রজেৎ ॥" ইতি স্মরণাৎ। ন চ সাম্না ভেদেন বা স বশীভবেদিত্যাহ,—মহাপাপ্মেতি। যোঽত্যুগ্রো বিবেকজ্ঞানবিলোপেন নিষিদ্ধেঽপি প্রবর্ত্তয়তি।

সেই কামই এই জগৎকে কোন-স্থলে কিঞ্চিৎ শিথিলরূপে, কোন-স্থলে গাঢ়রূপে এবং কোন-স্থলে অত্যন্ত গাঢ়রূপে আবৃত করিয়াছে। উদাহরণ-স্থল দিয়া বলি, শ্রবণ কর। ধূমাবৃত বহ্নির ন্যায় জীবচৈতন্য কামকর্ত্তৃক কিয়ৎপরিমাণে শিথিলরূপে আবৃত থাকায় ভগবৎস্মরণাদি-কার্য্য করিতে পারে। এ-স্থলে মুকুলিত-চেতনরূপেই নিষ্কামকর্ম্মযোগা-শ্রিত জীবের অবস্থিতি। মলাচ্ছন্ন আদর্শের ন্যায় জীবচৈতন্য কাম-কর্ত্তৃক গাঢ়রূপে আবৃত হইয়া নররূপে অবস্থিতি করিয়াও পরমেশ্বরকে স্মরণ করিতে পারে না। এ-স্থলে সঙ্কোচিত-চেতনস্বরূপে নিতান্ত নৈতিক ও নাস্তিকাদি জীবগণের অবস্থিতি; তাহারা—পশুপক্ষি-তুল্য। উল্বণ-দ্বারা আবৃত গর্ভের ন্যায় জীবচৈতন্য কাম-কর্ত্তৃক অতি-গাঢ়রূপে আচ্ছাদিত-চেতন বৃক্ষাদিরূপে অবস্থিতি করে ॥ ৩৮ ॥



আবৃতং জ্ঞানমেতেন জ্ঞানিনো নিত্যবৈরিণা।
কামরূপেণ কৌন্তেয় দুষ্পূরেণানলেন চ ॥ ৩৯ ॥

তস্মাদিহ জ্ঞানযোগে এনং বৈরিণং বিদ্ধি তথা চ দানাদিভিস্ত্রিভি-রুপায়ৈঃ সন্ধাতুমশক্যত্বাদ্বক্ষ্যমাণেন দণ্ডেন স হন্তব্য ইতি ভাবঃ। ঈশ্বরঃ কর্ম্মান্তরিতঃ পর্জ্জন্যবৎ সর্ব্বত্র প্রেরকঃ। কামস্তু স্বয়মেব পাপ্মাগ্রে ইতি তথোক্তম্ ॥ ৩৭ ॥

মৃদুমধ্যতীব্রভাবেন ত্রিবিধস্য কামস্য ধূমমলোল্বনেতি ক্রমেণ দৃষ্টান্তা-নাহ,—ধূমেনেতি। যথা ধূমেনাবৃতোঽন্নুজ্জ্বলোঽপি বহ্নিরৌষ্ণ্যাদিকং কিঞ্চিৎ করোতি মলেনাবৃতো দর্পণঃ স্বচ্ছতা-তিরোধানাৎ প্রতিবিম্বং ন শক্নোতি গ্রহীতুমুল্বেন জরায়ুণাবৃতো গর্ভস্তু পাদাদিপ্রসারং ন শক্নোতি কর্ত্তুং ন চোপলভ্যতে, তথা মৃদুনা কামেনাবৃতং জ্ঞানং কথঞ্চিৎ তত্ত্বার্থং গ্রহীতুং

সেই কামই জীবের 'অবিদ্যা'; তাহাই জীবের দুর্ব্বার অগ্নিপ্রায় নিত্যবৈরী; সেই কামই জীবচৈতন্যকে আবৃত করে। আমি ভগবান্ যেমত চিৎপদার্থ, জীবও তদ্রূপ চিৎপদার্থ। আমাতে ও জীবেতে স্বরূপ-ভেদ এই যে, আমি—পূর্ণস্বরূপ সর্ব্বশক্তিমান্, আর জীব—অণুচৈতন্য এবং মদ্দত্ত শক্তিদ্বারাই সমর্থ হয়। আমার নিত্যদাস্যই জীবের নিত্যধর্ম্ম; তাহারই নাম 'প্রেম' বা নিষ্কাম জৈবধর্ম্ম। চেতনপদার্থমাত্রই স্বভাবতঃ স্বতন্ত্র; সুতরাং শুদ্ধজীবও স্বভাবতঃ স্বতন্ত্র, অতএব স্বেচ্ছাপূর্ব্বক আমার নিত্যদাস। 'কাম' বা 'অবিদ্যা' যাহাকে বলি, তাহা সেই বিশুদ্ধ স্বতন্ত্র ইচ্ছার অপগতি ( বা অপব্যবহার )। যে-সকল জীব স্বতন্ত্র ইচ্ছা-দ্বারা আমার দাস্য অঙ্গীকার না করে, সুতরাং তাহারা সেই পবিত্রতত্ত্বের অপগত-ভাবরূপ কামকে বরণ করে। তদ্দ্বারা ক্রমশঃ আবৃত হইতে হইতে আচ্ছাদিতচেতনস্বরূপ জড়বৎ হইয়া পড়ে। ইহারই নাম জীবের কর্ম্মবন্ধ বা সংসারযাতনা ॥ ৩৯ ॥

**ইন্দ্রিয়াণি মনো বুদ্ধিরস্যাধিষ্ঠানমুচ্যতে।**
**এতৈর্বিমোহয়ত্যেষ জ্ঞানমাবৃত্য দেহিনম্ ॥ ৪০ ॥**

---

শক্নোতি মধ্যোনাবৃতং ন শক্নোতি। তীব্রেণাবৃতস্তু প্রসর্ত্তুমপি ন শক্নোতি, ন চ প্রতীয়ত ইত্যর্থঃ ॥ ৩৮ ॥

উক্তমর্থং স্ফুটয়তি,—আবৃতমিতি। অনেন কামরূপেণ নিত্যবৈরিণা জ্ঞানিনো জীবস্য জ্ঞানমাবৃতমিতি সম্বন্ধঃ। অজ্ঞস্য বিষয়ভোগসময়ে সুখত্বাৎ সুহৃদপি কামস্তৎকার্য্যে দুঃখে সতি বৈরিঃ স্যাদ্বিজ্ঞস্য তু তৎসময়েঽপি দুঃখানুসন্ধানাদ্দুঃখহেতুরেবেতি নিত্যবৈরিণেত্যুক্তিঃ; তস্মাৎ সর্ব্বথা হন্তব্য ইতি ভাবঃ। কিঞ্চ, দুষ্পূরেণেতি চ-শব্দ ইবার্থঃ। তত্রানলো যথা হবিষা পূরয়িতুমশক্যস্তথা ভোগেন কাম ইত্যর্থঃ। স্মৃতিশ্চৈবমাহ,—"ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি। হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে॥" ইতি। তস্মাৎ সর্ব্বেষাং স নিত্যবৈরীতি ॥ ৩৯ ॥

বৈরিণঃ কামস্য দুর্গেষু নির্জ্জিতেষু তস্য জয়ঃ সুকর ইতি তান্যাহ,—ইন্দ্রিয়াণীতি। বিষয়শ্রবণাদিনা সঙ্কল্পেনাধ্যবসায়েন চ কামস্যাভিব্যক্তেঃ

---

বিশুদ্ধজ্ঞানস্বরূপ জীব দেহ ধারণ-পূর্ব্বক 'দেহী'নামে বিখ্যাত। সেই কাম তাহার ইন্দ্রিয়, মন ও বুদ্ধিরূপ অধিষ্ঠান-দ্বারা জৈবজ্ঞানকে আবৃত করিয়া জীবকে বিমোহিত করে। বিশুদ্ধ-অহঙ্কারস্বরূপ অণুচৈতন্য-জীবকে কামের সূক্ষ্মতত্ত্ব অবিদ্যা প্রথমে প্রাকৃত-অহঙ্কাররূপ প্রথম আবরণ প্রদান করিলে প্রাকৃত-বুদ্ধিই অধিষ্ঠান-রূপে কার্য্য করে। পরে, প্রাকৃত অহঙ্কার পরিপক্ক হইয়া মনোরূপী দ্বিতীয়াধিষ্ঠান প্রদান করে। মন বিষয়াভিমুখ হইয়া ইন্দ্রিয়রূপ তৃতীয়াধিষ্ঠান প্রস্তুত করে। এই অধিষ্ঠান-ত্রয়কে আশ্রয় করত কাম জীবকে জড়বিষয়ে নিক্ষেপ করে। স্বতন্ত্রেচ্ছা-দ্বারা আমার সাম্মুখ্যই 'বিদ্যা' বলিয়া উক্ত হয়, আর স্বতন্ত্রেচ্ছা-দ্বারা আমার বৈমুখ্যকে 'অবিদ্যা' বলা যায় ॥ ৪০ ॥



**তস্মাত্ত্বমিন্দ্রিয়াণ্যাদৌ নিয়ম্য ভরতর্ষভ।**
**পাপ্মানং প্রজহি হ্যেনং জ্ঞানবিজ্ঞাননাশনম্ ॥ ৪১ ॥**
**ইন্দ্রিয়াণি পরাণ্যাহুরিন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ।**
**মনসস্তু পরা বুদ্ধির্যো বুদ্ধেঃ পরতস্তু সঃ ॥ ৪২ ॥**

---

শ্রোত্রাদীনি চ মনশ্চ বুদ্ধিশ্চ তস্যাধিষ্ঠানং মহাদুর্গরাজধানীরূপং ভবতি বিষয়াস্তু তস্য তস্য জনপদা বোধ্যাঃ। এতৈর্বিষয়সঞ্চারিভিরিন্দ্রিয়াদিভির্দেহিনং প্রকৃতিস্পৃষ্টদেহবন্তং জীবমাত্মজ্ঞানোত্থতমেষ কামো বিমোহয়তি—আত্মজ্ঞানবিমুখং বিষয়রসপ্রবণঞ্চ করোতীত্যর্থঃ ॥ ৪০ ॥

যস্মাদয়ং কামরূপো বৈরী নিখিলেন্দ্রিয়ব্যাপারবিরতিরূপায়াত্মজ্ঞানায়োত্থতস্য বিষয়রসপ্রবণৈরিন্দ্রিয়ৈর্জ্ঞানমাবৃণোতি, তস্মাৎ প্রকৃতিস্পৃষ্টদেহাদিমাংস্ত্বমাদাবাত্মজ্ঞানোদয়ায়ারম্ভকাল এবেন্দ্রিয়াণি সর্ব্বাণি তদ্ব্যাপাররূপে নিষ্কামে কর্ম্মযোগে নিয়ম্য প্রবণানি কৃত্বা এনং পাপ্মানং কামং শত্রুং প্রজহি বিনাশয়। হি যস্মাজ্‌জ্ঞানস্য শাস্ত্রীয়স্য দেহাদিবিবিক্তাত্মবিষয়কস্য বিজ্ঞানস্য চ তাদৃগাত্মানুভবস্য নাশনমাবরকম্ ॥ ৪১ ॥

---

অতএব, হে ভরতর্ষভ! তুমি জ্ঞান-বিজ্ঞান-ধ্বংসকারী মহাপাপরূপ কামকে প্রথমে নিষ্কাম-কর্ম্মযোগে ইন্দ্রিয়াদি নিয়মিত করিয়া জয় কর; অর্থাৎ তাহার অপগত ভাবকে নাশ করত তাহাকে স্ব-স্বভাবে আনয়ন-পূর্ব্বক তাহার প্রেমাত্মক স্বরূপকে অবলম্বন কর। জড়বদ্ধ-জীবের প্রশস্ত কর্ত্তব্য এই যে, প্রথমে কর্ম্মযোগে স্বধর্ম্ম পালন করত ক্রমে সাধন-ভক্তি লাভপূর্ব্বক প্রেমভক্তি অর্জ্জন করিবে ॥ ৪১ ॥

সংক্ষেপত বলি,—তুমি যে জীব, তোমার নিজতত্ত্ব এই,—আপাতত জড়বদ্ধ হইয়া ইন্দ্রিয়, মন ও বুদ্ধিকে 'আত্মা' বলিয়া মনে করিতেছ, তাহা অবিদ্যাজনিত ভ্রম। 'জড়' হইতে 'ইন্দ্রিয়সকল' সূক্ষ্ম ও শ্রেষ্ঠ, 'ইন্দ্রিয়' অপেক্ষা 'মন' সূক্ষ্ম ও শ্রেষ্ঠ, 'মন' হইতে 'বুদ্ধি' সূক্ষ্ম ও শ্রেষ্ঠ। যিনি জীবাত্মা, তিনি বুদ্ধি হইতেও শ্রেষ্ঠ ॥ ৪২ ॥

**এবং বুদ্ধেঃ পরং বুদ্ধা সংস্তভ্যাত্মানমাত্মনা।**
**জহি শত্রুং মহাবাহো কামরূপং দুরাসদম্ ॥ ৪৩ ॥**

---

নন্ব মুদ্রিতযন্ত্রাম্বুন্যায়েন নিষ্কামকর্ম্মপ্রবণতয়েন্দ্রিয়নিয়মনে কামক্ষতিরিতি ত্বয়া প্রদর্শিতম্। অথ দৈহিককর্ম্মকালে মুক্তযন্ত্রাম্বুন্যায়েনেন্দ্রিয়বৃত্তিপ্রসারে কামস্য পুনরুজ্জীবতাপত্তিঃ স্যাদিতি তত্র 'রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা' ইতি পূর্ব্বোপদিষ্টেন বিবিক্তাত্মানুভবেন নিঃশেষা তস্য ক্ষতিঃ স্যাদিতি দর্শয়তি,—ইন্দ্রিয়াণীতি দ্বাভ্যাম্। পাঞ্চভৌতিকাদ্দেহাদিন্দ্রিয়াণি পরাণ্যাহুঃ পণ্ডিতাঃ। তচ্চালকত্বাত্ততোঽতিসূক্ষ্মত্বাত্তদ্বিনাশেঽবিনাশাচ্চ; ইন্দ্রিয়েভ্যো মনঃ পরং জাগরে তেষাং প্রবর্ত্তকত্বাৎ স্বপ্নে তেষু স্বস্মিন্ বিলীনেষু রাজ্যকর্ত্তৃত্বেন স্থিতত্বাচ্চ। মনসস্তু বুদ্ধিঃ পরা, নিশ্চয়াত্মকবুদ্ধিবৃত্ত্যৈব সঙ্কল্পাত্মকমনোবৃত্তেঃ প্রসরাৎ। যস্তু বুদ্ধেরপি পরতোঽস্তি, স দেহী জীবাত্মা চিৎস্বরূপো দেহাদিবুদ্ধ্যন্তবিবিক্ততয়ানুভূতঃ সন্নিঃশেষকামক্ষতিহেতুর্ভবতীতি। কঠাশ্চৈবং পঠন্তি,—"ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থা অর্থেভ্যশ্চ পরং মনঃ। মনসস্তু পরা বুদ্ধির্বুদ্ধেরাত্মা মহান্ পরঃ ॥" ইত্যাদি। অস্যার্থঃ—ইন্দ্রিয়েভ্যোঽর্থা বিষয়াস্তদাকর্ষিত্বাৎ পরাঃ প্রধানভূতাঃ। বিষয়েন্দ্রিয়ব্যবহারস্য মনোমূলত্বাদর্থেভ্যো মনঃ পরং বিষয়ভোগস্য নিশ্চয়পূর্ব্বকত্বাৎ সংশয়াত্মকান্মনসো নিশ্চয়াত্মিকা বুদ্ধিঃ পরা বুদ্ধের্ভোগোপকরণত্বাত্তস্যাঃ সকাশাদ্ভোক্তাত্মা জীবঃ পরঃ স চাত্মা মহান্ দেহেন্দ্রিয়ান্তঃকরণস্বামীতি দৈহিকং কর্ম্ম তু পূর্ব্বাভ্যাসবশাচ্চক্রভ্রমিবৎ সেৎস্যতি ॥ ৪২ ॥

---

এইরূপ আপনার অপ্রাকৃত তত্ত্ব জানিয়া এবং সমস্ত জড়ীয় সবিশেষ ও নির্ব্বিশেষ-চিন্তা হইতে আপনাকে বিশুদ্ধ-ভগবদ্দাসরূপ শ্রেষ্ঠতত্ত্ব জানিয়া আপনাকে আত্মশক্তি-দ্বারা নিশ্চল করত চিৎতত্ত্বের বিরুদ্ধ এই অবিদ্যারূপ দুর্জ্জয় কামকে ক্রম-মার্গ অবলম্বনপূর্ব্বক নাশ কর ॥ ৪৩ ॥



ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-
সংবাদে কর্ম্মযোগো নাম তৃতীয়োঽধ্যায়ঃ।

---

এবমিতি। এবং মদুপদেশবিধয়া বুদ্ধেশ্চ পরং দেহাদিনিখিলজড়বর্গপ্রবর্ত্তকত্বাত্তদ্বিবিক্তং সুখচিদ্ঘনং জীবাত্মানং বুদ্ধ্বানুভূয়েত্যর্থঃ। আত্মনা ঈদৃশনিশ্চয়াত্মিকয়া বুদ্ধ্যাত্মানং মনঃ সংস্তভ্য তাদৃশ্যাত্মনি স্থিরং কৃত্বা কামরূপং শত্রুং জহি নাশয়; দুরাসদং দুর্দ্ধর্ষমপি। মহাবাহো ইতিপ্রাগ্বৎ ॥ ৪৩॥

নিষ্কামং কর্ম্ম মুখ্যং স্যাদ্গৌণং জ্ঞানস্তদুদ্ভবম্।
জীবাত্মদৃষ্টাবিত্যেষ তৃতীয়োঽধ্যায়নির্ণয়ঃ ॥

**ইতি শ্রীমদ্ভগবদ্গীতোপনিষদ্ভাষ্যে তৃতীয়োঽধ্যায়ঃ।**

---

পূর্ব্বাধ্যায়ের সিদ্ধান্ত শ্রবণ করিয়া অর্জ্জুনের মনে এই সংশয় হইল যে, যদি কর্ম্ম উপায়মাত্র হইয়া উপেয়স্বরূপ আত্মযাথাত্ম্যবুদ্ধি উৎপাদন করে, তবে একেবারেই সেই বুদ্ধি অবলম্বন করাই ভাল। এই সংশয় দূর করিবার অভিপ্রায়ে এই অধ্যায়ে জড়দেহ-প্রাপ্ত জীবের পক্ষে কর্ম্মের অপরিহার্য্যতা, যুক্ত-কর্ম্মের আবশ্যকতা, আত্মরতি-সাধকতা, স্বধর্ম্মাকারতা, অকর্ম্ম-বিকর্ম্মোৎপাদক প্রবল ইন্দ্রিয়গণের নিয়ামকতা ও প্রাকৃত-কামজয়ের একমাত্র উপায়তা প্রদর্শনপূর্ব্বক, ভগবদর্পিত-রূপে কর্ম্মযোগেরই সাধন কর্ত্তব্য, ইহা স্থির হইল। অপক্কাবস্থায় কর্ম্মসন্ন্যাস ও শমদমাদির পৃথক্ চেষ্টার নিষ্ফলতার বিচারও হইয়াছে।

**তৃতীয় অধ্যায় সমাপ্ত।**

# চতুর্থোঽধ্যায়ঃ

শ্রীভগবানুবাচ,—

ইমং বিবস্বতে যোগং প্রোক্তবানহমব্যয়ম্।
বিবস্বান্ মনবে প্রাহ মনুরিক্ষ্বাকবেঽব্রবীৎ ॥ ১ ॥

এবং পরম্পরাপ্রাপ্তমিমং রাজর্ষয়ো বিদুঃ।
স কালেনেহ মহতা যোগো নষ্টঃ পরন্তপ ॥ ২ ॥

---

তুর্য্যে স্বাভিব্যক্তিহেতুং স্বলীলানিত্যতাং সৎকর্ম্মসু জ্ঞানযোগম্।
জ্ঞানস্যাপি প্রাগ্ যন্মাহাত্ম্যমুচ্চৈঃ প্রাথ্যদ্দেবো দেবকীনন্দনোঽসৌ ॥

পূর্ব্বাধ্যায়াভ্যামুক্তং জ্ঞানযোগং কর্ম্মযোগস্যৈকফলত্বাদেকীকৃত্য তদ্বংশং কীর্ত্তয়ন্ স্তৌতি,—ইমমিতি। ইমং ত্বাং প্রত্যুক্তং যোগং পুরা ভক্তায় সর্ব্বক্ষত্রিয়াম্ববায় বীজায় বিবস্বতে সূর্য্যায়াহং প্রোক্তবান্। অব্যয়ং নিত্যং বেদার্থত্বান্নব্যেতি স্বফলাদিত্যব্যভিচারিফলত্বাচ্চ। স চ মচ্ছিষ্যো বিবস্বান্ স্বপুত্রায় মনবে বৈবস্বতায় প্রাহ; স চ মনুরিক্ষ্বাকবে স্বপুত্রায়াব্রবীৎ ॥১॥

---

ভগবান্ কহিলেন,—আমি পূর্ব্বে সূর্য্যকে এই অব্যয় নিষ্কামকর্ম্ম-সাধ্য জ্ঞানযোগ বলিয়াছিলাম; সূর্য্য তাহাই মনুকে এবং মনুও তাহাই ইক্ষ্বাকুকে বলিয়াছিলেন ॥ ১ ॥

এইপ্রকার পরম্পরা-প্রাপ্ত যোগ রাজর্ষিসকল অবগত ছিলেন; হে পরন্তপ! সেই যোগ অনেক-কাল গত হওয়ায় ইহলোকে আপাততঃ নষ্টপ্রায় হইয়াছে ॥ ২ ॥



স এবায়ং ময়া তেঽদ্য যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ।
ভক্তোঽসি মে সখা চেতি রহস্যং হ্যেতদুত্তমম্ ॥ ৩ ॥

অর্জ্জুন উবাচ,—

অপরং ভবতো জন্ম পরং জন্ম বিবস্বতঃ।
কথমেতদ্বিজানীয়াং ত্বমাদৌ প্রোক্তবানিতি ॥ ৪ ॥

---

এবং বিবস্বন্তমারভ্য গুরুশিষ্যপরম্পরয়া প্রাপ্তমিমং যোগং রাজর্ষয়ঃ স্বপিত্রাদিভিরিক্ষ্বাকুপ্রভৃতিভিরুপদিষ্টং বিদুঃ। ইহ লোকে, নষ্টো বিচ্ছিন্ন-সম্প্রদায়ঃ ॥ ২ ॥

স এব তদানুপূর্ব্বিকবচনবাচ্যো যোগো ময়া ত্বৎসখেনাতিস্নিগ্ধেন তে তুভ্যং মৎসখায়েতি স্নিগ্ধায় প্রোক্তস্ত্বং মে ভক্তঃ প্রপন্নঃ সখা চাসীতি হেতোঃ ন ত্বন্যস্মৈ কস্মৈচিৎ। তত্র হেতুঃ,—রহস্যমিতি। হি যস্মাদুত্তমং রহস্যমিতি গোপ্যমেতৎ ॥ ৩ ॥

কৃষ্ণস্য সনাতনত্বে সার্ব্বজ্ঞে চ শঙ্কমানাননভিজ্ঞান্ নিরাকর্ত্তুমর্জ্জুন উবাচ,—অপরমিতি। অপরমর্ব্বাচীনং পরং পরাচীনং তস্মাদাধুনিকস্ত্বং প্রাচীনায় বিবস্বতে যোগমুক্তবানিত্যেতৎ কথমহং বিজানীয়াং প্রতীয়াম্। অয়মর্থঃ,—ন খলু সর্ব্বেশ্বরত্বেন কৃষ্ণমর্জ্জুনো ন বেত্তি তস্য নরাখ্যতদ-বতারত্বেন তাক্রূপ্যাৎ "পরং ব্রহ্ম পরং ধাম"ইত্যাদি-তদুক্তেশ্চ। কিন্তু

---

সেই সনাতন যোগ আমি অদ্য তোমাকে বলিলাম; যেহেতু তুমি আমার ভক্ত ও সখা, অতএব এই উত্তম যোগ অত্যন্ত রহস্য হইলেও তোমাকে আমি উপদেশ করিলাম ॥ ৩ ॥

অর্জ্জুন কহিলেন,—বিবস্বান্ পূর্ব্বকালে জন্মিয়াছিলেন এবং তুমি ইদানীন্তন জন্ম গ্রহণ করিয়াছ; তুমি যে এই যোগ পূর্ব্বে বিবস্বান্ অর্থাৎ সূর্য্যকে উপদেশ করিয়াছিলে,—একথা কি-প্রকারে বিশ্বাস করা যায়? ৪ ॥

শ্রীভগবানুবাচ,—

**বহূনি মে ব্যতীতানি জন্মানি তব চার্জ্জুন ।**
**তান্যহং বেদ সর্ব্বাণি ন ত্বং বেত্থ পরন্তপ ॥ ৫ ॥**

---

দেবক্যাং জাতত্বেন মনুষ্যভাবেন চাভ্যুদিতাং তৎসনাতনত্বতৎসার্ব্বজ্ঞ-বিষয়ামজ্ঞশঙ্কামপাকর্ত্তুমপরমিত্যাদি পৃচ্ছতি। সর্ব্বেশ্বরঃ স যথা স্ব-তত্ত্বং বেত্তি ন তথান্যঃ; ততস্তন্মুখাস্মজ্ঞাদেব তদ্রূপতজ্জন্মাদি প্রকাশনীয়ং লোকমঙ্গলায়। তদর্থং স্বমহিমানং প্রবদন্ বিকত্থনতয়া স নাক্ষেপ্যঃ, কিন্তু স্তবনীয় এব কৃপালুতয়া। তচ্চ মনুষ্যাকৃতিপরব্রহ্মণস্তব রূপং জন্মাদি চ লোকবিলক্ষণং কিংবিধং কিমর্থকং কিংকালকমিতি বিজ্ঞপ্তাপাজ্ঞবৎ প্রশ্নোঽয়মজ্ঞশঙ্কা-নিরাসকপ্রতিবচনার্থঃ ॥ ৪ ॥

এক এবাহং "একোঽপি সন্ বহুধা যোঽবভাতি" ইত্যাদি শ্রুত্যুক্তানি নিত্যসিদ্ধানি বহূনি রূপাণি বৈদূর্য্যবদাত্মনি দধানঃ পুরা রূপান্তরেণ তং প্রত্যুপদিষ্টবান্ ইতি ভাবেনাহ ভগবান্,—বহূনীতি। তব চেতি মৎসখত্বাত্তাবন্তি জন্মানি তবাপ্যভূবন্নিত্যর্থঃ। ন ত্বং বেত্থেতি। ইদানীং ময়ৈবাচিন্ত্যশক্ত্যা স্বলীলা-সিদ্ধয়ে ত্বজ্জ্ঞানাচ্ছাদনাদিতি ভাবঃ। এতেন সার্ব্বজ্ঞ্যং স্বস্য দর্শিতম্। অত্র ভগবজ্জন্মনাং বাস্তবত্বং বোধ্যং;—বহূনীত্যাদি শ্রীমুখোক্তেস্তব চেতি দৃষ্টান্তাচ্চ। ন চ জন্মাখ্যো বিকারস্তস্যাপ্রিম-ব্যাখ্যয়া প্রত্যাখ্যানাৎ ॥ ৫ ॥

---

শ্রীকৃষ্ণ কহিলেন,—হে পরন্তপ অর্জ্জুন! আমার ও তোমার অনেক জন্ম বিগত হইয়াছে। পরমেশ্বরত্ব-হেতু আমি সে সমুদায় স্মরণ করিতে পারি; আর তুমি অণুচৈতন্য জীব, সে সমুদায় স্মরণ করিতে পার না। আমি যখনই জগতে অবতীর্ণ হই, তোমরা সিদ্ধভক্ত, আমার লীলাপুষ্টির জন্য তখনই আমার সহিত জন্ম লাভ কর। কিন্তু আমি একমাত্র সর্ব্বজ্ঞ পুরুষ বলিয়া সমস্ত অবগত আছি ॥ ৫ ॥



**অজোঽপি সন্নব্যয়াত্মা ভূতানামীশ্বরোঽপি সন্।**
**প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া ॥ ৬ ॥**

---

লোকবিলক্ষণতয়া স্বরূপং স্বজন্ম চ বদন্ সনাতনত্বং স্বস্যাহ,—অজোঽপীতি। অত্র স্বরূপস্বভাবপর্য্যায়ঃ 'প্রকৃতি'শব্দঃ, স্বাং প্রকৃতিং স্বং স্বরূপং

---

যদিও তোমরা সকলেই এবং আমি পুনপুনঃ জগতে আগত হই, তথাপি আমার আগমন ও তোমাদের আগমনে বিশেষ ভেদ আছে। আমি সমস্ত ভূতের ঈশ্বর, অজ অর্থাৎ জন্মরহিত এবং অব্যয়স্বরূপ; স্বীয় চিচ্ছক্তি আশ্রয়পূর্ব্বক তদ্দ্বারা স্ব-স্বরূপে জীবের প্রতি কৃপা করিয়া সম্ভূত হই। কিন্তু জীবসকল আমার মায়াশক্তিপ্রভাবে বশীভূত হইয়া জগতে জন্ম গ্রহণ করে, তাহাতে তাহাদের পূর্ব্বজন্মস্মৃতি থাকে না; জীবের কর্ম্ম-বশতঃ লিঙ্গশরীর বলিয়া যে শরীর আছে, তাহাকে আশ্রয় করিয়া জীব পুনর্জ্জন্ম লাভ করে। আমার যে দেবতির্য্যগাদিরূপে আবির্ভাব, সে কেবল আমার স্বাধীন ইচ্ছাবশতঃই হইয়া থাকে। আমার বিশুদ্ধ চিচ্ছরীর লিঙ্গ ও স্থূল শরীর দ্বারা জীবের ন্যায় আবৃত হয় না। বৈকুণ্ঠ-অবস্থায় আমার যে নিত্য স্বরূপ, তাহাই আমি প্রাপঞ্চিক জগতে অবলীলাক্রমে প্রকাশ করি। যদি বল,—প্রপঞ্চে চিত্তত্ত্বের কিরূপে প্রকাশ হইতে পারে? তবে শ্রবণ কর। আমার শক্তি অবিতর্ক্য ও সমস্ত চিন্তার অতীত; অতএব তদ্দ্বারা যাহা যাহা হইতে পারে, তাহা তোমরা যুক্তি-দ্বারা নির্ণয় করিতে পারিবে না। সহজ-জ্ঞান-দ্বারা এই-মাত্র তোমাদের জানা কর্ত্তব্য যে, অবিচিন্ত্যশক্তিসম্পন্ন ভগবান্ কোন প্রাপঞ্চিক বিধির বাধ্য হন না। তিনি ইচ্ছা করিলে সমস্ত বৈকুণ্ঠতত্ত্ব অনায়াসে বিশুদ্ধরূপে জড়-জগতে প্রকাশ করিতে পারেন, অথবা সমস্ত জড়কে পরিবর্ত্তন করিয়া চিৎস্বরূপ প্রদান করিতে পারেন; সুতরাং সে-স্থলে আমার এই সচ্চিদানন্দবিগ্রহ যে-সমস্ত প্রপঞ্চবিধির অতীত

**যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত।**
**অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্ ॥ ৭ ॥**

অধিষ্ঠায়ালক্ষ্য সম্ভবামি আবির্ভবামি। সংসিদ্ধিপ্রকৃতী স্বিমে ; "স্বরূপঞ্চ স্বভাবশ্চ" ইত্যমরঃ, স্বরূপেণৈব সম্ভবামীতি। এতমর্থং বিবরিতুং

এবং প্রপঞ্চে উদিত হইয়াও যে পূর্ণরূপে শুদ্ধ, তাহাতে সন্দেহ কি? যে মায়া-দ্বারা জীব চালিত হয়, তাহাও আমার 'প্রকৃতি' বটে, কিন্তু আমার 'স্বীয় প্রকৃতি' বলিলে চিচ্ছক্তিকেই বুঝিতে হইবে। আমার শক্তি—এক, কিন্তু তাহা—আমার নিকট চিৎশক্তি, এবং কর্ম্মবদ্ধ জীবের নিকট মায়াশক্তি, এইরূপ নানাবিধ প্রভাবযুক্ত ॥ ৬ ॥

আমার আবির্ভাবের এই মাত্র নিয়ম যে, আমি—ইচ্ছাময় ; আমার ইচ্ছা হইলেই আমি অবতীর্ণ হই। যখন যখন ধর্ম্মের গ্লানি ও অধর্ম্মের অভ্যুত্থান হয়, তখনই আমি স্বেচ্ছাপূর্ব্বক আবির্ভূত হই। আমার জগদ্ব্যাপার-নির্ব্বাহক বিধিসকল—অনাদি ; কিন্তু কালক্রমে যখন ঐসকল বিধি কোন অনির্দ্দেশ্য কারণবশতঃ বিগুণ হইয়া পড়ে, তখনই কালদোষ-ক্রমে অধর্ম্ম প্রবল হইয়া উঠে। সেই দোষ নিবারণ করিতে আমি ব্যতীত আর কেহ সমর্থ হয় না। অতএব আমি স্বীয় চিচ্ছক্তি-সহকারে প্রপঞ্চে উদিত হইয়া ঐ ধর্ম্মগ্লানি নিবৃত্ত করি। এই ভারতভূমিতেই যে আমার উদয় দেখিতে পাও, তাহা নয় ; আমি দেবতির্য্যগাদি সমস্ত জগতেই ( রাজ্যেই ) আবশ্যকমত ইচ্ছাপূর্ব্বক উদয় হই ; অতএব ম্লেচ্ছ ও অন্ত্যজ-দিগের জগতে উদিত হই না, তাহা মনে করিও না। সেই সকল শোচ্য পুরুষ যতটুকু ধর্ম্মকে 'স্বধর্ম্ম' বলিয়া স্বীকার করে, তাহার গ্লানি হইলেও তাহাদের মধ্যে শক্ত্যাবেশ-অবতাররূপে আমি তাহাদের ধর্ম্ম রক্ষা করি। কিন্তু ভারতভূমিতে বর্ণাশ্রমধর্ম্মরূপে সাম্বন্ধিক স্বধর্ম্ম সুষ্ঠু আচরিত হয় বলিয়াই এতদ্দেশবাসী আমার প্রজাসকলের ধর্ম্মসংস্থাপন-



**পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্।**
**ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥ ৮ ॥**

বিশিনষ্টি,—অজোঽপীত্যাদিনা। 'অপি' অবধারণে। অপূর্ব্বদেহযোগো জন্ম, তদ্রহিত এব সন্। অব্যয়াত্মাপি সন্ অব্যয়ঃ পরিণামশূন্য

করণার্থ আমি অধিকতর যত্ন করি। অতএব 'যুগাবতার' ও 'অংশাবতার' প্রভৃতি যত রমণীয় অবতার, তাহা ভারতভূমিতেই লক্ষ্য করিবে। যেখানে বর্ণাশ্রমধর্ম্ম নাই, সেখানে নিষ্কাম কর্ম্মযোগ ও তৎসাধ্য জ্ঞানযোগ এবং চরমফলরূপ ভক্তিযোগ সুষ্ঠুরূপে আচরিত হয় না। তবে যে অন্ত্যজগণের মধ্যে কিয়ৎপরিমাণে ভক্তি উদিত হইতে দেখা যায়, তাহা ভক্তকৃপাজনিত 'আকস্মিকী' বলিয়া জানিবে ॥ ৭ ॥

রাজর্ষি ও ব্রহ্মর্ষি প্রভৃতি আমার যে-সকল ভক্ত, তাঁহাদের সত্তায় আমি শক্ত্যাবেশ ( অবতার ) করত বর্ণাশ্রম-ধর্ম্ম সংস্থাপন করি, কিন্তু পরমভক্ত সাধুগণের মদ্দর্শনলালসোত্থ দুঃখ হইতে তাহাদের পরিত্রাণের জন্য আমার স্বীয় অবতারের আবশ্যকতা। অতএব 'যুগাবতার' হইয়া আমি সাধুদিগকে দুঃখ হইতে পরিত্রাণ করি, দুষ্কৃত রাবণ-কংসাদিকে বধ করত উদ্ধার করি এবং শ্রবণ-কীর্ত্তনাদি ভক্তি প্রচার করিয়া জীবের নিত্য স্বধর্ম্ম সংস্থাপন করি। 'আমি যুগে যুগে অবতীর্ণ হই'—এই কথা-দ্বারা 'কলিকালেও যে আমার অবতার হয়' ইহা স্বীকার করিবে কলিকালের অবতার কেবল কীর্ত্তনাদি-দ্বারা পরমদুর্ল্লভ প্রেম সংস্থাপন করিবেন ; তাঁহাতে অন্য তাৎপর্য্য না থাকায় সেই অবতার সর্ব্বাবতারশ্রেষ্ঠ হইলেও সাধারণের নিকট গোপনীয়। আমার পরমভক্তগণ স্বভাবতঃ সেই অবতার-কর্ত্তৃক বিশেষরূপে আকৃষ্ট হইবেন, তাহা তুমিও তৎসাহচর্য্যে অবতীর্ণ হইয়া দেখিতে পাইবে। কলিজন-নিস্তারকাবতার-কর্ত্তৃক দুষ্কৃতজনের দুষ্কৃতিবিনাশ ব্যতীত অসুর-বিনাশ-কার্য্য নাই, ইহাই সেই গুহ্য অবতারের পরম রহস্য ॥ ৮ ॥

**জন্ম কর্ম্ম চ মে দিব্যমেবং যো বেত্তি তত্ত্বতঃ।**
**ত্যক্ত্বা দেহং পুনর্জন্ম নৈতি মামেতি সোঽর্জ্জুন ॥ ৯ ॥**

---

আত্মা বুদ্ধ্যাদির্যস্ত তাদৃশ এব সন্। 'আত্মা পুংসি'ইত্যাদ্যুক্তেঃ। ভূতানামীশ্বরোঽপি সন্ স্বেতরেষাং জীবানাং নিয়ন্তৈব সন্ ইত্যর্থঃ। অহংত্বাদিগুণকং যদ্বিভুজ্ঞানসুখঘনং রূপং তেনৈবাবতরামীতি স্বরূপেণৈব সংভবামীত্যস্য বিবরণং তাদৃশস্য স্বরূপস্য রবেরিবাভিব্যক্তিমাত্রমেব জন্মেতি তৎস্বরূপস্য তজ্জন্মনশ্চ লোকবিলক্ষণত্বং তেন সনাতনত্বঞ্চ ব্যক্তম্; কর্ম্মতন্ত্রত্বং নিরস্তম্। শ্রুতিশ্চৈবমাহ—"অজায়মানো বহুধা বিজায়তে" ইতি। স্মৃতিশ্চ,—"প্রত্যক্ষং চ হরের্জন্ম ন বিকারঃ কথঞ্চন"ইত্যাদ্যা। অতএব সূতিকাগৃহে দিব্যায়ুধভূষণস্য দিব্যরূপস্য ষড়ৈশ্বর্য্যসম্পন্নস্য তস্য বীক্ষণং স্মর্য্যতে। প্রয়োজনমাহ;—আত্মমায়য়েতি—ভক্তজীবানুকম্পয়া হেতুনা তদুদ্ধারায়েত্যর্থঃ;—"মায়া দম্ভে কৃপায়াঞ্চ"ইতি বিশ্বঃ; আত্মমায়য়া স্বসার্ব্বজ্ঞেন স্বসঙ্কল্পেনেতি কেচিৎ; "মায়া বয়ুনং জ্ঞানঞ্চ"ইতি নির্ঘণ্টকোষাৎ। লোকঃ খলু রাজাদিঃ পূর্ব্বদেহাদীনি বিহায়াপূর্ব্বদেহাদীনি ভজন্নিরনুসন্ধিরজ্ঞো জন্মী ভবতীতি তদ্বৈলক্ষণ্যং

---

অচিন্ত্যচিচ্ছক্তি-দ্বারা যে দিব্য জন্ম ও কর্ম্ম আমি স্বীকার করি, তাহা পূর্ব্বোক্ত তত্ত্ববিচারক্রমে যিনি অবগত হন, তিনি জড়দেহ ত্যাগ-পূর্ব্বক পুনরায় জন্মগ্রহণ করেন না; কিন্তু আমার চিচ্ছক্তিপ্রকাশরূপ হ্লাদিনীশক্তির প্রকাশবিশেষে আমার নিত্য সেবা প্রাপ্ত হন। যাঁহারা তত্ত্বজ্ঞানের অভাবে আমার জন্ম, কর্ম্ম ও প্রপঞ্চে প্রকাশিত দেহকে 'অনিত্য' ও 'প্রাপঞ্চিক' বলিয়া সিদ্ধান্ত করে, তাহারা অবিদ্যা-বশতঃ সংসার লাভ করে। কর্ম্মজড় পুরুষেরা প্রায় ঐরূপ সিদ্ধান্ত-দ্বারা কর্ম্মজড়তাতে আবদ্ধ থাকে। সাধুকৃপা ব্যতীত তাহাদের বিমল জ্ঞান উদিত হয় না ॥ ৯ ॥



**বীতরাগভয়ক্রোধা মন্ময়া মামুপাশ্রিতাঃ।**
**বহবো জ্ঞানতপসা পূতা মদ্ভাবমাগতাঃ ॥ ১০ ॥**

---

...ম্মিনঃ প্রস্ফুটম্। ভূতানামীশ্বরোঽপি সন্নিত্যনেন লব্ধসিদ্ধয়ো যোগি-...তয়োঽপি ব্যাবৃত্তাঃ। সুখচিদ্ঘনো হরির্দেহদেহিভেদেন গুণগুণি-...দেন চ শূন্যোঽপি বিশেষবলাত্তত্তদ্ভাবেন বিদ্বষাং প্রতীতিরাসীদিতি ॥৬॥

---

আমার জন্মকর্ম্ম ও শরীরের চিন্ময়ত্ব এবং বিশুদ্ধত্ব-বিচার-সম্বন্ধে মূঢ় লোকেরা তিনটি প্রবৃত্তি-দ্বারা চালিত হয়; যথা ইতর রাগ, ভয় ও ক্রোধ। যাহাদের বুদ্ধি নিতান্ত জড়বদ্ধা, তাহারা জড়তত্ত্বে এতদূর অনুরাগ প্রকাশ করে যে, চিত্তত্ত্ব বলিয়া যে কোন নিত্য বস্তু আছে, তাহা স্বীকার করে না; ইহারা 'স্বভাব'কেই পরমতত্ত্ব বলে। ইহাদের মধ্যে কেহ বা 'জড়'কেই নিত্যকারণ বলিয়া চিত্তত্ত্বের জনকরূপে নির্দ্দেশ করে। ঐ সমস্ত জড়বাদী, স্বভাববাদী বা চৈতন্যহীন বিধিবাদিগণ ইতর রাগ-দ্বারা চালিত হইয়া পরমতত্ত্বরূপ চিদ্রাগ হইতে কাজেকাজেই বঞ্চিত হয়। কোন কোন বিচারক 'চিত্তত্ত্ব'কে একটি নিত্যপদার্থ বলিয়া স্বীকার করেন বটে, কিন্তু সহজ-জ্ঞানকে পরিত্যাগ করত সর্ব্বদা যুক্তিকে আশ্রয় করিয়া থাকেন। তাহাতে জড়ে যতপ্রকার গুণ ও কর্ম্ম দৃষ্টি করেন, সে-সকলকে সতর্কতার সহিত 'অতৎ' বলিয়া পরিত্যাগ করত অস্ফুট জড়বিপরীত পদার্থ বলিয়া একটি 'অনির্দ্দেশ্য-ব্রহ্ম'কে কল্পনা করেন; তাহা আর কিছুই নয়,—কেবল আমার মায়ার ব্যতিরেক প্রকাশমাত্র; তাহা আমার নিত্যস্বরূপ নয়। পাছে আমার ধ্যান ও চিন্তায় তাঁহাদের কোনপ্রকার জড়ধর্ম্ম আশ্রয় করে,—এই ভয়ে আমার স্বরূপধ্যান ও স্বরূপ-পূজা হইতে বিরত হন; সেই ভয়-দ্বারা তাঁহারা পরমতত্ত্বের স্বরূপ হইতে বঞ্চিত। কেহ বা জড়াতীত কিছুই স্থির করিতে না পারিয়া ক্রোধাবিষ্টচিত্তে 'শূন্য ও নির্ব্বাণ'কেই পরমতত্ত্ব বলিয়া স্থির করেন। এই

**যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্।**
**মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ ॥ ১১ ॥**

---

অথ সম্ভবকালমাহ,—যদেতি। ধর্ম্মস্য বেদোক্তস্য গ্লানির্বিনাশঃ অধর্ম্মস্য তদ্বিরুদ্ধস্যাভ্যুত্থানমভ্যুদয়ঃ তদাহমাত্মানং সৃজামি প্রকটয়ামি, ন তু নির্ম্মমে,—তস্য পূর্ব্বসিদ্ধত্বাদিতি নাস্তি মৎসম্ভবকালনিয়মঃ ॥ ৭ ॥

---

প্রকার রাগ, ভয়, ক্রোধ পরিত্যাগপূর্ব্বক আমাকেই সর্ব্বত্র দর্শন ও আমাকে সম্যক্ আশ্রয়, মৎসম্বন্ধজ্ঞান ও তদ্ভ্যাসরূপ তপো-দ্বারা পূত হইয়া আমার পবিত্র প্রেম অনেকেই লাভ করিয়াছেন ॥ ১০ ॥

যে ব্যক্তি আমার প্রতি যে-ভাবে প্রপত্তি স্বীকার করেন, আমি তাঁহাকে সেই ভাবেই ভজন করি। সকল-মতের চরম উদ্দেশ্যস্বরূপ আমিই সকলের প্রাপ্য। যাঁহারা শুদ্ধভক্ত, তাঁহারাই পরমধামে আমার সচ্চিদানন্দ-বিগ্রহকে নিত্যকাল সেবা করিয়া পরমানন্দ লাভ করেন। যাঁহারা নির্ব্বিশেষবাদী, তাঁহাদের আত্মবিনাশ-দ্বারা নির্ব্বিশেষ-ব্রহ্মরূপে আমি নির্ব্বাণ-মুক্তি প্রদান করি। তাঁহারা আমার সচ্চিদানন্দ-মূর্ত্তির নিত্যত্ব স্বীকার না করায়, তাঁহাদের চিদানন্দস্বরূপের লোপ হয়; তন্মধ্যে নিষ্ঠাদোষানুসারে তাঁহাদিগের মধ্যে কাহাকেও বা নশ্বর জন্ম প্রদান করি। যাঁহারা শূন্যবাদী, আমি শূন্যরূপ হইয়া তাঁহাদের সত্তাকে শূন্যগত করিয়া ফেলি। যাঁহারা জড়, জড়কর্ম্ম বা জড়বিবিবাদী, তাঁহাদের আত্মাকে আচ্ছাদিত-চেতনরূপে জড়প্রায় করিয়া জড়রূপে আমি তাঁহাদের দ্বারা প্রাপ্ত হই। যাঁহারা কর্ম্মী, তাঁহাদিগের পক্ষে কর্ম্মফলদাতা যজ্ঞেশ্বর-রূপে প্রাপ্য হই। যাঁহারা যোগী, তাঁহাদিগের নিকট আমি ঈশ্বররূপে 'বিভূতি' প্রদান করি অথবা 'কৈবল্য' দান করি। সমস্ত মনুষ্যই আমার প্রাপ্তির বিবিধ বর্ত্মে অনুবর্ত্তমান। বস্তুতঃ শ্রীকৃষ্ণস্বরূপ আমি সকলেরই চরম-প্রাপ্য। ঈশভজন, অঙ্গুষ্ঠমাত্র-



**কাঙ্ক্ষন্তঃ কর্ম্মণাং সিদ্ধিং যজন্ত ইহ দেবতাঃ।**
**ক্ষিপ্রং হি মানুষে লোকে সিদ্ধির্ভবতি কর্ম্মজা ॥ ১২ ॥**

---

নন্থ তত্তক্তা রাজর্ষয়োঽপি ধর্ম্মগ্লানিমধর্ম্মাভ্যুত্থানং চাপনেতুং প্রভবন্তি তাবত্তেঽর্থায় কিং সম্ভবসীতি চেদস্তি মদন্যাদুষ্করং কার্য্যং তদর্থং সম্ভবামীতি আহ,—পরীতি। সাধূনাং মদ্রূপগুণনিরতানাং মৎসাক্ষাৎকারমাকাঙ্ক্ষতাং তেন বিনাতিব্যগ্রাণাং তদ্বৈয়াগ্ররূপাৎ দুঃখাৎ পরিত্রাণায়াতিমনোজ্ঞস্বরূপসাক্ষাৎকারেণ। তথা দুষ্কৃতাং দুষ্টকর্ম্মকারিণাং মদন্যৈরবধ্যানাং

---

পুরুষধ্যান, ব্রহ্মজ্ঞান ও যজ্ঞেশ্বরাদির যজন, এ সমুদায়ই আমার প্রাপ্তির বিবিধবর্ত্ম অর্থাৎ পথস্বরূপ। সুবোধ ও ভাগ্যবান্ ব্যক্তি তত্তদুপাসনাকে 'উপায়' করিয়া মৎস্বরূপ 'উপেয়' লাভ করেন। যাঁহারা সেই সেই তত্ত্বে আবদ্ধ হইয়া উন্নতি না করেন, তাঁহাদের লাভ অসম্পূর্ণ;—ইহাই ভগবদ্বাক্যের গূঢ় তাৎপর্য্য ॥ ১১ ॥

অর্জ্জুনের প্রশ্নোত্তরে স্বীয় স্বরূপ ও সাম্বন্ধিক তত্ত্ব স্পষ্টরূপে বলিয়া ভগবান্ পুনরায় পূর্ব্বপ্রস্তাবিত ক্রমানুসারে কর্ম্মতত্ত্বের বিচার উপদেশ করিতে লাগিলেন। হে অর্জ্জুন! আমি পূর্ব্বেই বলিয়াছি যে, কর্ম্মতত্ত্ব ভালরূপে বুঝিতে পারিলে কর্ম্মবন্ধ দূর হয়। পূর্ব্বেই বলিয়াছি যে, বিকর্ম্ম ও অকর্ম্ম পরিত্যাজ্য; কর্ম্মই কেবল অবস্থানুসারে গ্রাহ্য। সেই কর্ম্ম তিনপ্রকার,—নিত্য, নৈমিত্তিক ও কাম্য। অকর্ম্ম ও বিকর্ম্ম অপেক্ষ কাম্যকর্ম্ম ভাল; তাহাতে কর্ম্মসিদ্ধির জন্য ভোগবাসনা-দ্বারা বিনষ্টবিবেক মানবগণ ফলকামী হইয়া বহুদেবতার উপাসনা করেন; তদ্দ্বারা মনুষ্যলোকে কর্ম্মজ ফল অতি শীঘ্র সিদ্ধ হয়। এই নশ্বর সংসারের উন্নতিকামনায় মনুষ্যগণ যে-সকল কর্ম্ম করেন, তাহাতে সেই সেই কর্ম্মফলদাতা ক্ষুদ্র ক্ষুদ্র দেবতাগণ সন্তুষ্ট হইয়া শীঘ্রই ফল প্রদান করেন। সে-সকল দেবতা কে, তাহা ক্রমশঃ তোমাকে বলিব ॥ ১২ ॥

**চাতুর্ব্বর্ণ্যং ময়া সৃষ্টং গুণকর্ম্মবিভাগশঃ।**
**তস্য কর্ত্তারমপি মাং বিদ্ধ্যকর্ত্তারমব্যয়ম্ ॥ ১৩ ॥**

দশগ্রীব-কংসাদীনাং তাদৃগ্ভক্তদ্রোহিণাং বিনাশায় ধর্ম্মস্য মদেকার্চ্চন-ধ্যানাদিলক্ষণস্য শুদ্ধভক্তিযোগস্য বৈদিকস্যাপি মদিতরৈঃ প্রচারয়িতুমশক্যস্য সংস্থাপনার্থায় সংপ্রচারায়েত্যেতৎ ত্রয়ং মৎসম্ভবস্য কারণমিতি। যুগে যুগে তত্তৎসময়েন চ দুষ্টবধেন হরৌ বৈষম্যং, তেন দুষ্টানাং মোক্ষানন্দলাভে সতি তস্যানুগ্রহরূপত্বেন পরিণামাৎ ॥ ৮ ॥

বহুলায়াসৈঃ সাধনসহস্রৈরপি দুর্লভো মোক্ষো মজ্জন্মচরিতশ্রবণেন মদেকান্তিপথানুবর্ত্তিনাং সুলভোঽস্তিত্যেতদর্থঞ্চ সম্ভবামীত্যাশয়া ভগবানাহ,—জন্মেতি। মম সর্ব্বেশ্বরস্য সত্যেচ্ছস্য বৈদূর্য্যবন্নিত্যসিদ্ধনৃসিংহ-রঘুনাথাদিবহুরূপস্য তত্র তত্রোক্তলক্ষণং জন্ম তথা কর্ম্ম চ তত্তদ্ভক্তসম্বন্ধং চরিতং তদুভয়ং দিব্যমপ্রাকৃতং নিত্যং ভবতীত্যেবমেবৈতদিতি যস্তত্ত্বতো বেত্তি যদ্গতং ভবচ্চ ভবিষ্যচ্চ "একো দেবো নিত্যলীলানুরক্তো ভক্তব্যাপী হৃদ্যন্তরাত্মা" ইতি শ্রুত্যা দিব্যমিতি মদুক্ত্যা চ দৃঢ়শ্রদ্ধো যুক্তিনিরপেক্ষঃ সন্, হে অর্জ্জুন! স বর্ত্তমানং দেহং ত্যক্ত্বা পুনঃ প্রাপঞ্চিকং জন্ম নৈতি, কিন্তু মামেব তত্তৎকর্ম্মমনোজ্ঞমেতি মুক্তো ভবতীত্যর্থঃ; যদ্বা, মোচকত্বলিঙ্গেন "তত্ত্বমসি" ইতি শ্রুতেশ্চ মে জন্মকর্ম্মণী তত্ত্বতো ব্রহ্মত্বেন

---

গুণকর্ম্ম বিধান-পূর্ব্বক বর্ণচতুষ্টয় আমিই সৃষ্টি করিয়াছি। জগতে আমি বই আর কেহ কর্ত্তা নাই, অতএব বর্ণধর্ম্মের ও বর্ণসকলের কর্ত্তা আমি বই আর কেহই নয়। কিন্তু আমাকে 'বর্ণধর্ম্মের কর্ত্তা' বলিয়াও 'অকর্ত্তা' ও 'অব্যয়' বলিয়া জানিতে হইবে। জীবের অদৃষ্টবশতঃ আমার মায়াশক্তি-দ্বারা আমি এই বর্ণ-ধর্ম্ম সৃষ্টি করিয়াছি। বস্তুতঃ চিচ্ছক্তির অধীশ্বর—আমি, কর্ম্মমার্গ সৃষ্টির দ্বারা আমার বৈষম্য হয় না। জীবের অদৃষ্টই অর্থাৎ স্বাতন্ত্র্যধর্ম্মের অপব্যয়ই ইহার কারণ ॥ ১৩ ॥



**ন মাং কর্ম্মাণি লিম্পন্তি ন মে কর্ম্মফলে স্পৃহা।**
**ইতি মাং যোঽভিজানাতি কর্ম্মভির্ন স বধ্যতে ॥ ১৪ ॥**

যো বেত্তীতি ব্যাখ্যেয়ম্। ইতরথা "তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতে 'অয়নায়" ইতি শ্রুতির্ব্যাকুপ্যেৎ। সমানমন্যৎ। জন্মাদি-নিত্যতায়াং যুক্তয়স্ত্বন্যত্র বিস্তৃতা দ্রষ্টব্যাঃ ॥ ৯ ॥

ইদানীমিব পুরাপি মজ্জন্মাদিনিত্যতা-জ্ঞানেন বহূনাং বিমুক্তিরভূদিতি-তন্নিত্যতাং দ্রঢ়য়িতুমাহ,—বীতেতি। বহবো জনা জ্ঞানতপসা পূতাঃ সন্তঃ পুরা মদ্ভাবমাগতা ইত্যনুষঙ্গঃ। মজ্জন্মাদিনিত্যত্ববিষয়কং যজ্জ্ঞানং তদেব দুরধিগমশ্রুতিযুক্তিসম্পাদ্যত্বাত্তপস্তস্মিন্ জ্ঞানে বা যদ্দ্বিবিধকুমত-কুতর্কাদিনিবারণরূপং তপস্তেন পূতা নির্ধূতাবিদ্যা ইত্যর্থঃ। ময়ি ভাবং প্রেমাণং বিদ্যমানতাং বা মৎসাক্ষাৎকৃতিম্। কীদৃশাস্তে ইত্যাহ,—বীতেতি। বীতাঃ পরিত্যক্তাস্তন্নিত্যত্ববিরোধিষু রাগাদয়ো যৈস্তে, ন তেষু রাগং ন ভয়ং ন চ ক্রোধং প্রকাশয়ন্তীত্যর্থঃ। তত্র হেতুঃ,—মন্ময়া মদেকনিষ্ঠা উপাশ্রিতাঃ সংসেবমানাঃ ॥ ১০ ॥

ননু নিত্যজন্মাদিমনোজ্ঞঃ সর্ব্বেশ্বরস্ত্বং ময়াবগতকচিদঙ্গুষ্ঠমাত্রাদিরপীশ্বরো জন্মাদিশূন্যঃ শ্রূয়তে, তৎ কিং তব তদুপাসনস্য চ দ্বৈবিধ্যং ভবেদিতি চেদামিত্যাহ,—যে যথেতি। যে ভক্তা মামেকং বৈদূর্য্যমিব বহুরূপং সর্ব্বেশ্বরং যথা যেন প্রকারেণ ভাবেনেতি যাবৎ প্রপদ্যন্তে ভজন্তি, তানহং

---

জীবের অদৃষ্টবশতঃ যে কর্ম্মতত্ত্ব আমি সৃষ্টি করিয়াছি, তাহা আমাকে লিপ্ত করিতে পারে না এবং কর্ম্মফলেও আমার স্পৃহা নাই; যেহেতু, আমি ষড়ৈশ্বর্য্যপূর্ণ ভগবান্, আমার পক্ষে অতি তুচ্ছ কর্ম্মফল নিতান্ত অকিঞ্চিৎকর। জীবের কর্ম্মমার্গ ও আমার স্বতন্ত্রতা বিচারপূর্ব্বক যিনি আমার অব্যয়তত্ত্ব অবগত হইতে পারেন, তিনি কখনই কর্ম্ম-দ্বারা বদ্ধ হন না, শুদ্ধভক্তি আচরণ করত আমাকেই লাভ করেন ॥ ১৪ ॥

**এবং জ্ঞাত্বা কৃতং কর্ম্ম পূর্ব্বৈরপি মুমুক্ষুভিঃ।**
**কুরু কর্ম্মৈব তস্মাত্ত্বং পূর্ব্বৈঃ পূর্ব্বতরং কৃতম্ ॥ ১৫ ॥**

তাদৃশস্তথৈব তদ্ভাবানুসারিণা রূপেণ ভাবেন চ ভজামি সাক্ষাৎ ভবন্নুগৃহ্লামি। নূনতামেবকারো নিবর্ত্তয়তি ; অতো মমৈকস্যৈব বহুরূপস্য বত্ম বহুবিধমুপাসনমার্গমনাদিপ্রবৃত্ততদুপাসকপরম্পরানুকম্পিতা মনুষ্যাঃ সর্ব্বে অনুবর্ত্তন্তে অনুসরন্তি ॥ ১১ ॥

এবং প্রাসঙ্গিকং প্রোচ্য প্রকৃতস্য নিষ্কামকর্ম্মণো জ্ঞানাকারত্বং বদিষ্যংস্তদনুষ্ঠাতুর্বিরলত্বমাহ,—কাঙ্ক্ষন্ত ইতি। ইহ লোকেঽনাদিভোগ-বাসনা-নিযন্ত্রিতাঃ প্রাণিনঃ কর্ম্মণাং সিদ্ধিং পশুপুত্রাদিফলনিষ্পত্তিং কাঙ্ক্ষন্তোঽনিত্যাল্পফলদানপীন্দ্রাদিদেবান্ যজন্তে সকামৈঃ কর্ম্মভির্ন তু সর্ব্বদেবেশ্বরং নিত্যানন্দফলপ্রদমপি মাং নিষ্কামৈস্তৈর্যজন্তে ; হি যস্মাদস্মিন্মানুষে লোকে কর্ম্মজা।সিদ্ধিঃ ক্ষিপ্রং ভবতি। নিষ্কামকর্ম্মারাধিতান্মত্তো জ্ঞানতো মোক্ষলক্ষণা সিদ্ধিস্তু চিরেণৈব ভবতীতি। সর্ব্বে লোকা ভোগবাসনাগ্রস্তসদসদ্বিবেকাঃ শীঘ্রভোগেচ্ছবস্তদর্থং মদ্ভৃত্যান্ দেবান্ ভজন্তি, ন তু কশ্চিৎ সদসদ্বিবেকী সংসারদুঃখবিত্রস্তস্তদ্দুঃখ-নিবৃত্তয়ে নিষ্কামকর্ম্মভিঃ সর্ব্বদেবেশং মাং ভজতীতি বিরলস্তদধিকারীতি ভাবঃ ॥ ১২ ॥

অথ নিষ্কামকর্ম্মানুষ্ঠানবিরোধি-ভোগবাসনাবিনাশহেতুমাহ,—চাতুর্ব্বর্ণ্যমিতি দ্বাভ্যাম্। চত্বারো বর্ণাশ্চাতুর্ব্বর্ণ্যং স্বার্থিকঃ ষ্যঞ্। সত্ত্বপ্রধানা বিপ্রাস্তেষাং শমাদীনি কর্ম্মাণি, রজঃসত্ত্বপ্রধানাঃ ক্ষত্রিয়াস্তেষাং যুদ্ধাদীনি, তমোরজঃপ্রধানা বৈশ্যাস্তেষাং কৃষ্যাদীনি, তমঃপ্রধানাঃ শূদ্রাস্তেষাং

পূর্ব্ব পূর্ব্ব মুমুক্ষুগণ এই তত্ত্ব অবগত হইয়া সকাম কর্ম্ম পরিত্যাগ-পূর্ব্বক নিষ্কাম মদর্পিত কর্ম্ম অনুষ্ঠান করিয়াছেন। অতএব তুমিও বিবস্বান্-জনকাদি পূর্ব্ব-পূর্ব্ব-মহাজনের অনুষ্ঠিত সনাতন নিষ্কাম কর্ম্মযোগ অবলম্বন কর ॥ ১৫ ॥



**কিং কর্ম্ম কিমকর্ম্মেতি কবয়োঽপ্যত্র মোহিতাঃ।**
**তত্তে কর্ম্ম প্রবক্ষ্যামি যজ্‌জ্ঞাত্বা মোক্ষ্যসেঽশুভাৎ ॥১৬॥**

বিপ্রাদিত্রিক পরিচর্য্যাদীনীতি গুণবিভাগৈঃ কর্ম্মবিভাগৈশ্চ বিভক্তাশ্চত্বারো বর্ণাঃ সর্ব্বেশ্বরেণ ময়া সৃষ্টাঃ স্থিতিসংহৃত্যোরুপলক্ষণমেতৎ। ব্রহ্মাদিস্তম্বান্তস্য প্রপঞ্চস্যাহমেব সর্গাদিকর্ত্তেতি ; যদাহ সূত্রকারঃ ;—"জন্মাদ্যস্য যতঃ" ইতি। তস্য সর্গাদেঃ কর্ত্তারমপি মাং তত্তৎকর্ম্মান্তরিতত্বাদকর্ত্তারং বিদ্ধীতি স্বস্মিন্ বৈষম্যাদিকং পরিহৃতম্ ; এতৎ প্রাহাব্যয়মিতি স্রষ্টৃত্বেঽপি সাম্যান্ন ব্যেমীত্যর্থঃ ॥ ১৩ ॥

এতদ্বিশদয়তি,—ন মামিতি। কর্ম্মাণি বিশ্বসর্গাদীনি মাং ন লিম্পন্তি বৈষম্যাদিদোষেণ জীবমিব লিপ্তং ন কুর্ব্বন্তি, যত্তানি সৃজ্যজীব-কর্ম্মপ্রযুক্তানি ন চ মৎপ্রযুক্তানি ন চ সর্গাদিকর্ম্মফলে মম স্পৃহাস্ত্যতো ন লিম্পন্তীতি। ফলস্পৃহয়া যঃ কর্ম্মাণি করোতি, স তৎফলৈর্লিপ্যতে ; অহন্তু স্বরূপানন্দপূর্ণঃ প্রকৃতিবিলীনক্ষেত্রজ্ঞবুভুক্ষাভ্যুদিতদয়ঃ। পর্জ্জন্যবৎ-নিমিত্তমাত্রঃ সন্ তৎকর্ম্মাণি প্রবর্ত্তয়ামীতি। স্মৃতিশ্চ "নিমিত্তমাত্রমেবাসৌ সৃজ্যানাং সর্গকর্ম্মণি। প্রধানকারণীভূতা যতো বৈ সৃজ্যশক্তয়ঃ ॥" ইত্যাদ্যা ; সৃজ্যানাং দেবমানবাদিভাবভাজাং ক্ষেত্রজ্ঞানাং সর্গক্রিয়ায়ামসৌ পরেশো নিমিত্তমাত্রমেব দেবাদিভাববৈচিত্র্যাং কারণীভূতাস্তু সৃজ্যানাং তেষাং প্রাচীনকর্ম্মশক্তয় এব ভবন্তীতি তদর্থঃ। এবমাহ সূত্রকৃৎ ;—"বৈষম্যনৈর্ঘৃণ্যেন"ইত্যাদিনা। এবং জ্ঞানস্য ফলমাহ,—ইতি মামিতি। ইত্থম্ভূতং মাং যোঽভিজানাতি, স তদ্বিরোধিভিস্তদ্ধেতুভিঃ প্রাচীন-কর্ম্মভির্ন বধ্যতে, তৈর্বিমুচ্যত ইত্যর্থঃ ॥ ১৪ ॥

কাহাকে 'কর্ম্ম' ও কাহাকে 'অকর্ম্ম' বলে, তাহা স্থিরকরণ-সম্বন্ধে কবিদিগেরও মোহ হয়। আমি সেই বিষয় তোমাকে উপদেশ দিতেছি ; তুমি অবগত হইয়া সমস্ত অশুভ হইতে মোক্ষ লাভ কর ॥ ১৬ ॥

**কর্ম্মণো হ্যপি বোদ্ধব্যং বোদ্ধব্যঞ্চ বিকর্ম্মণঃ।**
**অকর্ম্মণশ্চ বোদ্ধব্যং গহনা কর্ম্মণো গতিঃ ॥ ১৭ ॥**

---

এবমিতি। মামেবং জ্ঞাত্বা তদনুসারিভির্ম্মুমুক্ষুভির্নিষ্কামং কর্ম্ম কৃতং তস্মাত্ত্বমপি কর্ম্মৈব তৎ কুরু, ন তু কর্ম্মসংন্যাসম্ ; অশুদ্ধচিত্তশ্চেজ্‌জ্ঞানগর্ভায়ৈ চিত্তশুদ্ধ্যৈ শুদ্ধচিত্তশ্চেল্লোকসংগ্রহায়েত্যর্থঃ। কীদৃশং পূর্ব্বৈস্তৈঃ কৃতং পূর্ব্বতরমতিপ্রাচীনম্ ॥ ১৫ ॥

নম্ন কিং কর্ম্মবিষয়কঃ কশ্চিৎ সন্দেহোঽপ্যস্তি যতঃ পূর্ব্বৈঃ পূর্ব্বতরং কৃতমিত্যতিনির্ব্বন্ধাদ্‌ব্রবীষীতি চেদস্ত্যেবেত্যাহ,—কিং কর্ম্মেতি। মুমুক্ষুভিরনুষ্ঠেয়ং কর্ম্ম কিং রূপং স্যাদকর্ম্ম চ কর্ম্মান্যৎ তদন্তর্গতং জ্ঞানঞ্চ কিং রূপমিত্যর্থঃ। তদন্যত্বে এনঞ্চ। অত্রার্থে কবয়ো ধীমন্তোঽপি মোহিতাস্তদ্‌যাথাত্ম্যনির্ণয়াসামর্থ্যান্মোহং প্রাপুঃ। অহং সর্ব্বেশঃ সর্ব্বজ্ঞস্তে তুভ্যং তৎ কর্ম্ম অকারপ্রশ্লেষাদকর্ম্ম চ প্রবক্ষ্যামি,—যজ্‌জ্ঞাত্বানুষ্ঠায় প্রাপ্য চাশুভাৎ সংসারাৎ মোক্ষ্যসে ॥ ১৬ ॥

নম্ন কবয়োঽপি মোহং প্রাপুরিতি চেত্তত্রাহ,—কর্ম্মণো নিষ্কামস্য মুমুক্ষুভিরনুষ্ঠাতব্যস্য স্বরূপং বোদ্ধব্যং, বিকর্ম্মণো জ্ঞানবিরুদ্ধস্য কাম্যকর্ম্মণঃ স্বরূপং বোদ্ধব্যং, অকর্ম্মণশ্চ কর্ম্মভিন্নস্য জ্ঞানস্য চ স্বরূপং বোদ্ধব্যম্, তত্তৎ স্বরূপবিত্তিঃ সার্দ্ধং বিচার্য্যমিত্যর্থঃ। কর্ম্মণোঽকর্ম্মণশ্চ গতির্গহনা দুর্গমা ; অতঃ কবয়োঽপি তত্র মোহিতাঃ ॥ ১৭ ॥

---

'কর্ম্মের' গতি, 'বিকর্ম্মের' গতি ও 'অকর্ম্মের' গতি পৃথক্ পৃথক্ বিচার করিয়া জানা কর্ত্তব্য। কর্ম্মের নিগূঢ় তত্ত্ব অতিশয় দুর্গম। কর্ত্তব্যাচরণই 'কর্ম্ম,' তাহাই নিষ্কাম কর্ম্মযোগ। নিষিদ্ধাচরণই 'বিকর্ম্ম', কাম্যকর্ম্ম তদন্তর্গত। কর্ম্মের অকরণই 'অকর্ম্ম' ; তদ্দ্বারা সন্ন্যাসীদিগের কিরূপ নিশ্রেয়স লাভ হয়, কর্ম্মাধিকারীর কিরূপ দোষ হয়, ইহাও জানা উচিত ॥ ১৭ ॥



**কর্ম্মণ্যকর্ম্ম যঃ পশ্যেদকর্ম্মণি চ কর্ম্ম যঃ।**
**স বুদ্ধিমান্ মনুষ্যেষু স যুক্তঃ কৃৎস্নকর্ম্মকৃৎ ॥ ১৮ ॥**
**যস্য সর্ব্বে সমারম্ভাঃ কামসংকল্পবর্জ্জিতাঃ।**
**জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণং তমাহুঃ পণ্ডিতং বুধাঃ ॥ ১৯ ॥**

---

কর্ম্মাকর্ম্মণোর্বোদ্ধব্যং স্বরূপমাহ,—কর্ম্মণীতি। অনুষ্ঠীয়মানে নিষ্কামে কর্ম্মণি যোঽকর্ম্ম প্রস্তুতত্বাৎ কর্ম্মণ্যাত্মজ্ঞানং পশ্যেৎ ; অকর্ম্মণ্যাত্মজ্ঞানে যঃ কর্ম্ম পশ্যেৎ। এতদুক্তং ভবতি, যো মুমুক্ষুর্দ্বিশুদ্ধয়ে ক্রিয়মাণং কর্ম্মাত্মজ্ঞানানুসন্ধিগর্ভত্বাজ্‌জ্ঞানাকারং ; তচ্চ জ্ঞানং কর্ম্মদ্বারকত্বাৎ কর্ম্মাকারং পশ্যেৎ ; উভয়োরেকাত্মোদ্দেশ্যত্বাদুভয়মেকং বিদ্যাদিত্যর্থঃ। এবমেব বক্ষ্যতে,—"সাংখ্যযোগৌ পৃথগ্বালাঃ" ইত্যাদিনেতি। এবমনুষ্ঠীয়মানে কর্ম্মণি আত্মযাথাত্ম্যং যোঽনুসংধত্তে, স মনুষ্যেষু বুদ্ধিমান্ পণ্ডিতঃ। যুক্তো মোক্ষযোগ্যঃ, কৃৎস্নকর্ম্মকৃৎ সর্ব্বেষাং কর্ম্মফলানামাত্মজ্ঞানসুখান্তর্ভূতত্বাৎ ॥ ১৮ ॥

কর্ম্মণো জ্ঞানাকারমাহ,—যস্যেতি পঞ্চভিঃ। সমারম্ভাঃ কর্ম্মাণি কাম্যন্ত ইতি কামাঃ ফলানি তৎসঙ্কল্পেন বর্জ্জিতাঃ শূন্যা যস্য কর্ম্মভিরাত্মোদ্দেশিনো ভবন্তি তং বুধাঃ পণ্ডিতমাত্মজ্ঞমাহুঃ। তত্র হেতুঃ,—

---

যিনি 'কর্ম্মে অকর্ম্ম' ও 'অকর্ম্মে কর্ম্ম' দর্শন করেন, তিনিই মনুষ্যদিগের মধ্যে বুদ্ধিমান্, যুক্ত এবং সম্পূর্ণ কর্ম্মানুষ্ঠাতা। তাৎপর্য্য এই যে, নিষ্কাম-কর্ম্মযোগীর সমস্ত কর্ম্মই আত্মযাথাত্ম্যপ্রাপক। তিনি কর্ম্মকে অকর্ম্মাকারে দর্শন করেন ; 'অকর্ম্ম' ও 'কর্ম্ম' তাঁহার নিকট একই আকার ধারণ করে ॥ ১৮ ॥

যাঁহার কামসঙ্কল্পশূন্য সমস্ত কর্ম্ম সম্যক্ আরব্ধ হয়, তিনি জ্ঞানাগ্নিদ্বারা দগ্ধকর্ম্মা পণ্ডিত' বলিয়া উক্ত হন ; তখন তাঁহার কর্ম্ম জ্ঞানাকারতা লাভ করে ॥ ১৯ ॥

ত্যক্ত্বা কর্ম্মফলাসঙ্গং নিত্যতৃপ্তো নিরাশ্রয়ঃ।
কর্ম্মণ্যভিপ্রবৃত্তোঽপি নৈব কিঞ্চিৎ করোতি সঃ ॥ ২০ ॥

নিরাশীর্যতচিত্তাত্মা ত্যক্তসর্ব্বপরিগ্রহঃ।
শারীরং কেবলং কর্ম্ম কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষম্ ॥ ২১ ॥

---

জ্ঞানেতি। তৈঃ সমারম্ভৈঃ হৃদ্বিশুদ্ধৌ সত্যামাবির্ভূতেনাত্মজ্ঞানাগ্নিনা দগ্ধানি সঞ্চিতানি কর্ম্মাণি যস্য তম্ ॥ ১৯ ॥

উক্তমর্থং বিশদয়তি,—ত্যক্ত্বেতি। কর্ম্মফলে সঙ্গং ত্যক্ত্বা নিত্যো-নাত্মনানুভূতেন তৃপ্তো নিরাশ্রয়ঃ যোগক্ষেমার্থমপ্যাশ্রয়রহিত ঈদৃশো যোঽধিকারী স কর্ম্মণ্যভিতঃ প্রবৃত্তোঽপি নৈব কিঞ্চিৎ করোতি—কর্ম্মানুষ্ঠানাপদেশেন জ্ঞাননিষ্ঠামেব সংপাদয়তীত্যারুরুক্ষোর্দশেয়ম্। এতেন বিকর্ম্মণঃ স্বরূপং বন্ধকত্বং বোদ্ধব্যমিত্যুক্তং ভবতি ॥ ২০ ॥

অথারূঢ়স্য দশামাহ,—নিরাশীরিতি ত্রিভিঃ। নির্গতা আশীঃ ফলেচ্ছা যস্মাৎ স যতচিত্তাত্মা বশীকৃতচিত্তদেহস্ত্যক্তসর্ব্বপরিগ্রহ আত্মৈকাব-লোকনার্থত্বাৎ প্রাকৃতেষু বস্তুষু মমত্ববর্জিতঃ। শারীরং কর্ম্ম শরীরনির্ব্বাহার্থং কর্ম্মাসৎপ্রতিগ্রহাদি কুর্ব্বন্নপি কিল্বিষং পাপং নাপ্নোতি ॥ ২১ ॥

---

যোগ ও ক্ষেমলাভের আশ্রয়শূন্য ও নিজানন্দে পরিতৃপ্ত হইয়া যিনি কর্ম্মফলাসঙ্গ ত্যাগপূর্ব্বক সমস্ত কর্ম্মে অভিপ্রবৃত্ত হন, তিনি সমস্ত কর্ম্ম করিয়াও কিছুই করেন না অর্থাৎ তাঁহার কর্ম্মই নৈষ্কর্ম্ম ॥ ২০ ॥

তিনি স্বীয় শরীর ও চিত্তকে বুদ্ধির অধীন রাখিয়া ফলাশা ও সমস্ত-পরিগ্রহশূন্য হইয়া অর্থাৎ প্রাপ্তবস্তুতে মমতা ত্যাগ করত কেবল শরীর-যাত্রানির্ব্বাহের জন্য 'কর্ম্ম' করিয়া থাকেন, তাহাতে কর্ম্মজনিত 'পাপ' বা 'পুণ্য' তাঁহার কিছুই হয় না ॥ ২১ ॥



যদৃচ্ছালাভসন্তুষ্টো দ্বন্দ্বাতীতো বিমৎসরঃ।
সমঃ সিদ্ধাবসিদ্ধৌ চ কৃত্বাপি ন নিবধ্যতে ॥ ২২ ॥

গতসঙ্গস্য মুক্তস্য জ্ঞানাবস্থিতচেতসঃ।
যজ্ঞায়াচরতঃ কর্ম্ম সমগ্রং প্রবিলীয়তে ॥ ২৩ ॥

---

অথশরীরনির্ব্বাহার্থমন্নাচ্ছাদনাদিকং স্বপ্রযত্নেন ন সংপাদ্যমিত্যাহ,—যদৃচ্ছয়েতি। যাচ্ঞাং বিনৈব লাভো যদৃচ্ছালাভস্তেন সন্তুষ্টস্তৃপ্তঃ। দ্বন্দ্বানি শীতোষ্ণাদীন্যতীতস্তৎসহিষ্ণুঃ। বিমৎসরোঽন্যৈরুপক্রতোঽপি তৈঃ সহ বৈরমকুর্ব্বন্ যদৃচ্ছালাভসিদ্ধৌ হর্ষস্য তদসিদ্ধৌ বিষাদস্য চাভাবাৎ সমঃ এবংভূতঃ শারীরং কর্ম্ম কৃত্বাপি তেন তেন ন বধ্যতে জ্ঞাননিষ্ঠা-প্রভাবান্ন লিপ্যতে ॥ ২২ ॥

গতসঙ্গস্য নিষ্কামস্য রাগদ্বেষাদিভির্মুক্তস্য স্বাত্মবিষয়কজ্ঞাননিবিষ্টমনসঃ যজ্ঞায় বিষ্ণুং প্রসাদয়িতুং তচ্চিন্তনমাচরতঃ প্রাচীনং বন্ধকং কর্ম্ম সমগ্রং কৃৎস্নং প্রবিলীয়তে ॥ ২৩ ॥

---

তিনি অনায়াসে যাহা প্রাপ্ত হন, তাহাতেই সন্তুষ্ট হন এবং সুখ-দুঃখ, রাগ-দ্বেষ ইত্যাদি দ্বন্দ্বের বশীভূত হন না; তিনি মাৎসর্য্যকে দূর করেন এবং কার্য্যের সিদ্ধি ও কার্য্যের অসিদ্ধিতে সমবুদ্ধি লাভ করেন, অতএব তিনি যে কর্ম্মই করুন, তাহাতে স্বয়ং বদ্ধ হন না ॥ ২২ ॥

নিঃসঙ্গ, মুক্ত, জ্ঞানাবস্থিতচিত্ত পুরুষের যজ্ঞের জন্য যে কর্ম্ম আচরিত হয়, তাহা প্রকৃষ্টরূপে লয় হইয়া যায়। কর্ম্মমীমাংসকেরা যাহাকে 'অপূর্ব্ব' বলেন, নিষ্কাম কর্ম্মযোগীর কর্ম্মসকল সেই অপূর্ব্বতা লাভ করে না। কর্ম্মমীমাংসক জৈমিনির মত এই যে, পুরুষের কৃতকর্ম্ম 'অপূর্ব্ব'-স্বরূপ লাভ করত জন্মজন্মান্তরে ফল দান করে। কিন্তু নিষ্কাম-যোগীর সম্বন্ধে তাহা অসম্ভব ॥ ২৩ ॥

ব্রহ্মার্পণং ব্রহ্মহবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্।
ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্মসমাধিনা ॥ ২৪ ॥

---

এবং বিবিক্ত-জীবাত্মানুসন্ধিগর্ভতয়া স্ববিহিতস্য কর্ম্মণো জ্ঞানাকারতামভিধায় সাঙ্গস্য তস্য পরাত্মরূপতানুসন্ধিনা তদাকারতামাহ,—ব্রহ্মার্পণমিতি। অর্প্যতেঽনেনাস্মৈ বেতি ব্যুৎপত্তেরর্পণং স্রুবং মন্ত্রাধিদৈবতং চেন্দ্রাদি তত্তচ্চ ব্রহ্মৈব; অর্প্যমাণং হবিশ্চাজ্যাদি তদপি ব্রহ্মৈব; তচ্চ হবির্হোমাধারেঽগ্নৌ ব্রহ্মণি যজমানেনাধ্বর্য্যুণা চ ব্রহ্মণা হুতং ত্যক্তং প্রক্ষিপ্তঞ্চ; অগ্নির্যজমানোঽধ্বর্য্যুশ্চ ব্রহ্মৈবেত্যর্থঃ। ব্রহ্মাগ্নাবিত্যত্র ণিকারলোপশ্ছান্দসঃ। ন চ সমস্তং পদমিতি বাচ্যম্,—অগ্নৌ ব্রহ্মদৃষ্টেবিধেয়ত্বাৎ। ইত্থঞ্চ ব্রহ্মরূপে সাঙ্গে কর্ম্মণি সমাধিশ্চিত্তৈকাগ্র্যং যস্য তেন মুমুক্ষুণা ব্রহ্মৈব গন্তব্যং স্বস্বরূপং পরস্বরূপঞ্চ লভ্যমবলোক্যমিত্যর্থঃ। "বিজ্ঞানং ব্রহ্ম চেদ্বেদ" ইত্যাদৌ জীবে ব্রহ্ম-শব্দঃ; "বিজ্ঞানমানন্দং ব্রহ্ম" ইত্যাদৌ পরমাত্মনি চ ব্রহ্মার্পণত্বাদিগুণযোগান্নাস্য প্রকরণস্য পৌনরুক্তম্—

---

যজ্ঞরূপী কর্ম্ম কিরূপে জ্ঞানকে উৎপাদন করে, তাহা শ্রবণ কর। যজ্ঞ যতপ্রকার হয়, তাহা পরে বলিব; সম্প্রতি যজ্ঞের মূল-তত্ত্ব বলিতেছি। চিত্তত্ত্ব সমস্ত জড়জগৎ হইতে বিলক্ষণ। জড়বদ্ধ-জীবের জড়কার্য্য সম্পাদন-প্রযত্নও অনিবার্য্য। সেই জড়কার্য্যে যতটুকু চিদালোচনা হইতে পারে, তাহা সুষ্ঠুরূপে করার নাম 'যজ্ঞ'। চিদ্ভাব জড়ে আবির্ভূত হইলে তাহাকে 'ব্রহ্ম' বলে; সেই ব্রহ্মই আমার জ্যোতিঃ বা কিরণপুঞ্জ। অর্পণ, হবিঃ অগ্নি, হোতা ও ফল,—এই পাঁচটি যজ্ঞের 'অঙ্গ' এবং এই পাঁচটি যখন ব্রহ্মাধিষ্ঠান হয়, তখন যথার্থ 'যজ্ঞ' হয়। কর্ম্মকে ব্রহ্মাত্মক করত তাহাতে যাঁহার চিত্তৈকাগ্র্যরূপ সমাধি হয়, তিনি স্বীয় সমস্ত কর্ম্মকে যজ্ঞরূপে অনুষ্ঠান করেন; তাঁহার অর্পণ, হবিঃ, অগ্নি, হোতা অর্থাৎ স্বসত্তা-সমুদায়ই ব্রহ্মাত্মক। অতএব তাঁহার গতিও ব্রহ্ম ॥ ২৪ ॥



দৈবমেবাপরে যজ্ঞং যোগিনঃ পর্য্যুপাসতে।
ব্রহ্মাগ্নাবপরে যজ্ঞং যজ্ঞেনৈবোপজুহ্বতি ॥ ২৫ ॥
শ্রোত্রাদীনীন্দ্রিয়াণ্যন্যে সংযমাগ্নিষু জুহ্বতি।
শব্দাদীন্ বিষয়ানন্য ইন্দ্রিয়াগ্নিষু জুহ্বতি ॥ ২৬ ॥

---

'স্রুবাদীনাং ব্রহ্মত্বং তদায়ত্তবৃত্তিকত্বাত্তদ্ব্যাপ্যত্বাচ্চ' ইতি ব্যাখ্যাতারঃ। তাদৃশতয়ানুসন্ধিতং কর্ম্মজ্ঞানাকারং সত্তদবলোকনায় কল্প্যতে ॥ ২৪ ॥

এবং ব্রহ্মানুসন্ধিগর্ভতয়া চ কর্ম্মণো জ্ঞানাকারতাং নিরূপ্য কর্ম্মযোগ-ভেদানাহ,—দৈবমিতি। দৈবমিন্দ্রাদিদেবার্চ্চনরূপং যজ্ঞমপরে যোগিনঃ পর্য্যুপাসতে তত্রৈব নিষ্ঠাং কুর্ব্বন্তি। অপরে "ব্রহ্মার্পণম্" ইত্যাদিন্যায়েন

---

যিনি এবম্ভূত যজ্ঞে ব্রতী হন, তিনি 'যোগী'। যজ্ঞসকলের প্রকার-ভেদে যোগিসকলেরও প্রকারভেদ আছে। অতএব যজ্ঞ যত প্রকার, যোগীও ততপ্রকার। এরূপ ভিন্ন-ভিন্ন-রূপে দেখিতে গেলে যজ্ঞ ও যোগী অনেকপ্রকার হয়। বিজ্ঞান-সহকারে বিভাগ করিলে সমস্ত যজ্ঞই কর্ম্মযজ্ঞ অর্থাৎ দ্রব্যময় যজ্ঞ এবং জ্ঞানযজ্ঞ অর্থাৎ চিদালোচনরূপ যজ্ঞ, এই দুই ভাগে বিভক্ত হয়, তাহা পরে দেখাইব। এক্ষণে কতকগুলি যজ্ঞের প্রকার বলি, শুন। কর্ম্মযোগিগণ দৈবযজ্ঞকে উপাসনা করেন, তাহাতেই ইন্দ্র-বরুণাদিরূপ আমার মায়িক সামর্থ্যবিশিষ্ট অধিকৃত পুরুষদিগের যজন হইয়া থাকে, তদ্দ্বারাও তাঁহারা ক্রমশঃ নিষ্কাম কর্ম্মযোগ প্রাপ্ত হন। জ্ঞানযোগি-সকল 'তত্ত্বমসি' মহাবাক্য অবলম্বনপূর্ব্বক 'ত্বং'-পদার্থ জীবকে প্রণবরূপ মন্ত্রের দ্বারা 'তৎ'পদার্থ ব্রহ্মে হোম করেন। ইহার শ্রেষ্ঠতা পরে কথিত হইবে ॥ ২৫ ॥

নৈষ্ঠিক ব্রহ্মচারিগণ মনঃসংযমরূপ অগ্নিতে শ্রোত্রাদি-ইন্দ্রিয়সকলকে হোম করেন, আর স্বধর্ম্মপরায়ণ গৃহিসকল শব্দাদি-বিষয়সকলকে ইন্দ্রিয়রূপ অগ্নিতে হোম করেন ॥ ২৬ ॥

সর্ব্বাণীন্দ্রিয়কর্ম্মাণি প্রাণকর্ম্মাণি চাপরে।
আত্মসংযমযোগাগ্নৌ জুহ্বতি জ্ঞানদীপিতে ॥ ২৭ ॥
দ্রব্যযজ্ঞাস্তপোযজ্ঞা যোগযজ্ঞাস্তথাপরে।
স্বাধ্যায়জ্ঞানযজ্ঞাশ্চ যতয়ঃ শংসিতব্রতাঃ ॥ ২৮ ॥

---

ব্রহ্মভূতেঽগ্নৌ যজ্ঞেন স্রুবাদিনা যজ্ঞং ঘৃতাদি-হবীরূপং জুহ্বতি হোম এব নিষ্ঠাং কুর্ব্বন্তীতার্থঃ ॥ ২৫ ॥

শ্রোত্রাদীনীতি। অন্যে নৈষ্ঠিকব্রহ্মচারিণঃ সংযমাগ্নিষু তত্তদিন্দ্রিয়-সংযমরূপেষ্বগ্নিষু শ্রোত্রাদীনি জুহ্বতি তানি নিরুধ্য সংযমপ্রধানাস্তিষ্ঠন্তি। অন্যে গৃহিণ ইন্দ্রিয়াগ্নিষ্বগ্নিত্বেন ভাবিতেষু শ্রোত্রাদিষু শব্দাদীনুপজুহ্বতি অনাসক্ত্যা তান্ ভুঞ্জানাস্তানি তৎপ্রবণানি কুর্ব্বন্তি ॥ ২৬ ॥

সর্ব্বাণীতি। অপরে ইন্দ্রিয়কর্ম্মাণি প্রাণকর্ম্মাণি চ আত্মসংযম-যোগাগ্নৌ চ জুহ্বতি—আত্মনো মনসঃ সংযমঃ স এব যোগস্তস্মিন্নগ্নিত্বেন ভাবিতে জুহ্বতি। মনসা ইন্দ্রিয়াণাং প্রাণানাঞ্চ কর্ম্মপ্রবণতাং নিবার-

---

প্রত্যগাত্মার অনুসন্ধানকারী কৈবল্যবাদী পাতঞ্জল-যোগিসকল সমস্ত ইন্দ্রিয়কর্ম্ম ও দশবিধ প্রাণের কর্ম্মসমূহকে 'ত্বং'পদার্থস্বরূপ শুদ্ধজীবাত্মরূপ অগ্নিতে হোম করিয়া থাকেন। বিষয়াভিমুখী আত্মার নাম 'পরাগাত্মা', এবং বিষয়ত্যাগী আত্মার নাম 'প্রত্যগাত্মা'। তাঁহারা "এক প্রত্যগাত্মা ব্যতীত মন-প্রভৃতি কিছুই নাই" বলিয়া সিদ্ধান্ত করেন ॥ ২৭ ॥

এইসকল যজ্ঞকে 'দ্রব্যযজ্ঞ', 'তপোযজ্ঞ', 'যোগযজ্ঞ', ও 'স্বাধ্যায়রূপ জ্ঞানযজ্ঞ' বলিয়া চারি ভাগেও বিভাগ করা যাইতে পারে। দ্রব্যময় যজ্ঞকে 'দ্রব্যযজ্ঞ', কৃচ্ছ্র চান্দ্রায়ণ, চাতুর্ম্মাস্য প্রভৃতি 'তপোযজ্ঞ', অষ্টাঙ্গ-যোগকে যোগযজ্ঞ', বেদার্থ বিচার পূর্ব্বক চিদচিদ্‌বিচারকে 'জ্ঞানযজ্ঞ' বলা যায়। এই চারি প্রকার যজ্ঞে যত্নপর ব্যক্তিগণকে 'তীক্ষ্ণব্রত যতি' বলা যায় ॥ ২৮ ॥



অপানে জুহ্বতি প্রাণং প্রাণেঽপানং তথাপরে
প্রাণাপানগতী রুদ্ধ্বা প্রাণায়ামপরায়ণাঃ।
অপরে নিয়তাহারাঃ প্রাণাঃ প্রাণেষু জুহ্বতি ॥ ২৯ ॥

---

য়িতুং প্রযতন্তে। ইন্দ্রিয়াণাং শ্রোত্রাদীনাং কর্ম্মাণি শব্দগ্রহণাদীনি প্রাণ-কর্ম্মাণি প্রাণস্য বহির্গমনং কর্ম্ম। অপানস্যাধোগমনম্; ব্যানস্য নিখিল-দেহব্যাপনমাকুঞ্চনপ্রসারণাদি; সমানস্যাশিতপীতাদিসমীকরণম্; উদান-স্যোর্দ্ধনয়নং চেত্যেবং বোধ্যানি সর্ব্বাণি সামস্ত্যেন জ্ঞানদীপিতে আত্মানু-সন্ধানোজ্জ্বলিতে ॥ ২৭ ॥

দ্রব্যেতি। কেচিৎ কর্ম্মযোগিনো দ্রব্যযজ্ঞাঃ অন্নাদি-দানপরাঃ কেচি-ত্তপোযজ্ঞাঃ কৃচ্ছ্র চান্দ্রায়ণাদিব্রতপরাঃ, কেচিদ্‌যোগযজ্ঞাঃ পুণ্যতীর্থাদি-সঙ্গমপরাঃ, কেচিৎ স্বাধ্যায়জ্ঞানযজ্ঞাঃ বেদাভ্যাসপরাস্তদর্থাভ্যাসপরাশ্চ। যতয়স্তত্র প্রযত্নশীলাঃ শংসিতব্রতাস্তীক্ষ্ণতত্তদাচরণাঃ ॥ ২৮ ॥

কিঞ্চাপানে ইতি। তথাপরে প্রাণায়ামপরায়ণাস্তে ত্রিধা অধোবৃত্তা-বপানে প্রাণমূর্দ্ধবৃত্তিং জুহ্বতি,—পূরকেণ প্রাণমপানেন সহৈকীকুর্ব্বন্তি। তথা প্রাণেঽপানং জুহ্বতি,—রেচকেনাপানং প্রাণেন সহৈকীকৃত্য বহির্নির্গময়ন্তি; যথা প্রাণাপানয়োর্গতী শ্বাসপ্রশ্বাসৌ কুম্ভকেন রুদ্ধা বর্ত্তন্ত ইতি। আন্তরস্য বায়োর্নাসাস্যেন বহির্নির্গমঃ শ্বাসঃ প্রাণস্য গতিঃ;

---

বেদ-শাস্ত্রে এবং তদনুগত স্মৃতি-শাস্ত্রে এই চারিপ্রকার যজ্ঞ লক্ষিত হয়। এতদ্ব্যতীত সময়োচিত বেদার্থ-বিস্তৃতিরূপ তন্ত্রাদি-শাস্ত্রে হঠযোগ ও নানাবিধ সংযম-ব্রতরূপ যজ্ঞসকল উপদিষ্ট হইয়াছে। তদনুগত ব্যক্তিগণ প্রাণায়ামনিষ্ঠ হইয়া অপান-বায়ুতে প্রাণ-বায়ুকে রোধ এবং প্রাণ-বায়ুতে অপান-বায়ুকে নির্গত এবং ক্রমশঃ প্রাণাপান-গতিরোধ-দ্বারা 'কুম্ভক' অভ্যাস করেন। কেহ কেহ আহার খর্ব্ব করত প্রাণ-সকলকে প্রাণেই হোম করেন ॥ ২৯ ॥

**সর্ব্বেঽপ্যেতে যজ্ঞবিদো যজ্ঞক্ষপিতকল্মষাঃ।**
**যজ্ঞশিষ্টামৃতভুজো যান্তি ব্রহ্ম সনাতনম্ ॥ ৩০ ॥**
**নায়ং লোকোঽস্ত্যযজ্ঞস্য কুতোঽন্যঃ কুরুসত্তম ॥ ৩১ ॥**

---

বিনির্গতস্য তস্যান্তঃপ্রবেশঃ প্রশ্বাসঃ অপানস্য গতিঃ ; তয়োর্নিরোধঃ কুম্ভকঃ ; স দ্বিবিধঃ ;—বায়ুমাপূর্য্য শ্বাসপ্রশ্বাসয়োর্নিরোধোঽন্তঃকুম্ভকঃ ; বায়ুং বিরেচ্য তয়োর্নিরোধো বহিঃকুম্ভকঃ। অপরে নিয়তাহারা ভোজনসঙ্কোচমভ্যসন্তঃ প্রাণান্ ইন্দ্রিয়াণি প্রাণেষু জুহ্বতি ;—তেম্বল্পাহারেণ জীর্য্যমাণেষু তদায়ত্তবৃত্তিকানি তানি বিষয়গ্রহণাক্ষমাণি তপ্তায়োনিষিক্তোদবিন্দুবত্তেষ্বেব বিলীয়ন্তে ॥ ২৯ ॥

এতে খল্বিন্দ্রিয়বিজয়কামাঃ সর্ব্বেঽপীতি যজ্ঞবিদঃ পূর্ব্বোক্তান্ দৈবাদিযজ্ঞান্ বিন্দমানা তৈরেব যজ্ঞৈঃ ক্ষপিতকল্মষাঃ। অনন্তসংহিতং ফলমাহ,—যজ্ঞশিষ্টেতি। যজ্ঞশিষ্টং যদমৃতমন্নাদি ভোগৈশ্বর্য্যসিদ্ধ্যাদি চ তদ্ভুঞ্জানাঃ। অনুসংহিতং ফলমাহ,—যান্তীতি। তৎসাধ্যেন জ্ঞানেন ব্রহ্মেতি প্রাপ্যং ॥৩০॥

তদকরণে দোষমাহ,—নায়মিতি। অযজ্ঞস্যোক্তযজ্ঞাননুষ্ঠাতুরয়ং প্রকৃতো লোকস্তত্রত্যাস্ত্রিবর্গো নাস্তি ; অন্যো মোক্ষলভ্যো লোকঃ কুতঃ স্যাৎ ? ৩১ ॥

---

ইঁহারা সকলেই যজ্ঞতত্ত্ববিৎ ও যজ্ঞ-দ্বারা ক্ষীণপাপ। যজ্ঞাবশিষ্ট অমৃত ভোজন করত অবশেষে তাঁহারা পূর্ব্বোক্ত সনাতন-ব্রহ্মকেই লাভ করেন ॥ ৩০ ॥

অতএব, হে কুরুসত্তম অর্জ্জুন ! অযজ্ঞকৃৎ ব্যক্তির পক্ষে ইহলোকই সম্ভব হয় না, পরলোক কিরূপে সম্ভব হইবে ? অতএব যজ্ঞই কর্ত্তব্য কর্ম্ম। ইহাতে ইহাই বুঝিতে হইবে যে, স্মার্ত্ত বর্ণাশ্রম-ধর্ম্ম, অষ্টাঙ্গযোগ ও বৈদিকযাগাদি সমস্তই 'যজ্ঞ' এবং ব্রহ্মজ্ঞানও যজ্ঞবিশেষ। যজ্ঞ ব্যতীত জগতে অন্য কর্ম্ম নাই ; যাহা আছে, তাহা 'বিকর্ম্ম' ॥ ৩১ ॥



**এবং বহুবিধা যজ্ঞা বিততা ব্রহ্মণো মুখে।**
**কর্ম্মজান্ বিদ্ধি তান্ সর্ব্বানেবং জ্ঞাত্বা বিমোক্ষ্যসে ॥ ৩২ ॥**
**শ্রেয়ান্ দ্রব্যময়াদ্‌যজ্ঞাজ্‌জ্ঞানযজ্ঞঃ পরন্তপ।**
**সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে ॥ ৩৩ ॥**

---

এবমিতি ব্রহ্মণো বেদস্য মুখে বিততা বিবিক্তাত্মপ্রাপ্ত্যুপায়তয়া স্বমুখেনৈব তেন স্ফুটমুক্তাঃ। কর্ম্মজানিতি বাঙ্‌মনঃকায়কর্ম্মজনিতানিত্যর্থঃ। এবং জ্ঞাত্বা তদুপায়তয়া তেনোক্তান্ তানববুধ্যানুষ্ঠায় তদুৎপন্নবিজ্ঞানেনাবলোকিতাত্মদ্বয়ঃ সংসারাদ্বিমোক্ষ্যসে ॥ ৩২ ॥

উক্তাঃ কর্ম্মযোগা বিবিক্তাত্মানুসন্ধিগর্ভত্বাদরণ্যাদিব উভয়রূপাস্তেষু জ্ঞানরূপং সংস্তৌতি,—শ্রেয়ানিতি। দ্বিরূপে কর্ম্মণি কর্ম্মদ্রব্যময়াদংশাজ্-

---

এই সমস্তপ্রকার যজ্ঞই বেদোক্ত বা বেদানুগত শাস্ত্রোক্ত ; ইহারা সকলেই বাক্য মন ও কায়-কর্ম্ম-জনিত, অতএব কর্ম্মজ। এইরূপে কর্ম্মতত্ত্ব বিচার করিতে পারিলে কর্ম্মবন্ধ হইতে মুক্তি লাভ করিতে পার ॥ ৩২ ॥

যদিও এই সকল যজ্ঞ-দ্বারা ক্রমশঃ জ্ঞানলাভ, পরে শান্তিলাভ এবং অবশেষে মদ্ভক্তিলাভরূপ জীবের মঙ্গল উদয় হয়, তথাপি এই যজ্ঞসমুদয়-সম্বন্ধে একটি নিগূঢ় বিচার আছে, তাহা জ্ঞাতব্য। নিষ্ঠা-ভেদে উক্ত সমুদয় যজ্ঞই কোন-সময় কেবল 'দ্রব্যময় যজ্ঞ' হয়, কখন ও বা 'জ্ঞানময় যজ্ঞ' হয়। দ্রব্যময় যজ্ঞ অপেক্ষা জ্ঞানময় যজ্ঞ অত্যন্ত শ্রেষ্ঠ ; কেন না, হে পার্থ ! সমস্ত কর্ম্মই জ্ঞানে পরিসমাপ্তি লাভ করে। যজ্ঞসকল অনুষ্ঠিত হইতে হইতে যখন চিদালোচন-রহিত হয়, তখনই ব্যাপারসমুদায় কেবল দ্রব্যময় হয়। যখন চিদালোচন ক্রম চলিতে থাকে, তখন বস্তুত দ্রব্যময় হইয়াও চিন্ময় বা জ্ঞানময় হইয়া পড়ে। যজ্ঞের কেবল দ্রব্যময়ী অবস্থাকে 'কর্ম্মকাণ্ড' বলে এবং জ্ঞানময়ী অবস্থাকে 'জ্ঞানকাণ্ড' বলে। যজ্ঞকার্য্য অনুষ্ঠান করিতে হোতাকে বিশেষ সতর্ক হইতে হয় ॥ ৩৩ ॥

তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া।
উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ ॥ ৩৪ ॥
যজ্‌জ্ঞাত্বা ন পুনর্মোহমেবং যাস্যসি পাণ্ডব।
যেন ভূতান্যশেষেণ দ্রক্ষ্যস্যাত্মন্যথো ময়ি ॥ ৩৫ ॥

---

জ্ঞানময়োঽংশঃ শ্রেয়ান্ প্রশস্ততরঃ। দ্রব্যময়াদিত্যুপলক্ষণামিন্দ্রিয়সংযমাদীনাং তেষাং তদুপায়ত্বাৎ। এতদ্বিবৃণোতি,—হে পার্থ! জ্ঞানে সতি সর্ব্বং কর্ম্মাখিলং সাঙ্গং পরিসমাপ্যতে নিবৃত্তিমেতি ফলে জাতে সাধননিবৃত্তের্দর্শনাৎ ॥ ৩৩ ॥

এবং জীবস্বরূপজ্ঞানং তৎসাধনঞ্চ সাঙ্গমুপদিশ্য পরস্বরূপোপাসনজ্ঞানমুপদিশন্ সৎপ্রসঙ্গলভ্যত্বং তস্যাহ,—তদিতি। যদর্থং তদুভয়ং ময়া তবোপদিষ্টং 'অবিনাশি তু তদ্বিদ্ধি' ইত্যাদিনা তৎ পরাত্মসম্বন্ধিজ্ঞানং প্রণিপাতাদিভিঃ প্রসাদিতেভ্যো জ্ঞানিভ্যঃ সম্ভ্যস্বমবগত-স্বস্বরূপো বিদ্ধি

---

যদি বল,—এই দ্রব্যময় ও জ্ঞানময় যজ্ঞের ভেদ-বিচার তোমার পক্ষে কঠিন, তাহা হইলে আমার উপদেশ এই যে, তুমি এই ভেদ বিচারপূর্ব্বক জ্ঞান-লাভের জন্য তত্ত্বদর্শী গুরুদিগের আশ্রয় গ্রহণ কর। তুমি তত্ত্বদর্শী গুরুকে প্রণিপাতপূর্ব্বক ও অকৃত্রিম সেবা করত সন্তুষ্ট করিয়া এই তত্ত্ববিষয়ক প্রশ্ন জিজ্ঞাসা কর; তিনি তোমাকে জ্ঞান উপদেশ করিবেন ॥ ৩৪ ॥

অদ্য তুমি মোহ-বশতঃ যুদ্ধরূপ স্বধর্ম্ম ত্যাগ করিতে উদ্যোগী হইয়াছ। গুরূপদিষ্ট তত্ত্বজ্ঞান লাভ করিলে এরূপ মোহ আর তোমাকে আশ্রয় করিবে না। সেই তত্ত্বজ্ঞান-দ্বারা তুমি জানিতে পারিবে যে, মনুষ্য-তির্য্যগাদি ভূতসকল, সকলেই বস্তুতঃ জীবাত্মরূপ চিন্ময় তত্ত্ব; উপাধি-দ্বারা তাহাদের তারতম্য ঘটিয়াছে। এই সমুদায়ই পরমকারণরূপী ভগবৎস্বরূপ আমাতে মদীয়-শক্তির কার্য্যরূপে অবস্থিতি করে॥ ৩৫ ॥



অপি চেদসি পাপিভ্যঃ সর্ব্বেভ্যঃ পাপকৃত্তমঃ।
সর্ব্বং জ্ঞানপ্লবেনৈব বৃজিনং সন্তরিষ্যসি ॥ ৩৬ ॥

---

প্নুহি। তত্র প্রণিপাতো দণ্ডবৎপ্রণতিঃ, সেবা ভৃত্যবত্তেষাং পরিচর্য্যা, পরিপ্রশ্নঃ তৎস্বরূপতদ্‌গুণতদ্‌বিভূতিবিষয়কো বিবিধঃ প্রশ্নঃ। নন্দাসীনাস্তে ন বক্ষ্যন্তীতি চেত্তত্রাহ,—উপেতি। তে জ্ঞানিনোঽধিগত-স্বপরাত্মানঃ প্রণিপাতাদিনা তজ্জিজ্ঞাসুতামালক্ষ্য তে তুভ্যং তাদৃশায় তৎসম্বন্ধি-জ্ঞানমুপদেক্ষ্যন্তি তত্ত্বদর্শিনস্তজ্‌জ্ঞানপ্রচারকাঃ কারুণিকা ইতি যাবৎ। নন্বত্র তদিতি জীবজ্ঞানং বাচ্যং প্রকৃতত্বাদিতি চেন্ন,—"ন ত্বেবাহং জাতু নাসং," "যুক্ত আসীত মৎপরঃ" "অজোঽপি সন্নব্যয়াত্মা" ইত্যাদিনা পরাত্মনোঽপ্যাপ্রাকৃতত্বাৎ তজ্‌জ্ঞানাৎস্যৈব জীবজ্ঞানস্যাপ্যুপদেশ্যত্বাৎ। এবমাহ সূত্রকারঃ,—"অন্যার্থশ্চ পরামর্শঃ" ইতি; অন্যথা শ্রুতিসূত্রার্থসম্বাদিনোঽগ্রিমস্য জ্ঞানমহিম্নো বিরোধঃ স্যাৎ উক্তমেব সুষ্ঠু ॥ ৩৪ ॥

উক্তজ্ঞানফলমাহ,—যদিতি। যজ্জীবজ্ঞানপূর্ব্বকং পরমাত্মসম্বন্ধিজ্ঞানং জ্ঞাত্বোপলভ্য পুনরেবং বন্ধুবধাদিহেতুকং মোহং ন যাস্যসি। কথং ন যাস্যামীত্যত্রাহ,—যেনেতি। যেন জ্ঞানেন ভূতানি দেবমানবাদিশরীরাণি অশেষেণ সামস্ত্যেন সর্ব্বাণীত্যর্থঃ। আত্মনি স্বস্বরূপে উপাধিত্বেন স্থিতানি তানি পৃথগ্‌দ্রক্ষ্যসি; অতো ময়ি সর্ব্বেশ্বরে সর্ব্বহেতৌ কার্য্যত্বেন স্থিতানি তানি দ্রক্ষ্যসীতি। এতদুক্তং ভবতি,—দেহদ্বয়বিবিক্তা জীবাত্মানস্তেষাং হরিবিমুখানাং হরিমায়য়ৈব দেহেষু দৈহিকেষু চ মমত্বানি রচিতানি, হন্তৃ-হন্তব্যভাবাবভাসশ্চ তয়ৈব। শুদ্ধস্বরূপাণাং ন তত্তৎসম্বন্ধঃ। পরমাত্মা

---

যদিও তুমি অত্যন্ত পাপ আচরণ করিয়া থাক, তাহা হইলেও জ্ঞানপোত আরোহণ-পূর্ব্বক সমস্ত দুঃখ-সমুদ্র পার হইয়া যাইবে ॥ ৩৬ ॥

যথৈধাংসি সমিদ্ধোঽগ্নির্ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন।
জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা ॥ ৩৭ ॥

ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে।
তৎ স্বয়ং যোগসংসিদ্ধঃ কালেনাত্মনি বিন্দতি ॥৩৮॥

---

খলু সর্ব্বেশ্বরঃ স্বাশ্রিতানাং জীবানাং তত্তৎকর্ম্মানুগুণতয়া তত্তদ্দেহেন্দ্রিয়াণি তত্তদ্দেহযাত্রাং লোকান্তরেষু তত্তৎসুখভোগাংশ্চ সম্পাদয়ত্যুপাসিতশ্চ মুক্তিমিত্যেব জ্ঞানিনো ন মোহাবকাশ ইতি ॥৩৫ ॥

জ্ঞানপ্রভাবমাহ,—অপি চেদিতি। যদ্যপি সর্ব্বেভ্যঃ পাপকর্ত্তৃভ্যস্ত্বমতিশয়েন পাপকৃদসি, তথাপি সর্ব্বং বৃজিনং নিখিলং পাপং দুস্তরত্বেনার্ণবতুল্যমুক্তলক্ষণজ্ঞানপ্লবেন সংতরিষ্যসি ॥ ৩৬ ॥

ব্রহ্মবিদ্যয়া পাপকর্ম্মাণি নশ্যন্তীত্যুক্তম্ ; ইদানীং পুণ্যকর্ম্মণ্যপি নশ্যন্তীত্যাহ,—যথেতি। এধাংসি কাষ্ঠানি সমিদ্ধঃ প্রজ্বলিতোঽগ্নির্যথা ভস্মসাৎ কুরুতে, তথা জ্ঞানাগ্নিঃ স্বপরাত্মানুভববহ্নিঃ সর্ব্বাণি কর্ম্মাণি পুণ্যানি পাপানি চ প্রারব্ধেতরাণি ভস্মসাৎ কুরুতে। তত্র সঞ্চিতানি

---

প্রবলরূপে জ্বালিত অগ্নি যেমত কাষ্ঠাদিকে ভস্মসাৎ করে, হে অর্জ্জুন! জ্ঞানাগ্নি সেইরূপ সমস্ত কর্ম্মকে দগ্ধ করিয়া ফেলে অর্থাৎ অপ্রারব্ধক্রিয়মাণ-কর্ম্মকে বিশ্লেষ ও প্রারব্ধকর্ম্মকে দুর্ব্বল করে ॥ ৩৭ ॥

জ্ঞান অর্থাৎ চিন্ময়-তত্ত্বের ন্যায় পবিত্র পদার্থ এই জগতে আর নাই। কালক্রমে তুমি স্বীয় আত্মায় নিষ্কাম-কর্ম্মযোগ-ফলস্বরূপ সেই জ্ঞানকে লাভ করিবে। এই বাক্য-দ্বারা ইহাই বুঝিতে হইবে যে, জ্ঞানাপেক্ষা শ্রেষ্ঠ তত্ত্ব যে 'শান্তি', তাহাই জ্ঞানের ফল ; ভগবচ্চরণাশ্রয়ই—শান্তির আর একটি নাম ; ইহা চরমে কথিত হইবে ॥ ৩৮ ॥



শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং তৎপরঃ সংযতেন্দ্রিয়ঃ।
জ্ঞানং লব্ধ্বা পরাং শান্তিমচিরেণাধিগচ্ছতি ॥ ৩৯ ॥

অজ্ঞশ্চাশ্রদ্দধানশ্চ সংশয়াত্মা বিনশ্যতি।
নায়ং লোকোঽস্তি ন পরো ন সুখং সংশয়াত্মনঃ ॥ ৪০ ॥

---

প্রারব্ধেতরাণীষীকতুলবন্নির্দহতি ক্রিয়মাণানি পদ্মপত্রাম্বুবিন্দুবদ্বিশ্লেষয়তি প্রারব্ধানি তু তৎপ্রভাবেনাতিজীর্ণান্যপি সৎপথপ্রচারার্থয়া হরেরিচ্ছয়ৈবাত্মানুভবিন্যবস্থাপয়তীতি। শ্রুতিশ্চ—"উভে উহৈবৈষ এতে তরত্যমৃতঃ সাধ্বসাধুনী" ইতি,—এষ ব্রহ্মানুভবী উভে সঞ্চিত্য ক্রিয়মাণে এতে সাধ্বসাধুনী পুণ্যপাপে কর্ম্মণী তরতি ক্রামতীত্যর্থঃ। এবমাহ সূত্রকারঃ ;—"তদাধিগম উত্তরপূর্ব্বাঘয়োরশ্লেষবিনাশৌ তদ্ব্যপদেশাৎ" ইত্যাদিভিঃ ॥ ৩৭ ॥

ন হীতি। হি যতো জ্ঞানেন সদৃশং পবিত্রং শুদ্ধিকরং তপস্তীর্থাটনাদিকং নাস্তি ; অতস্তৎ সর্ব্বপাপনাশকং তজ্জ্ঞানং ন সর্ব্বসুলভং, কিন্তু যোগেন নিষ্কামকর্ম্মণা সংসিদ্ধঃ পরিপক্ব এব কালেনৈব, ন তু সদ্যঃ। আত্মনি স্বস্মিন্ স্বয়ং লব্ধং বিন্দতি, ন তু পারিব্রাজ্যগ্রহণমাত্রেণেতি ॥ ৩৮ ॥

---

সংযতেন্দ্রিয় ও তৎপর হইয়া শ্রদ্ধাবান্ ব্যক্তি জ্ঞান লাভ করেন। নিষ্কামকর্ম্মযোগে যাহাদের শ্রদ্ধা হয় নাই, তাহারা তাহার অধিকারী নয়। শ্রদ্ধাসহকারে নিষ্কাম-কর্ম্মযোগ অনুষ্ঠানপূর্ব্বক অতিশীঘ্রই 'পরা শান্তি' লাভ করেন ॥৩৯॥

অজ্ঞ, অশ্রদ্দধান ও সংশয়াত্মা পুরুষের মঙ্গল হয় না। তাহাদের মধ্যে সংশয়াত্মার ইহলোক বা পরলোক কিম্বা সুখ-লাভ হয় না ; যেহেতু সংশয়রূপ দুঃখই তাহাদিগের শান্তি নাশ করে ॥৪০॥

**যোগসংন্যস্তকর্ম্মাণং জ্ঞানসংছিন্নসংশয়ম্‌ ।**
**আত্মবন্তং ন কর্ম্মাণি নিবধ্নন্তি ধনঞ্জয় ॥ ৪১ ॥**

---

কীদৃশঃ সন্ কদা বিন্দতীত্যাহ,—শ্রদ্ধাবানিতি। নিষ্কামেণ কর্ম্মণা হৃদ্বিশুদ্ধৌ জ্ঞানং স্যাদিতি। দৃঢ়বিশ্বাসঃ শ্রদ্ধা তদ্বান্ তৎপরস্তদনুষ্ঠাননিষ্ঠঃ তাদৃগপি যদা সংযতেন্দ্রিয়স্তদা পরাং শান্তিং মুক্তিম্ ॥ ৩৯ ॥

জ্ঞানাধিকারিণং তৎফলঞ্চাভিধায় তদ্বিপরীতং তৎফলঞ্চাহ,—অজ্ঞশ্চেতি। অজ্ঞঃ পশ্বাদিবচ্ছাস্ত্রজ্ঞানহীনঃ; অশ্রদ্দধানঃ শাস্ত্রজ্ঞানে সত্যপি বিবাদিপ্রতিপত্তিভির্ন কাপি বিশ্বস্তঃ; শ্রদ্দধানত্বেঽপি সংশয়াত্মা মমৈতৎ সিদ্ধ্যেন্ন বেতি সন্দিহানমনা বিনশ্যতি স্বার্থাদ্বিচ্যবতে। তেষ্বপি মধ্যে সংশয়াত্মানং বিনিন্দতি,—নায়মিতি। অয়ং প্রাকৃতো লোকঃ পরোঽপ্রাকৃতঃ সংশয়াত্মনঃ কিঞ্চিদপি সুখং নাস্তি। শাস্ত্রীয়কর্ম্মজন্যং হি সুখং, তচ্চ কর্ম্ম বিবিক্তাত্মজ্ঞানপূর্ব্বকম্; তত্র সন্দিহানস্য কুতস্তদিত্যর্থঃ ॥৪০॥

ঈদৃশস্য নৈষ্কর্ম্ম্যলক্ষণাসিদ্ধিঃ স্যাদিত্যাহ,—যোগেতি। যোগেন 'যোগস্থঃ কুরু কর্ম্মাণি' ইত্যত্রোক্তেন সংন্যস্তানি জ্ঞানাকারতাপন্নানি কর্ম্মাণি যস্য তম্; মদুপদিষ্টেন জ্ঞানেন ছিন্নসংশয়ো যস্য তম্। আত্মবন্তমবলোকিতাত্মানং কর্ম্মাণি ন নিবধ্নন্তি,—তেষাং জ্ঞানেন বিগমাৎ ॥৪১॥

---

অতএব, হে ধনঞ্জয়! যিনি নিষ্কামকর্ম্মযোগ-দ্বারা কর্ম্মসন্ন্যাস করেন, জ্ঞান-দ্বারা সংশয় নাশ করেন এবং আত্মার চিন্ময় স্বরূপ অবগত হন, তাঁহাকে কোন কর্ম্মই বদ্ধ করে না ॥৪১॥



**তস্মাদজ্ঞানসম্ভূতং হৃৎস্থং জ্ঞানাসিনাত্মনঃ ।**
**ছিত্ত্বৈনং সংশয়ং যোগমাতিষ্ঠোত্তিষ্ঠ ভারত ॥ ৪২ ॥**

---

তস্মাদিতি। হৃৎস্থং হৃদ্গতমাত্মবিষয়কং সংশয়ং-মদুপদিষ্টেন জ্ঞানাসিনা ছিত্ত্বা যোগং নিষ্কামং কর্ম্ম ময়োপদিষ্টমাতিষ্ঠ তদর্থমুত্তিষ্ঠেতি ॥৪২॥

---

অতএব হে ভারত! তোমার এই যে নিষ্কাম-কর্ম্মযোগ-বিষয়ে সংশয় হইয়াছে, তাহা অজ্ঞান-সম্ভূত; তাহাকে জ্ঞানখড়্গ-দ্বারা ছেদন কর এবং নিষ্কাম-কর্ম্মযোগ আশ্রয়পূর্ব্বক যুদ্ধ কর ॥৪২॥

এই 'সনাতন'-যোগে দুইটি বিভাগ আছে অর্থাৎ জড়দ্রব্যময় বিভাগ ও আত্মযাথাত্ম্যরূপ চিন্ময় বিভাগ। জড়দ্রব্যময় বিভাগ পৃথগ্‌রূপে দৃষ্ট হইলে 'কর্ম্মমাত্র' হইয়া পড়ে। যাঁহারা সেই বিভাগে আবদ্ধ থাকেন, তাঁহারা 'কর্ম্মজড়'। যাঁহারা চিন্ময় বিভাগকে লক্ষ্য করিয়া জড়কর্ম্মকে অনুষ্ঠান করেন, তাঁহারাই 'যুক্ত'। চিন্ময় বিভাগ বিশেষরূপে বিচার করিলে, তাহার এক অংশে 'জীবতত্ত্ব' ও অপর অংশে 'ভগবৎতত্ত্ব'। ভগবত্তত্ত্বানুভবকারী পুরুষই আত্মযাথাত্ম্যের উপাদেয়াংশ লাভ করেন। ভগবত্তত্ত্বে চিন্ময় জন্ম-কর্ম্মাদি ও নিত্য জীবসঙ্গিত্বের অনুভবের দ্বারা সে অনুভব সিদ্ধ হয়। এই অধ্যায়ের প্রথমেই সেই বিষয় কথিত হইয়াছে। ভগবান স্বয়ংই এই নিত্য-ধর্ম্মের প্রথমোপদেষ্টা। জীব নিজ-বুদ্ধি-দোষে জড়বদ্ধ হইলে ভগবান্ চিচ্ছক্তিক্রমে অবতীর্ণ হইয়া জীবকে স্ব-তত্ত্ব শিক্ষা দিয়া স্বলীলোপযোগী করেন। ভগবদ্দেহ ও ভগবজ্জন্মকর্ম্মাদিকে যাহারা 'মায়াময়' বলে, তাহারা নিতান্ত মূঢ়। যিনি আমাকে যতদূর শুদ্ধরূপে উপাসনা করেন, তিনি আমাকে ততদূর প্রাপ্ত হন; কর্ম্মযোগীদিগের সকল-প্রকার কর্ম্মই 'যজ্ঞ'; দৈবযজ্ঞ, ব্রহ্মযজ্ঞ, ব্রহ্মচর্য্যযজ্ঞ, গৃহমেধযজ্ঞ, সংযমযজ্ঞ, অষ্টাঙ্গযোগযজ্ঞ, তপোযজ্ঞ, দ্রব্যযজ্ঞ, স্বাধ্যায়যজ্ঞ, বর্ণাশ্রমযজ্ঞ ইত্যাদি জগতে যত-প্রকার যজ্ঞ

ধ্যাংশকং ধান্যবৎ কর্ম্ম তুষাংশাদিব তণ্ডুলঃ।
শ্রেষ্ঠং দ্রব্যাংশতো জ্ঞানমিতি তুর্য্যস্য নির্ণয়ঃ ॥

**ইতি শ্রীভগবদ্গীতোপনিষদ্ভাষ্যে চতুর্থোঽধ্যায়ঃ।**

---

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে জ্ঞানযোগো নাম
চতুর্থোঽধ্যায়ঃ।

আছে, সে সমুদায়ই কর্ম্মময়। সেই সকলের মধ্যে যে আত্মযাথাত্ম্যরূপ চিন্ময় অংশ আছে, তাহাই অনুসন্ধেয়। সংশয়ই এই তত্ত্বজ্ঞানের পরম শত্রু। শ্রদ্ধাবান্ ব্যক্তি উপযুক্ত তত্ত্ববিৎ পুরুষের নিকট সেই তত্ত্ব শিক্ষা করিয়া আত্মবিৎ হইয়া সংশয়কে দূর করত আত্মযাথাত্ম্যলাভের জন্য যাবৎ জড়সম্বন্ধযুক্ত আছেন, তাবৎ কর্ম্মযোগ অবলম্বন করিবেন।

**চতুর্থ অধ্যায় সমাপ্ত।**

# পঞ্চমোঽধ্যায়ঃ

অর্জ্জুন উবাচ,—
সন্ন্যাসং কর্ম্মণাং কৃষ্ণ পুনর্যোগঞ্চ শংসসি।
যচ্ছ্রেয় এতয়োরেকং তন্মে ব্রূহি সুনিশ্চিতম্ ॥ ১ ॥

---

জ্ঞানতঃ কর্ম্মণঃ শ্রৈষ্ঠ্যং সুকরত্বাদিনা হরিঃ।
শুদ্ধস্য তদকর্ত্তৃত্বং ত্বেত্যাদি প্রাহ পঞ্চমে ॥

দ্বিতীয়ে মুমুক্ষুং প্রত্যাত্মবিজ্ঞানং মোচকমভিধায় তদুপায়তয়া নিষ্কামং কর্ম্ম কর্ত্তব্যমভ্যধাৎ। লব্ধবিজ্ঞানস্য ন কিঞ্চিৎ কর্ম্মাস্তীতি "যস্ত্বাত্মরতিরেব স্যাৎ" ইতি তৃতীয়ে, "সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ" ইতি চতুর্থে চাবাদীৎ; অন্তে তু "তস্মাদজ্ঞানসম্ভূতম্" ইত্যাদিনা তস্যৈব পুনঃ কর্ম্মযোগং প্রাবোচৎ। তত্রার্জ্জুনঃ পৃচ্ছতি সন্ন্যাসমিতি। হে কৃষ্ণ! কর্ম্মণাং সন্ন্যাসং সর্ব্বেন্দ্রিয়ব্যাপারবিরতিরূপং জ্ঞানযোগমিত্যর্থঃ; পুনর্যোগং কর্ম্মানুষ্ঠানঞ্চ সর্ব্বেন্দ্রিয়ব্যাপাররূপং শংসসি। ন চৈকস্য যুগপত্তৌ সংভবেতাং স্থিতিগতিবত্তমস্তেজোবচ্চ বিরুদ্ধস্বরূপত্বাৎ। তস্মাল্লব্ধজ্ঞানঃ কর্ম্ম সন্ন্যসেদনুতিষ্ঠেদ্বেতি ভবদভিমতং বেত্তুমশক্তোঽহং পৃচ্ছামি। এতয়োঃ কর্ম্মসন্ন্যাসকর্ম্মানুষ্ঠানয়োর্যদেকং শ্রেয়স্ত্বয়া সুনিশ্চিতং তত্ত্বং মে ব্রূহি ইতি ॥ ১ ॥

---

অর্জ্জুন কহিলেন,—হে কৃষ্ণ! তুমি কর্ম্মত্যাগের প্রশংসা এবং পুনরায় কর্ম্মযোগের প্রশংসা করিলে; অতএব আমাকে নিশ্চয়রূপে বল,—কর্ম্মত্যাগ ও কর্ম্মযোগের মধ্যে কি (কোনটি) করিব? ১ ॥

শ্রীভগবানুবাচ,—

সন্ন্যাসঃ কর্ম্মযোগশ্চ নিঃশ্রেয়সকরাবুভৌ।
তয়োস্তু কর্ম্মসন্ন্যাসাৎ কর্ম্মযোগো বিশিষ্যতে ॥ ২ ॥

জ্ঞেয়ঃ স নিত্যসন্ন্যাসী যো ন দ্বেষ্টি ন কাঙ্ক্ষতি।
নির্দ্বন্দ্বো হি মহাবাহো সুখং বন্ধাৎ প্রমুচ্যতে ॥ ৩ ॥

---

এবং পৃষ্টো ভগবানুবাচ,—সন্ন্যাস ইতি। নিঃশ্রেয়সকরৌ মুক্তিহে কর্ম্মসন্ন্যাসাজ্ জ্ঞানযোগাদ্‌বিশিষ্যতে শ্রেষ্ঠো ভবতি। অয়ং ভাবঃ,—ন খলু শুদ্ধজ্ঞানস্যাপি কর্ম্মযোগো দোষাবহঃ, কিন্তু জ্ঞানগর্ভত্বাত্ জ্ঞানদার্ঢ্য-কৃদেব। জ্ঞাননিষ্ঠতয়া কর্ম্মসন্ন্যাসিনস্তু চিত্তদোষে সতি তদ্দোষবিনাশা কর্ম্মানুষ্ঠেয়ং প্রতিষেধকশাস্ত্রাৎ। কর্ম্মত্যাগবাক্যানি স্বাত্মনি রতে সত্যাং কর্ম্মাণি তৎ স্বয়ং ত্যজন্তীত্যাহুঃ। তস্মাৎ সুকরত্বাদপ্রমাদত্বাজ্-জ্ঞানগর্ভত্বাচ্চ কর্ম্মযোগঃ শ্রেয়ানিতি ॥ ২ ॥

কুতো বিশিষ্যতে তত্রাহ,—জ্ঞেয় ইতি। স বিশুদ্ধচিত্তঃ কর্ম্মযোগী নিত্যসন্ন্যাসী স সর্ব্বদা জ্ঞানযোগনিষ্ঠো জ্ঞেয়ঃ, যঃ কর্ম্মান্তর্গতাত্মানুভবানন্দ-পরিতৃপ্তস্ততোঽন্যৎ কিঞ্চিৎ ন কাঙ্ক্ষতি, ন চ দ্বেষ্টি, নির্দ্বন্দ্বো দ্বন্দ্বসহিষ্ণুঃ সুখমনায়াসেন সুকরকর্ম্মনিষ্ঠয়েত্যর্থঃ ॥ ৩ ॥

---

ভগবান্ কহিলেন,—সন্ন্যাস ও কর্ম্মযোগ,—উভয়ই মঙ্গলজনক, তন্মধ্যে কর্ম্মত্যাগ অপেক্ষা নিষ্কাম-কর্ম্মযোগ শ্রেষ্ঠ। কর্ম্মে আসক্তি-ত্যাগকেই 'সন্ন্যাস' বলা যায়। প্রকৃত-প্রস্তাবে কর্ম্মত্যাগ উপদিষ্ট হয় নাই ॥ ২ ॥

যিনি কর্ম্মফলের প্রতি আকাঙ্ক্ষা বা দ্বেষ করেন না, তিনিই 'নিত্যসন্ন্যাসী'; সেই নির্দ্বন্দ্ব পুরুষ পরমসুখে কর্ম্মবন্ধ হইতে মুক্তি লাভ করেন ॥ ৩ ॥



সাংখ্যযোগৌ পৃথগ্বালাঃ প্রবদন্তি ন পণ্ডিতাঃ।
একমপ্যাস্থিতঃ সম্যগুভয়োর্বিন্দতে ফলম্ ॥ ৪ ॥

যৎ সাংখ্যৈঃ প্রাপ্যতে স্থানং তদ্‌যোগৈরপি গম্যতে।
একং সাংখ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্যতি স পশ্যতি ॥ ৫ ॥

সন্ন্যাসস্তু মহাবাহো দুঃখমাপ্তুমযোগতঃ।
যোগযুক্তো মুনির্ব্রহ্ম ন চিরেণাধিগচ্ছতি ॥ ৬ ॥

---

যঃ শ্রেয় এতয়োরেকমিতি তত্রাকাঙ্ক্ষা ন ঘটত ইত্যাহ,—সাংখ্যেতি। জ্ঞানযোগকর্ম্মযোগৌ ফলভেদাৎ পৃথগ্‌ভূতাবিতি বালাঃ প্রবদন্তি, ন তু পণ্ডিতাঃ। অতএব একমিত্যাদিফলমাত্মাবলোকলক্ষণম্ ॥ ৪ ॥

এতদ্বিশদয়তি,—যদিতি। সাংখ্যৈর্জ্ঞানযোগিভির্যোগৈঃ নিষ্কামকর্ম্মভিঃ "অর্শ আদ্যচ্"। স্থানমাত্মাবলোকলক্ষণম্—'তিষ্ঠন্ত্যস্মিন্', ন তু কদাচিৎ প্রচ্যবন্ত ইতি ব্যুৎপত্তেঃ। অতএব তদ্দ্বয়ং নিবৃত্তিপ্রবৃত্তিরূপতয়া ভিন্নরূপ-মপি ফলৈক্যাদেকং যঃ পশ্যতি বেত্তি, স পশ্যতি স চক্ষুষ্মান্ পণ্ডিত ইত্যর্থঃ ॥ ৫ ॥

---

তোমাকে সন্ন্যাস ও কর্ম্মযোগের মূল তত্ত্ব বলি, শ্রবণ কর। অপণ্ডিত মূঢ় মীমাংসকেরাই সাংখ্যযোগ ও কর্ম্মযোগকে পৃথক্ পৃথক্ পদ্ধতি বলিয়া প্রকাশ করে, কিন্তু পণ্ডিতগণ তাহা বলেন না। সাংখ্যযোগ বা কর্ম্মযোগ, যাহাই সুষ্ঠুরূপে আচরণ কর, তাহাতেই উভয়ের ফল লাভ করিবে; যেহেতু প্রবৃত্তি-নিবৃত্তি-রূপ নিষ্ঠা-ভেদ থাকিলেও উভয় পদ্ধতিই এক। লিঙ্গভঙ্গ পর্য্যন্ত যিনি সাংখ্য ও যোগকে 'এক' বলিয়া জানেন, তিনিই তাহাদের তত্ত্ব জানেন ॥ ৪-৫ ॥

কর্ম্মযোগ ব্যতীত কেবল কর্ম্মত্যাগরূপ সন্ন্যাস—দুঃখজনক। যোগযুক্ত মুনি অক্লেশেই ব্রহ্ম লাভ করেন ॥ ৬ ॥

যোগযুক্তো বিশুদ্ধাত্মা বিজিতাত্মা জিতেন্দ্রিয়ঃ।
সর্ব্বভূতাত্মভূতাত্মা কুর্ব্বন্নপি ন লিপ্যতে ॥ ৭ ॥
নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্যেত তত্ত্ববিৎ।
পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্নন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্ ॥ ৮ ॥
প্রলপন্ বিসৃজন্ গৃহ্ণন্নুন্মিষন্নিমিষন্নপি।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু বর্ত্তন্ত ইতি ধারয়ন্ ॥ ৯ ॥

---

জ্ঞানযোগস্য দুষ্করত্বাৎ সুকরকর্ম্মযোগঃ শ্রেয়ানিত্যাহ,—সন্ন্যাসস্ত্বিতি। সন্ন্যাসঃ সর্ব্বেন্দ্রিয়ব্যাপারবিনিবৃত্তিরূপো জ্ঞানযোগ অযোগতঃ কর্ম্মযোগং বিনা দুঃখং প্রাপ্তুং ভবতি,—দুষ্করত্বাৎ সপ্রমাদত্বাচ্চ দুঃখহেতুরেব স্যাদিত্যর্থঃ। যোগযুক্তনিষ্কামকর্ম্মী তু মুনিরাত্মমননশীলঃ সন্নচিরেণ শীঘ্রমেব ব্রহ্মাধিগচ্ছতি ॥ ৬ ॥

ঈদৃশো মুমুক্ষুঃ সর্ব্বেষাং প্রেয়ানিত্যাহ,—যোগেতি। যোগে নিষ্কামে কর্ম্মণি যুক্তো নিরতঃ; অতএব বিশুদ্ধাত্মা নির্ম্মলবুদ্ধিঃ; অতএব বিজিতাত্মা বশীকৃতমনাঃ অতএব জিতেন্দ্রিয়ঃ শব্দাদি-বিষয়রাগশূন্যঃ। অতএব সর্ব্বেষাং ভূতানাং জীবানামাত্মভূতঃ প্রেমাস্পদতাং গত আত্মা

---

যোগযুক্ত জ্ঞানী বিশুদ্ধবুদ্ধি, বিশুদ্ধচিত্ত, জিতেন্দ্রিয় ও সর্ব্বজীবের অনুরাগ-ভাজন হইয়া সমস্ত কর্ম্ম করিয়াও কর্ম্মে লিপ্ত হন না ॥ ৭ ॥

কর্ম্মযোগী দর্শন, শ্রবণ, স্পর্শন, ঘ্রাণ, ভোজন, গমন, নিদ্রা ও শ্বাসাদি কার্য্য করিয়াও তত্ত্বজ্ঞান-বশতঃ 'আমি কিছুই করি নাই'—এরূপ মনে করেন। প্রলাপ, দ্রব্যত্যাগ, দ্রব্যগ্রহণ, উন্মীষণ ও নিমীষণ-কার্য্যকালে মনে করেন,—আমি যে জড়-দেহে আছি, তাহাই এ সকল করিতেছে; অবিদ্যা-বদ্ধ 'আমি এইসকল কার্য্যে নির্দ্ধারণ ও মনন-মাত্র করিতেছি। আত্মযাথাত্ম্য সিদ্ধ হইলে প্রাকৃত-বস্তুতে আমার এরূপ সম্বন্ধ নিঃশেষ হইবে ॥' ৮-৯ ॥



ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ।
লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা ॥ ১০ ॥

---

যস্য সঃ। ন চাত্র পার্থসারথিনা সর্ব্বাত্মৈক্যমাভিমতম্;—"ন ত্বেবাহম্" ইত্যাদিনা সর্ব্বাত্মনাং মিথো ভেদস্য তেনাভিধানাৎ, তদ্বাদিনাপি বিজ্ঞাজ্ঞাভেদস্য বক্তুমশক্যত্বাচ্চ। এবম্ভূতঃ কুর্ব্বন্নপি বিবিক্তাত্মানুসন্ধানাদনাত্মন্যাত্মাভিমানেন ন লিপ্যতে অচিরেণাত্মানমধিগচ্ছতি। অতঃ কর্ম্মযোগঃ শ্রেয়ান্ ॥ ৭ ॥

শুদ্ধস্যাত্মনোঽধিষ্ঠানাদি-পঞ্চাপেক্ষিত-কর্ম্মকর্ত্তৃত্বং নাস্তীতি উপদিশতি,—নৈবেতি। যুক্তো নিষ্কামকর্ম্মী প্রাধানিকদেহেন্দ্রিয়াদিসংসর্গাদ্দর্শনাদীনি কর্ম্মাণি কুর্ব্বন্নপি তত্ত্ববিৎ বিবিক্তমাত্মতত্ত্বমনুভবন্ ইন্দ্রিয়ার্থেষু রূপাদিষু ইন্দ্রিয়াণি চক্ষুরাদীনি মদ্বাসনানুগুণপরমাত্মপ্রেরিতানি বর্ত্তন্ত ইতি ধারয়ন্নিশ্চিন্বন্নহং কিঞ্চিদপি ন করোমীতি মন্যতে। পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্নন্নিতি চক্ষুঃশ্রোত্রত্বগ্ঘ্রাণরসনানাং জ্ঞানেন্দ্রিয়াণাং দর্শনশ্রবণস্পর্শনঘ্রাণাশনানি ব্যাপারাঃ, গচ্ছন্ প্রলপন্ বিসৃজন্ গৃহ্ণন্ ইতি গমনাদয়ঃ কর্ম্মেন্দ্রিয়ব্যাপারাঃ। তত্র গমনং পাদয়োঃ প্রলাপো বাচঃ বিসর্গানন্দঃ পায়ূপস্থয়োঃ গ্রহণং হস্তয়ো ইতি বোধ্যম্; শ্বসন্নিতি প্রাণাদীনামুন্মিষন্নিমিষন্নিতি নাগাদীনাং প্রাণভেদানাং, স্বপন্নিত্যন্তঃকরণানামিত্যর্থঃ ক্রমাদ্ব্যাখ্যেয়ম্। বিজ্ঞানসুখৈকরসস্য মমানাদিবাসনাহেতুকপ্রাধানিকদেহাদিসম্বন্ধনির্ম্মিতং তদীদৃশকর্ম্মকর্ত্তৃত্বম্; ন তু স্বরূপৈকনির্ম্মিতমিতি মন্যত ইত্যর্থঃ। ন চ স্বরূপপ্রযুক্তমাত্মনঃ কর্ত্তৃত্বং কিঞ্চিদপি নাস্তীতি শক্যমভিধাতুং নির্দ্ধারণে মননে চ তস্যাভিধানাৎ। তত্তচ্চ

---

ব্রহ্মে কর্ম্ম অর্পণ-পূর্ব্বক ফলাসক্তি ত্যাগ করত যিনি কর্ম্ম করেন, পদ্মপত্র যেমত জলে থাকিয়া জলে লিপ্ত হয় না, তিনিও তদ্রূপ কর্ম্মপাপে লিপ্ত হন না ॥ ১০ ॥

**কায়েন মনসা বুদ্ধ্যা কেবলৈরিন্দ্রিয়ৈরপি।**
**যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে ॥ ১১ ॥**
**যুক্তঃ কর্ম্মফলং ত্যক্ত্বা শান্তিমাপ্নোতি নৈষ্ঠিকীম্।**
**অযুক্তঃ কামকারেণ ফলে সক্তো নিবধ্যতে ॥ ১২ ॥**

---

জ্ঞানমেব তচ্চাত্মনো নিত্যং—"ন হি বিজ্ঞাতুর্বিজ্ঞাতের্বিপরিলোপো বিদ্যতে" ইতি শ্রুতেঃ। তৎসিদ্ধিশ্চ—"হরিণা ধর্ম্মভূতেন জ্ঞানেন চ" ইত্যাহুঃ ॥ ৮-৯ ॥

উক্তং বিশদয়ন্নাহ,—ব্রহ্মণীতি। ব্রহ্ম-শব্দেনাত্র ত্রিগুণাবস্থং প্রধানমুক্তম্; "তস্মাদেতদ্ব্রহ্মনামরূপমন্নঞ্চ জায়তে" ইতি শ্রবণাৎ, "মম যোনির্মহদ্ব্রহ্ম" ইতি বক্ষ্যমাণাচ্চ। দেহেন্দ্রিয়াদীনি প্রধানপরিণামবিশেষাণি ভবন্তি তদ্রূপতয়া পরিণতে প্রধানে দর্শনাদীনি কর্ম্মাণ্যাধায় তৈস্যৈবৈতানি, ন তু তদ্বিবিক্তস্য শুদ্ধস্য মমেতি নির্দ্ধার্য্যেত্যর্থঃ। সঙ্গং তৎফলাভিলাষং তৎকর্ত্তৃত্বাভিনিবেশং চ ত্যক্ত্বা যস্তানি করোতি, স তাদৃগ্দেহাদিমত্তয়া সন্নপি দেহাদ্যাত্মাভিমানেন পাপেন ন লিপ্যতে,—যথা-পরিনিক্ষিপ্তেনাম্ভসা স্পৃষ্টমপি পদ্মপত্রং তদ্বৎ। ন চ "ময়ি সংন্যস্য কর্ম্মাণি" ইতি পূর্ব্বস্বারস্যাদ্ব্রহ্মণি পরমাত্মনীতি ব্যাখ্যেয়ম্। প্রাধানিকদেহাদিসংসৃষ্টস্যৈব জীবস্য দর্শনাদিকর্ম্মকর্ত্তৃত্বং, ন তু তদ্বিবিক্তস্যেত্যর্থস্য প্রকৃতত্বাৎ ॥ ১০ ॥

---

আত্মশুদ্ধির জন্য যোগিসকল, কর্ম্মফলাসক্তি ত্যাগ করত কায়মনোবুদ্ধি দ্বারা ও বিশুদ্ধ ইন্দ্রিয়-দ্বারা কর্ম্ম আচরণ করেন ॥ ১১ ॥

যোগী কর্ম্মফল ত্যাগপূর্ব্বক নৈষ্ঠিক শান্তি অর্থাৎ কর্ম্মমোক্ষ লাভ করেন; পক্ষান্তরে, অযুক্ত পুরুষ অর্থাৎ সকামকর্ম্মী কামপ্রবৃত্তি-দ্বারা ফলাসক্তি-সহকারে কর্ম্মবদ্ধ হন ॥ ১২ ॥



**সর্ব্বকর্ম্মাণি মনসা সংন্যস্যাস্তে সুখং বশী।**
**নবদ্বারে পুরে দেহী নৈব কুর্ব্বন্ন কারয়ন্ ॥ ১৩ ॥**
**ন কর্ত্তৃত্বং ন কর্ম্মাণি লোকস্য সৃজতি প্রভুঃ।**
**ন কর্ম্মফলসংযোগং স্বভাবস্তু প্রবর্ত্ততে ॥ ১৪ ॥**

---

সদাচারং প্রমাণয়ন্নেতদ্বিবৃণোতি,—কায়েনেতি। কায়াদিভিঃ সাধ্যং কর্ম্ম কায়াদ্যহংভাবশূন্যা যোগিনঃ কুর্ব্বন্তি। কেবলৈর্বিশুদ্ধৈঃ। সঙ্গং ত্যক্ত্বেতি প্রাগ্বৎ আত্মশুদ্ধয়ে অনাদিদেহাত্মাভিমাননিবৃত্তয়ে ॥ ১১ ॥

যুক্তং আত্মার্পিতমনাঃ কর্ম্মফলং ত্যক্ত্বা কুর্ব্বন্নৈষ্ঠিকীং স্থিরাং শান্তিমাত্মাবলোকলক্ষণামাপ্নোতি। অযুক্ত আত্মানর্পিতমনাঃ কর্ম্মফলে সক্তঃ কামকারেণ কামতঃ কর্ম্মণি প্রবৃত্ত্যা নিবধ্যতে সংসরতি ॥ ১২ ॥

সর্ব্বেতি। বিবেকবতা মনসা তাদৃশি প্রধানে সর্ব্বকর্ম্মাণি সংন্যস্যার্পয়িত্বা দেহাদিনা বহিস্তানি কুর্ব্বন্নপি বশী জিতেন্দ্রিয়ঃ সুখমাস্তে। নবদ্বারে পুরে পুরবদহংভাববর্জিতে দেহে,—দ্বে নেত্রে দ্বে নাসিকে দ্বে শ্রোত্রে মুখ-

---

বাহ্যে সমস্ত কার্য্য করিয়াও মনের দ্বারা সমস্ত কর্ম্ম পূর্ব্বোক্ত-রীতিক্রমে সন্ন্যাস করত নবদ্বার-বিশিষ্ট দেহরূপ-গৃহে জীব পরমসুখে বাস করিতে থাকেন; তিনি নিজে কিছুই করেন না এবং কাহাকেও কিছু করান না ॥ ১৩ ॥

দেহেন্দ্রিয়স্বামী যে জীব, তিনি নিজের কর্ত্তৃত্ব ও কারয়িতৃত্ব সৃষ্টি করেন না এবং আপনাতে কর্ম্মফলের সংযোগও করান না। তাঁহার অবিদ্যা-কৃত স্বভাবই ঐ সকলের হেতু। 'জীবের কর্ত্তৃত্ব নাই' বলিলে এমত মনে করিও না যে, পরমেশ্বর-কর্ত্তৃক সমস্ত কর্ম্মপ্রবৃত্তি হইতেছে; লোকের কর্ত্তৃত্ব ও কর্ম্ম পরমেশ্বর-কর্ত্তৃক বলিলে তাঁহার বৈষম্য ও নৈর্ঘৃণ্য স্বীকার করিতে হয়; কর্ম্মফলসংযোগও তৎকর্ত্তৃক নয়;—এ সকল জীবের অনাদি 'অবিদ্যারূপ স্বভাব' হইতেই হয় ॥ ১৪ ॥

**নাদত্তে কস্যচিৎ পাপং ন চৈব সুকৃতং বিভুঃ।**
**অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ ॥ ১৫ ॥**

ক্ষেতি শিরসি সপ্ত দ্বারাণি অধস্তাত্তু পায়ূপস্থাখ্যে দ্বে ইতি নব দ্বারাণি দেহী লব্ধজ্ঞানো জীবঃ। নৈবেতি,—দেহাদিবিবিক্তস্যাত্মনঃ কর্ম্মসু কর্তৃত্বং কারয়িতৃত্বঞ্চ নাস্তীতি বিজানন্নিত্যর্থঃ ॥ ১৩ ॥

এতদ্দ্বয়ং শুদ্ধস্য নাস্তীতি বিশদয়তি,—নেতি। প্রভুর্দেহেন্দ্রিয়াদীনাং স্বামী জীবো লোকস্য জনস্য কর্তৃত্বং ন সৃজতীতি ত্বং কুর্ব্বিতি কারয়িতা ন ভবতি; নাপি তস্যেক্ষিততমানি কর্ম্মাণি মাল্যাম্বরাদীনি সৃজতীতি স্বয়ং কর্ত্তাপি ন ভবতি। ন চ কর্ম্মফলেন সুখেন দুঃখেন চ সংযোগং সম্বন্ধং সৃজতীতি ভোজয়িতা ভোক্তা চ ন ভবতীত্যর্থঃ। যদ্যেবং, তর্হি কঃ কারয়ন্ কুর্ব্বংশ্চ প্রতীয়তে? তত্রাহ,—স্বভাবস্থিতি। অনাদি-প্রবৃত্তা প্রধানবাসনাত্র স্বভাবশব্দেনোক্তপ্রাধানিকদেহাদিমান্ জীবঃ কারয়িতা কর্ত্তা চেতি ন বিবিক্তস্য তত্ত্বমিতি। শুদ্ধেঽপি কিঞ্চিৎকর্তৃত্ব-মস্ত্যেব পূর্ব্বত্র সুখাসনে তত্ত্বস্যোক্তেঃ ভানাদাবিবেতদবোধ্যং, ধাত্বর্থঃ খলু ক্রিয়া, তন্মুখ্যত্বং হি কর্তৃত্বমুক্তম্ ॥ ১৪ ॥

নন্বু যদি বিশুদ্ধস্য জীবস্য তাদৃশকর্ম্মকর্তৃত্বাদি নাস্তীতি ব্রূষে, তর্হি কৌতুকাক্রান্তঃ পরমাত্মা প্রধানং তত্কালে নিপাত্য তৎপরিণামদেহেন্দ্রিয়াদি-মতস্তস্য তত্রচিতবানিত্যাপদ্যতে। যুক্তঞ্চৈতৎ; অন্যথা "এষ উ হ্যেব সাধু কর্ম্ম কারয়তি তং যমেভ্যো লোকেভ্য উন্নিনীষতে। এষ উ এবাসাধু কর্ম্ম কারয়তি তং যমধো নিনীষতে" ইতি শ্রুতিঃ। "অজ্ঞো জন্তুরনীশোঽয়-

জীবের সুকৃতি ও দুষ্কৃতি ঈশ্বর গ্রহণ করেন না। জীব স্বাভাবিক জ্ঞানস্বরূপ, অবিদ্যা-শক্তি কর্তৃক সেই স্বরূপ আবৃত হওয়ায় জীবের বদ্ধদশা-প্রযুক্তই জীব দেহাত্মাভিমানরূপ মোহ লাভ করত আপনাকে 'কর্ম্মকর্ত্তা' বলিয়া অভিমান করে ॥ ১৫ ॥



**জ্ঞানেন তু তদজ্ঞানং যেষাং নাশিতমাত্মনঃ।**
**তেষামাদিত্যবজ্জ্ঞানং প্রকাশয়তি তৎপরম্ ॥ ১৬ ॥**

মাত্মনঃ সুখদুঃখয়োঃ। ঈশ্বরপ্রেরিতো গচ্ছেৎ স্বর্গং বাশ্বভ্রমেব চ ॥" ইতি স্মৃতিশ্চ ব্যাকুপ্যেৎ। তথা চ পাপপুণ্যময়ীমবস্থাং নয়তি। প্রযোজকে তস্মিন্ বৈষম্যাদিকং পাপাদিভাগিত্বঞ্চ স্যাদিতি চেত্তত্রাহ,—নাদত্ত ইতি। বিভুরপরিমিতবিজ্ঞানানন্দোঽনন্তশক্তিপূর্ণঃ স্বানন্দৈকরসিকস্ততোঽন্যত্রো-দাসীনঃ পরমাত্মানাদিপ্রধানবাসনানিবন্ধং বুভুক্ষুং স্ব-সন্নিধিমাত্রপরিণত-প্রধানময়দেহাদিমন্তং জীবং তদ্বাসনানুসারেণ কর্ম্মাণি কারয়ন্ কস্যচি-জ্জীবস্য পাপং সুকৃতঞ্চ নাদত্তে ন গৃহ্ণাতি; এবমুক্তং শ্রীবৈষ্ণবে,—"যথা সন্নিধিমাত্রেণ গন্ধঃ ক্ষোভায় জায়তে। মনসো নোপকর্তৃত্বাত্তথাসৌ পরমেশ্বরঃ ॥ সন্নিধানাদ্যথাকাশকালাদ্যাঃ কারণং তরোঃ। তথৈবাপরি-ণামেন বিশ্বস্য ভগবান্ হরিঃ ॥" ইতি। ঔদাসীন্যমাত্রেঽয়ং গন্ধাদি-দৃষ্টান্তো, ন স্বিচ্ছায়া অভাবে তস্যাঃ—"সোঽকাময়ত" ইতি শ্রুতত্বাৎ। তর্হি জীবাস্তং বিষমং কুতো বদন্তি, তত্রাহ,—অজ্ঞানেনেতি। অনাদিতদ্বৈমুখ্যেনাজ্ঞানেন জীবানাং নিত্যমপি জ্ঞানমাবৃতং তিরোহিতং তেন হেতুনা জন্তবো জীবা মুহ্যন্তি,—সমমপি তং বিমূঢ়া বিষমং বদন্তি ন বিজ্ঞা ইত্যর্থঃ। আহ চৈবং সূত্রকারঃ—"বৈষম্যনৈর্ঘৃণ্যে ন সাপেক্ষত্বা-ত্তথাহি দর্শয়তি", "ন কর্ম্মাবিভাগাদিতি চেন্নানাদিত্বাৎ" ইতি ॥ ১৫ ॥

জ্ঞান দুই প্রকার,—প্রাকৃত ও অপ্রাকৃত। যাহাকে প্রাকৃত বা জড়প্রকৃতি-সম্বন্ধীয় জ্ঞান বলি, তাহাই জীবের 'অজ্ঞান' বা 'অবিদ্যা'; অপ্রাকৃত জ্ঞানই 'বিদ্যা'। যে-সকল জীবের অপ্রাকৃত-জ্ঞানোদয়ে প্রাকৃত জ্ঞান নষ্ট হয়, তাহাদের নিকট পরমজ্ঞানরূপ অপ্রাকৃত জ্ঞান উদিত হইয়া অপ্রাকৃত পরতত্ত্বকে প্রকাশ করে ॥ ১৬ ॥

তদ্বুদ্ধয়স্তদাত্মানস্তন্নিষ্ঠাস্তৎপরায়ণাঃ।
গচ্ছন্ত্যপুনরাবৃত্তিং জ্ঞাননির্দ্ধূতকল্মষাঃ ॥ ১৭ ॥
বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি।
শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ ॥ ১৮॥

---

বিদ্যা ন মুহ্যন্তীত্যেতদাহ,—জ্ঞানেনেতি। "সর্ব্বং জ্ঞানপ্লবেন"ইতি, "জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি"ইতি, 'ন হি জ্ঞানেন সদৃশম্"ইতি চোক্তমহিম্না সদ্গুরুপ্রসাদলব্ধেন স্বপরাত্মবিষয়কেণ জ্ঞানেন যেষাং সৎপ্রসঙ্গিনাং তদ্বৈমুখ্যমজ্ঞানং নাশিতং প্রধ্বংসিতং তেষাং তজ্জ্ঞানং কর্ত্তৃপরং প্রকাশয়তি। দেহাদেঃ পরং জীবং বৈষম্যাদিদোষাৎ পরমীশ্বরঞ্চ বোধয়তি। আদিত্যবৎ যথা রবিরুদিত এব তমো নিরস্যন্ যথাবদ্বস্তু প্রদর্শয়তি, তথা সদ্গুরূপদেশলব্ধমাত্মজ্ঞানং যথাবদাত্মবস্তিতি। অত্র বিনষ্টাজ্ঞানানাং জীবানাং বহুত্বং নিগদতা পার্থসারথিনা মোক্ষে তেষাং তদ্দর্শিতং ঔপাধিকত্বং তস্য প্রত্যুক্তং "নেমে জনাধিপাঃ" ইত্যুপক্রমোক্তং চ তৎ সোপপত্তিকমভূৎ ॥ ১৬ ॥

পরমাত্মন্যবৈষম্যাদি-ধ্যায়তাং ফলমাহ,—তদ্দিতি। তস্মিংস্তদবৈষম্যাদিকে গুণগণে বুদ্ধিনিশ্চয়াত্মিকা যেষাং তে। তদাত্মানস্তস্মিন্নিবিষ্টমনসঃ

---

সেই অপ্রাকৃতস্বরূপবিশিষ্ট পরমেশ্বরে যাঁহাদের বুদ্ধি, মন ও নিষ্ঠা গতি লাভ করে, তাঁহারা বিদ্যার দ্বারা অবিদ্যারূপ কল্মষ ধৌত করত অপুনরাবৃত্তিরূপ 'মোক্ষ' লাভ করেন। আমাতে যাঁহাদের অপ্রাকৃত রতি, তাঁহাদের আর জড়রতি হয় না ; তখন তাঁহারা আমারই শ্রবণ-কীর্ত্তনের প্রিয় হইয়া পড়েন ॥ ১৭ ॥

অপ্রাকৃতগুণলব্ধ জ্ঞানীসকল প্রাকৃতগুণকৃত উত্তম, মধ্যম, ও অধমরূপ যে বৈষম্য, তাহা পরিত্যাগপূর্ব্বক বিদ্যা-বিনয়-সম্পন্ন ব্রাহ্মণ, গরু, হস্তী, কুক্কুর ও চণ্ডালসকলের প্রতি সমদর্শন-প্রযুক্ত 'পণ্ডিত'-সংজ্ঞা লাভ করেন ॥ ১৮।



ইহৈব তৈর্জিতঃ সর্গো যেষাং সাম্যে স্থিতং মনঃ।
নির্দ্দোষং হি সমং ব্রহ্ম তস্মাদ্ব্রহ্মণি তে স্থিতাঃ ॥ ১৯ ॥
ন প্রহৃষ্যেৎ প্রিয়ং প্রাপ্য নোদ্বিজেৎ প্রাপ্য চাপ্রিয়ম্।
স্থিরবুদ্ধিরসংমূঢ়ো ব্রহ্মবিদ্ব্রহ্মণি স্থিতঃ ॥ ২০ ॥

---

তন্নিষ্ঠাস্তত্তাৎপর্য্যবন্তস্তৎপরায়ণাস্তৎসমাশ্রয়াঃ ; এবমভ্যস্তেন তদবৈষম্যাদিগুণজ্ঞানেন নির্ধূতকল্মষা বিনষ্ট-তদ্বৈমুখ্যাঃ সন্ত অপুনরাবৃত্তিং মুক্তিং গচ্ছন্তীতি ॥ ১৭ ॥

তান্ স্তৌতি,—বিদ্যেতি। তাদৃশে ব্রাহ্মণে শ্বপাকে চেতি কর্ম্মণৈতৌ বিষমৌ গবি হস্তিনি শুনি চেতি জাত্যৈতে বিষমাঃ ; এবং বিষমতয়া সৃষ্টেষু ব্রাহ্মণাদিষু যে পরমাত্মানং সমং পশ্যন্তি, ত এব পণ্ডিতাঃ। তৎকর্ম্মানুসারিণী তেন তেষাং তথা তথা সৃষ্টিঃ, ন তু রাগদ্বেষানুসারিণীতি ; —পর্জ্জন্যবৎ সর্ব্বত্র সমঃ পরমাত্মেতি ॥ ১৮ ॥

ইহেতি। ইহ সাধনদশায়ামেব তৈঃ সর্গঃ সংসারো জিতঃ পরাভূতঃ। কৈঃ ?—যেষাং মনঃ সাম্যেঽবৈষম্যাখ্যে ব্রহ্মধর্ম্মে স্থিতং নিবিষ্টম্। কুতো ব্রহ্মাবিষমম্ ? তত্রাহ,—নির্দ্দোষং হীতি। হি যতো ব্রহ্ম নির্দ্দোষং রাগদ্বেষশূন্যমতঃ সমমবিষমমিত্যর্থঃ। যতো ব্রহ্মণ্যবৈষম্যাদিকং নিশ্চিক্যুস্তস্মাৎ প্রপঞ্চে তিষ্ঠন্তোঽপি তে ব্রহ্মণ্যেব স্থিতাঃ মুক্তিস্তেষাং সুলভেত্যর্থঃ ॥ ১৯ ॥

---

যাঁহাদের মন সাম্যে স্থিত হইয়াছে, তাঁহারা ইহলোকেই 'সর্গ' অর্থাৎ সংসার জয় করিয়াছেন। ব্রহ্মসমত্বপ্রযুক্ত তাঁহারা নির্দ্দোষ ; অতএব তাঁহারা ব্রহ্মেই অবস্থিত ॥ ১৯ ॥

ব্রহ্মবিৎ পুরুষ ব্রহ্মে অবস্থিতি লাভ করত বাহ্যে অনাসক্তমনা হইয়া স্থিরবুদ্ধি হন ; জড়জগতের প্রিয়বস্তু-লাভে হর্ষ এবং অপ্রিয়-লাভে উদ্বেগ স্বীকার করেন না ॥ ২০ ॥

বাহ্যস্পর্শেষ্বসক্তাত্মা বিন্দত্যাত্মনি যৎ সুখম্ ।
স ব্রহ্মযোগযুক্তাত্মা সুখমক্ষয়মশ্নুতে ॥ ২১ ॥

যে হি সংস্পর্শজা ভোগা দুঃখযোনয় এব তে ।
আদ্যন্তবন্তঃ কৌন্তেয় ন তেষু রমতে বুধঃ ॥ ২২ ॥

---

ব্রহ্মণি স্থিতস্য লক্ষণমাহ,—নেতি। বর্ত্তমানে দেহে স্থিতঃ প্রারব্ধকৃষ্টং প্রিয়মপ্রিয়ঞ্চ প্রাপ্য ন প্রহৃষ্যেন্ন চোদ্বিজেৎ। কুতঃ?—স্থিরা স্বাত্মনি বুদ্ধির্যস্য সঃ; অসংমূঢ়োঽনিত্যেন দেহেন নিত্যমাত্মানমেকীকৃত্য মোহং ন লব্ধঃ; ব্রহ্মবিৎ তাদৃশং ব্রহ্মানুভবন্। এবংলক্ষণো ব্রহ্মণি স্থিতো বোধ্যঃ ॥ ২০ ॥

পৌর্ব্বোত্তর্য্যেণ স্বপরাত্মানাবনুভবতীত্যাহ,—বাহ্যেতি। বাহ্যস্পর্শেষু শব্দাদিবিষয়ানুভবেষ্বসক্তাত্মা সন্ যদাত্মনি স্বস্বরূপেঽনুভূয়মানে সুখং তদাদৌ বিন্দতি, তদুত্তরং ব্রহ্মণি পরমাত্মনি যোগঃ সমাধিস্তদ্যুক্তাত্মা সন্ যদক্ষয়ং মহদনুভবলক্ষণং সুখং, তদশ্নুতে লভতে ॥ ২১ ॥

অদৃষ্টাকৃষ্টেষু বিষয়ভোগেষ্বনিত্যত্ববিনিশ্চয়ান্ন সজ্জতীত্যাহ,—যে হীতি। সংস্পর্শজা বিষয়জন্যা ভোগাঃ সুখানি। স্ফুটমন্যৎ ॥ ২২ ॥

---

তিনি চিদ্গত সুখ লাভ করেন; তিনি ব্রহ্মযোগযুক্ত হইয়া অক্ষয় সুখ ভোগ করেন ॥ ২১ ॥

এরূপ বিবেকবান্ পুরুষ ইন্দ্রিয়ার্থরূপ বিষয়-সুখে আবদ্ধ হন না। ইন্দ্রিয়ার্থ-জনিত সুখ দুঃখকেই প্রসব করে; তাহা কেবল সংস্পর্শ হইতে জাত হয়, অতএব আদি ও অন্তবিশিষ্ট বলিয়া 'নিত্য' নয়। হে কৌন্তেয়! সেইসকল অনিত্য-সুখে পূর্ব্বোক্ত পণ্ডিত-ব্যক্তি কোনক্রমেই রতি লাভ করেন না; দেহযাত্রার জন্য কেবল তৎসম্বন্ধি-কর্ম্মসকল নিষ্কামরূপে স্বীকার করেন ॥ ২২ ॥



শক্নোতীহৈব যঃ সোঢ়ুং প্রাক্ শরীরবিমোক্ষণাৎ ।
কামক্রোধোদ্ভবং বেগং স যুক্তঃ স সুখী নরঃ ॥ ২৩ ॥

যোঽন্তঃসুখোঽন্তরারামস্তথান্তর্জ্যোতিরেব যঃ ।
স যোগী ব্রহ্মনির্ব্বাণং ব্রহ্মভূতোঽধিগচ্ছতি ॥ ২৪ ॥

---

কামাদি-বেগো হি জ্ঞাননিষ্ঠা-প্রতিকূলোঽতস্তস্য সহনে প্রযত্নবতা ভাব্যমিত্যাহ,—শক্নোতীতি। কামাৎ ক্রোধাচ্চোদ্ভবতি যো বেগো মনোনেত্রক্ষোভাদিবপুস্তমিহ তদুদ্ভবকাল এবাত্মানুভবপ্রীত্যা যঃ সোঢ়ুং নিরোদ্ধুং শক্নোতি শরীরবিমোক্ষণাৎ প্রাক্ যাবচ্ছরীরত্যাগম্; স এব যুক্তঃ কৃতাত্মসমাধিঃ, স এব সুখী আত্মানুভবানন্দবান্। তথা তদ্বেগসহনে তীব্রপ্রযত্নো যোগ্যঃ ॥ ২৩ ॥

যৎপ্রীত্যা তং সোঢ়ুং শক্তস্তদাহ,—যোঽন্তরিতি। অন্তর্ব্বর্ত্তিনানুভূতেনাত্মনা সুখং যস্য সঃ, তেনৈবারামঃ ক্রীড়া যস্য সঃ, তস্মিন্নেব জ্যোতির্দৃষ্টির্যস্য সঃ। ঈদৃশো যোগী নিষ্কামকর্ম্মী ব্রহ্মভূতো লব্ধশুদ্ধজৈবস্বরূপো ব্রহ্মাধিগচ্ছতি পরমাত্মানং লভতে। নির্ব্বাণং মোক্ষরূপং, তেনৈব তল্লাভাৎ ॥ ২৪ ॥

---

জড়শরীর-ত্যাগপর্য্যন্ত বিষয়-স্বীকার অবশ্য করিতে হইবে জানিয়া যিনি নিষ্কাম-কর্ম্মযোগ-দ্বারা কাম ও ক্রোধের বেগ সহ্য করিতে সক্ষম হন, তিনিই আত্মসমাধিযুক্ত ও প্রকৃত সুখী ॥ ২৩ ॥

যিনি বাহ্য-জগতের সুখ, আরাম ও জ্যোতিকে 'অনিত্য'-জ্ঞানে অন্তর্জগতের সুখ, ক্রীড়া ও জ্যোতির্যুক্ত হইয়া ব্রহ্মভূত অর্থাৎ শুদ্ধ-জৈবস্বরূপ প্রাপ্ত হন, তিনিই যোগী এবং 'ব্রহ্মনির্ব্বাণ' লাভ করেন ॥ ২৪ ॥

লভন্তে ব্রহ্মনির্ব্বাণমৃষয়ঃ ক্ষীণকল্মষাঃ।
ছিন্নদ্বৈধা যতাত্মানঃ সর্ব্বভূতহিতে রতাঃ ॥ ২৫ ॥
কামক্রোধবিমুক্তানাং যতীনাং যতচেতসাম্।
অভিতো ব্রহ্মনির্ব্বাণং বর্ত্ততে বিদিতাত্মনাম্ ॥ ২৬ ॥
স্পর্শান্ কৃত্বা বহির্ব্বাহ্যাংশ্চক্ষুশ্চৈবান্তরে ভ্রুবোঃ।
প্রাণাপানৌ সমৌ কৃত্বা নাসাভ্যন্তরচারিণৌ ॥ ২৭ ॥

---

এবং সাধনসিদ্ধা বহবো লভন্তীত্যাহ,—লভন্ত ইতি। ঋষয়স্তত্ত্বদ্রষ্টারঃ। ছিন্নদ্বৈধা বিনষ্টসংশয়াঃ। স্ফুটমন্যৎ ॥ ২৫ ॥

ঈদৃশান্ পরমাত্মাপ্যনুবর্ত্তত ইত্যাহ,—কামেতি। যতীনাং প্রযত্নবতাং তানভিতো ব্রহ্ম বর্ত্তত ইত্যর্থঃ। যদুক্তং—"দর্শনধ্যানসংস্পর্শৈর্মৎস্যকূর্ম্মবিহঙ্গমাঃ। স্বান্যপত্যানি পুষ্ণন্তি তথাহমপি পদ্মজ ॥" ইতি ॥২৬॥

অথ কর্ম্মণা নিষ্কামেণ বিশুদ্ধমনাঃ সমুদিতাত্মজ্ঞানস্তদ্দর্শনায় সমাধিং কুর্য্যাদিতি সাঙ্গং যোগং সূচয়ন্নাহ,—স্পর্শানিতি। স্পর্শাঃ শব্দাদয়ো

---

যতচিত্ত, সর্ব্বভূত-হিতকার্য্যে রত এবং সংশয়-রহিত ক্ষীণপাপ ঋষিসকল ব্রহ্মনির্ব্বাণ লাভ করেন ॥ ২৫ ॥

কামক্রোধহীন, যতচিত্ত, আত্মতত্ত্বজ্ঞ যতিদিগের ব্রহ্মনির্ব্বাণ সর্ব্বতোভাবে অনতিবিলম্বে উপস্থিত হয়। সংসারস্থিত নিষ্কাম-কর্ম্মযোগী সদসৎ বিচারপূর্ব্বক প্রকৃতির অতীত সদ্বস্তু ব্রহ্মে অবস্থান করেন; তাহাতে জড়দুঃখরূপ ক্লেশ-নির্ব্বাণ হয়; ইহাকেই 'ব্রহ্মনির্ব্বাণ' বলে ॥ ২৬ ॥

হে অর্জ্জুন! ঈশ্বরার্পিত-কর্ম্মযোগ-দ্বারা অন্তঃকরণ-শুদ্ধি, অন্তঃকরণশুদ্ধি হইতে 'ত্বং'পদার্থ-নিরূপক জ্ঞান, সেই জ্ঞান-জনিত 'তৎ'পদার্থ জ্ঞানস্বরূপা ভক্তি এবং ভক্তিজনিত গুণাতীত জ্ঞান-দ্বারা ব্রহ্মানুভব-লাভ ঘটে,—এইসকল ক্রম তোমাকে বলিলাম। সম্প্রতি শুদ্ধান্তঃকরণ ব্যক্তির ব্রহ্মানুভব-সাধনরূপ অষ্টাঙ্গ যোগ বলিব। তাহার আভাসরূপ কয়েকটি



যতেন্দ্রিয়মনোবুদ্ধির্মুনির্মোক্ষপরায়ণঃ।
বিগতেচ্ছাভয়ক্রোধো যঃ সদা মুক্ত এব সঃ ॥ ২৮ ॥

---

বিষয়াস্তে বাহ্যা এব স্মৃতাঃ সন্তো মনসি প্রবিশন্তি, তাংস্তৎস্মৃতিপরিত্যাগেন বহিষ্কৃত্য বিষয়েভ্যো মনঃ প্রত্যাহৃত্যেত্যর্থঃ। ভ্রুবোরন্তরে মধ্যে চক্ষুশ্চ কৃত্বা নেত্রয়োঃ সন্নিমীলনে নিদ্রয়া মনসো লয়ঃ; প্রোন্মীলনে চ বহিস্তস্য প্রসারঃ স্যাৎ; তদুভয়বিনিবৃত্তয়েঽর্দ্ধনিমীলনেন ভ্রূমধ্যে দৃষ্টিং নিধায়েত্যর্থঃ। তথা নাসাভ্যন্তরচারিণৌ প্রাণাপানাবূর্দ্ধাধোগতিনিরোধেন সমৌ তুল্যৌ কৃত্বা কুম্ভয়িত্বেত্যর্থঃ। এতেনোপায়েন যতা আত্মাবলোকনায় স্থাপিতা ইন্দ্রিয়াদয়ো যেন সঃ; মুনিরাত্মমননশীলঃ, মোক্ষপরায়ণো মোক্ষৈকপ্রয়োজনঃ; অতো বিগতেচ্ছাদিঃ। ঈদৃশো যঃ সর্ব্বদা ফলকালবৎ সাধনকালেঽপি মুক্ত এব ॥ ২৭-২৮ ॥

---

কথা বলিতেছি, শ্রবণ কর। শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ প্রভৃতি বাহ্য স্পর্শসকলকে মন হইতে বহিষ্কৃত করিয়া অর্থাৎ প্রত্যাহার সাধন করত চক্ষুকে ভ্রূদ্বয়ের মধ্যবর্ত্তী রাখিয়া নাসিকার অগ্রভাগ দৃষ্টি করিতে থাকিবে। সম্পূর্ণ নিমীলন-দ্বারা নিদ্রার আশঙ্কা এবং সম্পূর্ণ উন্মীলন-দ্বারা বহির্দৃষ্টির আশঙ্কা থাকায় অর্দ্ধনিমীলন-পূর্ব্বক নেত্রদ্বয়কে এরূপ নিয়মিত করিবে, যেন নাসাগ্রে দৃষ্টিপাত হয়। উচ্ছ্বাস-নিশ্বাসরূপে উভয় নাসিকার অভ্যন্তরে প্রাণবায়ু ও অপানবায়ু চারিত করিয়া উর্দ্ধাধোগতি নিরোধপূর্ব্বক তাহাদের সমতা সাধন করিবে। এইপ্রকারে আসীন ও মুদ্রাযুক্ত হইয়া জিতেন্দ্রিয়, জিতমনা, জিতবুদ্ধি ও মোক্ষপরায়ণ মুনি ইচ্ছা, ভয় ও ক্রোধ ত্যাগপূর্ব্বক ব্রহ্মানুভব অভ্যাস করিলে গুণাতীত-ধর্ম্মরূপা জড়মুক্তি লাভ করিতে পারেন। অতএব নিষ্কাম-কর্ম্মযোগ-সাধনকালে অষ্টাঙ্গযোগকেও 'তদঙ্গ' বলিয়া সাধন করিতে হয় ॥ ২৭-২৮ ॥

ভোক্তারং যজ্ঞতপসাং সর্ব্বলোকমহেশ্বরম্।
সুহৃদং সর্ব্বভুতানাং জ্ঞাত্বা মাং শান্তিমৃচ্ছতি ॥ ২৯ ॥

---

এবং সমাধিস্থঃ কৃতস্বাত্মাবলোকনঃ পরমাত্মানমুপাস্য মুচ্যত ইত্যাহ,—ভোক্তারমিতি। যজ্ঞানাং তপসাঞ্চ ভোক্তারং পালকম্; সর্ব্বেষাং লোকানাং বিধিরুদ্রাদীনামপি মহেশ্বরং—"তমীশ্বরাণাং পরমং মহেশ্বরম্" ইত্যাদিশ্রবণাৎ; সর্ব্বভূতানাং সুহৃদং নিরপেক্ষোপকারকম্। ঈদৃশং মাং জ্ঞাত্বা স্বারাধ্যতয়ানুভূয় শান্তিং সংসারনিবৃত্তিমৃচ্ছতি লভতে। সর্ব্বেশ্বরস্য সুহৃদশ্চ সমারাধনং খলু সুখাবহং সুখসাধনমিতি ॥ ২৯ ॥

---

এবম্ভূত কর্ম্মযোগিগণ আমাকে সকল যজ্ঞের ও তপস্যার পালয়িতা এবং সর্ব্বলোক-মহেশ্বর ও সর্ব্বভূতের সুহৃদ্ জানিয়া অন্তে সাধুসঙ্গ-দ্বারা ভক্তিযোগ প্রাপ্ত হইয়া মোক্ষ লাভ করেন ॥ ২৯ ॥

পূর্ব্ব অধ্যায়-চতুষ্টয় শ্রবণ করত এই সংশয় হয় যে, 'যদি কর্ম্মযোগের অন্তে মোক্ষ-লাভ হইল, তবে জ্ঞানযোগের স্থল কোথায় এবং জ্ঞানযোগের আকার কি?' এই সংশয়-দূরীকরণার্থ এই অধ্যায়ের উপদেশসকল কথিত হইয়াছে। জ্ঞানযোগ অর্থাৎ সাংখ্যযোগ ও কর্ম্মযোগ পৃথক্ নয়। তদুভয়ের চরমস্থান—'এক' অর্থাৎ ভক্তি। কর্ম্মযোগের প্রথমাবস্থা—কর্ম্মপ্রধান জ্ঞান, ও তাহার শেষাবস্থা—জ্ঞানপ্রধান কর্ম্ম। জীব স্বভাবতঃ শুদ্ধ-চিন্ময়; মায়াভোগ-বাসনাক্রমে জড়বদ্ধ হইয়া ক্রমশঃ জড়ের সহিত ঐক্য-লাভরূপ অধোগতি পাইয়াছেন। যে-পর্য্যন্ত জড়দেহ, সে-পর্য্যন্ত জড়ীয় কর্ম্ম অনিবার্য্য। চিৎ-চেষ্টাই একমাত্র মোচনোপায়; সুতরাং জড়দেহ-যাত্রায় শুদ্ধচিচ্চেষ্টা যত প্রবলা হয়, কর্ম্মপ্রধানতা তত হ্রাস পায়। ইহাতে ভগবানের কোন বৈষম্য নাই। কর্ম্মযোগই চিচ্চেষ্টার সহায়। সমদর্শন, বিরাগ, চিচ্চেষ্টার অভ্যাস, জড়ীয় কামক্রোধাদির জয়, সংশয়ক্ষয় সাধন করিতে করিতে ব্রহ্মনির্ব্বাণ অর্থাৎ জড়নিবৃত্তিপূর্ব্বক ব্রহ্মসুখ-সংস্পর্শ



ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে কর্ম্মযোগো নাম পঞ্চমোঽধ্যায়ঃ।

---

নিষ্কামকর্ম্মণা যোগশিরস্কেন বিমুচ্যতে।
সনিষ্ঠো জ্ঞানগর্ভেণেত্যেষ পঞ্চমনির্ণয়ঃ ॥

**ইতি শ্রীমদ্ভগবদ্গীতোপনিষদ্ভাষ্যে পঞ্চমোঽধ্যায়ঃ।**

---

স্বয়ং উপস্থিত হয়। কর্ম্মযোগের সহিত দেহযাত্রা নির্ব্বাহপূর্ব্বক যম, নিয়ম, আসন, প্রত্যাহার, প্রাণায়াম, ধ্যান, ধারণা ও সমাধিরূপ অষ্টাঙ্গ-যোগ সাধন করিতে করিতে ভক্তসঙ্গ-লাভ-দ্বারা ক্রমশঃ ভগবদ্ভক্তিসুখের উদয় হয়; তাহাই 'মুক্তিপূর্ব্বিকা শান্তি'; তখন শুদ্ধভজন-প্রবৃত্তিই জীবের স্বমহিমা প্রকাশ করে।

**পঞ্চম অধ্যায় সমাপ্ত।**